80 mds. of potato seeds, 10 lb. of vegetable seeds and 143 mds. of T.C.M. fertilizer have been distributed. 230 mds. of compost manures have been prepared. 24 Nos. of kitchen gardens have newly been started and 10 Nos of dug-well latrines sunk. 3 acres of waste lands have been reclaimed and 14 acres of jungles cleared. 817 cases of curative treatment have been made; also numbers of inoculation and vaccination cases are 148 and 367, respectively. Number of maternity cases is 2 and number of students examined is 61. Besides, work on the schemes of (1) conducting half-plot demonstration, (2) providing soil-testing equipment, (3) setting up of a small workshop for demonstration of agricultural implements, poultry incubator and plant protection, (4) improvement of live-stock, (5) improvement of poultry, (6) establishment of Social Education Centres, (7) distribution of prizes, exhibitions, recreational activities, (8) kutcha road and (9) sanitation, dug-well latrines, etc., are progressing.

The total expenditure incurred up to 30th November, 1955, is Rs.6,461.

III.—Khejuri National Extension Service Block

3½ mds. out of 7½ mds. of T.C.M. fertilizer have been distributed. The work on the schemes for agricultural implements, plant protection implement, incubator and brooder and soil testing has started.

The total expenditure incurred up to 30th November, 1955, is Rs.3,357.

[3-30—3-40 p.m.]

Sj. Sudhir Chandra Das:

এই ব্লকগুলি—ভগবানপুর, পটাশপুর ও খেজুরির জন্য কত কত টাকা বরাদ্দ আছে এইটাই (খ) প্রশ্নে জানতে চেয়েছিলাম। আপনি যে উত্তর দিয়েছেন তাতে ওয়েস্ট বেঙ্গলএর গোটা ব্লকএর বাজেট এস্টিমেটএর কথা বলেছেন। পৃথক পৃথকভাবে কত টাকা বরাদ্দ করেছেন জানতে চাই।

Sj. Tarun Kanti Ghosh:

৭½ লক্ষ টাকা করে।

Sj. Sudhir Chandra Das:

আজ ভগবানপুর ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস ব্লকএ দেখতে পাচ্ছি ইলেভেন ওল্ড ইনস্টিটিউশনস এ্যান্ড অর্গানাইজেশনস রিভাইটালাইজড। কোন্ কোন্ , অর্গানিজেশন জানাবেন কি?

Sj. Tarun Kanti Ghosh:

নোটিস দিলে ডিটেল্ড এ্যানসার দিতে পারি।

[Sj. Sudhir Chandra Das rose]

Mr. Speaker: You started by saying that you wanted to put one question only but you have put so many questions already.

Sj. Sudhir Chandra Das:

আর একটি প্রশ্ন, স্যার। উওমেন সেন্টারএর অর্থ কি?

Sj. Tarun Kanti Ghosh:

ডিটেল জানতে হলে নোটিস চাই। উওমেন সেন্টার অর্থে আপনি যা বুঝেন আমিও তাই বুঝি।

Diversion of the Sitaljor river in Sonamukhi police-station of Bankura district

29. Sj. Ajit Kumar Basu: Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ডি ভি সি কর্তৃপক্ষ বাঁকুড়া জেলার সোনামুখী থানার অন্তর্বর্তী আমঘাটা, তেঁতুলমুড়ী, কুচে প্রভৃতি মৌজার উপর দিয়া প্রবাহিত শীতলজোড় নামক নদীটি ভরাট এবং diversion করিয়া দিতেছেন;

(খ) সত্য হইলে, কি কারণে উহা করা হইতেছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, এ নদী হইতে জলসেচের দ্বারা আশপাশের প্রায় দুই হাজার একর জমিতে ধান এবং রবি ফসল বারমাস উৎপন্ন হয় এবং এরূপ diversion-এর ফলে এ-সকল জমিতে চাষ বন্ধ হইয়া যাইতেছে; এবং

(ঘ) অবগত থাকিলে, এ-সম্পর্কে প্রতিকারের কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Irrigation and Waterways (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) হ্যাঁ, ডাইভারসন করা হইবে, ভরাট করা হইবে না।

(খ) শীতলজোড় নদীটিকে শালি নদীতে সংযুক্ত করার কারণ এ-স্থানে Right Bank Main Canal শালি নদীকে অতিক্রম করিবে।

(গ) স্থানীয় অনুসন্ধান হইতে জানিতে পারা যায় যে, নদীটির পথ-পরিবর্তনের ফলে শীতলজোড় নদীর নিম্ন অংশে প্রায় এক হাজার একর জমি এই নদীর জল হইতে বঞ্চিত হইবে।

(ঘ) উপরোক্ত অঞ্চলে শীতলজোড় নদীর উপর নির্ভরশীল বর্তমান সেচ-ব্যবস্থা সন্তোষজনক নহে, কারণ জল পাওয়া সম্বন্ধে কোন নিশ্চয়তা নাই। ঐ অঞ্চল Damodar Valley Canal System-এর অধীনে আসিয়াছে। সুতরাং কৃষকেরা দামোদর উপত্যকার খালসমূহ হইতে অধিকতর পরিমাণে ও নিশ্চিতভাবে জল-সরবরাহ পাইবে।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Exhibition at Garbeta, Midnapore, during January, 1956

***55. Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Publicity) Department be pleased to state—

(ক) ১৯৫৬ সালের ১৫ই জানুয়ারী হইতে মেদিনীপুর জেলায় গড়বেতা শহরে যে একটা সরকারী প্রদর্শনী চালানো হয় তাহার পরিচালক কমিটির সম্পাদক কে ছিলেন;

(খ) উপরোক্ত কমিটির সভ্যদের নাম কি;

(গ) এ কমিটিতে স্থানীয় এম-এল-এ'দের নেওয়া হইয়াছিল কিনা;

(ঘ) প্রদর্শনীর নাম কি দেওয়া হইয়াছিল এবং কি উদ্দেশ্যে ইহা সংগঠিত করা হইয়াছিল;

(ঙ) এই প্রদর্শনীর জন্য মোট কত টাকা কি কি বাবতে ব্যয় করা হইয়াছে; এবং

(চ) সরকারী তহবিল হইতে কত টাকা ব্যয় করা হইয়াছে এবং বাকী টাকা কিভাবে সংগ্রহ করা হইয়াছে?

The Minister of State for Publicity and Public Relations (the Hon'ble Gopika Bilas Sen Gupta):

(ক) ইহা সরকারী প্রদর্শনী নহে, সম্পূর্ণ বেসরকারীভাবে স্থানীয় জনসাধারণের প্রচেষ্টায় অনুষ্ঠিত হয়। গড়বেতা থানার সার্কল অফিসার ইহার পরিচালক কমিটির সম্পাদক নির্বাচিত হইয়াছিলেন।

(খ) নামের একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) না।

(ঘ) প্রদর্শনীর নাম ছিল "গড়বেতা কৃষি-শিল্প-শিক্ষা-স্বাস্থ্য-শিশু ও মাতৃ-মঙ্গল প্রদর্শনী, ১৯৫৬।" যতদূর জানা যায় এই অঞ্চলে স্থানীয় জনসাধারণের মধ্যে কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি বিষয়ে উৎসাহ-সঞ্চার এই প্রদর্শনীর মুখ্য উদ্দেশ্য ছিল।

(ঙ) এই প্রদর্শনীটি সরকারী না হওয়ায় ইহার হিসাব-নিকাশ জানা নাই।

(চ) সরকারী তহবিল হইতে কোন ব্যয় হয় নাই।

Statement referred to in reply to clause (খ) of starred question No. 55

(১) শ্রী এস্ চ্যাটার্জি, এস ডি ও, নর্থ, মেদিনীপুর—সভাপতি।

(২) শ্রী জে এন ঘটক, সার্কল অফিসার, গড়বেতা—সম্পাদক।

(৩) শ্রী এ কে মিত্র, এস এ ও, মেদিনীপুর—সহ-সম্পাদক।

(৪) শ্রীবিহারীলাল চক্রবর্তী, হেড্ মাষ্টার, গড়বেতা হাই স্কুল।

(৫) ডাঃ শ্যামচাঁদ রায়, প্রেসিডেন্ট, ২৮নং ইউনিয়ন বোর্ড।

(৬) শ্রীশশাঙ্ক চৌধুরী, প্রেসিডেন্ট, ২৯নং ইউনিয়ন বোর্ড।

(৭) শ্রীদেবেন্দ্রনাথ বসু, প্রেসিডেন্ট, ২৩নং ইউনিয়ন বোর্ড।

(৮) শ্রীনলিনীকান্ত কুণ্ডু, প্রেসিডেন্ট, ১৫নং ইউনিয়ন বোর্ড।

(৯) শ্রীঅরবিন্দ সরকার, প্রেসিডেন্ট, ২০নং ইউনিয়ন বোর্ড।

(১০) শ্রীকুলদাপ্রসাদ পাণ্ডে, প্রেসিডেন্ট, ২১নং ইউনিয়ন বোর্ড।

(১১) জনাব কমরুদ্দিন আহমেদ, প্রেসিডেন্ট, ১নং ইউনিয়ন বোর্ড।

(১২) ডাঃ এস এল মিত্র।

(১৩) শ্রীসুশীলকুমার রায়।

(১৪) শ্রীঅবনীভূষণ পাল।

(১৫) শ্রীভবেন্দ্রনারায়ণ পাঠক।

(১৬) শ্রীধীরেন বসু।

(১৭) শ্রীবিমলাচরণ রায়।

(১৮) শ্রীধীরাজ মুখার্জী, এস ডি পাব ও।

(১৯) শ্রীবিপিনবিহারী দাস, সম্পাদক, বার এসোশিয়েশন।

(২০) শ্রীগুণধর কামিলা, এস আই (স্কুলস্)।

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, এই প্রদর্শনীর যিনি সম্পাদক—স্থানীয় সার্কেল অফিসার এবং প্রেসিডেন্ট, সাব-ডিভিসনাল অফিসার, তাদের ইনফ্লুয়েন্সেএ প্রত্যেক ইউনিয়ন বোর্ড'এর কাছ থেকে বাধ্যতামূলকভাবে ১০০ টাকা করে নেওয়া হয়েছিল?

The Hon'ble Copika Bilas Sen Cupta:

এ সংবাদ আমার জানা নেই।

Sj. Subodh Banerjee:

আপনি যে বললেন পার্লামেন্টারি প্রসিডিংসএ আছে; কোথায় আছে?

Mr. Speaker: You can see it for yourself. You should see whether it is in relation to a starred question or unstarred question.

[At this stage Sj. Subodh Banerjee went to Mr. Speaker]

Mr. Speaker: Please come to my Chamber about it.

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় এই ঘটনা জানেন কিনা যে, গড়বেতার ১১নং ইউনিয়নের প্রেসিডেন্ট যখন ডোল নিতে গিয়েছিল তখন সার্কেল অফিসার সেই ডোল রিলিফ থেকে ১০০ টাকা কেটে নেন?

The Hon'ble Copika Bilas Sen Cupta:

আমি আগেই বলেছি যে এ খবর আমার জানা নেই।

Sj. Saroj Roy:

এই যে কৃষি-প্রদর্শনী হয়েছিল, এই সম্পর্কে কি কি জিনিস রাখার ব্যবস্থা হয়েছিল?

The Hon'ble Copika Bilas Sen Cupta:

আমাদের দ্বারা এই প্রদর্শনী হয় নি। এটা বে-সরকারী প্রদর্শনী এবং সেটা প্রদর্শনী কমিটিই জানে।

Sj. Saroj Roy:

এই যে (ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন, "এই অঞ্চলে স্থানীয় জনসাধারণের মধ্যে কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি বিষয়ে উৎসাহ সঞ্চার এই প্রদর্শনীর মুখ্য উদ্দেশ্য ছিল।" তবে এই বিষয়টা আপনি জানেন না কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is said definitely—

প্রভৃতি বিষয়ে উৎসাহ সঞ্চার এই প্রদর্শনীর মুখ্য উদ্দেশ্য ছিল। এ্যাকচুয়ালি কি হয়েছে তা আমরা কি করে বলব।

Sj. Saroj Roy:

মন্ত্রীমহাশয় খোঁজ নেবেন কি যে, পাবলিকএর কাছ থেকে জোর করে টাকা তোলা হয়েছিল কিনা?

Mr. Speaker: That is a request for action.

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

এমন কোন অভিযোগ পাই নি।

Sj. Bibhuti Bhushon Ghose:

বেসরকারী প্রদর্শনীতে সরকারী কর্মচারীরা অংশগ্রহণ করতে পারে কিনা?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

কমিটি তাদের নির্বাচন করেছিল।

Dr. Hirendra Kumar Chatterjee:

এইরকম বেসরকারী কোন প্রতিষ্ঠানে সরকারী কর্মচারী সম্পাদক বা প্রেসিডেন্ট হতে গেলে তার আগে সরকারের কাছ থেকে পারমিশন নিতে হয় কিনা?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

ম্যাজিস্ট্রেটের কাছ থেকে নিতে হয়।

Dr. Hirendra Kumar Chatterjee:

এক্ষেত্রে নেওয়া হয়েছিল কিনা?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

খোঁজ নিয়ে বলব।

Sj. Madan Mohan Khan:

ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্টকে কমিটির মধ্যে নেওয়া হয়েছিল কিন্তু স্থানীয় এম, এল, এ-দের নেওয়া হয় নি কেন?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

এটা বেসরকারী প্রদর্শনী আমরা কি করে বলব।

Suspension of service of Janapriya Bus between Mangalamaro and Narghat in Midnapore district

***56. Sj. Janardan Sahu:** (*a*) Will the Hon'ble Minister-in-charge, of the Home (Transport) Department be pleased to state if it is a fact—

(*i*) that Janapriya Bus is the only bus plying on the route from Mangalamaro to Narghat in the district of Midnapore; and

(*ii*) that it was ordered to stop plying for some days in the month of November, 1955?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) why it was ordered so; and

(*ii*) whether any other bus was placed in lieu on the route for convenience of the passengers?

The Minister of State for Publicity and Public Relations (the Hon'ble Gopika Bilas Sen Gupta): (*a*)(*i*) Yes.

(*a*)(*ii*) Yes, not in the month of November, 1955, but in January, 1956.

(*b*)(*i*) For violation of the condition of route permit.

(*b*)(*ii*) Yes.

Sj. Madan Mohan Khan:

এই যে ওনাররা ল ভাওলেট করেছিল কিন্তু তার জন্য পাবলিকরা কি দোষ করেছে?

Mr. Speaker: That is not a question of fact.

Sj. Madan Mohan Khan:

এখন কোন বাস চলছে কিনা?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

এখানেই আছে—

Whether any other bus was placed in lieu on the route for convenience of the passengers?

র উত্তরে বলা আছে, 'ইয়েস'।

Permits for Baby Taxis

*57. **Dr. Hirendra Kumar Chatterjee:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(*a*) how many permits for baby taxis have been issued up to date (16th March, 1956) since the beginning of 1954; and

(*b*) number of persons to whom more than one permit has been issued?

The Minister of State for Publicity and Public Relations (the Hon'ble Gopika Bilas Sen Gupta): (*a*) 400.

(*b*) None.

Dr. Hirendra Kumar Chatterjee: What are the considerations that weighed with the Government in issuing permits for these baby taxis?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The people needed the vehicles.

Dr. Hirendra Kumar Chatterjee: Is the application of anybody and everybody who applies considered?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There are certain rules. I have not got the rules with me here.

Sj. Ganesh Ghosh: Will the Minister kindly say as to how many permits for baby taxis have been issued to persons who have got permits for larger taxis?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Men who have got larger taxis are not given permits for baby taxis.

Dr. Hirendra Kumar Chatterjee: Are permits for baby taxis given only to those who know driving?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is one of the conditions—should know driving and also mechanism.

Dr. Hirendra Kumar Chatterjee: Is it a fact that baby taxis are ru by people other than those who have received permits and do not kno driving?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have to tighten up here.

Sj. Ganesh Ghosh: How many women have been given baby ta permits?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want notice.

Sj. Ganesh Ghosh: Could you say if one woman was given permit o baby taxi?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I can't give you any informa tion. I want notice.

Sj. Biren Banerjee:

এটা কি সত্য যে, কিছু কিছু বিধবা বা ঐ রকম অনাথা ভদ্রমহিলা তারা বেবি ট্যাক্সির পারমিট পেয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want notice.

Underground Telephone Exchange

***58. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in charge of the Home Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৫ সালে কলিকাতায় কয়েকটি বে-আইনী Undergroun Telephone Exchange Centre (গোপন সংবাদ আদান-প্রদানের কেন্দ্র) ধর পড়িয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ দিন কোন্ স্থানে এগুলি ধরা পড়িয়াছে,

(২) কতজনকে এ-ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে, এবং

(৩) কতদিন এ কেন্দ্রগুলি সংস্থাপিত হইয়াছিল?

The Chief Minister and Minister for Home (the Hon'ble Dr. Bidhan Chandra Roy):

(ক) হ্যাঁ।

(খ)(১) ৩০।১২।৫৫ এবং ৩১।১২।৫৫ তারিখে ক্যানিং স্ট্রীট, ক্লাইভ রো এবং রয়ে এক্সচেঞ্জ প্লেসের কয়েকটি বাড়ীতে এগুলি ধরা পড়ে।

(২) ১১৩ জনকে।

(৩) তাহা সঠিক বলা যায় না। বিষয়টি এখনও বিচারাধীন আছে।

[3-40—3-50 p.m.]

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি ক্যানিং স্ট্রীট, ক্লাইভ রো, এবং রয়্যাল এক্সচেঞ্জ প্লেসএ কত নম্বরের বাড়ী এগুলি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot give you informatio on that point but I can give you some information about what happened

The police had collected information about the activities of som unscrupulous persons who had been using unauthorised telephone exchange and telephones for carrying out illegal forward contract in jute and jut

goods. In the beginning the police were asked to enquire whether people were carrying on illegal forward contract. They were not aware that there were also private unlicensed telephones. But when search warrants were obtained on the 29th December, 1955, in connection with offences under the Forward Contract Act 61 places were raided. In the course of the search at different places besides huge quantity of incriminating documents as many as 342 unauthorised telephone sets and 12 receivers were seized, 498 batteries for the operation of these telephones were also seized along with six maunds of plastic wires One hundred and thirteen persons were arrested for violating the Forward Contract Act, 1950. I cannot say more at the present as the case is *sub judice*.

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি—এই যে বাড়িগুলি ক্যানিং স্ট্রীট, ক্লাইভ রো এবং রয়াল এক্সচেঞ্জএর এগুলি কার বাড়ি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot give you any more information

Sj. Biren Banerjee:

১১৩ জনকে এ্যারেস্ট করা হয়েছে, নামগুলি জানাবেন কি?

Mr. Speaker:

নামের কথা কি জিজ্ঞাসা করছেন?

Sj. Biren Banerjee:

যারা এ্যারেস্ট হয়েছে তারা কি বেলএ আছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার মনে হয়।

Sj. Biren Banerjee:

টেলিফোন এ্যাক্ট ভাওলেট করবার জন্য এবং ইল্লিগ্যাল টেলিফোন রাখার জন্য তাদের উপর কেস করা হয়েছে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They are being prosecuted for both

Sj. Biren Banerjee:

একটা স্টেট গভর্নমেণ্ট করছেন আর একটা ইন্ডিয়া গভর্নমেণ্ট করছেন, নাকি দুটোই করছেন ইন্ডিয়া গভর্নমেণ্ট?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

দুটো করছে

by the State Government with permission from the Telephone Department.

Sj. Saroj Roy:

এই যে টেলিফোন এক্সচেঞ্জ ধরা পড়েছে সেটা লালবাজার পুলিস হেডকোয়ার্টার্স থেকে কত দূরে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

Dr. Kanailal Bhattacharya:

এই যে যারা ধরা পড়েছে এদের মধ্যে বড় বড় নামকরা ব্যবসায়ী আছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Dr. Hirendra Kumar Chatterjee:

এই যে টেলিফোন এক্সচেঞ্জ ব্যবহার করত সেগুলি কি গভর্নমেন্ট এক্সচেঞ্জএর থ্রুতে ব্যবহার করত?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

They were *unauthorised*.

Sj. Mrigendra Bhattacharjya:

এই ১১৩ জনের নামগুলি ঘোষণা করবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সে আপনাকে জানাব কেন?

Sj. Ganesh Ghosh:

১১৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে, কজনের নামে কেস ইনস্টিটিউট করা হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not got the figure. I want notice.

Sj. Ganesh Ghosh:

ক'জনকে ইতিমধ্যে পুলিস ইনভেস্টিগেশন করার পর ছেড়ে দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Publication of pamphlets and booklets in connection with West Bengal and Bihar merger proposal

***59. Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(*a*) whether any pamphlets and booklets have been published and brought out by Government at Government cost in connection with the merger proposal; and

(*b*) if so, the number of such pamphlets and booklets and the amount of money spent for the same?

The Minister of State for Publicity and Public Relations (the Hon'ble Gopika Bilas Sen Gupta): (*a*) Yes.

(*b*) Two pamphlets—Bengali and English versions. Total cost Rs.2,455-12

Sj. Hemanta Kumar Ghosal:

গভর্নমেন্টের তহবিল থেকে টাকা খরচ করে এই প্যামফ্লেট বিলি করা কেন হল জানাবেন কি?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

মার্জার প্রপোজালটা ক্যাবিনেট থেকে পাশ হয়ে গেলে গভর্নমেন্টস পলিসি হিসাবে এটাকে এ্যাকসেপ্ট করা হয়েছিল বলেই কমিটি থেকে এটা ছাপানো হয়েছিল।

Dr. Hirendra Kumar Chatterjee:

ক্যাবিনেটে কোন্ তারিখে এটা এ্যাকসেপ্টেড হয়েছিল এবং সেগুলি ছাপানো হয়েছিল কবে?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

কোন্ তারিখে এ্যাকসেপ্টেড হয়েছিল সেটা বলতে গেলে নোটিস চাই। কিন্তু এটা গভর্নমেন্টস পলিসি বলে এ্যাকসেপ্ট করা হয়, এ্যাকসেপ্ট করার অনেক পরেই প্যামফ্লেট ছাপানো হয়েছিল।

Dr. Hirendra Kumar Chatterjee:

কবে প্যামফ্লেটগুলি ছাপানো হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

নোটিস দেবেন, বলে দেব।

Sj. Kanai Lal Bhowmick:

কত কপি ছাপানো হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

নোটিস দিলে বলে দেব।

Sj. Kanai Lal Bhowmick:

তাতে কি শুধু মার্জার প্রপোজাল সম্বন্ধে লেখা ছিল, না তাকে এক্সপ্লেন করে, ওকালতি করে আর কিছু লেখা ছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

পলিসি সম্বন্ধে লেখা ছিল।

Dr. Hirendra Kumar Chatterjee:

মার্জার প্রপোজালটা যখন ড্রপ করা হয়েছিল, তার আগে কি ক্যাবিনেটে স্যাংশন নেওয়া হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

হ্যাঁ।

Sj. Kanai Lal Bhowmick:

এই প্যামফ্লেটগুলি কি সমস্ত জেলায় পাবলিসিটি অফিসারের মাধ্যমে বিলি করা হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

হ্যাঁ।

Sjkta. Mani Kuntala Sen:

এই প্যামফ্লেটগুলি কি পাবলিসিটি অফিসার, না আর কার নামে বের করা হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে।

Dr. Hirendra Kumar Chatterjee:

ব্যক্তিগতভাবে হেম সান্যালের নামে পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে কোন প্যামফ্লেট কি বিলি করা হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

সেটা তাঁর নিজের খরচে, পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে নয়।

Dr. Hirendra Kumar Chatterjee:

সেগুলি ডিস্ট্রিবিউশনের খরচ কি গভর্নমেন্ট থেকে করা হয়েছিল?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:
পাবলিসিটি ডিপার্টমেন্ট খরচ করেন নি।

Sj. Biren Banerjee:
প্রশ্নটা ছিল—
"if so, the number of such pamphlets and booklets and the amount of such money spent for the same."
এখানে বলা হ'ল টু প্যামফ্লেটস—কত সংখ্যক ছাপানো হয়েছিল সেটা বলা নেই।

The Hon'ble Gopika Bilas Sen Gupta:
সংখ্যাটা নোটিস দিলে পরে বলে দেব।

Sj. Hemanta Kumar Ghosal:
অসংখ্য, না একটা সংখ্যা নিয়ে ছাপানো হয়েছিল?

[No reply]

Police firing on striking workers of Margaret's Hope Tea Estate, Darjeeling

***60. Dr. Narayan Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(*i*) that on 26th June, 1955, the police fired upon the striking workers of Margaret's Hope Tea Estate, Darjeeling; and

(*ii*) that as a result of this firing a number of workers of the Garden died on the spot and some others died at the hospital?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reasons as to why police resorted to firing;

(*ii*) how many workers have died and how many have been wounded due to this firing;

(*iii*) by whose order and under whose leadership firing was resorted to by the police;

(*iv*) whether there have been demands from the local public and from Tea Garden Workers' Unions for a non-official enquiry into the incident; and

(*v*) if so, what steps, if any, have been taken in this respect?

The Chief Minister and Minister for Home (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*)(*i*) and (*b*)(*i*) On the 25th June, 1955, police fired in self-defence after due warning on an unlawful assembly formed by some workers of Margaret's Hope Tea Estate. In respect of the circumstances leading to the firing, the hon'ble member is referred to Chief Minister's statement in the House on the 2nd September, 1955.

(*a*)(*ii*) and (*b*)(*ii*) Yes, three died on the spot, three died in hospital and nine persons were injured.

(*b*)(*iii*) Under orders of the officer-in-charge of the police party.

(*iv*) Yes.

(*v*) Government do not consider any non-official enquiry necessary in this case.

Dr. Narayan Chandra Ray: Was any official enquiry held on that?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is first of all enquired nto by the local officer, then by the District Magistrate, then by the 'ommissioner, then it comes to me with all the details and then I said that ring was justified.

Sj. Biren Banerjee:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ব্যাপারে কত লোককে প্রিভেন্টিভ ডিটেনশন এ্যাক্টে ধরা য়েছিল—আর দে স্টিল ইন জেল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want notice.

Dr. Narayan Chandra Ray:

এই যে বলেছেন
'Three died on the spot and three died in the hospital''—
-এদের ফ্যামিলিকে কি ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি যতদূর জানি আমাদের কাছে কোন এ্যাপ্লিকেশন আসে নি।
can not tell you definitely.

Dr. Narayan Chandra Ray:
এ্যাপ্লিকেশন করলে কন্সিডার করবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We will try our best.

Number of complaints lodged with the Anti-Corruption Department

***61. Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister-in-charge f the Home Department be pleased to state—

(ক) ১৯৫৪ ও ১৯৫৫ সালে Enforcement ও Anti-Corruption বিভাগের নিকট পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছিল;

(খ) কতগুলি অভিযোগের ফলে দোষীর সাজা হইয়াছে;

(গ) কতগুলি অভিযোগের তদন্তের চূড়ান্ত রিপোর্ট এখনও হয় নাই; এবং

(ঘ) একই সময় মেদিনীপুর জেলায় test relief কাজের দুর্নীতির বিরুদ্ধে উক্ত বিভাগের নিকট কতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছে এবং কতগুলি অভিযোগের চূড়ান্ত তদন্ত রিপোর্ট ইতোমধ্যে দাখিল করা হইয়াছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

(ক) হইতে (গ) বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) ১৯৫৪ সালে কোন অভিযোগ দায়ের করা হয় নাই।

১৯৫৫ সালে ৮৪টি অভিযোগ দায়ের করা হইয়াছিল এবং তন্মধ্যে ২৪টি ক্ষেত্রে ূড়ান্ত তদন্ত রিপোর্ট দাখিল করা হইয়াছে।

Statement referred to in reply to clauses (ক) *to* (গ) *of starred question No. 61*

এনফোর্সমেন্ট—১৯৫৪

জেলা।	(ক) এনফোর্স-মেন্ট বিভাগের নিকট যতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছিল।	(খ) যতগুলি অভিযোগের ফলে দোষীর সাজা হইয়াছে।	(গ) যতগুলি অভিযোগের তদন্তের চূড়ান্ত রিপোর্ট এখনও হয় নাই।
(১) কলিকাতা	২,৬১৯	১,৯৯৪	..
(২) বাঁকুড়া	১৫০	৯৭	..
(৩) বীরভুম	২০৫	১৫৯	১
(৪) বর্ধমান	৯২৫	৬৩৬	৩
(৫) হাওড়া	৩,৬৪৮	৩,৩৫৮	১
(৬) হুগলী .. .	৬৩০	৪০৫	.
(৭) মেদিনীপুর . ..	৫৩৬	৪১২	১
(৮) চব্বিশ পরগনা	২,৬০৪	২,৩৩৮	৪
(৯) মর্শিদাবাদ .. .	৩৪০	২৭৬	..
(১০) নদীয়া	১,৩২২	১,১৯১	৪১
(১১) পশ্চিম দিনাজপুর . ..	৪১৮	৩১০	
(১২) জলপাইগুড়ী . ..	৩১১	২৫০	..
(১৩) মালদহ	২৪৭	২২০	২
(১৪) দার্জিলিং	১৫১	৮০	..
(১৫) কুচবিহার	২০[illegible]	১৮৭	..
(১৬) জি আর পি, হাওড়া	২,১৫৭	১,৮৯৯	১
(১৭) জি আর পি, শিয়ালদহ	২,১৪৫	১,৮৭৫	৩

এনফোর্সমেণ্ট—১৯৫৫

জেলা।	(ক) এনফোর্স-মেন্ট বিভাগের নিকট যতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছিল।	(খ) যতগুলি অভিযোগের ফলে দোষীর সাজা হইয়াছে।	(গ) যতগুলি অভিযোগের তদন্তের চূড়ান্ত রিপোর্ট এখনও হয় নাই।
(১) কলিকাতা	৫,০৯৬	৪,৩০৫	১১
(২) বাঁকুড়া	২৫৮	২২৬	১১
(৩) বীরভূম	৫৩০	৪৯২	৪
(৪) বর্ধমান	১,১২০	৭৭৬	৪১
(৫) হাওড়া	৭,৭৩১	৭,০৩২	১৪৫
(৬) হুগলী	১,২৪১	৯৭৮	৩৬
(৭) মেদিনীপুর	৮৫৬	৬৩৩	৬৪
(৮) চব্বিশ পরগনা	৪,৪৫৯	৩,৫১০	২৮৪
(৯) মুর্শিদাবাদ	৭৮২	৬৪৯	৩৬
(১০) নদীয়া	১,৫৭০	১,২২৭	৪৬
(১১) পশ্চিম দিনাজপুর	৪৪০	৩৪৭	৩
(১২) জলপাইগুড়ী	৬৯৫	৫৩১	৫
(১৩) মালদহ	২৮৪	২০৫	১৬
(১৪) দার্জিলিং	২২৬	১৫৯	৩
(১৫) কুচবিহার	৪৩৬	৩৫৭	৩
(১৬) জি আর পি, হাওড়া	৫,৬৮৯	৫,৩৫৯	২১
(১৭) জি আর পি, শিয়ালদহ	১,৫৫০	১,৩৬৫	৮

এ্যান্টি-করাপশন (দুর্নীতিদমন)—১৯৫৪

জেলা।	(ক) এ্যান্টি-করাপশন বিভাগের নিকট যতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছিল।	(খ) যতগুলি অভিযোগের ফলে দোষীর সাজা হইয়াছে।	(গ) যতগুলি অভিযোগের তদন্তের চূড়ান্ত রিপোর্ট এখনও হয় নাই।
(১) কলিকাতা	২০৯	৪৮	১০২
(২) মেদিনীপুর	৫৬	৭	২০
(৩) হুগলী	১৯	৩	৫
(৪) বর্ধমান	১৯	৩	১২
(৫) জলপাইগুড়ী	৫৩	৩০	৬
(৬) মুর্শিদাবাদ	১১	২	৫
(৭) নদীয়া	১১০	২১	১৩
(৮) পশ্চিম দিনাজপুর	৫	১	১
(৯) দার্জিলিং	১০		৩
(১০) হাওড়া	১৭	২	১১
(১১) বীরভূম	১৬	১	১০
(১২) চব্বিশ পরগনা	৪৪	৫	৭
(১৩) কুচবিহার	৩১	৪	১১
(১৪) বাঁকুড়া	১৭	১	৩
(১৫) মালদহ	৩	..	২

এ্যান্টি-করাপশন (দুর্নীতিদমন)—১৯৫৫

জেলা।	(ক) এ্যান্টি-করাপশন বিভাগের নিকট যতগুলি অভিযোগ দায়ের করা হইয়াছিল।	(খ) যতগুলি অভিযোগের ফলে দোষীর সাজা হইয়াছে।	(গ) যতগুলি অভিযোগের তদন্তের চূড়ান্ত রিপোর্ট এখনও হয় নাই।
(১) কলিকাতা	১৬১	৩৪	৩৯
(২) মেদিনীপুর ..	৬৬	৮	২৭
(৩) হুগলী	৩১	৪	২০
(৪) বর্ধমান .. .	১৫	২	৬
(৫) জলপাইগুড়ী	৬০	১৮	১৮
(৬) মুর্শিদাবাদ	৭	..	৪
(৭) নদীয়া	১০৫	২০	৩১
(৮) পশ্চিম দিনাজপুর	১	..	১
(৯) দার্জিলিং ..	৪	১	..
(১০) হাওড়া .. .	২২	..	৮
(১১) বীরভূম .. .	১৭	২	৮
(১২) চব্বিশ পরগনা .	৫৭	৪	৯
(১৩) কুচবিহার ..	৩৯	৭	১৯
(১৪) বাঁকুড়া . .	১৯	৪	৬
(১৫) মালদহ	৩	..	২

[3-50—4 p.m.]

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় মন্ত্রীমহাশয় (ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন যে, ১৯৫৫ সালে ৮৪টি অভিযোগ দায়ের করা হয়েছিল এবং তন্মধ্যে ২৪টি ক্ষেত্রে চূড়ান্ত তদন্ত দাখিল করা হইয়াছে। আর বাকী কেসগুলির কোন রিপোর্ট দাখিল করা হয় নি কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এ তো বলা হয়েছে—কলিকাতায় ২,৬১৯টি অভিযোগ দায়ের করা হয়েছিল, তার মধ্যে ১,৯৯৪টির সাজা হয়েছে, বাকীকে ছেড়ে দিয়েছে।
You have got in the list there.

Sj. Kanai Lal Bhowmick:

না, না, আমার প্রশ্নের জবাব হ'ল না। ১৯৫৫ সালে ৮৪টি অভিযোগের মধ্যে ২৪টি কেসএর চূড়ান্ত রিপোর্ট দাখিল করা হয়েছে, বাকী ৬০টি কেসে হল না কেন, এবং তার জন্য তদন্ত হয়েছে কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Test relief cases of Midnapore started in 1955 are included within the enforcement figures of Midnapore for that year.

Sj. Kanai Lal Bhowmick:

আমার প্রশ্নের ঠিক জবাব হ'ল না। ৬০টা কেসএ কেন তদন্ত হল না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তার কারণ, তাদের বিরুদ্ধে কোন প্রমাণ পাওয়া যায় নি, যদিও ফাইন্যাল রিপোর্টএ তাদের কেস আছে।

Sj. Mrigendra Bhattacharjya:

মন্ত্রীমহাশয় কি অবগত আছেন, ঐ কেসগুলি চেপে দেবার অভিযোগ আছে?

Mr. Speaker: That is a hypothetical question.

Arrests in connection with the tram fare enhancement resistance movement of 1953

***62. Sj. Hemanta Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(*a*) the number of persons arrested in connection with the tram fare resistance movement of 1953;

(*b*) the number of proceedings drawn up in different courts in connection therewith;

(*c*) the number of persons convicted;

(*d*) the number of persons released on bail;

(*e*) the number of persons still in jails;

(*f*) the number of persons against whom cases are still pending; and

(*g*) whether Government consider the desirability of withdrawing cases which are pending up till now and releasing the accused?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) 4,690.

(*b*) Proceedings were drawn up against 1,507 persons.

(*c*) 279.

(*d*) to (*f*) Nil.

(*g*) Does not arise.

Sj. Hemanta Kumar Basu:

মন্ত্রীমহাশয় জানেনই তো আমাদের সঙ্গে যখন মিটমাটের কথা হয় তখন ট্রাম ফেয়ার এনহ্যান্সমেন্ট রেজিস্টেন্স মুভমেন্টএ যারা জড়িত ছিল তাদের সকলের বিরুদ্ধে কেস উইথ্ড্র করবার কথা হয়েছিল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All the cases have been withdrawn including the three cases—one at Ballygunge, one in Kharda and one in Sealdah.

Number of dacoities committed in Asansol subdivision

***63. Sj. Benoy Krishna Chowdhury:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) the number of dacoities reported to the police during the years 1952-53, 1953-54 and 1954-55 in Asansol subdivision of Burdwan district;

(*b*) number of cases detected during the same period; and

(*c*) number of cases filed in connection with those dacoities during the said years?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

(*a*)	1952	67
	1953	45
	1954	32
	1955	19
(*b*)	1952	55
	1953	35
	1954	30
	1955	13
(*c*)	1952	12
	1953	10
	1954	2
	1955	6

Sj. Benoy Krishna Chowdhury:

আপনি (বি)-তে উত্তর দিয়েছেন, ১৯৫২ সালে কেস ডিটেকটেড হয়েছিল ৫৫, কিন্তু (সি)-তে বলেছেন ঐ সালে টুয়েল্‌ভ কেসেস ফাইল্‌ড করা হয়। তারপর বলেছেন, ১৯৫৩ সালে কেস ডিটেকটেড হয়েছিল ৩৫, এবং কেসেস ফাইল্‌ড হয় টেন বলেছেন , এবং বলেছেন ১৯৫৪ সালে কেসেস ডিটেকটেড হয় ৩০ এবং ফাইল্‌ড হয় ২—এটা কেমন করে হয়েছে—একটু এক্সপ্লেন করে বলবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I give you the notes that I have. The crime figures are collected, collated and compiled according to the calendar years. So it is not possible to furnish figures of dacoity cases for the financial years. In all 163 cases of dacoity were reported to the police in Asansol subdivision in Burdwan district during the period from 1952 to 1955 and 755 persons were arrested in connection with those cases. Of these 133 cases were detected as detailed in answer (b). Cases detected include charge-sheet cases and those in which gangs were traced, but the "final report true" were submitted showing the names of suspects but could not be proceeded against for want of adequate evidence. Of the 133 detected cases charge-sheets were submitted in 47 cases. Against 160 persons of the 47 charge-sheet cases 23 cases ended in conviction with 51 persons. One hundred persons were acquitted in 22 cases and the remaining cases ended in "final report true" for want of sufficient evidence.

Sj. Benoy Krishna Chowdhury:

আমার প্রশ্নটা ছিল—এই যে উত্তরে বলা হয়েছে ১৯৫২ সালে ফিপটি-ফাইভ কেসেস ডিটেকটেড, টুএলভ কেসেস ফাইল্ড এবং ১৯৫৪ সালে থারটি কেসেস ডিটেকটেড, টু কেসেস ফাইল্ড—এর মানে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Charge-sheet was submitted only against 160 persons in 47 cases. Twenty-three cases ended in conviction. Fifty-one persons were convicted and 100 persons were acquitted.

Sj. Benoy Krishna Chowdhury:

আমার প্রশ্নটা হচ্ছে—কেস স্টার্টেড, তার চার্জ-শীট দিতে পারল না, একটা জিনিস; আর কেস ডিটেকটেড হয়ে সেই কেস স্টার্ট হ'ল না, এ আর একটা জিনিস।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ফাইন্যাল রিপোর্ট দিয়েছি। আমরা স্টার্ট করতে পারি নি, তার কারণ হচ্ছে—
I have got the materials but I have not got the evidence.

Arrest of Shri Chandra Sekhar Mukherji, the Joint Secretary of the Burnpur Action Committee

***64. Sj. Subodh Choudhury:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that Shri Chandra Sekhar Mukherji, the Joint Secretary of the Burnpur Action Committee and a member of the United Steel Workers' Union at Burnpur, has been arrested by police on the 9th March, 1956, from a tea shop at the crossing of Dharamtolla Street and Lower Circular Road, Calcutta?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what are the reasons for his arrest;

(*ii*) under which Act he has been arrested; and

(*iii*) what are the charges against him?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) Shri Chandra Sekhar Mukherji was arrested on the 9th March, 1956, at the crossing of Dharamtolla Street and Lower Circular Road, Calcutta, but not from a tea shop.

(*b*)(*i*) He was arrested and detained for preventing him from acting in a manner prejudicial to the maintenance of public order.

(*ii*) He was arrested and detained under the Preventive Detention Act, 1950, but was released on 6th April, 1956.

(*iii*) They cannot be disclosed in the public interest.

Sj. Subodh Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, শ্রীচন্দ্রশেখর মুখার্জি এ্যারেস্টেড হবার এক বছর আগে তিনি কলিকাতায় ট্রাইব্যুনাল সংক্রান্ত ব্যাপারে গিয়েছিলেন, এবং তিনি বার্নপুরএ যান নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা হতে পারে, আমি জানি না।

Sj. Subodh Chowdhury:

এ কথা কি সত্য যে, বার্নপুর ওয়ার্কারসদের আন্দোলনকে দমন করবার জন্য তাকে গ্রেপ্তার করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সত্য নহে।

Sj. Ganesh Ghosh: Who was the authority who issued the order of arrest under the Preventive Detention Act—the West Bengal Government or the Central Government?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The order issued from here.

Sj. Ganesh Ghosh. Was any representation received from Sir Biren of Martin Burns before the order for his arrest was made?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Not that I know of.

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, ও'র এ্যারেস্টএর দু'-একদিন বাদেই বার্নপুর ইউনিয়নএর ট্রাইব্যুনালএ কেস ছিল, এবং ও'র এ্যারেস্ট হওয়ার ফলে সেই কেসএর অনেক ক্ষতি হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

Sj. Saroj Roy: What are the charges against him?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That cannot be disclosed in public interest.

Sj. Saroj Roy:

মন্ত্রীমহাশয় আমার প্রশ্নের উত্তরে বললেন—

that cannot be disclosed in public interest

অর্থাৎ এটা বলতে পারেন না, পাবলিক ইন্টারেস্টএ বাধে। কিন্তু এই চার্জসীট বলবার সংগে পাবলিক ইন্টারেস্টএর সম্পর্কটা কি, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা যদি বলব, তা হ'লে সব জিনিসটাই ত' বলা হয়। তা বলা যায় না।

Sj. Biren Banerjee:

উত্তরে বলা হয়েছে তাকে ৯ই মার্চ, ১৯৫৬, এ্যারেস্ট করা হয়, এবং

after investigation he was released on 6th April, 1956.

তাকে শেষকালে ছেড়ে দেওয়া হল কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তার কেসটা ঠিক দাঁড়ায় না বলে ছেড়ে দেওয়া হল।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, পাবলিক ইন্টারেস্টএর জন্য তার চার্জ এগেনস্ট হিম কি, তা বলা যায় না। কিন্তু এখানে (বি) (১)তে বলেছেন—

He was arrested and detained for preventing him from acting in a manner prejudicial to the maintenance of public order.

অতএব চার্জসীট বলেই তো ফেলেছেন পাবলিক অর্ডার মেন্টেনেন্স করছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Will you kindly read the other question? The question is, "What are the charges against him?" The general view is that he acted in a prejudicial manner, but how did he act? These are charges which I cannot disclose.

Mr. Speaker: Questions over.

Refusal of consent to an adjournment motion.

[4—4-10 p.m.]

Sj. Ambica Chakraborty:

মাননীয় স্পীকার মহাশয়, কাঁঠালগুড়ি চা-বাগানে যে পুলিসের গুলীতে ৫ জন নারী এবং শিশু আহত হয়েছে সেটা নিয়ে এ্যাডজোর্নমেন্ট মোশান দেবার কথা ছিল, তা আপনি যখন এ্যালাও করেন নি, কাজেই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি—গুলী চালাবার কারণ এবং যারা আহত হয়েছে, তারা সকলে জীবিত আছে, না তাদের মধ্যে কেউ মরেছে, এ সম্বন্ধে যদি তাঁর কোন খবর থাকে আমাদের জানাবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I can tell my friend that nobody is killed, nobody is injured. I have not got the full report. If I get the report in time I will let you know.

Messages

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, viz.,—

(1)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Local Bodies (Electoral Offiences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956.

(2)

"Message

The West Bengal Taxes on Entry of Goods in Local Areas (Amendment) Bill, 1956, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956

(3)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal *Bargadars* Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956.

(4)

"*Message*

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956

(5)

"*Message*

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Criminal Law Amendment Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956

(6)

"*Message*

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Cement Control (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956

(7)

"*Message*

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956.

(8)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956.

(9)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 17th July, 1956, agreed to the Calcutta University (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 17th July, 1956.

GOVERNMENT BILL

The West Bengal *Panchayat* Bill, 1955, as reported by the Joint Select Committee

Clause 9

[*Mr. Speaker: I take it that all the amendments are moved*].

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 9(1), line 1, after the words "shall hold" the words "at least" be inserted.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that in clause 9(1), line 2, for the words "one half-yearly general meeting" the words "three three-monthly general meetings" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in the proviso to clause 9(1), line 2, after the word "may" the words "for just cause" be inserted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in the proviso to clause 9(1), line 3, for the words "one-fifth" the words "one-tenth" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in the proviso to clause 9(1), line 4, for the word "twenty-one" the word "ten" be substituted.

Sj. Dhananjoy Kar: Sir, I beg to move that in clause 9(3), line 3, after the word and comma "days," the words "the members requisitioning may convene the meeting on seven clear days' notice after the expiry of the period mentioned in the proviso to sub-section (1)" be inserted.

Sir, I also beg to move that in clause 9(3), lines 3 to 8, the words beginning with "the prescribed authority" and ending with "written request" be omitted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 9(3), lines 3 to 8, for the words beginning with "the prescribed authority" and ending with "written request" the words "the members requisitioning shall convene the meeting within twenty-one days from the date of expiry of the period mentioned in proviso to sub-section (1) giving clear fifteen days' notice" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 9(3), line 3, for the words "the prescribed authority shall, on a written request" the words "the members requisitioning themselves hold the meeting within twenty-one days from the date of expiry of the notice for requisition" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 9(3), line 4, for the word "ten" the word "seven" be substituted.

Sir, I also beg to move that in clause 9(3), line 7, for the word "twenty-one" the word "ten" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 9(3), line 7, for the word "twenty-one" the word "fifteen" be substituted.

Sj. Sasabindu Bera:

माननीয় স্পীকার মহাশয়, আমার একটা সংশোধনী প্রস্তাব আছে। ক্লজ ৭এ ব্যবস্থা হচ্ছে গ্রামসভার জেনারেল মিটিং মাত্র দুটো হবে। নির্দিষ্ট ক'রে দেওয়া হচ্ছে একটা এ্যানুয়্যাল আর-একটা হাফ-ইয়ার্লি জেনারেল মিটিং, আর কোন জেনারেল মিটিংএর সুবিধা বা সুযোগ দেওয়া হচ্ছে না। যদি প্রয়োজন হয় তা হ'লে কেন আরও দু'-একটা জেনারেল মিটিং করতে পারবে না তার কোন কারণ দেখান নাই। সেইজন্য আমি এখানে এ্যাট লিস্ট শব্দটা যোগ করতে চাই। আমার উদ্দেশ্য হচ্ছে যে, প্রয়োজনের ক্ষেত্রে তাদের আরও জেনারেল মিটিং করবার সুযোগ রাখা হোক।

Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পীকার, স্যার, এই ৯নং ধারাটাতে গ্রামসভার বাৎসরিক এবং অর্ধবাৎসরিক সভা ডাকার ও তার কাজের ব্যবস্থার কথা বলা হয়েছে। এখানে আমি বলতে চাইছি যে, ফার্স্ট প্রোভাইসোতে রয়েছে যে,

Provided that the *Adhyaksha* of the *Gram Panchayat* may at any time, etc.

এখানে আমার বক্তব্য হচ্ছে "মে"র পর ফর "যাস্ট কজ" অর্থাৎ সঙ্গত কারণে এইটে হওয়া উচিত। শুধু এখানেই নয়, এই ধারাটার মধ্যে বহু জায়গায় বহু অসঙ্গতি থেকে গিয়েছে। প্রথমত যে-কোন কারণে যদি এইরকমভাবে মিটিং ডাকবার ব্যবস্থা করা হয়, সুষ্ঠুভাবে কাজ চালনার ব্যাঘাত ঘটবে; এবং আরও বলা হয়েছে

5th of the total number of members of the Gram Sabha

যদি জরুরী মিটিং ডাকতে চায় তা হ'লে অধ্যক্ষ বাধ্য হবেন মিটিং ডাকতে। কিন্তু যেখানে গ্রামসভা মন্ত্রীমহাশয় বলেছেন, ৭৫০—১,৫০০ লোক নিয়ে গঠন করা হবে, তা হ'লে দেখা

যাচ্ছে ১৫০—৩০০ লোক সই দিলে পরই মিটিং ডাকতে হবে। এটা যদি অত্যন্ত সঙ্গত কারণে না হয় তা হ'লে ১৫০—৩০০ লোকের সই সংগ্রহ করা কিছু অসম্ভব হবে না, ফলে যখন তখনই মিটিং ডাকা হতে পারবে। তাই আমি বলছি রিকুইজিশন মিটিং ডাকতে বললেই যে ডাকতে হবে তা নয়। যে-কোন সময়ে বা ঘন ঘন মিটিং ডাকা কন্ট্রোল করবার জন্য অত্যন্ত সঙ্গত কারণে যাতে ডাকা হয় তার ব্যবস্থা করতে হবে। এবং সেইটে করাই উচিত।

তারপরে আর যে অসঙ্গতি আছে তার মধ্যে একটাতে বলা হয়েছে যে, মিটিং ডাকবার জন্য দরখাস্ত করলে ২১ দিনের মধ্যে ঐ রিকুইজিশন মিটিং ডাকতে হবে। যদি অধ্যক্ষ মিটিং না ডাকেন তা হ'লে প্রেসক্রাইবড অথরিটির নোটিস দিয়ে মিটিং ডাকবার ব্যবস্থা করতে পারেন। এর পরে বলা হয়েছে ২১ দিনের মধ্যে মিটিং ডাকবার ব্যবস্থা করতে হবে। তা হ'লে পর ২১ + ২১ + ১০ মোট ৫২ দিনের পরে প্রকৃতপক্ষে মিটিং ডাকা হচ্ছে। যদি কোন সঙ্গত কারণে মিটিং ডাকতে হয় এবং তাতে যদি ৫২ দিন সময় লেগে যেতে পারে তা হ'লে যে উদ্দেশ্যে মিটিং ডাকা, সে উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যাবে। কাজেই আমি বলছি—আমার সংশোধনী প্রস্তাবে যে প্রেসক্রাইব্ড অথরিটির কাছে দরখাস্ত করলে পর ২১ দিন অপেক্ষা না করে তিনি যেন ১৫ দিনের মধ্যেই মিটিং ডাকবার আদেশ দান করেন। এইসঙ্গে আমার আর একটা বক্তব্য—এই যে রিকুইজিশন মিটিংএর নোটিস প্রেসক্রাইব্ড অথরিটির নিকট দেওয়ার ব্যবস্থা বদলে যদি অঞ্চল-পঞ্চায়েতের নিকট দেওয়ার ব্যবস্থা করা হয় তা হ'লে হয়ত অধ্যক্ষ দেরী না ক'রে তাড়াতাড়ি মিটিং ডাকবার ব্যবস্থা করবেন, যাতে তাড়াতাড়ি কাজটা হয় সেইজন্য আমি আমার ২য় সংশোধনী প্রস্তাবে ২১ দিনের জায়গায় ১৫ দিন করতে বলছি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, এই যে একটা প্রোভাইসো রয়েছে—

"a provision for an extraordinary meeting on requisition"

এতে এতদিন সময় দেওয়া কি কারণে ও'রা ঘটতে দিচ্ছেন? এটা বেশ বোঝা যায় যে, গ্রামসভার যাঁরা সভ্য তাঁরা সকলে গ্রামের ভিতরই বাস করছেন। একটা ছোট গ্রাম যেখানে ও'রা বলছেন—সভার সভ্যসংখ্যা ৭৫০—১,০০০ হতে পারে, সেখানে একটা রিকুইজিশন মিটিং যদি শতকরা ওয়ান-ফিফ্‌থ অব দি মেম্বার চায় তা হ'লে অধ্যক্ষ ২১ দিন অপেক্ষা করে তারপর মিটিং ডাকবেন, এত দীর্ঘ দিন সময় দেবার দরকার হয় না। যদি বুঝতাম যে, বহু দূরে দূরে মেম্বাররা রয়েছেন তা হ'লে অবশ্যই বেশি সময় দেওয়া উচিত ছিল। কিন্তু এখানে মেম্বাররা সব গ্রামেরই অধিবাসী, গ্রামেই তাঁরা থাকেন, সেইজন্য আমার সংশোধনী হচ্ছে, ২১ দিনের জায়গায় ১০ দিন করা হোক।

আর ঐ ১০ দিনের মধ্যে যদি না করেন তা হ'লে সরকারের কাছে দরখাস্ত করা হবে, তাতে ৭ দিনের মধ্যে অর্থাৎ যে তারিখে দরখাস্ত করবে সেই দরখাস্ত করার পর ৭ দিন পরে সরকার থেকে আবার ১০ দিন ফিক্স করে মিটিং করবেন। তা হ'লে একটা মিটিং করতে ১০ + ৭ + ১০ অর্থাৎ ২৭ দিন সময় লাগবে যদি অধ্যক্ষ মিটিং না ডাকেন। সেইজন্য বলছি একটা গ্রামের পক্ষে একটা জরুরী বিষয়ের জন্য মিটিং ডাকতে হলে, যেমন শুনেছিলাম—দার্জিলিং হিমালয়ান রেলওয়ে যখন তৈরি হয় তখন প্ল্যাটফর্মের উপর একদিন একটা টাইগার এসে বসেছিল, তাই দেখে টেলিগ্রাম করা হল—

A tiger on the platform. Please advise.

সেইরকম হয়ে যাবে। একটা গ্রামে কিছু একটা জরুরী ঘটনা ঘটল, কলেরা হল, বসন্ত হল, অথবা একটা নদীর বাঁধ ভেঙে গেল, একটা মিটিং ডাকার প্রয়োজন, অথচ অধ্যক্ষ ডাকল না, সেক্ষেত্রে যদি মিটিং ডাকতে হয় তা হ'লে ১০ + ২১ এই ৩১ দিন, তার আরও ২১ দিন মানে ৫০।৫২ দিন সময় চলে যাবে—এটা কোন কাজের কথা নয়। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে, প্রথমে ১০ দিন এবং পরে ৭ দিন এইটে করা হোক।

4-10—4-20 p.m.]

Sj. Dhananjoy Kar:

স্পীকার মহাশয়, এখানে বলতে চাই যে, ওয়ান-ফিফ্থ মেম্বার যদি রিকুইজিশন মিটিং কল করে এবং অধ্যক্ষ যদি নির্দিষ্ট টাইমএর মধ্যে মিটিং না ডাকেন তা হ'লে প্রেসক্রাইব্ড অর্থরিটির কাছে না গিয়েও তাঁরা রিকুইজিশন মিটিং কল করতে পারবেন এবং তাঁরা প্রস্তাব গ্রহণ করতে পারবেন।—সেইজন্য আমি চাচ্ছি—

in clause 9(3), lines 3 to 8, the words beginning with "the prescribed authority" and ending with "written request"

এটা ওমিট করতে, এবং সেই ক্ষেত্রে—

clause 9(3), line 3, after the word and comma "days", the words "the members requisitioning may convene the meeting on seven clear days' notice after the expiry of the period mentioned in the proviso to sub-section (1)" be inserted

এই কথা বলেছি। ২১ দিন পরে যদি তারা দেখে যে অধ্যক্ষ মিটিং ডাকলেন না, তা হ'লে যারা রিকুইজিশন মিটিং কল করেছিল তারাই মিটিং কল করতে পারবেন প্রেসক্রাইব্ড অর্থরিটির কাছে না গিয়েও। আমার বলার উদ্দেশ্য হচ্ছে যে, এইভাবে প্রেসক্রাইব্ড অর্থরিটিকে টেনে এনে আমরা জনসাধারণের ডেমোক্র্যাটিক রাইটস কার্টেল করতে চাই না। আননেসেসারিলি প্রেসক্রাইব্ড অর্থরিটিকে বেশি ক্ষমতা দিচ্ছেন। তাঁরা প্রেসক্রাইব্ড অর্থরিটির কাছে না গিয়ে নিজেরাই রিকুইজিশন মিটিং কল করতে পারবে, এই কথা বলেছি।

Sj. Balailal Das Mahapatra:

স্পীকার মহাশয়, আমরা দেখতে পাচ্ছি এই ৪নং ক্লজএ প্রেসক্রাইব্ড অর্থরিটিকে সর্বময় নিয়ন্ত্রণ করার ক্ষমতা দেওয়া হচ্ছে। এখানেও দেখতে পাচ্ছি গ্রামসভার সদস্যদের একটা রিকুইজিশন মিটিং ডাকারও ক্ষমতা দেওয়া হয় নি। এখানে দেখা যাচ্ছে, অধ্যক্ষ যদি ২১ দিনের মধ্যে সভা না ডাকে তা হ'লে তাদের নিবেদন করতে হবে প্রেসক্রাইব্ড অর্থরিটির কাছে। কিন্তু গ্রামসভার এইটুকু স্বাধীন ক্ষমতা থাকা দরকার। সাধারণভাবে রিকুইজিশন মিটিং যেভাবে হয়, এখানেও সেইভাবে হওয়া উচিত। আমার কথা হচ্ছে যে, ২১ দিনের মধ্যে অধ্যক্ষ যদি সভা না ডাকেন তা হ'লে ১৫ দিনের ক্লিয়ার নোটিস দিয়ে তারা সভা ডাকতে পারবে। তবে এই সভাটা ঠিকমত হচ্ছে কিনা সেটা দেখার জন্য প্রেসক্রাইব্ড অর্থরিটিকে জানান যেতে পারে। এখানে প্রেসক্রাইব্ড অর্থরিটি কেন শুধু শুধু খবরদারি করবে সেটা আমরা বুঝি না। তাই আমার বক্তব্য হচ্ছে যে, এই পঞ্চায়েতকে যদি সত্যিকারের অধিকার দিতে চান এবং তাকে নিতান্ত নাবালক মনে না করেন তা হ'লে তাদের এই রিকুইজিশন মিটিং যাতে ডাকতে পারে সেই ব্যবস্থা করা উচিত। আমার এই প্রস্তাবটা অত্যন্ত যুক্তিসঙ্গত। আশা করি মন্ত্রীমহাশয় পঞ্চায়েতের সত্যিকারের অধিকার থেকে বঞ্চিত করবেন না।

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এ্যামেন্ডমেন্টএর নেচার ও বলাইবাবুর এ্যামেন্ডমেন্টএর নেচার একই। এখানে রিকুইজিশন মিটিং ডাকার জন্য প্রেসক্রাইব্ড অর্থরিটিকে নিবেদন করার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। গ্রাম-পঞ্চায়েতকে এইটুকু স্বাধীনতাও যদি না দেওয়া হয় তা হ'লে গণতান্ত্রিক অধিকারে হস্তক্ষেপ করা হবে বলে আমি মনে করি। সেই জন্য আশা করি মন্ত্রীমহাশয় এই প্রস্তাব গ্রহণ করবেন।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবে আছে যে, যেখানে আছে রিকুইজিশন মিটিং ডাকতে হ'লে ওয়ান-ফিফ্থ সদস্য থাকা দরকার সেখানে আমি বলছি ওয়ান-টেন্থ, ব্যাপারটা অন্য রকম শুনাচ্ছে। এখানে ওয়ান-ফিফ্থ লোক থাকলেই মিটিং কল করতে পারবে সে জায়গায় ওয়ান-টেন্থ অর্থাৎ আরও কম থাকলেও মিটিং ডাকতে পারিবে এই কথা বলছি

কেন তার একটা যুক্তি আছে। বর্তমানে গ্রাম-অঞ্চলের গঠনপ্রণালী যদি দেখেন তা হ'লে আমার এই সংশোধনী প্রস্তাব খাপ খাবে। বর্তমানে বাংলাদেশের গ্রাম-অঞ্চলে এক শ্রেণীর লোক, যারা উপরে আছে, মুষ্টিমেয়, তাদের অর্থ, তাদের প্রতিপত্তি সবচেয়ে বেশি। এবং এরা নিজেদের কার্যসিদ্ধি করার জন্য কৌশলে বেশির ভাগ লোককে চালিত করে। তা ছাড়া গ্রামে এমন লোক আছে যারা অর্থ এবং পড়াশুনার দিক থেকে পিছিয়ে আছে। এই অবস্থায় এই উপরের শ্রেণীর সঙ্গে গ্রামের লোক পেরে উঠে না। যদি তাদের হাতে এইরকম কোন হাতিয়ার না দেন তা হ'লে যেসমস্ত সাধারণ মানুষ পিছিয়ে আছে তারা এই মুষ্টিমেয় লোকের চাপে নিচে পড়ে থাকবে, সমাজে আর উপরে উঠতে পারবে না। সেইজন্য বর্তমানে গ্রামদেশের মুখের দিকে তাকিয়ে এই ওয়ান-টেন্থ করতে চাই। এতে সাধারণ মানুষের সুবিধা হবে। তাই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে, সাধারণ মানুষের প্রতি দৃষ্টি দিয়ে আমার এই সংশোধনী প্রস্তাব বিবেচনা করবেন।

Sj. Madan Mohon Saha:

এখানে দুইটি মিটিংএর কথা আছে, আমি সেখানে চারটি মিটিংএর কথা বলেছি। তার কারণ চারটি মিটিং যদি হয় তা হ'লে গ্রামের লোকের সঙ্গে গ্রামসভা যোগাযোগ রাখতে পারবে। আর যদি দুইটি মিটিং হয় তা হ'লে লোকের সঙ্গে গ্রামসভার যোগাযোগ থাকবে না, তাদের অভাব-অভিযোগগুলি আলোচনা করতে পারবে না। গ্রামসভার সঙ্গে যাতে সাধারণ মানুষের যোগাযোগ নিবিড় হয় সেইজন্য তাদের এই ডেমোক্র্যাটিক রাইট দেওয়া দরকার। সেইদিক থেকে আমার এই এ্যামেন্ডমেণ্ট মেনে নেওয়া উচিত।

The Hon'ble Iswar Das Jalan: With regard to the amendment No. 81 moved by my friend Sj. Sasabindu Bera for the addition of the words "at least", it will be seen that we have provided for two meetings and again on a requisition by not less than one-fifth of the total number of members of the *Gram Sabha*, an emergency meeting may be convened, if necessary. I do not think the words "at least" are necessary.

With regard to the amendment moved by my friend Dr Krishna Chandra Satpathi for insertion of the words "for just cause" after the word "may", I say that power is given to the *Adhyaksha* to convene a meeting—and if a requisition is made there is no question whether it is called for just cause or not—the *Adhyaksha* has to call a meeting—the meeting will decide whether the proposal is to be accepted or not. Nowhere in the Act the word "just cause" occurs. Moreover, the addition of the words will lead to litigation to decide—whether there was just cause or not and whether the meeting called was justified or not—these questions will arise.

Now, with regard to the reduction of the number of people requisitioning the meeting, it has been suggested that it may be reduced to one-tenth: If the number required for requisition meeting is reduced, it is only the meeting and nothing else that will be done in the *Panchayats*. The executive is there which has been chosen by the entire *Gram Sabha* and that executive has to face meeting twice a year; and again on requisition by not less than one-fifth of the total number of members an emergency meeting may be held. I do not think we should reduce the number and make it less than one-fifth.

[4-20—4-30 p.m.]

With regard to reduction of time for calling the meeting from 21 days to 10 days it is easy to say that the meeting should be at once called. But our experience is that where people work in a honorary capacity they cannot act so speedily. The moment the time expires the authority calling the meeting will vanish. Those people will have to go to the prescribed authority for calling a meeting. Necessarily, therefore, sufficient time

oy, Sj. Surendra Nath
aha, Dr. Sisir Kumar
antal, Sj. Baidya Nath
aren, Sj. Mangal Chandra
arkar, Sj. Bejoy Krishna
en, Sj. Bijesh Chandra
en, Sj. Narendra Nath
en, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing

The Ayes being 51 and the Noes 120 the motion was lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and greed to

[At this stage the House was adjourned till 5-30 p.m.]

[*After adjournment.*]

5-30—5-40 p.m.]

Clause 11

Mr Speaker: I take it that all the amendments are moved. No. 109 is out of order.)

Sj. Dhananjoy Kar: Sir, I beg to move that in clause 11(1), line 2, r the word "one-tenth" the word "one-third" be substituted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 11(1), ne 2, for the word "one-tenth" the word "one-fourth" be substituted.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 11(1), line 2, r the word "one-tenth" the word "one-fifth" be substituted.

Sj. Dhananjoy Kar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ওয়ান-টেন্থএর জায়গায় ওয়ান-থার্ড ক'রে দিতে চাচ্ছি। রণ একটা গ্রামে যে-কোন ব্যাপার হ'ক না কেন বেশি লোক মিলে যাতে একটা সিদ্ধান্ত গ্রহণ রা হয় সেজন্য এর সংখ্যাটা বাড়িয়ে দিতে চাইছি।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ওয়ান-টেন্থএর জায়গায় ওয়ান-ফোর্থ করতে চাচ্ছি। তার রণ হচ্ছে যে, গ্রামের বহু জরুরী কাজ সেখানে উপস্থিত হবে। বাজেট উপস্থিত হবে, ঞ্চায়েতের কার্যবিবরণী উপস্থিত হবে এবং বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনাও উপস্থিত করা বে। কাজেই কমসংখ্যক লোক নিয়ে পাস করিয়ে নিলে নানা ক্ষতি সেখানে হবে। গ্রামের মস্যা সম্বন্ধে যেখানে আলোচনা হবে—সেখানে বেশিসংখ্যক লোক যাতে থাকতে পারে সেজন্য মি ওয়ান-ফোর্থ করতে বলছি।

Sj. Probodh Dutt:

আমি ওয়ান-টেন্থএর জায়গায় ওয়ান-ফিফ্থ করতে বলছি। এর কারণ হচ্ছে যে, অনেক ময় মেম্বারদের মধ্যে দলাদলি থাকে—অল্পসংখ্যক লোক হ'লে জিনিসগুলি ভালভাবে বেচিত হবে না। সেজন্য এ্যাট লিস্ট ওয়ান-ফিফ্থ হ'লে, আমার মনে হয়, অবজেক্ট অব দি জটা সিদ্ধ হবে। আর একটা জিনিস হচ্ছে—সেখানে লোক বেশী হ'লে জিনিসগুলি লভাবে বিবেচিত হবে। কাজেই ওয়ান-টেন্থএর জায়গায় ওয়ান-ফিফ্থ হওয়া উচিত।

Sj. Janardan Sahu:

একটা মিটিং এ্যাডজোর্নড হয়ে গেলে দরকারী কাজগুলি পড়ে থাকে এবং তাতে অনেক তি হতে পারে। সেজন্য দেখা উচিত একটা মিটিং এ্যাডজোর্নড হয়ে যাবার আগে একটা মারজেন্ট মিটিং হওয়া উচিত। তা নইলে কতকগুলি দুষ্ট লোকের জন্য অনেক ক্ষতি হতে ারে।

The Hon'ble Iswar Das Jalan: Sir, the quorum is always put a little low so that the business of a meeting may not be hindered by absence of a particular quorum. Now, if we have a village of about a thousand population, the number of voters may be about 400. Then there are ladies and all the ladies generally do not come to attend the meeting and the meeting may be infructuous and no progress can be made. It is expected that there will be good attendance but the quorum is always fixed at a low figure. Therefore we have put it as one-tenth. If more people attend there is no harm, but if less people attend, and the business cannot be done, then there is harm. Therefore we have always to put down the quorum.

There is nothing else for me to answer. I therefore oppose the amendments.

The motion of Sj. Dhananjoy Kar that in clause 11(1), line 2, for the word "one-tenth" the word "one-third" be substituted, was then put and lost.

The motion of Sj. Balailal Das Mahapatra that in clause 11(1), line 2, for the word "one-tenth" the word "one-fourth" be substituted, was then put and lost.

The motion of Sj. Probodh Dutt that in clause 11(1), line 2, for the word "one-tenth" the word "one-fifth" be substituted, was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

(*Mr. Speaker: I take it that all the amendments are moved.*)

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 12(2), line 1, after the words "shall elect" the words "by secret ballot votes" be inserted.

Sj. Surendra Nath Pramanik: Sir, I beg to move that in clause 12(2), line 1, after the word "elect" the words "by ballot" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 12(2), lines 1 and 2, for the words "in the manner prescribed" the words "by secret ballot" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 12(2), lines 1 and 2, for the words "in the manner prescribed" the words "by secret ballot votes" be substituted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 12(2), lines 1 and 2, for the words "in the manner prescribed" the words "by ballot" be substituted.

Sj. Nagendra Dalui: Sir, I beg to move that in clause 12(2), lines 1 and 2, for the words "in the manner prescribed" the words "by secret ballot on a proportional representation basis" be substituted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 12(2), lines 3 to 5, for the words beginning with "not being" and ending with "*Gram Panchayat*" the words "according to sub-section (3)" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 12(2), line 3, the word "being" be omitted.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that in clause 12(2), line 4, for the words "by the prescribed authority" the words "by *Gram Sabha*" be substituted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 12(2), line · for the words "by the prescribed authority" the words "by the majorit opinion of the *Gram Sabha* convened for the purpose after due notice" l substituted.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that in clause 12(2), lin 4, for the words "prescribed authority" the words "Subdivisional Officer be substituted.

Sj. Tarapada Bandyopadhyay: Sir, I beg to move that the followin proviso be added to clause 12(2), namely:—

"Provided that the election shall be effected by secret ballot voting."

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that for clause 12(3) the following be substituted, namely:—

"(3) The *Gram Panchayat* shall divide the area of a *Gram Sabha* int single-member constituencies, as may be convenient for th purpose of election, the number of members being not less tha two hundred and not more than three hundred in each consti tuency.".

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 12(3) line 1, for the words "prescribed authority may" the words "*Gran Panchayat* shall" be substituted.

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that in clause 12(3), line 1 for the words "prescribed authority" the words "Subdivisional Officer" b substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 12(3), line 1 after the word "may" the words "in consultation with the members of th "*Gram Sabha*" be inserted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 12(3) lines 2 and 3, the words beginning with "such number" and ending wit "election" be omitted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 12(3), line 2 after the word "of" the word "single-member" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 12(4), line 10, th commas before and after the words "by its name" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that clause 12(5) be omitted

Sj. Jyotish Chandra Roy (Falta): Sir, I beg to move that clause 12(5) b omitted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 12(5), line 2 after the word "may" the commas and the words ", with the consent of th *Gram Panchayat,*" be inserted.

Sj. Nalini Kanta Haldar: Sir, I beg to move that in clause 12(5) lines 2 to 4, for the words and figures beginning with "associate with" an ending with "section 14" the words and figures "with the consent of an *Gram Panchayat* elected under the sub-section or appointed under sectio 14, associate with it" be substituted.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that in clause 12(5), line 3 and 4, the words and figures "or appointed under section 14" be omitted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 12(5), lines 9 to 12, for the words beginning with "members of the" and ending with "*Upadhyaksha*" the words "officers or servants of the *Panchayat* for the duration of the pleasure of the *Panchayat* itself" be substituted.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the proviso to clause 12(5) be omitted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 12(6), lines 2 and 3, for the words, figures and brackets "a quorum is present elect, subject to the provisions of sub-section (5)" the words "at least half the number of its members is present, elect" be substituted.

Sj. Haripada Baguli: Sir, I beg to move that in clause 12(6), lines 2 and 3, the words, figure and brackets "subject to the provisions of sub-section (5)" be omitted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in the proviso to clause 12(6), line 4, after the word "elected" the words "in the manner laid down in this sub-section" be added.

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই ১১০নং এ্যামেন্ডমেন্টএ ইলেকশন সম্পর্কে বলতে চাই যে, গ্রামসভার ইলেকশনএ যেখানে 'শ্যাল ইলেক্ট' আছে সেখানে 'বাই সিক্রেট ব্যালট ভোট' রাখতে চাই। এটা এখানে পরিষ্কার ক'রে ব'লে দেওয়া উচিত, কারণ ইউনিয়ন বোর্ডএর ইলেকশনএর ব্যাপারে দেখেছি জমিদার জোতদাররা কিভাবে ভোটারদের ইনফ্লুয়েন্স করে। সেজন্য এখানে বাই সিক্রেট ব্যালটএর কথা বলছি। হয়ত মন্ত্রীমহাশয় বলবেন এটা করতে গেলে খরচ বেড়ে যাবে। এক্ষেত্রে বলতে চাই খরচ দেবে জনসাধারণ। খরচ কিভাবে কমানো যেতে পারে সে সম্বন্ধে আমি দু-একটা কথা বলতে পারি। ব্যালট পেপার যা নাকি রঙবেরঙএর দেওয়া হয় তা না দিয়ে একরঙএর দিলেই চলবে ; বর্তমান ইলেকশন কমিশনারএর কথানুযায়ী একটি ব্যালট বক্স দিলেই খরচ কমে যাবে। সুতরাং আমার এই সংশোধনী প্রস্তাবটা মাননীয় মন্ত্রীমহাশয় যেন জনসাধারণের স্বার্থে বিবেচনা করেন। তারপরে আমার আরেকটি এ্যামেন্ডমেন্ট যেটা ১২২নং, সেখানে আমি বলতে চাচ্ছি গ্রাম-পঞ্চায়েত

shall divide the area *of Gram Sabha* into a single member constituency

যা নাকি ইলেকশনএর পক্ষে কনভেনিয়েন্ট হবে। এক একটা লোক এক এক জায়গায় দাঁড়াবেন, নিরক্ষর লোকের জন্য সিমবল দেওয়া যেতে পারে এবং কোন কনস্টিটিউয়েন্সিতেই দুইশতের কম বা তিনশতের বেশি মেম্বার হবে না। আশা করি এই এ্যামেন্ডমেন্টটা সম্বন্ধেও মন্ত্রী-মহাশয় বিবেচনা করবেন।

[5-40—5-50 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, এই ১২নং ধারাতে বলা হচ্ছে—

Gram Panchayat for every *Gram Sabha*

এখানে এই গ্রামসভা কিংবা গ্রাম-পঞ্চায়েত গঠন সম্পর্কে যা বলা হয়েছে, তাতে আমি আমার সংশোধনী প্রস্তাব দ্বারা একটা শব্দ 'বিয়িং' বাদ দিতে বলেছি ; অনাবশ্যক বলেই।

পরের বক্তব্য বিষয় এই যে, এখানে কতকগুলি ব্যবস্থা আছে, যেমন বলা হয়েছে সাব-ক্লজ (৫)এতে—

> "any person whether a member of the *Gram Sabha* or not, who may, in the opinion of the State Government, possess special qualifications for serving on the *Gram Panchayat*."

কিন্তু এখন কথা হচ্ছে, সেই লোকটি সেখানকার বাসিন্দা না হতে পারেন, তিনি বাইরের লোক হতে পারেন। সেইরকম লোককে যদি সেখানে দেওয়া যায়, তা হ'লে তাঁর দ্বারা কি উদ্দেশ্য সাধিত

হবে? ঐ গ্রামের উন্নতির জন্য তাঁর কোন সহানুভূতি নাও থাকতে পারে। হয়ত এমন একটা বিশেষ মতলব নিয়ে সেই লোকটিকে দেওয়া হচ্ছে যাতে হয়ত সেই বিশেষ উদ্দেশ্য সাধিত হতে পারে। কিন্তু প্রকৃত গ্রামের উন্নতির কোন কাজে লাগবে না।

এখানে আমার একটা জিজ্ঞাস্য আছে। এখানে বলা হচ্ছে একে তো মনোনীত সদস্য নিয়োগ করবেন আবার সেখানে ⅓ অংশ মনোনীত লোক নিয়োগ থাকবে। ৯ জন, ১৫ জনের মধ্যে যদি ⅓ অংশ মনোনীত সদস্য দেওয়া হয়, তা হ'লে ৯ জনের জায়গায় ১২ জন, আর ১৫ জনের জায়গায় ২০ জন হয়ে যাবে; এবং তা হ'লে নির্দিষ্ট সংখ্যা ঠিক থাকবে না, সংখ্যার অতিরিক্ত লোক গভর্নমেন্ট থেকে নিয়োগ করা হবে। তারপর বলা হচ্ছে—

at which the quorum is present

এখানে এ্যাডজোর্নড মিটিং ছাড়া, বাকী সমস্ত মিটিংএ কোরাম ছাড়া কাজ হবে না। অথচ এখানে বলা হচ্ছে—

at which the quorum is present

এই কথাগুলির কোন আবশ্যকতা আছে ব'লে আমি মনে করি না।

আমার জিজ্ঞাস্য কথা হচ্ছে—এই সংখ্যাটা বৃদ্ধি হবে কিনা, বা ৯ জনের জায়গায় ১২ জন বা ১৫ জনের জায়গায় ২০ জন থাকবে কিনা, সেটা বলে দিলে ভাল হয়।

Sj. Jyotish Joarder:

মাননীয় সভাপাল মহাশয়, এই ১২নং ধারাতে আমার তিনটা সংশোধনী প্রস্তাব আছে। প্রথমত এ্যামেন্ডমেন্ট নং ১১৮বি তে আমার দাবী হচ্ছে—২নং উপধারায় যেখানে আছে যে, ৯টি, ১২টি বা ১৫টি আসন থাকবে গ্রাম-পঞ্চায়েতের জন্য সেখানে ৯টি থাকবে, না ১২টি, না ১৫টি আসন থাকবে সেটা সরকার বা প্রেসক্রাইবড অর্থরিটি ঠিক করবেন। সরকারের মতে সেটা ৯এর কম হতে পারবে না এবং ১৫র বেশি হতে পারবে না, এবং বলা হচ্ছে এটা প্রেসক্রাইব্‌ড অর্থরিটি ঠিক ক'রে দেবেন। কিন্তু সেখানে বাস্তবে কি হবে সেটা চিন্তা করা দরকার।

আর একটা জিনিস হচ্ছে- সেখানে ১০।১২ কি ১৫ থাকবে এটা নির্ধারিত করতে যাচ্ছেন ঐ প্রেসক্রাইব্‌ড অর্থরিটি। এটা একটা ভয়ংকর মারাত্মক লক্ষণ দেখছি। সুতরাং এখানে আমার বক্তব্য হচ্ছে গ্রাম-পঞ্চায়েত বা গ্রামসভাকে এইটুকু ক্ষমতা ও স্বাধীনতা দেওয়া হোক। অর্থাৎ এই ৯ থেকে ১৫টি গণ্ডীর ভিতর কয়জন থাকবে সেটা নির্ধারণ করবার ক্ষমতা গ্রামসভা বা গ্রাম-পঞ্চায়েতের উপর ন্যস্ত হোক। যেখানে আছে—

determined by the prescribed authority

সেখানে আমি বলছি—

by the majority opinion of the *Gram Sabha* concerned for the purpose after due notice

এই ভাবেতে, এইটুকু স্বাধীনতা তাদের দেওয়া হোক। তা না হ'লে এখানে সত্যি সত্যি মনে হচ্ছে যে, গভর্নমেন্টএর মনে যেন একটা ভয় রয়েছে যে, তাদের ক্ষমতা ক্ষুণ্ণ হবে। এবং শেষ পর্যন্ত দেখা যাচ্ছে যে, গ্রাম-পঞ্চায়েতে গ্রামের অস্তিত্ব নিয়ে টানাটানি করার ফলে, গ্রামের অস্তিত্ব আর থাকবে না। তারপর দেখছি এই গ্রাম-পঞ্চায়েতের মধ্যে গ্রামসভার কি হাল হবে। এখন দেখছি গ্রামসভার যেটা ন্যূনতম অধিকার সেটাও লুপ্ত হতে বসেছে। ন্যূনতম অধিকারটুকুও তাঁরা পাচ্ছেন না, সেইজন্য এই সংশোধনের একটা বিশেষ গুরুত্ব রয়েছে।

তারপর আমার দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট হচ্ছে ৫নং উপধারায়; এবং তার মধ্যে আমার দুটা সংশোধনী আছে। একটা হল নং ১৩৮বি। এর দাবী হচ্ছে—যেখানে রয়েছে এসোসিয়েট মেম্বার নির্ধারণ ও নিয়োগের ব্যাপার। এই এসোসিয়েট মেম্বার নির্ধারণের বেলাতে দেখতে পাচ্ছি, এখানে যে-কোন লোককে সরকার মনে করবেন তাকেই নেবেন। তার যোগ্যতা সম্বন্ধে আমরা কিছু বুঝতে পারব না, সরকার যদি মনে করেন যে, সে যোগ্য তা হ'লেই হ'ল। কিন্তু এর যদি একটা মাপকাঠি দিতেন তা হ'লে বুঝতাম। কারণ সরকার যাকে মনে করবেন তাকেই

সেখানে নিয়োগ করবেন; এবং এই নিয়োগের ব্যাপারে ⅓ অংশ সভ্য সরকার নিয়োগ করবেন, অর্থাৎ গ্রাম-পঞ্চায়েতএর যে সংখ্যা হবে তার ⅓ অংশ সরকার রাখতে পারবেন। এর উদ্দেশ্য কি? এতে গ্রাম-পঞ্চায়েতের মধ্যে একটা অবাঞ্ছিত ব্যক্তিকে নিয়োগ করে সেখানে গ্রামবাসীদের ক্ষমতা লোপ করা হবে। এই ভয় থেকে পরিত্রাণ দিতে পারেন আমাদের যদি মন্ত্রীমহোদয় পরিষ্কার ক'রে ব'লে দেন কি যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে তিনি দাবী করছেন। সেইজন্য এখানে আমি দাবী করছি, তিনি যোগ্য ব্যক্তিকে নিয়োগ করবার জন্য সুপারিস করুন এবং গ্রহণ করবার দায়িত্ব দেবেন গ্রাম-পঞ্চায়েতের হাতে। তারই জন্য আমি বলেছি—

with the consent of the *Gram Panchayat*

তাছাড়া যেখানে বলা আছে—

notwithstanding anything in sub-section (2), the State Government may associate with any *Gram Panchayat*

এই 'মে এ্যাসোসিয়েট' যেখানে আছে সেখানে আমি বলছি—

may with the consent of the *Gram Panchayat*

সেখানে গ্রাম-পঞ্চায়েতের মত নিয়ে তাকে গ্রহণ করা হবে কি হবে না সেটা ঠিক করুন: এবং তা হ'লে আমরা বুঝতে পারব এ্যাসোসিয়েট মেম্বার নিয়োগ সম্বন্ধে একটা সহযোগিতার মনোভাব আছে। তা না হ'লে, এখানে আমরা দেখছি তাদের কল্যাণ করবার জন্য তাঁরা ইচ্ছামত নিজেদের লোক নিযুক্ত করছেন। এই হ'ল আমার তৃতীয় নম্বর সংশোধনী দাবী।

তারপরে রয়েছে পাঁচ নম্বর উপধারায় নাইন টু টুয়েলভ নম্বর পর্যন্ত। যেখানে আছে পদমর্যাদার কথা। এ্যাসোসিয়েট মেম্বার যাঁরা নিযুক্ত হবেন তাঁদের পদমর্যাদা কি হবে। বিলে আছে—

they shall not have the rights to vote

অর্থাৎ এতে বোঝা যাচ্ছে যে, মেম্বারদের ভোটের বেলায় অধিকার থাকবে না। সুতরাং এখানে প্রশ্ন আসছে এই যে পদমর্যাদা তাদের দেওয়া হবে সেটা কেমনভাবে হবে? বিলের কথা পড়ে শোনাচ্ছি। এখানে বলা হচ্ছে—

members of the *Gram Panchayat* for all purposes except that they shall not have the right to vote and shall not be eligible for being elected as *Adhyakshya* or *Upadhyaksha*

এইটার বদলে আমি বলতে চাচ্ছি—

officers or servants of the Panchayat

আমার কথা হচ্ছে যেখানে পদমর্যাদা দিতে হবে, সেখানে কর্ম চাই। সেখানে অফিসারস্ বা সারভেন্টস এই হবে।

for the duration of the pleasure of the *Panchayat* itself

অর্থাৎ যতদিন গ্রাম-পঞ্চায়েত খুসি থাকবেন ততদিন তাঁরা সেখানে বহাল থাকবেন। যতদিন তাঁরা পঞ্চায়েতের কাজ করতে পারবেন পঞ্চায়েতের খুসিমত ততদিন তাঁরা সেখানে নিযুক্ত থাকবেন। কিন্তু যদি তাঁরা পঞ্চায়েতের বিরাগভাজন হন, তা হ'লে সরকারের মর্জিতে তাঁরা সেখানে থাকতে পারবেন না, তাঁদের অধিকার থেকে বঞ্চিত ক'রে দেবেন; তাঁদের সেখান থেকে বিতাড়িত করবার অধিকার থাকবে।

[5-50—6 p.m.]

তারপর আমরা মনে করছি এখানে মন্ত্রীমহাশয়ের ভাষণের পর তিনি পরিষ্কার যুক্তি নিয়ে আসবেন—যার দ্বারা গ্রামের মধ্যে এটা বিশেষ বাহিনী তৈরি করবার জন্য আবশ্যকতা আছে; সেটা স্পাই বাহিনী না এজেন্ট প্রোভোকেটার তৈরি করবার জন্য আনা হবে, সেইটে বুঝিয়ে দেওয়া দরকার। আমার সংশোধনী গ্রহণ বা বর্জন করবার পূর্বে এই কথাটার প্রতি মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি মন্ত্রীমহাশয় বিবেচনা ক'রে দেখবেন।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, প্রথম কথা—গ্রাম-পঞ্চায়েত নির্বাচন কি প্রথায় হবে? গোপন ব্যালট মারফত, না প্রকাশ্য সভায় হাত তুলে—যেমন আজকাল ইউনিয়ন বোর্ড নির্বাচনে চলছে? আমরা গোপন ব্যালটের পক্ষপাতি, নীতিগত দিক থেকে এবং গণতন্ত্রকে ঠিকভাবে পরিচালনা করবার যে উদ্দেশ্য সে দিক থেকেও। আমি কাকে ভোট দেব, কাকে বা দেব না তো আমারই অধিকার। খোলাখুলিভাবে ভোট দেওয়া বর্তমান অবস্থায় বহু ক্ষেত্রে অত্যন্ত বিপদজনক। আমি শুনেছি, মিঃ স্পীকার, আপনিও জানেন যে, চীনদেশে হাত তুলে ভোট দেওয়া হয়। কেন হয়? কারণ সেখানে সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠা হয়েছে। আমাদের দেশে যেদিন প্রকৃত গণরাষ্ট্র প্রতিষ্ঠিত হবে, যেদিন জমিদার জোতদার শ্রেণীর ক্ষমতা কাগজপত্রে নয় বাস্তবে নিশ্চিহ্ন হবে, মানুষ মজুরী দাসত্ব হতে মুক্ত হবে সেদিন এখানেও হাত দেখিয়ে ভোট দেওয়া চলতে পারবে- তার আগে নয়। স্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট পাশ করলেও গ্রামে যান দেখবেন সেখানে সাধারণ মানুষ, সাধারণ চাষী-মজুর আজও জমিদার জোতদারদের ভয় পায় যেহেতু আজও গ্রামের চাষীমজুরকে জমিদার-জোতদার মহাজনরা আর্থনীতিক শোষণে বেঁধে রেখেছে। সেই আর্থনীতিক পরাধীনতার জন্য গ্রামের মানুষ ধনী মালিকের বিরোধিতা করতে পারে না। তাই সেইসব গরীব লোককে যদি বলা হয় যে প্রকাশ্যে ভোট দিতে হবে তা হ'লে সেইসব সাধারণ মানুষের পক্ষে তাদের বিবেক অনুযায়ী, তাদের মত ও ইচ্ছা অনুযায়ী ভোট দেওয়া অসম্ভব হবে। সুতরাং গণতন্ত্র ব্যর্থ হবে। কেউ কেউ বলেন যে, এই প্রকাশ্য সভায় হাত তুলে ভোটের দ্বারা যদি পঞ্চায়েত গঠিত হয় তা হ'লে ধনীরা নির্বাচিত হবে না। মন্ত্রী-মহাশয় বিহার পঞ্চায়েতের ফলাফলের কথা বলেছেন বিহারে তথাকথিত উচ্চশ্রেণীভুক্ত লোকেরা নির্বাচিত হয় নি, তথাকথিত তপশীলী শ্রেণীর লোকেরা নির্বাচিত হয়েছে। আমি বলব আসল কথাটা বর্ণ নিয়ে নয়, শ্রেণী নিয়ে ধনী ও দরিদ্র নিয়ে। বিহারে বড়লোক গিয়েছে, না গরীব গিয়েছে, সেইটে হচ্ছে প্রশ্ন। তথাকথিত নিম্নশ্রেণীর ভিতর যে ধনী নাই, তারা যে সাধারণ মানুষকে শোষণ করে না এমন নয়। সুতরাং মন্ত্রীমহাশয়ের কথা টেঁকে না। বর্তমান বুর্জোয়াদের গণতন্ত্রেতে যেটুকু সুবিধা আছে তাই যদি দেওয়া হয় তা হ'লে সিক্রেট ব্যালট প্রথা চালু করা দরকার। অবশ্য সিক্রেট ব্যালট নির্বাচন হলে খরচ হবে। কিন্তু যখন একটা পরীক্ষা করতে যাচ্ছেন তাতে যদি প্রয়োজন হয় খরচ করতে হবে। খরচ বহনের ভয়ে ভারতবর্ষ থেকে প্রাপ্তবয়স্কের ভোটাধিকার তুলে দিয়ে, লিমিটেড ফ্রানচাইজ চালু করতে হবে নাকি? সুতরাং বেশি খরচ হবে এই যে যুক্তি এটা টেঁকে না। তাই আমি বলব—সিক্রেট ব্যালটই রাখা উচিত। তারপর উনি প্রেসক্রাইবড ম্যানারএর যে যুক্তি দিয়েছেন সেই ম্যানার জিনিসটা যে কি তা আমরা জানি না।

তৃতীয়ত এই ধারায় আর একটা কথা আছে। যারা গ্রামসভার সভ্য নয় কর্তৃপক্ষ এইরকম লোককেও একটা গ্রামসভায় বা গ্রাম-পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করতে পারবে কেন? এমন একটা গ্রাম আছে যেখানকার অধিবাসীর সংখ্যা বেশি অথচ শিক্ষিতের সংখ্যা নগণ্য। সেখানে একটা গ্রাম-পঞ্চায়েত গঠন হলে যারা নির্বাচিত হল তারা প্রায় সকলেই নিরক্ষর। মন্ত্রীমহাশয় বলেছেন - তারা কি করে গ্রাম-পঞ্চায়েত চালাবে? একটি পণ্ডিত লোককে যদি গ্রাম-পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করে দি তা হ'লে গ্রাম-পঞ্চায়েত ভালভাবে চলতে পারবে এই হ'ল বাইরের লোককে যুক্ত করার যুক্তি। মন্ত্রীমহাশয়ের এই যুক্তির বিরোধিতা আমি করি। আমি বলছি মানুষ এখন ক্রমশ শিক্ষিত হচ্ছে; তাদের আরও শিক্ষা দিন। শিল্পের ক্ষেত্রে যেমন সাবসিডি দিয়ে কোন শিল্পকে চিরকাল বাঁচিয়ে রাখা চলে না, গণতন্ত্রের বেলায়ও তেমনি। চামচ দিয়ে খাইয়ে জাতিকে বাঁচাতে পারা যায় না। জাতিকে বাঁচতে হলে অভিজ্ঞতা অর্জন করতে হবে। যে মানুষ কাজ করতে চায়, তাকে কাজ করতে দিন। কাজ করতে গিয়ে সে ভুল করবে ঠিকই কিন্তু সেই ভুলের মধ্য দিয়েই সে অভিজ্ঞতা সঞ্চয় করবে এবং তার মধ্য দিয়েই সে খাঁটি লোক হবে। প্রাপ্তবয়স্কের ভোটাধিকার যখন ভারতবর্ষে চালু হয় তখন এখানকার লোকেরা ঠিকমত ভোট দিতে পারবে না যেহেতু তারা লেখাপড়া অনেকেই জানে না এ যুক্তি অনেকেই দিয়েছিলেন। ভোটাধিকার যাতে ঠিকমত প্রয়োগ করতে জনসাধারণ শেখে তার ব্যবস্থা করার জন্য কি গ্রেট বৃটেন থেকে কাউকে এনে এখানকার এইসব লোককে শিক্ষা দেবার ভার দিতে হয়েছে? হয় নি। সাধারণ মানুষকে হাতে-কলমে কাজ করতে দিন, হাতে-কলমে কাজ করতে করতে যেটুকু শিক্ষা

পারে সেটুকু তারা কাজে লাগাবে। ইউনিভার্সিটির ছাপ থাকলেই যে সে সব কিছু জানে তা নয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পেয়েও সবাই কর্মঠ, সংস্কৃতিবান হয় না। অনেকে আবার বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ছাড়াই বিশ্ববিখ্যাত হয়েছেন। ক্রুশ্চেভের কি ডক্টরেট ডিগ্রি আছে? মার্ক্সের ছিল? লেনিনের ছিল? কিন্তু তাঁরা—

Mr. Speaker: On which amendment are you speaking?

Sj. Subodh Banerjee: 129.

ব্যক্তিগত অভিজ্ঞতাই মানুষকে দাঁড়াতে শিক্ষা দেয়। সেইজন্য বলছি বাইরের থেকে লোক এসে গ্রাম-পঞ্চায়েতের উপর খবরদারি করাবে—এ ব্যবস্থার কোন প্রয়োজন দেখি না। এইসব বাইরের লোক ভোট দিতে পারবে না, অধ্যক্ষ বা উপাধ্যক্ষ হতেও পারবে না—এ কথা বিলে আছে। কিন্তু ভোট না দিয়েও একটা কমিটিকে প্রভাবিত করা যায় যদি সে ধনবান লোক হয়।

Sj. Gangapada Kuar:

স্পীকার মহাশয়, গ্রাম-পঞ্চায়েত কিভাবে নির্বাচিত হবে সেটা এই হাউসএ আজ থেকে দুই বৎসর আগেই ঠিক হয়ে গিয়েছিল। ৬ই এপ্রিল ১৯৫৪ তারিখের আমার নন-অফিসিয়াল প্রস্তাবে কিভাবে গ্রাম-পঞ্চায়েত নির্বাচিত করা হবে এই নিয়ে আলোচনা হয় এবং তাতে স্থির হয়- ভোট বা সিক্রেট ব্যালট দ্বারাই গ্রাম-পঞ্চায়েতের নির্বাচন হবে। আমার যে রেজলিউশনএর মারফত এই ভোট বাই ব্যালট স্বীকৃত হয়েছিল সেটা পড়ে শুনাচ্ছি। সেটা হচ্ছে

"with a view to establish village self-government, West Bengal Government should take the following steps Establishment of village *panchayat* on adult franchise by ballot with judicial, administrative and other powers for the improvement of villages".

এই বেসরকারী প্রস্তাব ছিল সেটা সর্বসম্মতিক্রমে এই হাউসএ গৃহীত হয়েছিল। তারপর এই যে পঞ্চায়েত বিল এসেছে, এই পঞ্চায়েত নির্বাচন ক্ষেত্রে আমরা আশা করেছিলাম, যে জিনিস এই হাউসএ স্থির হয়ে গিয়েছে সেই জিনিসই থাকবে। কিন্তু এবা এখন বিভিন্ন রকম অজুহাত দেখাচ্ছেন—তার মধ্যে সবচেয়ে বড় কথা হচ্ছে খরচের প্রশ্ন কিন্তু সেই সম্পর্কে মাননীয় সদস্য সুবোধবাবু যে যুক্তি দেখিয়েছেন সেটাই অকাট্য যুক্তি ব'লে আমি মনে করি। এখানে খরচের প্রশ্ন তুলে গণতন্ত্রের টুঁটি চেপে মারা হবে- এ জিনিস হওয়া উচিত নয়। গ্রামের লোকদের সুবিধার জন্য যাতে গ্রামগুলি স্বয়ংসম্পূর্ণ হয় এবং গণতান্ত্রিক পদ্ধতিতে গ'ড়ে উঠতে পারে সেইজনাই গ্রাম-পঞ্চায়েত প্রতিষ্ঠিত হচ্ছে কিন্তু সেখানে প্রথমেই যদি ব্যয়বাহুল্যের প্রশ্ন তুলে আসল নির্বাচন ভুল পথে পরিচালিত করা হয় তা হ'লে সমূহ ক্ষতি হবে। তাই গণতন্ত্রের ক্ষেত্রে এই ধরণের যুক্তি প্রদর্শন করা সমীচীন হবে বলে মনে করি না। এ ছাড়া আমার আর একটা এ্যামেন্ডমেন্ট রয়েছে ক্লজ ১২(৩)। সেখানে বলা হয়েছে-

"The prescribed authority may divide the area of the *Gram Sabha* in such number of constituencies as may be convenient for the purpose of election".

সেখানে আমি বলতে চাই—

"The prescribed authority may divide in consultation with the members of the *Gram Sabha*".

গ্রামসভার যে মেম্বার আছে, তাদের সঙ্গে পরামর্শ ক'রে এই কনস্টিটিউয়েন্সিগুলি স্থির করা হবে এবং এক একটা সিঙ্গল মেম্বার কনস্টিটিউয়েন্সি করা হবে। তা ছাড়া, আমার আর একটা সংশোধনী আছে—ক্লজ ১২(৫) যেখানে এ্যাসোসিয়েট মেম্বারদের কথা বলা হয়েছে। এই এ্যাসোসিয়েট মেম্বারস্ নেবার ব্যাপারে দু' দিক দিয়ে অসুবিধা আছে। প্রথম—তাদের যে ক্ষমতা দেওয়া হয়েছে—তাতে ভোট দেবার অধিকার তাঁরা পাবে না। এইদিক থেকে যাদের কিছু আত্মসম্মানবোধ আছে, তাদের পাবার আমরা আশা রাখতে পারি না। তা ছাড়া আইনে বিধান রেখেছেন যে, এ্যাসোসিয়েট মেম্বারস্ নেবার ব্যবস্থা রয়েছে। আমরাও তা চাই। গ্রাম-পঞ্চায়েত তাদের কাজের সুবিধার জন্য কোন লোকের পরামর্শ যদি নিতে চায় তবে নিতে পারে। তাতে

আইনে কোন বাধা নেই। কিন্তু এখানে আইন করে এ্যাসোসিয়েট মেম্বার নেবার যে ব্যবস্থ রয়েছে এবং তাদের ভোটএর অধিকার থাকবে না, এ জিনিস অবাঞ্ছনীয় হবে বলে মনে করি আশা করি এইসব বিবেচনা করে মন্ত্রীমহাশয় আমার সংশোধনী গ্রহণ করবেন।

[6—6-10 p.m.]

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, some of the previous speakers have already spoken on the lines of my amendment, but, Sir, these amendments are so very important that the mention thereof bears repetition. I have tried to add one proviso to clause 2 of section 12. The proviso runs like this: "Provided that the election shall be effected by secret ballot voting." Of course, I have not disturbed the drafting of clause 2 as it stands where it has been stated that the members of a *Gram Sabha* shall elect in the manner prescribed from amongst themselves, etc. Of course, the prescribed manner may involve certain details other than the method of voting. Therefore, let it remain as it is but all these should be subject to the major fact that the method of election should be by ballot voting as all the speakers have stated, Sir, that unless there is secret ballot voting, the right sort of man—a man of the real choice of the voters—cannot be elected. When a man has got to vote in the presence of the contending parties or contending candidates, then certainly he cannot name the person whom he really chooses in preference to those persons who are their relations to whom they have got some obligation, whom they fear and so on and so forth. Therefore, as has been said by all the previous speakers, I say, Sir, that here and now in the body of this Bill it should be provided that there should be ballot voting. The sponsor of the Bill has stated that that would involve some delay and that would involve some expenses. Of course the concern of the sponsor for expenses is a funny thing because the Reports of the Public Accounts Committee and the Reports of the Auditors would go to show that this Government is not at all concerned with the curtailment of expenditure. On the other hand, they are very lavish in expenditure. Even if that is the matter, the secret ballot voting involves some amount of delay and some amount of expenses. That is also worth-taking recourse to in view of the great importance of this matter. If the secret ballot voting is not there, then the very purpose of the *Panchayat* Bill would be defeated, and I have also cited by my amendment to omit sub-clause 5 of clause 12 where there is the provision for the thrusting of associate members on the *Panchayats* who have been elected by the *Gram Sabha*. My submission is there is no justification for retaining a provision like this. I would challenge the sponsor of this Bill to quote his chapter and verse as to why he should like that the provisions for nominating associate members should remain there. If you are not satisfied with the number of the *Panchayats* who are elected, you, by all means, increase the number, but once you have elected the *Panchayats*, you must take courage in both of your hands and entrust the whole matter to their care. You cannot approbate and reprobate at one and the same time. Well, the man who will be thrust upon may not be a member of the *Gram Sabha*—he may be an outsider and so on and so forth and, therefore, instead of there being concord there will be perpetual discord in the *Panchayat* which will not be for the best interest of the *Gram Sabha* or the *Gram* concerned. Therefore, my submission is that this clause 5 should be omitted. Sir, side by side we cannot retain both election and nomination. We have fought nomination in right earnest and we have got the better of nomination in the union board election as a whole. But now again by some subterfuge this nomination is sought to be introduced in this *Panchayat* Bill.

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমার ১২৮নং এ্যামেন্ডমেন্ট। ১২নং ক্লজএর ৪নং সাব-ক্লজএ—
the commas before and after the words "by its name"
এই দু'টি কমা তুলে দেওয়া হোক। এখানে এই সাব-ক্লজ ৪এ ইন করপোরেশন অফ গ্রাম পঞ্চায়েত রয়েছে সেটা দেখুন। এই 'কমা' যদি থাকে তা হ'লে 'অন'এর অর্থসংগতি নষ্ট হয়ে যায়। 'শ্যাল'এর সংগে এই কথাগুলির অর্থসংযোগ বেশি। আমরা দেখছি যে, ক্লজ ৩১— সেখানে ইনকরপোরেশন অফ অঞ্চল-পঞ্চায়েত আছে—সেখানে ঠিক একই রকম ক্ষেত্রে কমা নেই ; সুতরাং এখানেও থাকা উচিত নয়। তারপর ১০০নং এ্যামেন্ডমেন্ট, যেখানে গ্রাম-পঞ্চায়েতের ইলেকশনএ অধ্যক্ষ ও উপাধ্যক্ষ নির্বাচন করার জন্য বলা হয়েছে—

> Every *Gram Panchayat* shall, at its first meeting at which a quorum is present elect, subject to the provisions of sub-section (5), one of its members to be the *Adhyaksha* and another member to be the *Upadhyaksha.*

[6-10—6-20 p.m.]

অর্থাৎ যেখানে 'কোরাম' প্রেজেন্ট রয়েছে, কোরাম হ'লেই অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ নির্বাচিত করা হবে। সেই গ্রামসভার অধ্যক্ষ বা উপাধ্যক্ষ নির্বাচনের ক্ষেত্রে ⅓ অংশ সভ্যের দ্বারা নির্বাচন ন্যায়সংগত হবে বলে মনে করা যায় না। কারণ যিনি অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ পদে নির্বাচিত হবেন তাঁর উপর মেজরিটির কনফিডেন্স থাকা অত্যন্ত প্রয়োজন ব'লে মনে করি। অন্যান্য সাধারণ কার্য সম্পাদনের ব্যাপারে ⅓ সংখ্যক সভ্যের উপস্থিতিতে কোরাম হোক। কিন্তু অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ নির্বাচনে তাঁদের অধিকাংশের আস্থাভাজন হওয়া উচিত। সেজন্য আমি বলেছি—
at least half of the number of the members present
অন্ততঃ অর্ধেক সংখ্যক লোকের উপস্থিতিতে অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ নির্বাচিত হবে এটা করা উচিত। আমার আর একটা এ্যামেন্ডমেন্ট আছে ১৪৫নং সাব ক্লজ (৬)এর শেষে ইলেকটেডএর পরে সংযোগ করতে চাচ্ছি
In the manner laid down in this sub-section.
এর অর্থ অত্যন্ত সুস্পষ্ট।

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, my amendment refers to sub-section (5) of section 12. It is not understandable why the Government should seek to associate with the *gram panchayat*, an elected body, any person or persons from outside on the plea of special qualifications these persons may possess. Not only that These men thus surreptitiously thrust in, are to be regarded as members of the *gram panchayat* and their number may reach up to one-third of the total number of members constituting the *gram panchayat*. It seems the elected members of the *panchayat* are to be looked upon as so many minors, requiring to be looked after till they come of age. If the elected representatives of the people can run the State's administration, why can't the members of the *gram panchayat* run administration of the village? Such unwanted imposition is not only reactionary but revolting to all our ideas of decency, democracy and elementary right of man. The popular government should get rid of this distrust of the people to whom the country ultimately belongs and who are and should be the real masters of it. Mutual distrust in internal as well as international politics has been the bane of the modern world. Trust, they say, begets trust. Unless, therefore, the Government learns and comes forward to trust the people no progress of any kind worth the name can be achieved. Hence my amendment to omit clause 12(5) which has its genesis in the distrust of the people.

Sj. Haripada Baguli:

মাননীয় স্পীকার মহাশয়, গতকাল আমাদের মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, আমরা মিথ্যা ভূত দেখছি। কিন্তু সত্য সত্যই এর ভিতরে দুটো ভূত আছে—একটা হচ্ছে প্রেসক্রাইব্‌ড অথরিটি আর একটা হচ্ছে ইন দি প্রেসক্রাইব্‌ড ম্যানার, ইলেকশন কিভাবে হবে সেটা উনি এর আগে একদিন বলেছেন যে. রুলস এইভাবে ফ্রেম করা হবে। মাননীয় মন্ত্রীমহাশয় যদি আজকে ঘোষণা করে দেন যে, রুল এমনভাবে হবে যাতে গোপনে লোক ভোট দিতে পারে কেউ টের পাবে না, তা হ'লে সমস্ত জিনিসটা পরিষ্কার হয়ে যায়। কিন্তু সেটা পরিষ্কার করে না বলার জন্য প্রেসক্রাইব্‌ড ম্যানার এই কথাটাতে সন্দেহের কারণ ঘটেছে।

তারপর আর একটা কথা—এ্যাসোসিয়েটেড মেম্বার নিয়ে। এ্যাসোসিয়েট মেম্বার নিয়োগের যে কি কারণ ঘটল সেটা আমরা পরিষ্কার ক'রে বুঝতে পাচ্ছি না। তিনি যেন এটা পরিষ্কার করে দেন। তার কারণ যদি গোপনে ভোট দেওয়া এবং গ্রাম-পঞ্চায়েতের মেম্বার নির্বাচিত হয় ৯।১৫ জন তাহ'লে নিশ্চয়ই যারা গ্রামের যোগ্য লোক তারাই নির্বাচিত হবে।

তারপর এ্যাসোসিয়েটেড মেম্বার করার কি প্রয়োজন বুঝতে পাচ্ছি না। তিনি যেন এটা পরিষ্কার ক'রে বলেন। আমার মনে হয় যে, আমাদের উপর সভাতে যেমন কবি, সাহিত্যিক, বৈজ্ঞানিক ইত্যাদি নমিনেশন দেওয়া হয়, তা হ'লে গ্রামে নির্বাচন হয়ে যাবার পর বাকি হাতুড়ে ডাক্তার, টাউট প্রভৃতি থাকবে তাদের এ্যাসোসিয়েটেড মেম্বার করে এর ভিতর আনা হবে। অথবা আমাদের যেমন বহু মন্ত্রী, উপমন্ত্রী আছেন তাদের সেখানে শুধু মেম্বার না রেখে উপ-মেম্বার করে রাখা হবে। কাজেই কি উদ্দেশ্যে এটা করা হচ্ছে, আমরা বুঝতে পাচ্ছি না। সেজন্য ১২(৫) এটাকে অমিট করার কথা বলেছি। আশা করি, মন্ত্রীমহাশয় বিশেষভাবে আমাদের বুঝিয়ে দেবেন।

[6-20—6-30 p.m.]

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, গঙ্গাপদবাবু এইমাত্র আপনার দৃষ্টি আকর্ষণ করেছেন তাঁর ৬ই এপ্রিল ১৯৫৪ তারিখের প্রস্তাবের দ্বারা এবং যে প্রস্তাব এই হাউস সর্বসম্মতিক্রমে গ্রহণ করেছিলেন। তাতে ছিল যে ব্যালট ভোটেই গ্রাম-পঞ্চায়েত নির্বাচিত হবে। আমরা আশা করেছিলাম যে, আমাদের মন্ত্রীমহাশয় এই হাউসের ইউন্যানিমাস রেজলিউশনএর প্রতি শ্রদ্ধা দেখিয়ে তিনি এই বিলে সেই ব্যালটের ব্যবস্থা করবেন। কিন্তু তিনি তা করেন নি, বরং তিনি শুধু প্রেসক্রাইব্‌ড ম্যানার ও প্রেসক্রাইব্‌ড অথরিটি নিয়েই চলেছেন। আমরা বরাবরই বলে আসছি যে, এটার প্রতি আমাদের বরাবরই সন্দেহ আছে। এই হাউসের ইউন্যানিমাস রেজলিউশনএর প্রতি একটা শ্রদ্ধা না দেখিয়ে আবার যে সেই প্রেসক্রাইব্‌ড ম্যানার এবং প্রেস-ক্রাইব্‌ড অথরিটি কেন আনলেন সেটা পরিষ্কার করে বুঝিয়ে দিন। সেজন্য আমি আপনাকে এখনও অনুরোধ করব যে, এই হাউসের ইউন্যানিমাস রেজলিউশন যা ছিল, অবশ্য একথা বলছি না যে, হাউস তার নিজের রেজলিউশন বদলাতে পারে না এবং আমার কংগ্রেস বন্ধুরা একমত হয়ে তাতে তাঁরা ব্যালট পেপারএ ভোটটা আজও চাইবেন। বর্তমানে এমন কোন কারণ ঘটে নি যার ফলে আমরা সেটাতে পরিবর্তন করব। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে বলব এবং আমার বিরোধীপক্ষ কংগ্রেসী সদস্যদের অনুরোধ করব যে তাঁদের সেই ৬ই এপ্রিল ১৯৫৪ তারিখের ইউন্যানিমাস রেজলিউশনটার প্রতি যেন শ্রদ্ধা দেখান এবং ব্যালট পেপারএ ভোটের জন্য আমরা যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটাকে তাঁদের ইউন্যানিমাসলি গ্রহণ করতে বলব। অর্থাৎ ১১৬ ইত্যাদি যেসমস্ত এ্যামেন্ডমেন্ট আছে ব্যালট প্রথা সম্বন্ধে সেগুলোকে নিশ্চয় তাঁরা ইউন্যানিমাসলি গ্রহণ করবেন।

তারপর ৫(৪)এ এ্যাসোসিয়েটেড মেম্বার সম্বন্ধে আমার অনেক বন্ধুরা অনেক কিছুই বলেছেন ব'লে আমি আর নূতন ক'রে কিছু বলতে চাই না। সেখানে একটা যুক্তি হয়ত তিনি দেখাবেন যে, তাঁরা 'শ্যাল নট হ্যাভ দি রাইট টু ভোট' এবং অধ্যক্ষ ও উপাধ্যক্ষ তাঁরা হবেন না, অতএব এটাই যথেষ্ট গ্যারান্টি। কিন্তু আমরা বুঝতে পাচ্ছি না যে, মূলে তাদের রাখছেন কেন

এবং এটা কোন গ্যারাণ্টি নয় বলে আমরা মনে করি যে, ভোট না দিতে পারলে তারা সেখানে সকলকে এমনভাবে প্রভাবাম্বিত করবার চেষ্টা করবে যাতে ক'রে গ্রাম-পঞ্চায়েত স্বাধীনভাবে কাজ করতে পারবে না। নমিনেটেড মেম্বার যারা ইউনিয়ন বোর্ডএ ভোট দিত সেই নমিনেশনকেও তুলে দিলেন এবং আজকে সেই নমিনেশনএর বদলে এ্যাসোসিয়েটেড মেম্বার রাখছেন। কিন্তু এরা ভোট দিতে না পারলে এমন কাজ করবে যে, যার ফলে অন্য সকলে মনে করবে যে, তারাই বোধহয় ভুল করছে এবং তাদের মতটাই প্রবল হয়ে যাবে। সুবোধবাবু ও অন্যান্য বন্ধুরা বলেছেন যে, গ্রামের লোক অশিক্ষিত ও কম শিক্ষিত হতে পারে কিন্তু গণতন্ত্রের শিক্ষা তাদের ভুলত্রুটি শিখতে দিন। অতএব আপনি কেন এ্যাসোসিয়েটেড মেম্বার তাদের ঘাড়ের উপর চাপিয়ে রাখছেন সেটা আমি বুঝতে পারছি না। সেজন্য আমি এই ৫(৪)টা একেবারে তুলে দিতে বলছি।

আর একটা কথা আমি আমার ১৪১-৪৪ এ্যামেন্ডমেন্টএর মধ্যে দিয়েছি যে

subject to the provisions sub-section 5 be omitted

আমি বুঝতে পারি না এ'রা বললেন যে, সাবজেক্ট টু দি প্রভিশন যেটা আছে এটা কেন দিলেন? গ্রাম পঞ্চায়েত যেখানে প্রথম দিকেই ইলেক্ট করে নেবেন তার প্রেসিডেন্ট, উপাধ্যক্ষ, সেখানে আবার সাব-সেকশন ৫এ স্টেট গভর্নমেন্ট নোটিফিকেশনএর দ্বারা অদলবদল করে গ্রামকে কেটে নিয়ে অন্যের সঙ্গে জুড়ে দেওয়ার জন্য এদের দ্বারা নির্বাচিত অধ্যক্ষ, উপাধ্যক্ষের পরিবর্তন হবার কি কারণ থাকতে পারে। একবার তাদের নিজেদের নির্বাচন হয়ে গেল, আবার সেখানে স্টেট গভর্নমেন্ট নোটিফাই ক'রে খানিকটা গ্রাম কেটে নেবেন ব'লে তাদের অধ্যক্ষ, উপাধ্যক্ষের নির্বাচন যে কেন বদলে যাবে তা আমি বুঝতে পারি না। অতএব সাবজেক্ট টু দি প্রভিশনস অফ সাব-সেকশন (৫) দেবার কোন কারণ নেই। সেজন্য আমি মনে করি যে, মন্ত্রীমহাশয় এটাকে অনর্থক দিচ্ছেন এবং মনে করি যে, তিনি এটাকেও প্রত্যাহার করবেন।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় স্পীকার মহাশয়, আমার ১২নং ধারার ২নং উপধারায় আমি বলতে চেয়েছি প্রেস-ক্রাইব্ড অথরিটির স্থলে গ্রামসভা করা হোক। গ্রাম-পঞ্চায়েতের সদস্যসংখ্যা কমপক্ষে ৯ জন এবং বেশীপক্ষে ১৫ জন হবে, এবং এটা ঠিক করবেন প্রেসক্রাইব্ড অথরিটি- এখানে আমি বলতে চাচ্ছি প্রেসক্রাইব্ড অথরিটি কেন ঠিক করবেন। সরকার পক্ষ থেকে যে যুক্তি দেখান হয়েছে গ্রামের লোকেরা অজ্ঞ এবং আইনকানুন সম্বন্ধে অনভিজ্ঞ—এই সমস্ত যুক্তি দেখিয়ে সরকার স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির ক্ষমতা হরণ করছেন, এবং ইংরাজ আমলেও তাঁরা আমাদের এইরকম যুক্তি দেখিয়েছেন। সেজন্য আমি এখানে বলতে চাই যে, প্রেসক্রাইবড অথরিটির বদলে গ্রামসভা কথাটা যুক্ত করে দেওয়া হোক। আশা করি, মন্ত্রীমহাশয় গণতন্ত্রের নামে এটা গ্রহণ করবেন।

Sj. Dhananjoy Kar:

অধ্যক্ষমহোদয়, আমি ক্লজ ১২, সাব-ক্লজ (৫) বাদ দিতে বলেছি।

আমার কথা হচ্ছে, এই এ্যাসোসিয়েট মেম্বারস দেওয়ার প্রয়োজন আমরা কিছুতেই বুঝতে পারছি না। একটা এরিয়াতে পঞ্চায়েত গঠিত হলে সেখানে শিক্ষিত লোকের যদি একান্তই অভাব হয় তা হ'লে একজন লোক দিয়ে ত কাজ চালাতে পারেন, ওয়ান-থার্ড পর্যন্ত এসোসিয়েট মেম্বারস রাখার কি প্রয়োজন? পরিষ্কার ক'রে বলুন তাঁর কি মতলব এর পিছনে খেলা করছে? গ্রামের লোকের বুদ্ধিবিবেচনার উপর এত সন্দেহ আপনাদের কেন? আমি জানি উড়িষ্যায় একটা পঞ্চায়েত আছে যেখানে একজন অল্পশিক্ষিত সাঁওতাল কর্মকর্তা আছেন, তাঁর কাছে বহু পঞ্চায়েতকে অনেক শিক্ষার জন্য পাঠান হয়ে থাকে। ইউনিভার্সিটি ডিগ্রিটাই বড় জিনিস নয় অন্তত এই পঞ্চায়েতের কাজ চালনার ক্ষেত্রে। একজন নয়, দুইজন নয় সেখানে ওয়ান-থার্ড হবে এ্যাসোসিয়েট মেম্বারস, এ বড় সাংঘাতিক ব্যাপার। কি কর্ম তাঁরা করবেন? কোন ব্যাপারে তাঁদের মতামত প্রকাশ করা ছাড়া, ভোট দেওয়ার অধিকার ত তাঁদের থাকছে না। এতে তাদের অপমানিত করা ছাড়া আর কিছুই হবে না। কোন আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তি ওরকম ক্ষেত্রে যাবেন না। যাঁরা যাবেন তাঁরা কুমতলব সিদ্ধি করার জনাই যাবেন।

তারপর আর একটা হচ্ছে সাব-ক্লজ (৬)—'সাবজেক্ট টু দি প্রভিশনস অব সাব-সেকশন (৫)' এটাকে বাদ দেওয়ার কথা বলেছি। এ সম্বন্ধে নটেনবাবু অনেক যুক্তি দেখিয়েছেন, সুতরাং আমি আর কিছু বলব না।

Sj. Pravash Chandra Roy:

মিঃ স্পীকার, স্যার, ১৩৯(বি) সাপ্লিমেন্টারি লিস্ট দেখুন। ১২নং ধারার ৫নং উপধারার শেষে যেখানে প্রোভাইসো দেওয়া আছে সেখানে বলা হয়েছে সরকারের হাতে ক্ষমতা থাকবে গ্রাম-পঞ্চায়েত মোট যতজনকে নিয়ে গঠিত হবে তার ওয়ান-থার্ড সদস্য সরকার মনোনীত করতে পারবেন। আমি নীতির দিক থেকে এই প্রোভাইসো তুলে নেবার জন্য দাবী করছি। আমি মনে করি যে কংগ্রেস সরকার নিজেরা বলেছেন যে, গণতন্ত্রকে তাঁরা আরও বেশি এগিয়ে নিতে চান, কিন্তু এই যে প্রোভাইসো আনা হয়েছে তার দ্বারা প্রমাণিত হয় সত্যি তাঁরা গণতন্ত্রে বিশ্বাসী নন। এই কংগ্রেসী বন্ধুরা ইংরাজ আমলে এবং আমরাও যারা আজ বিরোধীদলভুক্ত প্রত্যেকেই জানি ইউনিয়ন বোর্ডএ বা এই আইনসভায় ইংরাজ তাঁদের নিজেদের হাতে ক্ষমতা রাখবার জন্য তাদের মনোনীত সদস্য রাখবার ব্যবস্থা করেছিলেন এবং তারই প্রতিবাদে আমরা সকলেই আন্দোলন করেছি। আমরা আজ জানতে চাই যে, আজ কংগ্রেসী বন্ধুরা কি জন-সাধারণকে ভয় করেন যার জন্য এইরকম অগণতান্ত্রিক আইনের বলে নিজের হাতে ক্ষমতা রাখবার চেষ্টা করছেন? আমি বলব এর মূল উদ্দেশ্য নিজেদের দলীয় লোকের হাতে ক্ষমতা বসিয়ে রাখা। একটা পঞ্চায়েত গঠিত হ'ল ৯ জনকে নিয়ে তার মধ্যে কংগ্রেসের বিরোধীদলের পাঁচজন নির্বাচিত হলেন। সরকার যদি তিনজনকে মনোনীত করেন তা হ'লে তাঁদের চারজনের সাথে তাঁদেরই পক্ষে আরও তিনজন এলেন এবং ফলে, তাঁদের দলে হ'ল সাতজন। এইভাবে মাইনরিটিকে মেজরিটিতে পরিণত ক'রে নিজেদের হাতে ক্ষমতা বজায় রাখবেন। অর্থাৎ পূর্বে ইংরাজ আমলে যে অগণতান্ত্রিক নিয়মের বিরুদ্ধে তাঁরা আন্দোলন করেছিলেন আজ ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়ে সেই নিয়ম ও নীতিই তাঁরা গ্রহণ করলেন, অথচ, তাঁরা আজ বলছেন সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি তাঁদের মূল উদ্দেশ্য।

Mr. Speaker: Please confine yourself to the amendment.

Sj. Pravash Chandra Roy:

যা রেলিভেন্ট তাই তো বলছি। এই কংগ্রেস সরকারের নীতি হ'ল মুখে মুখে গণতন্ত্রের বড় বড় বুলি আওড়ান আর কার্যে গণতন্ত্রের গলা টিপে মারা। এটা জনসাধারণকে ধাপ্পা দেওয়া ছাড়া আর কিছুই নয়। সেজন্যেই আমি দাবী করেছি এই যে, প্রোভাইসো দেওয়া আছে এটা বাতিল করুন। শুধু তাই নয়, এই প্রোভাইসো দিয়েছেন এবং ওয়ান-থার্ড মেম্বারস মনোনীত ক'রে ক্ষমতা নিয়েও তাদের নিজেদের নিরাপদ মনে করছেন না, তাই ১৪নং ধারায় এইসমস্ত গ্রাম-পঞ্চায়েতের সদস্য মনোনয়ন করবার কথাও ভেবেছেন। তারপরে ভয় পেয়ে মনোনীত পঞ্চায়েতের সঙ্গে আবার ওয়ান-থার্ড সভা মনোনীত করবার কথা ভেবেছেন। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক, এজন্যে এর বিরুদ্ধে প্রতিবাদ করছি এবং এই ধরণের গণতন্ত্রবিরোধী যে প্রোভাইসো আছে সেটা বাতিল করতে অনুরোধ করছি।

[6-30—6-40 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, নন-অফিসিয়াল রেজলিউশন যেটা এসেছিল ৬ই এপ্রিল, ১৯৫৪, তাতে এ্যামেন্ডমেন্ট এনেছিলেন শ্রীযুত জে সি গুপ্ত। তিনি বলেছিলেন—

"Sir, I have tabled an amendment in order to have unanimous approval to the resolution from both sides of the House"

বলে তিনি ক্লাসলেস সোসাইটি সম্বন্ধে আপত্তি একটা করেছিলেন, তিনি বলেছিলেন—

"I must feel that the establishment of Village *Panchayat* on adult franchise with judicial, administrative and other powers as in clause A will have the support of all"

আমিও এখানে একটা এ্যামেন্ডমেন্ট এনেছিলাম এবং সেসময় সেটা এ্যাকসেপটেড হয়। ডাঃ রায় তখন তাঁর বক্তৃতায় বলেছিলেন—

"As to whether under A, to what extent we may go for the establishment of a Village *Panchayat* on adult franchise with judicial, administrative and other powers for the improvement of villages—it is also a matter which is being considered by the Local Self-Government Department but still the principle is there and we accept the principle"

এ্যাকসেপ্ট করলেন, তারপর এ্যামেন্ডমেন্ট যেটা পাস হ'ল সেটা আপনার সামনে ধরছি—

"the establishment of Village *Panchayat* on adult franchise by ballot with judicial, administrative and other powers for the improvement of villages"

এখানে এ্যাডাল্ট সাফ্‌রেজ হ'ল এবং বাই ব্যালট। তখন এই এ্যাডাল্ট ফ্রানচাইজএর নীতি ইউন্যানিমাসলি হোল হাউসএ পাস হ'ল, এখন কি কারণ হ'ল যে, এ্যাডাল্ট সাফ্‌রেজ উঠিয়ে দিলেন এবং বাই ব্যালট হবে না ঠিক করলেন?

Sj. Dasarathi Tah:

স্যার, কথায় বলে যে, "সাতকান্ড রামায়ণ পড়ে সীতা হলেন রামের মাসী"—অতীতের এত-দিনের বহুঘোষিত যে পঞ্চায়েত তার আদর্শ আগেকার যে নমিনেশনএর ব্যবস্থা ছিল এর সেই-রকম অবস্থাই যেন হ'ল। এখন সেই জায়গায় এসোসিয়েটেড মেম্বরএর নমিনেশন দিলেন যেখানে প্রাপ্তবয়স্কের ভোটাধিকারে পঞ্চায়েত গঠিত হচ্ছে। প্রাপ্তবয়স্ক মানে তারা নাবালক নয়, সাবালক হয়েছে। অতএব আবার সেই সাবালককে নাবালক করবার এই প্রচেষ্টা কেন? এর কি কারণ আছে তা আশা করি জালান সাহেব বলবেন।

এর আগে যখন রেজলিউশন এসেছিল পঞ্চায়েত গঠন করবার সেটা ইউন্যানিমাসলি পাশ হয়েছিল; এখন কেন এবং কোন্ অধিকারে সেটা বর্জন করবেন আশা করি উনি সেকথাও বলবেন।

বলা হয়েছে কৈফিয়তে যে, কিছু লোক যদি থাকে তাদের ত ভোটের পাওয়ার থাকবে না, তারা বসে থাক না কেন! কিন্তু আমরা বলছি যেখানে পঞ্চায়েতে ভোট দেবার অধিকার থাকবে না সেখানে যাদের সম্মান জ্ঞান আছে সেরকম লোক কেন সেখানে যেতে যাবে এটা বিশেষ করে বোঝবার জিনিস। কিন্তু যাদেরই সেখানে পাঠান হউক তাদের আবার বাহির থেকে কেন আনতে যাবেন এবং চাপাবেন সেইটাই বড় কথা। এতে মনে হয় জালান সাহেব পঞ্চায়েতের যে মূল আদর্শ সেই মূল আদর্শের পঞ্চত্ব প্রাপ্ত ঘটাবেন এই ধারাতে। তাই বলছি এই ধারাটা এই নমিনেশনএর মধ্য দিয়ে যে এ্যাসোসিয়েট মেম্বর আনা এটা তুলে দিন একথা বলছি। তাঁরা বলেন যে, বহু জায়গা এমন আছে যেখানে উপযুক্ত লোক নাই। আমিও আবার বলছি এমন জায়গায়ও আমি দেখেছি, এমন জায়গায় আমি ঘুরেছি যেখানে ২০ বৎসর পর্যন্ত কোন মামলা—কি ফৌজদারী, কি দেওয়ানী—তার জন্য এ পর্যন্ত আদালতে যায় নি। সে গ্রামের নাম আমি করতে পারি—সে হ'ল উচালন নামে আমাদের ওখানকার গ্রাম।

সেইজন্য বলছি, এতদিন পরে জনসাধারণকে এই যে একটা অধিকার দেবার প্রচেষ্টা সে জায়গায় কেন আবার এ্যাসোসিয়েট মেম্বার নাম দিয়ে বার থেকে লোক আনছেন? আগে ইউনিয়ন বোর্ডে যে নমিনেশন ছিল সেটার ত একটা গতি করেছেন। তখন এলাকা থেকে লোক নেওয়া হত। কিন্তু এই যে এলাকা লোক নিয়ে বা বার থেকে লোক নিয়ে নমিনেশন দিয়ে যাচ্ছেন এটা আগের চেয়েও বেশী মারাত্মক হ'ল। সেইজন্য আমি তীব্রভাবে এর বিরোধিতা করছি, কেননা এটা গণতন্ত্রবিরোধী ব্যবস্থা।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকাল দেখতে পাচ্ছি এবং মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি আপনার মাধ্যমে যে আজকাল যে প্রেসক্রাইব্‌ড অথরিটি দেখছি তাঁদের ভিতর বোধহয় এমন একটা ভাব রয়েছে যে, পাছে পাবলিক একতাবদ্ধ হয়ে লড়াই ক'রে সেইজন্য বর্তমান সময়ে সেটা

বন্ধ করবার ব্যবস্থা করতে চান। কোন কোন জায়গায় ইউনিয়ন বোর্ডের করধার্য ব্যাপার নিয়ে কিছু অবাঞ্ছিত জিনিসও হয়েছে। আবার ভয় হচ্ছে সেইরকম কিছু হতে পারে। যাঁরা আসতে পারলেন না বা গভর্নমেন্ট নিলেন না তাঁরা কিছুদিন পরে তাঁদের প্রভাবান্বিত ক'রে ঢুকবেন। এইরকম ভাবের লোক সেখানে ঢুকলে তাঁরা সেখানে গোলমাল সৃষ্টি করবেন। বর্তমান সময়ে অবাঞ্ছিত লোক আনা কিছুতেই উচিত হবে না। কেননা অবাঞ্ছিত লোক আনলে কিছুতেই ভারতের কৃষ্টি, অতীতের কৃষ্টি রক্ষিত হবে না; ভালভাবে অর্থাৎ শান্তিপূর্ণভাবে পালন করার যে কাজ তাও করতে দেবে না। কাজেই আমি বলি এইরকম অবাঞ্ছিত লোক আসতে পারে ব'লে এটা বাদ দিন এবং লোককে নির্বাচনের মাধ্যমেই আসতে দিন।

সেইজন্য আমি আবার বলছি এই জিনিসটা উঠিয়ে দিন, এই মনোনয়ন প্রথা উঠিয়ে দিন। দেশের লোক যাকে ভালভাবে জানে তাকেই নির্বাচন করে পাঠাবে। কাজেই এই নমিনেশন প্রথাটা বন্ধ ক'রে দিন।

[Sj. Kanai Lal Bhowmick rose]

Mr. Speaker: You have no amendment. I have already allowed 27 members to speak. Let your leader Bankim Babu speak.

Sj. Kanai Lal Bhowmick:

আমি কিছু বলতে চাই।

Mr. Speaker: You have no right to speak now. It is my right to see whether the debate is sufficient and I consider that the debate is sufficient. Please let your leader speak

[6-40—6-50 p.m.]

Sj. Bankim Mukherjee:

সভাপাল মহাশয়, আমাদের পার্টি থেকে আর কিছু বলতে দেওয়া হউক। আমাদের দিক থেকে কম লোকই বলেছে।

Mr. Speaker: Very well I will allow Mr. Kanai Lal Bhowmick to speak at the request of the Party leader.

Sj. Kanai Lal Bhowmick:

আমি আর বলতে চাই না।

Mr. Speaker: As he refuses to speak, I ask Bankim Babu to speak.

Sj. Bankim Mukherjee:

স্যার, গ্রাম-পঞ্চায়েত বিল প্রায় বছরখানেক প্রস্তুত হয়ে রয়েছে; অবশ্য, এ্যাসেম্বলির সামনে এই সেসনেই আলোচনার জন্য এসেছে। কিন্তু এই এক বছরের ভিতরে মন্ত্রীমহাশয়েরা ঠিক করতে পারলেন না যে, কিভাবে নির্বাচন হবে। এখনও পর্যন্ত আমাদের কাছে তাই আসছে প্রেসক্রাইব্‌ড ম্যানার। কোন্ ম্যানার প্রেসক্রাইব্‌ড হবে এখনও সেটা এসে পৌঁছাল না; সেইটাই এখন জ্ঞাতব্য বিষয়। কিছু অভিসন্ধি এর ভিতর থাকতে পারে। আমরা ত জানি ম্যানার তিন রকমের হতে পারে, কাজেই তার সম্বন্ধে মতস্থির করতে বেশি সময় লাগে না। সে হচ্ছে—

(১) যেমন এ্যাসেম্বলির ইলেকশন হয় বাই সিক্রেট ব্যালট—সে একটা; আর

(২) যেমন ইউনিয়ন বোর্ডে ইলেকশন হয়—সেখানে রিটার্নিং অফিসার লোককে ডাকেন, ডেকে তার মত জিজ্ঞাসা করেন, এবং নামে টিক মারেন; অবশ্য সেটা করা হয় ক্যান্ডিডেটএর উপস্থিতিতেই, যেটার সম্বন্ধে আমাদের যথেষ্ট আপত্তি আছে।

(৩) আর একটা হচ্ছে 'বাই শো অব হ্যান্ডস'।

এর মধ্যে কোন্‌টা তাঁরা গ্রহণ করছেন, কোন্‌টা করছেন না এ বিষয়ে মতস্থির করতে এত দেরি হওয়ার কারণ নেই। তারা ত সহজেই এই বিলের ভিতর বলতে পারেন যে, কিভাবে ইলেকশনটা হবে। আমার ধারণা যে পঞ্চায়েতের সঙ্গে এই ম্যানার অফ ইলেকশনএর সম্পর্ক কিছুটা আছে

যেটা আমি ফার্স্ট রিডিংএ বলবার চেষ্টা করেছিলাম যে, পঞ্চায়েত বলে যে বিশেষ নাম দেওয়া হচ্ছে তা পাশ্চাত্য গণতন্ত্র থেকে পৃথক। ওয়েস্টার্ন ডেমোক্রেসিতে যে প্যাটার্নএ এ্যাসেম্বলি বা পার্লামেন্ট হচ্ছে তা থেকে কিছু পার্থক্য আছে। কিসে পার্থক্য? কেন কনস্টিটিউশনএ পর্যন্ত এনেছেন গ্রাম-পঞ্চায়েতের উপর প্রতিষ্ঠিত হবে? সবটাই ত এক। সেখানে ত বলা হয় নি যে, লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট বা ভিলেজ সেল্ফ-গভর্নমেন্টএর উপর প্রতিষ্ঠিত হবে। অবশ্য তাতে যা আছে তা এমনি, তবে যে ভিলেজ সেল্ফ-গভর্নমেন্টই ফাংসান করবে, কিন্তু নামটা পঞ্চায়েত নেওয়া হয়েছে। এই পঞ্চায়েত সমগ্র সমাজের প্রতিনিধি। কিন্তু পাশ্চাত্য যে গণতন্ত্র তাতে বেশির ভাগ জায়গায় চেষ্টা হয়েছে সিঙ্গল কনস্টিটিউয়েন্সি মেম্বারের ভিত্তিতে এবং সেখানে মতাধিক্য দ্বারা শাসিত হয়। এই তার বৈশিষ্ট্য যা থেকে আজকে নূতন নীতি দেখা যাচ্ছে, যার সম্বন্ধে বহু আপত্তি ওঠে। বহু ভোট দিয়েও তার পরে দেখতে পাই অল্পই রিপ্রেজেন্টেড হচ্ছে, যার জন্য ইউরোপে প্লুরাল কনস্টিটিউয়েন্সি বা পার্টি লাইনে ভোট ইত্যাদির বহুরকম এক্সপেরিমেন্ট চলছে।

[6-50—7 p.m.]

পঞ্চায়েত প্রথা সম্বন্ধে আমি যেটুকু বুঝি তাতে একটা জাতির সমগ্র লোক সেই জাতির পঞ্চায়েতকে নির্বাচিত করবে। সমগ্র সমাজের যে বিভিন্ন জাতি আছে তাদের সমগ্র সমাজ সমগ্র পঞ্চায়েতকে নির্বাচিত করবে। এখানে যদি সেই জিনিস নেওয়া হয় তা হ'লে ৯ জন থেকে ১৫ জন ইত্যাদি যে কজনকে নিয়ে পঞ্চায়েত হবে সেই সমগ্র লোককে সমগ্র গ্রাম নির্বাচিত করবে। নূতন যেটা সিলেক্ট কমিটি থেকে এসেছে সেটা হচ্ছে ক্লজ ৩এর সাব-সেকসন ৩ কিন্তু এটা পরিষ্কার পাশ্চাত্য রীতিতে নেওয়া হয়েছে। অর্থাৎ প্রেসক্রাইব্‌ড অথরিটি যদি মনে করেন তা হ'লে উনি গ্রামসভার কনস্টিটিউয়েন্সি ভাগ করবেন। অতএব কনস্টিটিউয়েন্সি ভাগ করার মানে হচ্ছে যে, সমগ্র গ্রামের প্রতিনিধিত্ব এই গ্রাম-পঞ্চায়েত করল না। এক একটি পাড়ার ২।১ জন ক'রে নির্বাচিত হয়ে ৪।৫টি পাড়া নিয়ে গ্রাম-পঞ্চায়েত নির্বাচিত হল। অর্থাৎ পরিষ্কার পাশ্চাত্য প্রথাটাকে অবলম্বন করে তার নাম দিচ্ছেন পঞ্চায়েত। এ ছাড়াও যদি তাঁরা সমগ্রভাবে নির্বাচিত করতে চান তা হ'লে আমি যতটুকু জানি সেটা হচ্ছে যে, মন্ত্রীমহাশয়ের নিজের ধারণায় আছে যে, এমনি বাই শো অফ হ্যান্ডস হবে। একটা গ্রামে গ্রামসভা বসেছে এবং তাদের সেখানে যদি ১০।১২ জনকে নির্বাচিত করতে হয় তা হ'লে সেখানে ক্যান্ডিডেট হবে ২০ জন এবং সেখানে ওপেন মিটিংএ বাই শো অফ হ্যান্ডস এটা হবে। এবং যে ১০।১২ জনের নামে বেশি ভোট হল তাঁরা নির্বাচিত হবেন। অতএব এই যদি ধারণা হয় তা হ'লে আমি দেখাব যে, সেই ধারণা অত্যন্ত মারাত্মক রকমের ভ্রমপূর্ণ। কারণ নির্বাচনে যদি একমাত্র সিঙ্গল মেম্বার কনস্টিটিউয়েন্সি হয় তা হ'লে শুধু ভোট নিয়ে হাত তুলে মেজরিটি এবং মাইনরিটিকে ঠিক করা যেতে পারে। কিন্তু একাধিক ব্যক্তি যদি সেখানে দাঁড়ায় তা হ'লে হাত তুলে ভোট করা যায় না। অথচ যদি প্লুরাল কনস্টিটিউয়েন্সি হয় অর্থাৎ এক জায়গায় ৫ জনকে নির্বাচিত করতে হবে কিন্তু ১০ জন সেখানে যদি নাম দেয় এবং সেখানে যদি হাত তুলতে বলা হয় তা হ'লে লিগ্যালি কোন লোক ৫ বারের বেশি হাত তুলতে পারে না। কিন্তু যদি কোন লোক ৭ বার বা ১০ বার হাত তোলে তা হ'লে সেটা চেক করবে কে এবং সেটা কে চেক করতে পারে। কাজেই ৩।৪ জনের প্লুরাল কনস্টিটিউয়েন্সি যদি হয় তা হ'লে সেখানে ব্যালট ছাড়া আর কোন উপায় নেই। ব্যালট ছাড়া সত্যি সত্যি বিশুদ্ধ কোন নির্বাচন হয় না। ভয়েস বা বাই শো অফ হ্যান্ডস একই কথা দাঁড়ায় ব'লে ব্যালট ছাড়া হবার উপায় নেই। আজকে আমরা নিশ্চয় সকলেই জানি যে, সিক্রেট ব্যালটটা অত্যন্ত প্রয়োজন। অর্থাৎ আর্থিক বা অন্যান্য সামাজিক প্রভাবে প্রভাবশালী ব্যক্তি যাতে প্রভাবান্বিত করতে না পারে তার জন্যেই সিক্রেট ব্যালটএর প্রয়োজন হয়। অতএব যদি আমাদের দিক থেকে সিক্রেট ব্যালট ডিম্যান্ড করা হয় তা হ'লে সেটা কি বিরোধী পক্ষের একটা ভয়ংকর অপরাধ হবে। যদি আমরা বলি যে, গ্রাম-পঞ্চায়েত সিক্রেট ব্যালট ভোটে হবে তা হ'লে সেটা কি গণতন্ত্রবিরোধী বা কংগ্রেসের আদর্শের বিরোধী আমরা দাবী করছি? বরং খরচপত্রের ব্যাপার নিয়ে সেখানে কথা হতে পারে। কিন্তু যে-কোন ইলেকশন করতে গেলে কিছু খরচপত্র হবেই। সেই খরচটা কিসে কমান যায় তাই আমাদের

Sj. Ambica Chakrabarty: My statement is that the wrong policy of Government created all these troubles. So I am criticising the policy of the Government.

অতএব গভর্নমেন্টের ভুল নীতির জন্য এইসমস্ত সমস্যা উপস্থিত হয়েছে। আমরা যখন রিফিউজি রিহ্যাবিলিটেশনএর কথা বলেছি তখন পুনর্বাসন মন্ত্রিমহাশয় বলেছেন যে, ক্রমান্বয়ে রিফিউজি আসতেই থাকে এবং যখনই আমরা কোন পরিকল্পনা কার্যকরী করতে যাই তখনই রিফিউজি আসতে শুরু করে এবং আমাদের সেই পরিকল্পনা ব্যাহত হয়ে যায়। কিন্তু এই কথাগুলো বিভ্রান্তিকর এবং মন্ত্রিমহাশয় ভুল নীতির জন্যেই এইসব কথা বলেন। পূর্ববাংলা থেকে সংখ্যালঘু ইন্ডিয়ান ইউনিয়ন বা পশ্চিমবঙ্গে আসলে গভর্নমেন্টকে তাদের সমস্ত দায়িত্ব নিতে হবে, তাদের নাগরিক অধিকার দিতে হবে এবং তাদের জন্য যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। অতএব এই যদি গভর্নমেন্টের স্বীকৃত নীতি হয়, তা হ'লে পূর্ববাংলা থেকে ক'দিনে, কোন্ বৎসরে, কোন্ মাসে, ক' হাজার বার ক'টা রিফিউজি পশ্চিমবাংলায় আসছে বা যাচ্ছে সেটা প্রশ্ন হওয়া উচিত নয়। বরং প্রশ্ন হচ্ছে যে, পূর্ববাংলায় যেসমস্ত সংখ্যালঘু আছে তারা পশ্চিমবাংলায় বা ভারতবর্ষে যে কোন বিপর্যয় ঘটলে আসতে পারে ধ'রে নিয়ে তাদের জন্য আগে থেকে নীতি বা পরিকল্পনা ঠিক করতে হবে। তা না হ'লে মাঝে মাঝে যখন রিফিউজি আসে তখন হতাশা ও নৈরাশ্য আসে এবং যখন আবার রিফিউজি আসা ক'মে যায় তখন মন্ত্রিমহাশয় আত্মপ্রসাদ লাভ করেন। অতএব সরকারের এই নীতিই হচ্ছে অত্যন্ত দুর্বল নীতি এবং এই নীতি অত্যন্ত মারাত্মক নীতি। সুতরাং এই নীতির পরিবর্তন ক'রে ধ'রে নিতে হবে যে, পূর্ববাংলায় যেসমস্ত সংখ্যালঘু আছে তারা পশ্চিমবাংলায় আসলে তাদের সকলের দায়িত্ব পশ্চিমবাংলা সরকারকে এবং সেন্ট্রাল গভর্নমেন্টকে নিতে হবে এবং সেই অনুসারে পরিকল্পনাও তৈরি করতে হবে। সেইরকমের কোন পরিকল্পনা যদি তৈরি করা হয় তা হ'লে সরকারের এইসমস্ত নৈরাশ্যজনক কথা এবং ভুল নীতির কোনরকমেই এখানে স্থান হ'তে পারে না।

যাই হোক, বর্তমানে শিয়ালদহ স্টেশনে যেসমস্ত রিফিউজি এসেছে সেইসমস্ত রিফিউজিদের পুনর্বাসনের কি ব্যবস্থা যে হবে তার কোন পরিকল্পনা সরকারের আদৌ নেই। রিফিউজিরা স্টেশনের উপর দিনের পর দিন প'ড়ে আছে, তাদের উপর অমানুষিক দুর্ব্যবহার করা হচ্ছে, জোর ক'রে তাদের কাছ থেকে টিপসই নিয়ে নিশীথ রাত্রে অনির্দিষ্ট স্থানে পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং শিয়ালদহ রিহ্যাবিলিটেশন অফিসে ডেকে নিয়ে গিয়ে তাদের নানারকম ভয় দেখানো হচ্ছে। এ ছাড়া সেখানে পাবলিকএর চলাচলের জায়গায় প্ল্যাটফর্মের উপরে প্রসূতি সন্তান প্রসব করছে। জলে ভিজে অপরিষ্কার জায়গায় স্টেশনের উপর আমাশা, টি,বি, টাইফয়েড ইত্যাদির রোগী প'ড়ে আছে। সেখানে তাদের খাবার, পানীয় জলের কোন ব্যবস্থা নেই এবং তাদের নিয়ে গিয়ে অন্য কোন জায়গায় রাখারও কোন ব্যবস্থা নেই ব'লে তারা সেখানে খালি জায়গায় প'ড়ে আছে। এই প্রকার অমানুষিক ব্যবস্থা কোন সভ্য সমাজে বা জগতে বা কোন রাষ্ট্রে হ'তে পারে ব'লে আমরা জানি না। বাংলার কৃষ্টি, সংস্কৃতি, সভ্যতার নিদর্শন যদি লোকে শিয়ালদহ স্টেশনে

গিয়ে দেখে তা হ'লে মনে করবে যে, এইসবই লোপ পেয়ে গেছে। এই রিফিউজিরা যারা আসছে তাদের কোন একটা নির্দিষ্ট শেল্টারএ নিয়ে গিয়ে বা কোন ক্যাম্পে রাখবার একটা সুনির্দিষ্ট পরিকল্পনা যদি গভর্নমেন্টের থাকত তা হ'লে এই অবস্থাতে কতকগুলি মানুষকে নিয়ে জানোয়ারের মতন ব্যবহার করা এবং পশুর মতন রাখা কখনও সম্ভবপর হ'ত না। যেখানে দুনিয়ার সমস্ত লোক এইসব দেখছে সেখানে গভর্নমেন্ট চোখ বন্ধ ক'রে ব'সে আছেন। এই-সমস্ত রিফিউজিদের অন্য জায়গায় নিয়ে যাবার কথা উঠলে মন্ত্রিমহাশয়া বলেন যে, সার্টেন ইন্টারেস্টেড পার্সন তাদের প্রোভোকেশন দিচ্ছে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ার কাছে জানতে চাইব, সেই সার্টেন পার্সন কে এবং আপনি তাদের নাম ব'লে দিন। তা না হ'লে এইরকমভাবে একটা ভেগ কথা ব'লে অন্যের উপর দোষারোপ চাপিয়ে নিজের দায়িত্ব থেকে নিষ্কৃতি পাবার চেষ্টা করাটা অত্যন্ত অন্যায় এবং মারাত্মক। সেজন্য আমি এর তীব্র নিন্দা না ক'রেও পারছি না।

[9-40—9-50 a.m.]

যখন আমরা বলছি উড়িষ্যার, বিহারে এবং বাংলার বাইরে বিভিন্ন প্রদেশ থেকে তারা চ'লে আসছে এবং, মাননীয় স্পীকার মহাশয়, বাবুঘাটে আপনি দেখবেন যে তারা জানোয়ারের মতন সেখানে আছে। অথচ মন্ত্রিমহাশয়াকে নিজের বাড়ির পোষা কুকুরটাকে এবং বিড়ালকে যদি বাবুঘাটে রাস্তার উপরে রেখে দিতে বলি, তা হ'লে তিনি সেখানে স্বীকৃত হবেন না। অতএব মন্ত্রিমহাশয়ার এমন দয়া হয় নি যে তিনি তাদের কোন ব্যবস্থা ক'রে দিবেন বরং তিনি গোপনে তাঁর কামরায় ব'সে বাবুঘাটের রিফিউজিদের ডেকে কথা বলবেন, ভয় দেখাবেন। অথচ রিফিউজিদের ডেকে, আমাদের ডেকে একসঙ্গে ব'সে কথা বলবার সাহস তাঁর নেই এবং সেরকম-ভাবে কথাও তিনি বলবেন না। তিনি বলবেন যে, এখান থেকে চিঠি লিখে, তাগাদা ক'রে তাদের এখানে নিয়ে আসা হয়েছে। এ ছাড়া অন্য কোন কথা তিনি বলতে পারেন না। অতএব আমি তাঁকে সমস্ত দায়িত্ব নিয়ে চ্যালেঞ্জ করছি যে, তিনি কাগজে-কলমে এটা প্রমাণ করুন এবং ও'র যদি সাহস থাকে এবং রিফিউজি রিহ্যাবিলিটেশনএর কোন সুনির্দিষ্ট নীতি থাকে তা হ'লে উনি আমাদের সামনে সমস্ত কথা বলুন। সুতরাং এইরকমের ভেগ এবং ভ্রান্তিকর কথা ব'লে আজকালকার দিনে লোকের চোখে ধুলো দেওয়া সম্ভবপর হবে না এবং যেভাবে রিফিউজি আসছে সেইভাবে রিফিউজি আসবে। পূর্ববাংলায় এখনও যে ৮৫ লক্ষ সংখ্যালঘু আছে তারা এখানে চ'লে আসতে পারে, ইহা ধ'রে নিয়ে এখানে সেইমতন পরিকল্পনা করতে হবে ও পুনর্বাসনের নীতি ঠিক করতে হবে। এইভাবে কোন পরিকল্পনা না ক'রে শিয়ালদহ স্টেশনে যদি রিফিউজিদের রাখা হয় তা হ'লে বাংলার অর্থনীতি ভেঙ্গে পড়বে, বাংলার লোক বিদ্রোহ করবে এবং বাংলার যেসমস্ত লোক শিয়ালদহ স্টেশনে রিফিউজিদের এইভাবে দেখছে তাদের সরকারের প্রতি ঘৃণার উদ্রেক হবে। অতএব জনসাধারণের মন থেকে ঘৃণা এবং বিদ্বেষের ভাব দূর করতে হ'লে রিফিউজিদের জন্য সুষ্ঠু পুনর্বাসনের নীতি প্রয়োজন এবং সেখানে তাদের এক মুহূর্তের জন্য রাখা উচিত নয়। এবং পাবলিক রোডের উপরে বাবুঘাটে রিফিউজিদের রাখা এক মুহূর্তের জন্য উচিত নয়। অতএব অনতিবিলম্বে যদি এদের স্থানান্তরিত করা না হয় তা হ'লে এই পরিস্থিতির হাত থেকে রক্ষা পাওয়া যাবে না এবং ইহা শুধু যে তাদের অপদার্থতা প্রমাণ করবে তা নয়, বরং এতে কেন্দ্রীয় সরকারেরও অপদার্থতা প্রমাণ করেছে। এ ছাড়া, আমাদের বাংলা সরকার এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যথাযথ দৃষ্টি আকর্ষণ করে নি, কারণ তা যদি করত তা হ'লে এইরকম হ'ত না। অর্থাৎ রিফিউজি রিহ্যাবিলিটেশনএর গুরুত্বের দিকে, স্টেট ইকনমি এবং স্টেটএর সিকিউরিটির দিকে যদি দৃষ্টি আকর্ষণ করা হ'ত, তা হ'লে রিফিউজি বাজেটে টাকা কমিয়ে দেওয়া কেন্দ্রীয় সরকার সাহস করত না এবং যদি কোন সুনির্দিষ্ট পরিকল্পনা আমাদের সরকারের থাকত, তা হ'লে তারা বাজেটে টাকা কমাবার সাহস পেত না। তার উপরে ক্যাটিগরিক্যালি শিয়ালদহ স্টেশনে যে দুর্ব্যবহারের কথা মন্ত্রি-মহাশয়া বলেছেন যে, সেখানে কোন দুর্ব্যবহার করা হয় নি। কিন্তু আমি কাগজপত্র দিয়ে প্রমাণ করতে চাই যে, সেখানে রাইমোহন দেবনাথ ব'লে একজন রিফিউজির কান টেনে ছিঁড়ে দেওয়া হয়েছে এবং এটা হেমন্তবাবু, সত্যপ্রিয়বাবু প্রভৃতি এম-পি ও অন্যান্য এম-এল-এরা নিজের চোখে দেখে এসেছেন। এই লোকটি এইজন্য হস্পিট্যালএ অ্যাডমিশন নিয়েছে এবং হস্পিট্যালএ চিকিৎসিতও হয়েছে। সুবল দেবনাথ ব'লে আর একজনকে ঘুসি মেরে জোর ক'রে

টিপসই নেওয়া হয়েছে। তারা এখনও শিয়ালদহ স্টেশনে আছে এবং সে প্রমাণও আমি দিতে পারি। সুতরাং তিনি যদি এখানে ব'সে বলেন যে, কোনরকম দুর্ব্যবহার করা হয় নি, তা হ'লে আমি বলব যে এই কথা অত্যন্ত অসত্য এবং বিভ্রান্তিকর। আর এইরকম ধরনের কথা অ্যাসেম্বলিতে বলা যায়, কিন্তু ওখানে গিয়ে বললে তাঁকে কেউ রেহাই দেবেন না। ইহা যে নূতন ঘটনা, তা নয়; আমরা ১৯৫২ সাল থেকে অফিসারদের দুর্ব্যবহার ও দুর্নীতির কথা মন্ত্রিমহাশয়াকে অনেকবার বলেছি, কিন্তু তিনি এইসব স্বীকার করেন না। আমরা যখন একবার এই ব্যাপারে লিখিতভাবে তাঁকে জানিয়েছিলাম, তখন তিনি আমাদের জানিয়েছিলেন যে, এই ব্যাপারে তাঁর অ্যাটেনশন ড্র হয়েছে। কিন্তু সেইসব অফিসারদের তিনি কি করেছেন তার কোন উত্তর আমরা পাই নি।

এরপর পশ্চিমবাংলার বাহিরে রিফিউজিদের পাঠানোর ব্যাপারে মন্ত্রিমহাশয়াকে আমি জিজ্ঞাসা করি যে, পশ্চিমবাংলায় যে ৩৭ লক্ষ রিফিউজি এসেছে তাদের পুনর্বাসনের ব্যাপারে আপনারা কি ব্যবস্থা করেছেন? আমি বলব যে, এদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি এবং পুনর্বাসনের জন্য যেসমস্ত জমি প্রয়োজন সেইসমস্ত জমি এখনও পর্যন্ত রিক্লেম করা হয় নি, জলা ও পতিত জমি এখনও অ্যাকুইজিশন করা হয় নি। আমরা যদি বুঝতে পারি যে পশ্চিমবাংলায় আর জমি নেই তা হ'লে আলাদা কথা। কিন্তু তিনি এখানে ব'সে স্যাচুরেশন পয়েন্ট ইত্যাদি যেসমস্ত কথা বলেন, সেইসমস্ত কথা অ্যাসেম্বলিতে ব'সে বললে হবে না। অতএব জমি যে নেই তার প্রমাণ করতে হবে। বসুন একসাথে একটা টেবিলে, ব'সে প্রমাণ ক'রে দিন যে জমি নেই। এবং আমাদের যদি কনভিন্স করাতে পারেন যে, জমি নেই তা হ'লে আমরা তখন চিন্তা ক'রে দেখব যে, এইসমস্ত রিফিউজিদের প্রশ্ন কি ক'রে সমাধান করা যায়। কিন্তু যে পর্যন্ত পশ্চিমবঙ্গে রিফিউজি রিহ্যাবিলিটেশনএর সমস্ত সম্ভাবনা শেষ হয়ে যায় নি, সে পর্যন্ত পশ্চিমবাংলার বাহিরে রিফিউজি পাঠাবার কোন প্রয়োজনীয়তা আছে ব'লে আমরা মনে করি না। কাজেই আমরা বলি জমি আছে, উনি বলবেন জমি নেই। নর্থ পোলএ এক কথা এবং সাউথ পোল থেকে আর একরকম কথা বললে হবে না। বরং একসঙ্গে ব'সে জমি নেই এই কথা প্রমাণ করবার যদি তাঁর শক্তি থাকে তা হ'লে তিনি কাগজে-কলমে ইহা প্রমাণ করুন। কিন্তু আজ পর্যন্ত তিনি কোন প্রমাণ দেন নি, সার্ভে রিপোর্ট কিছু দেন নি। অথচ তিনি কোন কমিটির রিপোর্ট মানেন না এবং আমাদের সার্ভে রিপোর্টও মানেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I request my friend to talk a little slowly because I cannot follow him. He is so excited

Sj. Ambica Chakraborty:

কারণ সময় মাত্র ৩০ মিনিট। অতএব আপনাকে এইসমস্ত প্রমাণ করবার জন্য জমির সার্ভে করতে হবে। দলিলপত্র চাই এবং আমরা যেসমস্ত জমির তালিকা দিয়েছি সেইসব জমি আপনারা অ্যাকোয়ার করেছেন কিনা তাও জানাতে হবে। কারণ আমরা জানি যে, হাজার হাজার বিঘা পতিত জমি সুন্দরবনে আছে। মেছো ভেড়ী, টি-গার্ডেন প্রভৃতিতে যে জমি আছে সেসমস্ত জমি পাবার আপনারা কি চেষ্টা করেছেন? মাননীয় স্পীকার মহাশয়, আমার কাছে যেসব কাগজপত্র আছে তা থেকে আমি দেখিয়ে দেব যে, সেইসমস্ত জমি তাঁরা অ্যাকোয়ার করেন নি। কাজেই পশ্চিমবাংলার বাহিরে রিফিউজি পাঠাবার কোন প্রশ্ন আজ এখানে উঠতে পারে না। পশ্চিমবাংলায় যে রিফিউজি এসেছে সেই রিফিউজিদের যাতে পশ্চিমবাংলায় পুনর্বাসন দিতে প্যারা যায় তার পরিকল্পনা দিতে আমরা প্রস্তুত আছি। কিন্তু সেই কো-অপারেশন কোথায়? তিনি যে কো-অপারেশনএর কথা বলেছেন সেটা এইভাবে করলে হবে না, একসঙ্গে টেবিলে ব'সে কি ক'রে পশ্চিমবাংলায় তাদের পুনর্বাসন হবে সে পরামর্শ, সে সহযোগিতা তিনি চান না। বাংলার বাহিরে থেকে যখন রিফিউজি ফিরে আসে তখন তাদের উপরে যে লাঠিপেটা করা হয়, টিয়ার গ্যাস ছাড়া হয়, শিয়ালদহ স্টেশনে রিফিউজিদের যখন কান টেনে ছিঁড়ে দেওয়া হয় এবং ভদ্রকালী ক্যাম্পের মেয়েরা যখন অনশনে মৃত্যুমুখে পতিত হয়, তখন চুপ ক'রে থাকা কি সহযোগিতা? পুনর্বাসনের জন্য কি নীতির প্রয়োজন এবং নতজানু হয়ে আমরা যখন সহযোগিতার কথা বলেছি তখন তিনি সহযোগিতা চান নি। অতএব

ও'র দুর্নীতি, অত্যাচারকে সমর্থন করা যদি সহযোগিতা হয়, তা হ'লে সেইরকম সহযোগিতা আমরা কখনও করব না এবং এটা ঠিক দেখবেন যে, ছ' মাসের মধ্যে বাংলার রিফিউজিরা যে বিদ্রোহ করবে তাতে বাংলার সমস্ত ব্যবস্থা ভেঙ্গে চুরমার হয়ে যাবে। অতএব বাংলার বাহিরে পাঠাবার যে যুক্তি সেই যুক্তির কোন সার্থকতা নেই এবং আমরা মনে করি যে, এইরকম যুক্তি দেওয়া অন্যায়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, এ'রা স্যাচুরেশন পয়েন্টএর উপর ভিত্তি ক'রে পি, এল, ক্যাম্প অর্থাৎ পার্মানেন্ট লায়াবিলিটি ক্যাম্প থেকে অনাথা বিধবা, যাদের সঙ্গে শিশু রয়েছে, তাদের সৌরাষ্ট্রে পাঠিয়ে সেখানে পি, এল, ক্যাম্পএ রাখবার ব্যবস্থা করছেন। অনাথা শিশু-সন্তানদের নিয়ে থাকবার জন্য তাঁরা বাংলায় পি. এল. ক্যাম্প করবার কোন জায়গাই পেলেন না। এই ব্যাপার নিয়ে অনেক দরখাস্ত করা হয়েছে। যেমন কুসুমকুমারী ব'লে যে একজন দরখাস্ত করেছেন তাঁর সাত বৎসরের একটা ছেলে এবং পাঁচ বৎসরের দু'টি মেয়েকে নিয়ে সৌরাষ্ট্রে যাবার জন্যে জোর ক'রে বলা হচ্ছে এবং সেখানে না গেলে তার কোন ব্যবস্থাই এখানে হবে না। অতএব এর থেকে ঘৃণা ও ক্ষোভের বিষয় আর কি হ'তে পারে এবং এই যদি পুনর্বাসন নীতি হয়, তা হ'লে এই নীতি কখনও কার্যে পরিণত হ'তে পারে না। অতএব অনাথা বিধবাদের জন্য কেন সৌরাষ্ট্রে পি, এল, ক্যাম্প করা হচ্ছে সেটা আমি মন্ত্রিমহাশয়ার কাছ থেকে শুনতে চাই এবং উনি ইহা আমাদের বলবেন। কিন্তু শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করলে চলবে না। ইহার স্পষ্ট জবাব আমরা চাই।

[9-50—10 a.m.]

তারপর মাননীয় স্পীকার মহাশয়, আমরা যেসমস্ত জমি অ্যাকোয়ার করার কথা বলেছি, সেখানে আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, যেসমস্ত জমি অ্যাকুইজিশন করা হয় বেশির ভাগ কৃষকদের জমি অ্যাকুইজিশন করা হয়। সেখানে দরিদ্র কৃষকদের জমি অ্যাকুইজিশন করা হয় এবং কৃষকদের জমি অ্যাকুইজিশন ক'রে বাস্তুহারাদের সঙ্গে কৃষকদের ঝগড়া লাগাবার ব্যবস্থা হয়। সেখানে শুধু ঐ হয়, তা নয়, এর পেছনে অনেক ষড়যন্ত্রও চলে। কিন্তু আমি সেসব বিশদভাবে বলতে চাই না। অ্যাকুইজিশনএর যে প্রথা সে সম্বন্ধে আমি দু'-একটি কথা বলব। রাইটার্স বিল্ডিংসএ ব'সে ও'রা জমি অ্যাকুইজিশন করেন এবং লোকের কাছ থেকে টাকা নিয়ে সেই জমি দেন। এ সম্বন্ধে যে দু'-একটি প্রমাণ আমার কাছে আছে সেগুলি আমি আপনার কাছে বলতে চাই। আপনারা জানেন যে, হিন্দুস্থান কো-অপারেটিভ ব'লে যে একটা কো-অপারেটিভ আছে, সেই হিন্দুস্থান কো-অপারেটিভকে ১৪ লক্ষ টাকা নিয়ে জমির বায়না করে এবং সেই জমি সংগ্রহ করা হয়েছিল। সেই সম্বন্ধে রাইটার্স বিল্ডিংসএ ব'সে যখন তদন্ত করা হ'ল তখন দেখা গেল যে, হিন্দুস্থান কো-অপারেটিভএর কোন জমি সেখানে নেই এবং তারা জমি দিতে না পারাতে কি হ'ল না হ'ল তার জবাব মন্ত্রিমহাশয়ার কাছ থেকে শুনবেন। এইভাবে অনেক জমি যে অ্যাকুইজিশন করা হয়েছে তা অ্যাকুইজিশন কালেক্টরকে জানিয়ে করা হয় নি, সেগুলি রাইটার্স বিল্ডিংসএ ব'সেই করা হয়েছে। আর যারা ল্যান্ডলর্ড তাদের পক্ষ থেকে দালালরা এসে অ্যাকুইজিশন করা জমির টাকা নিয়ে যায় এবং যে জমির ৩০০ টাকা ক'রে বিঘা সেই জমিকেই ৩০০ টাকা ক'রে কাঠাতে বায়নানামা ক'রে টাকা নিয়ে যায়। সেজন্য এইসমস্ত জমি দখল নিবার জন্য যখন যাওয়া হয় তখন সেইসমস্ত জমির আর দখল পাওয়া যায় না এবং টাকাও পাওয়া যায় না। এইরকমের অনেক উদাহরণ ও দলিল যা আছে আমি সেসব দেখাতে পারি। সুতরাং এইভাবে পাবলিক মানি অনেক ওয়েস্ট হচ্ছে। জমি অ্যাকুইজিশন করার ব্যাপারে রাইটার্স বিল্ডিংসএ ব'সে অ্যাকুইজিশন কালেক্টরকে ডিঙ্গিয়ে জমিদারেরা দালালদের সঙ্গে চুক্তি ক'রে বেশি টাকা দিয়ে, এমনকি ১৯৪৬এর প্রাইসও নয়, জমি নেওয়ার যে নীতি এটাও অত্যন্ত ঘৃণিত ও আপত্তিকর নীতি, তাকে ব্যাহত ক'রে জমি নেওয়া হয়। অতএব এই নীতির পরিবর্তন হওয়া প্রয়োজন। এই নীতি সম্বন্ধে যদি কোন প্রতিবাদ উনি করতে চান তা হ'লে আমি কাগজপত্র দিয়ে ও'কে সব প্রমাণ ক'রে দিতে পারি। সুন্দরবন, লয়ালকা, হিন্দুস্থান কো-অপারেটিভ ইত্যাদির যেসব জায়গায় জমি আছে তার সম্বন্ধে এই ব্যবস্থা ক'রে সরকার অকৃতকার্য হয়েছে। কাজেই সরকারের জমি অ্যাকোয়ার করার যে নীতি, এটা অত্যন্ত দুর্বল ও আপত্তিকর নীতি। এ ছাড়া বর্তমানে সাবমার্জড ল্যান্ডস, ওয়াটার-লগড্ ল্যান্ডস, মেছোভেড়ী এবং ওয়েস্ট ল্যান্ডস ইত্যাদি কয়েক বিঘা যে

জমি তাঁরা অ্যাকোয়ার করেছেন, সেগুলোর তালিকা আমি আশা করেছিলাম যে মন্ত্রিমহাশয়ার স্টেটমেন্টএর মধ্যে পাব। কিন্তু দুঃখের বিষয় যে, তা তিনি দেন নি ব'লে আমি তার একটা তালিকা দেখতে চাই যে কি পরিমাণ জমি তাঁরা অ্যাকোয়ার করতে পেরেছেন।

তারপর ডেভেলপমেন্ট অব ইন্ডাস্ট্রির কথায় অনেক দিন শুনে আসছি যে, শিল্প-উন্নয়ন হবে এবং তাহেরপুর, গয়েশপুর, হাবড়া ইত্যাদি জায়গায় তাঁরা ঠিক করেছেন ইন্ডাস্ট্রি করবেন। ডাঃ রায় বলেছেন যে, ইন্ডাস্ট্রিয়ালাইজেশন করবার জন্য বারটা ইন্ডাস্ট্রি দরখাস্ত দিয়েছে এবং তার জন্যে পরিকল্পনাও হচ্ছে। তাঁদের এইসব পরিকল্পনার জন্য খবরের কাগজে স্টেটমেন্ট, প্রেস কমিউনিক বাই টার্নস একদিন কেন্দ্রীয় মন্ত্রী মেহেরচাঁদ খান্না মহাশয় এবং আর একদিন আমাদের মন্ত্রিমহাশয়া স্টেটমেন্ট দেন। এ ছাড়া বাই টার্নস রাইটার্স বিল্ডিংসএ এবং খান্না মহাশয়ের বাড়িতে কনফারেন্সও হয়। অতএব কায়দা-কানুনের বেলায় সব ঠিক আছে, কিন্তু বাস্তবে দেখুন যে কোথাও ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হয় নি, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সল্ভ হয় নি। এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট আজ পর্যন্ত কেন হয় নি তার কৈফিয়ৎ কি? অথচ আমাদের কাছে টাকার হিসাব দেখানো হয় যে, ঘণ্টায় লক্ষ টাকা ক'রে খরচা হয়, কিন্তু এই টাকাগুলো সব দুর্নীতিপরায়ণ অফিসারদের পেটে যায়। এই লক্ষ টাকা যেখানে ঘণ্টায় খরচ হয় সেখানে রিফিউজিদের মাথাপিছু সোওয়া পাঁচ পয়সা ক'রে পড়ে। এতে তারা কি ক'রে বাঁচতে পারে? সেজন্য এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট না হওয়ার কারণ আমি পুনর্বাসন মন্ত্রি-মহাশয়ার কাছ থেকে চাই এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকেও চাই। এতদিনে যদি বাংলা-দেশে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হ'ত, যারা এখানে এসেছে তাদের সুষ্ঠু পুনর্বাসন হ'ত, স্কোয়াটার্স কলোনিজগুলি যদি রেগুলারাইজেশন হ'ত, মুসলমান বাড়িতে যেসমস্ত রিফিউজি আছে তাদের যদি পুনর্বাসনের ব্যবস্থা হ'ত, যেসমস্ত রিফিউজি কলোনি গ'ড়ে উঠেছে সেখানে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ক'রে যদি তাদের কাজ দেওয়া হ'ত, তা হ'লে আজকে বাংলার অর্থনীতি ভেঙ্গে পড়ত না এবং বাংলার সিকিউরিটি ভেঙ্গে যাবার কথা বলবার সাহস আমার হ'ত না। তাহেরপুরে ৩৭ হাজার, গয়েশপুরে ২৭ হাজার, হাবড়াতে হাজার হাজার রিফিউজিদের যে নিয়ে রাখা হয়েছে তারা সেখানে কি হাওয়া খেয়ে থাকবে? একটা জায়গায় কিছু লোককে নিয়ে রাখতে হ'লে তাদের জীবিকার্জনের ব্যবস্থা করতে হয়। এই বিষয়ে সরকারের প্রথম কথা ছিল যে, যেখানে ওদের রিহ্যাবিলিটেশন দেওয়া হবে, সেই জায়গায় ডেভেলপ্ড ক'রে তাদের সেখানে নিয়ে যাওয়া হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, আপনাদের সেই নীতি কোথায় গেল? অতএব সরকারের এই প্রকারের পুনর্বাসন নীতির উপর দাঁড়িয়ে কোন কথাই বলা উচিত নয় এবং তাদের রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর অপদার্থতা তারা পদে পদে প্রমাণিত করেছেন। সেজন্য তাঁদের কথায় আজ আমরা বিশ্বাস স্থাপন করতে বা কোনরকম পুনর্বাসনের কথা বলতে পারি না। এ ছাড়া, মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখুন যে ওরা নিজেরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ক'রে কোন ইন্ডাস্ট্রি গ'ড়ে তোলেন নি, কিন্তু অনেক রিফিউজি যারা ইন্ডাস্ট্রি গ'ড়ে তোলবার জন্য এগিয়ে এসেছিল তাদের ইন্ডাস্ট্রি করবার জন্য কোন সহায়তা ও'রা করেন নি। আমি আপনাদের কাগজপত্র দিয়ে দেখাতে পারি যে, বনগাঁ থেকে যে একটা পরিকল্পনা দেওয়া হয়েছিল সেটা সরকার গ্রহণ করছেন না। অর্থাৎ যশোহরের রিফিউজিরা সেখানে চিরুনি করবার জন্য যে পরিকল্পনা দিয়েছিল সেটা তাঁরা গ্রহণ করেন নি। অতএব নিজেরা যেখানে ইন্ডাস্ট্রি গ'ড়ে তুলবেন না, সেখানে রিফিউজিরা নিজেরা কুটিরশিল্প গ'ড়ে তুলবার জন্য যদি চেষ্টা করে তা হ'লে তাদেরও করতে দেবেন না। সুতরাং এইভাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টএর ব্যাপারে তাঁরা তাঁদের অপদার্থতাই দেখিয়েছেন। এবং এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টএর ব্যাপারে তাঁরা কেবলমাত্র কনফারেন্স এবং খবরের কাগজে বিবৃতি ছাড়া আর কিছু করেছেন ব'লে মনে হয় না।

এরপর বায়নানামা সম্বন্ধে বলতে গিয়ে আমি বলব যে, সরকারের ঔদাসীনতার ফলে শত শত বায়নানামা ক্যানসেল্ড হয়েছে। কারণ সেগুলোতে নাকি লিগ্যাল ডিফেক্ট ছিল। কিন্তু আইনসিদ্ধ হাজার হাজার বায়নানামা যে ক্যানসেল্ড করা হয়েছে তার প্রমাণ আমরা এখানে উপস্থিত করতে পারব। বনগাঁতে যে সাতটি বায়নানামা তারা করেছে সেখানে সব ঠিক আছে, কিন্তু অপরাধ হচ্ছে যে, ন' বিঘা ক'রে জমি সংগ্রহ করলে তাদের সেই ন' বিঘা জমির

বায়নানামা সিদ্ধ হবে। তারা সেখানে ছ' বিঘা জমি সংগ্রহ করেছে ব'লে তাদের সেটা গ্রাহ্য হবে না, কারণ যেহেতু ন' বিঘা জমি হ'লে হবে ব'লে বলা আছে। অতএব ন' বিঘা না হ'লে তাদের রিহ্যাবিলিটেশন না দেওয়ার সেখানে কোন যুক্তি নেই। যেখানে তারা জমি সংগ্রহ করছে সেখানে সামান্য একটু ডিফেক্টএর জন্য তাদের উড়িষ্যায় যেতে বলা হচ্ছে। উড়িষ্যায় রিফিউজিরা আট শ' বিঘা জমি বায়না ক'রে তারা দেখিয়েছে যে, এতে আইনসংগত কোন গোলমাল নেই, কিন্তু তাদের কোন সাহায্য না করাতে এখানে ফিরে এসে তাদের মাসের পর মাস বাবুঘাটে থাকতে হয়েছে। এইরকমভাবে অন্যান্য অনেক জায়গার বায়নানামা ক্যানসেল হয়ে গেছে। এই বায়নানামা ক্যানসেল হয়ে যাবার কারণ হচ্ছে যে, সরকার চায় না যে পশ্চিমবাংলায় কোন রিফিউজি রিহ্যাবিলিটেশন পায়। এ ছাড়া সরকারী কর্মচারীরা নিজেদের চাকুরির স্থায়িত্ব বজায় রাখবার জন্য এইসমস্ত ব্যাপারে ডিলে করে এবং রিফিউজি রিহ্যাবিলিটেশনএর কাজ যত দেরিতে হ'তে পারে সে বিষয়ে তারা চেষ্টাও করে। এখানে সেইসব জমির মূল্য নির্ধারণের কথা শুনলে আপনি অবাক হয়ে যাবেন এবং এ সম্বন্ধে আমি টালিগঞ্জের নেতাজীনগর, আজাদগড় ইত্যাদি জায়গার সম্বন্ধে কয়েকটি কথা বলব। আজাদগড়ে জমির যে সিলিং প্রাইস সেটা ১৯৪৬এর প্রাইসএর চেয়ে বিলো হবার কথা, কিন্তু এখানকার অফিসার মিঃ ব্যানার্জি তাদের বললেন যে, গভর্নমেন্টের নীতি অনুসারে প্রাইস ধার্য করা হবে। তারপর বরাহনগরে নেতাজীনগরে প্রত্যেকে দু' কাঠা ক'রে জমি পাবে, কিন্তু তাদের সেখানে চার কাঠা ক'রে জমির দাম দিতে হবে। সেখানে জমির বিঘা ১০০-১৫০ টাকা ছিল। সেই জমির মূল্য এখন ১,৬০০ টাকা ক'রে কাঠা দিতে হবে, অর্থাৎ ৩,২০০ টাকা ছাড়া আর দু' কাঠার দাম সর্বশুদ্ধ ৬,৪০০ টাকায় তাদের দু' কাঠা জমি দিতে হবে। এবং ঐ টাকা দিলে তারা সেখানে পুনর্বাসন পাবে। অতএব এই সিলিং প্রাইস সম্বন্ধে আমি জিজ্ঞাসা করতে চাই যে, কোন্ নীতিবলে সেখানে জমির প্রাইস নির্ধারণ করা হচ্ছে? মাননীয় স্পীকার মহাশয়, জমি সম্বন্ধে ও'রা এক এক সময়ে এক এক রকম কথা বলেন ব'লে আমি ও'দেরই একজন সরকারী অফিসারের কথা বলছি। তিনি হচ্ছেন, কৃষি-গবেষণা পরিষদের সহ-সভাপতি মেজর ব্যানার্জি এবং তিনি বলেন যে, শুধু পশ্চিমবাংলাতেই ২১ লক্ষ ১৮ হাজার একর লোনা জমি আছে এবং সেই জমি আবাদ করলে সেখানে রিফিউজিদের পুনর্বাসন হ'তে পারে। এ ছাড়া পশ্চিমবাংলার বাহিরে নিয়ে যাবার প্রশ্নে ডেপুটি মিনিস্টার মিঃ ভোঁসলে বলেছেন যে, বাংলার বাহিরে যেসমস্ত জমি চাওয়া হয়েছে, সেইসমস্ত জমি মানুষের বাসোপযোগী নয় এবং সেখানে কোন প্রকারের চাষাবাদ হ'তে পারে না। যেখানে ডেপুটি মিনিস্টার, রিফিউজি রিহ্যাবিলিটেশন, মহাশয়ের এই উক্তি সেখানে ও'রা জলাজংগলা স্থানে তাদের পাঠিয়ে দিচ্ছেন। আমরা বলেছি যে, বাংলার বাহিরে যদি পাঠাতে হয় তা হ'লে কোথায় পাঠাচ্ছেন, কি পরিকল্পনা সেখানে হয়েছে, জমি উন্নয়ন সেখানে হয়েছে কিনা ইত্যাদি সমস্ত বিষয় তাদের পাঠাবার পূর্বে দেখেশুনে আসলে এই বিপর্যয় ঘটতে পারে না।

[10—10-10 a.m.]

যে জমির মূল্য ১০০-১৫০ টাকা ছিল, সেই জমির মূল্য এখন ১,৬০০ টাকা কাঠা। দু' কাঠার দাম ৩,২০০ টাকা। এই পুনর্বাসনের জন্য দু' কাঠা আর দু' কাঠা অতিরিক্ত ৩,২০০, অর্থাৎ ৬,৪০০ টাকা। এই যদি দেয় তা হ'লে তারা পুনর্বাসন পাবে। এই যে সিলিং প্রাইস, এই প্রাইস সম্বন্ধে আমি জিজ্ঞাসা করতে চাই, কোন্ নীতির বলে এখানে মূল্য নির্ধারণ করা হচ্ছে? এদের কোন নীতি নেই।

তারপরে মাননীয় স্পীকার মহাশয়, জমি নাই, একথা এক এক সময়ে ও'রা বলেন। আমি ও'দের একজন সরকারী অফিসারের কথা বলছি। তিনি হচ্ছেন কৃষি-গবেষণা পরিষদের সহ-সভাপতি মেজর ব্যানার্জি। তিনি বলেছেন, পশ্চিমবাংলায় ২১ লক্ষ ১৮ হাজার বিঘা লোনা জমি আছে, যে জমি আবাদ করলে রিফিউজি পুনর্বাসন হ'তে পারে। একথা সরকারী কৃষি বিভাগের সহ-সভাপতি বলেছিলেন। তারপর তাদের পশ্চিমবাংলার বাইরে নিয়ে যাবার সময় তার ডেপুটি মিনিস্টার মিঃ ভোঁসলে বলেছিলেন, যেসব জমি বাংলার বাহিরে নেওয়া হয়েছে সেইসমস্ত জমি মানুষের বাসোপযোগী জমি নয়। সেখানে চাষ-আবাদ হ'তে পারে না। এটা

রিফিউজি রিহ্যাবিলিটেশনএর ডেপুটি মিনিস্টার মিঃ ভোঁসলের উক্তি। তাদের জলাজমিতে পাঠিয়ে দেওয়া হয়েছিল। সে জমির উন্নয়ন হয়েছে কিনা এসমস্ত জিনিস জানতে হবে। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টের মিঃ ভোঁসলের কথা উধৃত ক'রে দেখালাম যে, সেখানে পুনর্বাসনের ব্যবস্থা তো হয় নি, নির্বাসনেরও ব্যবস্থা হয় নি। এইভাবে সেখানে পাঠিয়েছে। সেখান থেকে বার বার রিফিউজিরা ফিরে এসেছে। গত ন'-দশ বছরের অভিজ্ঞতা নিয়ে মন্ত্রিমহাশয় যদি পুনর্বাসনের সুষ্ঠুভাবে ব্যবস্থা করবার জন্য জনসাধারণের সহযোগিতা নিতেন তা হ'লে আজকে এ দুর্দশা হ'ত না।

[At this stage the red light was lit.]

আমি এখনই আমার বক্তব্য শেষ করছি। আমি কয়েকটা সাজেশন দিচ্ছি, তাতে আর দু'-তিন মিনিট সময় লাগবে।

Mr. Speaker:

আপনার টাইম তো হয়ে গেছে।

Sj. Ambica Chakraborty:

আমার সাজেশন ক'টা হচ্ছে: (১) শিয়ালদহ স্টেশনে যেসব রিফিউজি আছে তাদের জন্য স্থায়ী আশ্রয়শিবির ক'রে তারা শিয়ালদহ স্টেশনে আসলে, আসার সংগে সংগে তাদের সেখানে নিয়ে যেতে হবে। যেসমস্ত বাংলার বাহির থেকে প্রত্যাগত রিফিউজি বাবুঘাট প্রভৃতি জায়গায় উন্মুক্ত স্থানে আছে তাদের সেখানে থাকতে না দিয়ে শিবিরে রাখতে হবে।

(২) উদ্বাস্তু সম্বন্ধে যে প্রমাণ সেই প্রমাণ আরও শিথিল এবং সহজসাধ্য করতে হবে।

(৩) রিফিউজি রিহ্যাবিলিটেশনএর ব্যাপারে সরকারী নীতি তা পরিত্যাগ ক'রে যুদ্ধকালীন অবস্থায় যেমন হয় সেই নীতিতে রিফিউজি রিহ্যাবিলিটেশনএর জন্য জমি উন্নয়ন এবং ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট করতে হবে এবং সে দায়িত্ব পুরাপুরি সরকারকে নিতে হবে, সেটা রিফিউজিদের উপর ছেড়ে দিলে চলবে না বা প্রাইভেট সেক্টরএর উপর ছেড়ে দিলেও চলবে না। সরকারকেই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ক'রে রিফিউজিদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে।

অনাবাদী জমিগুলির উদ্ধার যাতে ত্বরান্বিত হয় সেজন্য যুদ্ধকালীন অবস্থা বিবেচনা ক'রে সেগুলি রিক্লেম করতে হবে।

(৩) সমস্ত জবরদখল কলোনি যাতে আগামী এক বৎসরের মধ্যে রেগুলারাইজ করতে পারেন, সে ব্যবস্থাও করতে হবে।

(৪) সিলিং প্রাইস সম্বন্ধে যেসমস্ত মূল্য নির্ধারণ করা হচ্ছে সেই নির্ধারণ করাতে সেইসমস্ত রিফিউজিদের প্রতিনিধি নিয়ে এবং স্থানীয় প্রতিনিধি নিয়ে সেইসমস্ত সিলিং ধার্য করতে হবে।

(৫) আর রিফিউজি যারা আসছে তাদের প্রতি অন্যান্য জায়গায় অ্যাডমিনিস্ট্রেশনএর যে দুর্নীতি এবং অত্যাচারের অভিযোগ আছে সেইসমস্ত অভিযোগ সম্বন্ধে নির্বাচিত প্রতিনিধি নিয়ে সেইসমস্ত ক্যাম্প পরিচালনার ব্যবস্থা যাতে হয় সেইরকম কাজ করতে হবে।

(৬) সরকারের দোষে যেসমস্ত বায়নানামা আইনসিদ্ধ হয় নি, ক্যানসেল্ড হয়ে গিয়েছে, সেইসমস্ত বায়নানামায় টাকা যাহা নষ্ট হয়েছে তার ক্ষতিপূরণ দিতে হবে এবং তিন মাসের মধ্যে বায়নানামা যাতে কার্যকরী হয় তার ব্যবস্থা করতে হবে।

(৭) উদ্বাস্তু মুসলমানদের অর্থাৎ ডিসপ্লেসড মুসলমানদের পুনর্বাসনের সুষ্ঠু ব্যবস্থা অল্পদিনের মধ্যেই করতে হবে।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, by this statement the Hon'ble Minister purports to request this House to explain to the incoming refugees the need for them to go outside West Bengal so

that they may be able to rehabilitate themselves satisfactorily and settle down as citizens of India. Admittedly therefore her Government has failed to convince these refugees the utility of their being sent abroad. Further her party commands a brute majority in this House. The members of her party as well must have tried and failed to convince these refugees her plan to send them abroad. The entire statement is pretended and the facts and figures set out are all bogus. In one portion of the statement she has alleged that the refugees are not going outside West Bengal due to intervention of interested persons. She must say very frankly who are those interested persons. (The Hon'ble RENUKA RAY: Does the cap fit you?) You will speak after you have heard. Ministers should not interrupt in this way. That looks silly.

Mr. Speaker: That is a parliamentary retort.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: The point is that Government and Congress members have failed to persuade these refugees and that is why we have been approached to help her. We are not prepared to help her inasmuch as we have not been told the real facts regarding the tackling of the refugee problem. The entire thing has been kept concealed not only from us but from the people and whatever little information we get from time to time about the administration of the Refugee Rehabilitation Department and about the treatment meted out to the refugees we cannot but be shocked with horror. Sir, the refugees of course realise what is good to them and what is not. Even a lunatic is said to be conscious of what is good to him and what is not. Do not the refugees realise what is good to them and what is not? In the past the refugees had been dumped in the trains, they had been sent to unknown destination without being told before where they were being transported and only after arriving there they could for the first time come to know at what place they had come.

[10-10—10-20 a.m.]

They have not been given proper attention in those places. They were treated there very badly, very cruelly, and none of their needs were attended to. They were given land which could not be cultivated. They were not paid doles and moneys to feed them with the result that they had to come away, come away in distress, come away in misery. And after that has anybody any face to ask them to go back to those places? Sir, there is one officer who was Controller, P.L.I (Permanent Liabilities Institution), his name is Shri C. R. Das. His appointment was rejected by the Public Service Commission. Thereafter he was appointed Director, Dispersal Outside the State. Sir, may I know if he had ever been outside the State to know the actual state of things outside the State where these refugees are intended to be transported? Sir, my information is that he has not undertaken a single tour during his appointment. Why should we go to the refugees and say, "go to those uncertain places" without knowing how they will be treated there, how they will be rehabilitated there, what is in store for them there? It can very easily be done if the scheme is all right—to take a batch of them there, to convince that they will live there happily and if that is done and if they agree to it no force, no inducement would be necessary.

Sir, the benefits allotted to the refugees have been set out in an appendix. You will find, Sir, that for the purchase of a bullock a family would be given Rs. 400, for cattle fodder 19, for purchase of agricultural implements 200, for maintenance for a period of 6 months 300, for construction

of a house 600. But no mention has been made as to what land they will be given—where will they plough, where will they cultivate, what is the quantum of land proposed to be given to each of the families in Bihar. Have you ascertained it? Are you aware of it? You are not. There is *no arable land there.* I can tell you there is no land also available there. *Still you are sending them, paying them money for purchase of bullock,* fodder, etc., which they will eat up in no time. But there is no provision under the head of benefit as to the land for their homestead or as to the land for cultivation. Unless that is provided for, unless they are told that they will be given so much of land to live on and so much land to cultivate, how can the people go and induce them to go to Bihar?

Now Sir, the question was raised by us—we knew as the Government knew and as the Minister knows that there would not be sufficient land to accommodate the refugees in truncated West Bengal, and that is why we asked them to join hands with us in demanding more land from the Centre contiguous to West Bengal so that the Bengalees could live together side by side, so that the Bengalees could live in the State of West Bengal and not outside it. Why they did not join hands with us? Had they joined hands with us the history of West Bengal today would have been different.

Now Sir, what we should do is not to ask these people to go to other States but it is time for all of us including the Minister to claim more land from the Centre contiguous to West Bengal and these lands should be included in West Bengal. The step-motherly treatment of the Centre has become intolerable. The problem of the refugees from West Pakistan could be solved. Why could not the problem of the refugees from East Pakistan be solved? There are two factors, one is the lack of sympathy of the Centre and the other is the inefficiency of West Bengal administration. The whole administration is corrupt. You have got the Information Department. One day I went there incognito. Do you know what I found there? The Information Officer sits in a room within a room. I sent a slip. But he would not come out, he would not meet me. Hundreds of people were waiting there, poor refugees, and I gathered the information from them that for days in and days out they had been waiting there but nobody would listen to them as to their grievances They cannot get any information whatsoever as to where to go and what to do. I found one gentleman—he said he was Assistant Information Officer. He seemed to be pretty old. Whatever question is put to him he says, "go inside, I cannot say". This is how your administration is carried on. I could give you hundreds of instances of corrupt practice. It has become full of *dalals*, *dalals* for requisitioned lands, *dalals* for getting loan for rehabilitation. Unless money is paid to one or the other of the *dalals* nothing can be had from the department. It is high time that the Minister should wake up if she really wants to solve the problems of the Refugee Rehabilitation Department.

Now Sir, there is one little thing I want to mention. Sir, these figures were circulated—figures of refugee migration—there are figures for 12 months—if you add the figures up even there you will find there is a mistake. There is no basis for these figures. In one table certain officers have got certain figures of their own and as I said even in making additions there there are mistakes—there are discrepancies.

Now, Sir, about the question of lands, you say you have been trying very hard but you are not able to acquire land. You have even accused the High Court that various injunctions have been issued by that Court, and so you say lands could not be acquired. Do you know whatever is

done in the matter of acquisition of land in your department is done illegally and with ulterior object and for other considerations. This is a note from Shri A. K. Banerji, Deputy Director, Acquisition, a circular—this is a photostat—it says, "as we are not following the procedures to be adopted as per decisions of the Hon'ble High Court in the scheme files due to our ignorance of such decisions and as those procedures shall have to be followed, I request the Law Assistant to show all the important judgments connected with the adoption of such procedure to all the dealing assistants of the scheme files and the kanungoes as early as possible". Here is a clear admission that so far nothing was done legally following the decisions of the Calcutta High Court for acquisition of land in Calcutta. If you continue to do things illegally, naturally people will go to court and take steps and the result is that your problem is not solved.

[10-20—10-30 a.m.]

Now, Sir, about industrialisation. This is a very serious thing. We have been told that she is trying to get land, to reclaim land. There are schemes but she has failed altogether. She proposes to settle the refugees when the lands are reclaimed. That is the language in the statement, if I am right. Now the question is about this industrialisation of certain institutions for the provision of the refugees. We want to know from her clearly what she has done. She has to tell us today how many lakhs of rupees she has given and she has to name the industrialists to whom she has given the money, how much she is out of pocket, and what has happened to the moneys that were distributed so far and what has happened to those industries. Has a single refugee been employed in any such industry? You have allotted lakhs of rupees to various industrialists. You have made advances long ago. Have they done anything in return? You must name here today what amount you have paid to the industrialists and you must name the industrialists concerned.

Now, Sir, so far refugees were being sent to the Andamans. In the beginning the refugees felt quite nervous to go to that place. All concerned induced them to go there saying that a proper settlement can be had there. They went there in batches and gradually settled there. Why are these refugees not being sent to Andamans now? Is it because the Government of India has changed its policy? Is it because the Government of India does not want that the Bengalees should as a race consolidate in a particular place even in the Andamans? Why do you send them to Saurashtra, why do you send them to other places and not to Andamans? Is it the case of the Government that there is dearth of land in Andamans? I don't think so. Our information is that all refugees can be suitably settled in the Andamans along with the refugees already settled there. But the Government of India does not want that Bengalees as a race should reside in a particular place, be it Andamans. Sir, before we are called upon to ask the refugees to go to Saurashtra we want from the Minister an explanation as to why we cannot say to them that provision can be made for them in Andamans, why all these places should not be abandoned in preference to Andamans.

Now, Sir, about the refugees in Sealdah station and at Babughat, really they are not being treated as human beings. I could never think that a woman should have so hard a heart as not to look at these poor people in their acute distress. They are living like beasts, they are treated as beasts, and being one of the womenfolk who are naturally deemed to have an affectionate and soft heart she even refuses to see them or talk to them. Nobody enjoys a Ministry for all time to come. The Ministry will go some day or other. But she could be loved, she could be respected only if she

had gone to these people and if she had taken up measures to alleviate their distress in as short a time as possible. She seems to me to be completely apathetic towards these people. Sir, we want to know from her whether she will resettle temporarily the refugees in the Sealdah station and in Babughat first and then come to us to request us to do something to help her in the way she likes. Could not these refugees in Sealdah be taken to a camp? Could not a new camp be opened to take them there—because they are not willing to go to a place outside Bengal? It looks as though they must be taught a lesson, they must be left carelessly and helplessly in the Sealdah station until they are forced to go to some other place. This is the attitude which should not be entertained by a Minister of the State. Either she has to do something or she quits. We have tolerated this for a pretty long time. She has failed and failed miserably and no amount of eloquence will convince us that she is capable of doing any good to the refugees.

Dr. Kanailal Bhattacharya:

স্পীকার মহোদয়, পুনর্বাসনমন্ত্রী মহোদয়া আমাদের সামনে যে বক্তৃতা দিয়েছেন তারই স্টেটমেন্টএর কতকগুলি পয়েন্ট নিয়ে আমি আলোচনা শুরু করব। আমার পূর্ববর্তী বক্তারা যা ব'লে গিয়েছেন তা পুনরায় উল্লেখ না ক'রে আমি দু'-একটি কথা এ সম্পর্কে আপনার সামনে পেশ করতে চাই। প্রথম কথা, আজকে দেখা যাচ্ছে যে রিফিউজিদের পূর্ববঙ্গ থেকে আসা—রিফিউজি সমাগম কিছুটা ক'মে গেলেও এমন কিছু কমে নি যার দ্বারা নাকি সরকার বা দেশের জনসাধারণ সম্পূর্ণ নিশ্চিন্ত হ'তে পারে। যে পরিমাণ রিফিউজি আজ পশ্চিমবঙ্গে এসেছে বা আসছে, তাদের পুনর্বাসন পশ্চিমবঙ্গে হবে না—একথা সরকারপক্ষ থেকে আগে ঘোষণা করা হয়েছিল এবং সে ঘোষণাকে আজকে কার্যে পরিণত করতে গিয়ে তারা আর-একটা সমস্যার উদ্ভব করেছেন। সেটা হচ্ছে, শিয়ালদহ স্টেশনএ রিফিউজি কনজেশন বা ভিড়। যেসমস্ত রিফিউজি বন্ডএ সই দিচ্ছে না যে তারা পশ্চিমবঙ্গের বাইরে যেতে রাজী আছে, ঐ ধরনের বন্ড দিতে রাজী না হ'লে তাদের কোনরকমে ক্যাম্পএ পাঠাবার বন্দোবস্ত করা হবে না। মন্ত্রিমহাশয়া বলেছেন, ইন্টারেস্টেড পার্সন্স নাকি প্রোপাগান্ডা করে, যাতে রিফিউজিরা বাইরে না যায় এবং ঐ ধরনের বন্ডএ সই না করার জন্য তাদের নাকি ক্ষেপিয়ে বেড়াচ্ছে। আমি মন্ত্রি-মহোদয়াকে জিজ্ঞাসা করতে পারি কি, পশ্চিমবঙ্গের বাইরে যাবার ব্যাপারে আজ ক' বছর ধ'রেই তো তাঁরা ব'লে আসছেন, কিন্তু এই ক' বছর মধ্যে তাঁরা কতখানি জমি তৈয়ার করেছেন, কতখানি তাদের প্রিপেয়ার করতে পেরেছেন? পশ্চিমবঙ্গে যেসব রিফিউজি আসছে তাদিগকে বুঝাতে পেরেছেন যে, এখানে তাদের রিহ্যাবিলিটেশনএর সম্ভাবনা নেই? কি জন্য তারা কয়েকটা ইন্টারেস্টেড পার্সন্সএর কথা শুনছে, অথচ সরকারের কথায় কর্ণপাত করছে না? তার একমাত্র কারণ হচ্ছে, তারা চোখের সামনে দেখছে পশ্চিমবঙ্গের বাইরে যেসব রিফিউজিদের পাঠানো হয়েছিল তাদের কি দুরবস্থা হয়েছিল, যার জন্য তারা সেখান থেকে ফিরে আসতে বাধ্য হয়েছিল। এমনকি কলকাতা শহরে ফিরে এসে তারা লাঠি, গুলি, টিয়ার গ্যাসএর সম্মুখীন হয়েছিল। বিশেষ কারণ না থাকলে তারা এসব অসুবিধা ও বিপদের ঝুঁকি নিশ্চয়ই নিত না। এসব ঘটনা প্রতিদিন তারা দেখে এসেছে, খবরের কাগজে পড়েছে। কাজেই তারা আজ আর পশ্চিমবাংলার বাইরে যেতে রাজী নয়।

[10-30—10-40 a.m.]

আর একটা মস্ত বড় কথা আমরা শুনতে পাচ্ছি যে, ভারত সরকার এই পুনর্বাসনের সমস্ত দায়িত্ব গ্রহণ করেছেন। কাজেই ভারত সরকারেরই দায়িত্ব অন্যান্য স্টেটএ রিহ্যাবিলিটেট করার আমাদের এই সরকার তাদের এই দুর্বল নীতির ফলে ভারত সরকারের উপর এমন কোন চাপ দিতে পাচ্ছে না যার ফলে পশ্চিমবঙ্গের বাইরে যেসমস্ত রিফিউজি পুনর্বাসন করা হবে তার জন্য যে আবহাওয়া সৃষ্টির প্রয়োজন তা আজ পর্যন্ত হ'ল না। আমি জানতে চাই, আমাদের সরকার অত্যন্ত ভালভাবে বিবৃত করুন, কোন সরকার থেকে কত জমি পুনর্বাসন করার ব্যবস্থা হয়েছে। তাঁর স্টেটমেন্ট থেকে কি পাই? আজ পশ্চিমবঙ্গের বাইরে মাত্র আড়াই হাজার ফ্যামিলি, প্রায় বার হাজার লোককে রিহ্যাবিলিটেট করা হয়েছে, যেখানে দেড় লক্ষ থেকে দু'

লক্ষ লোক পশ্চিমবঙ্গে আসছে। মন্ত্রিমহোদয়ার বিবৃতি অনুযায়ী আমরা দেখতে পাচ্ছি, এখনও ১৭ লক্ষ লোককে রিহ্যাবিলিটেট করা হয় নি। এত বড় যেখানে সমস্যা সেখানে পশ্চিমবঙ্গের বাইরে বিভিন্ন রাজ্য সরকার থেকে মাত্র আজ পর্যন্ত বার হাজার লোকের পুনর্বাসনের অফার পাওয়া গেছে। এই অফার পেয়েই আমাদের রাজ্য সরকার লাফাচ্ছেন যে, বাইরে থেকে ডাক এসেছে এবং সংগে সংগে ভারত সরকার থেকেও ফতোয়া জারী করা হয়েছে, অমুক অমুক জায়গায় ২৫-৩০ হাজার রিফিউজি পাঠিয়ে দাও। বলি, সেখানে কি কোন সহানুভূতি আছে? কোন প্রচেষ্টা আছে? আমরা বলব, বিভিন্ন রাজ্য সরকার ভারত সরকারের কাছ থেকে টাকা নিয়ে সুষ্ঠুভাবে তাদের পুনর্বাসন না করাই হয়তো উদ্দেশ্য। আজ পর্যন্ত বাঙ্গালী বিদ্বেষ যেভাবে পশ্চিমবঙ্গের বাইরে প্রত্যেক জায়গায় আছে, বিশেষত নেবারিং স্টেটগুলিতে,—যেমন বিহারে ও আসামে, যেসমস্ত রিফিউজিকে বিহার, আসাম ও উড়িষ্যাতে পাঠানো হয়েছিল, তাদের সংগে সেখানে এমন ব্যবহার করা হয়েছে যার ফলে তাদের ফিরে আসতে হয়েছে। এসমস্ত দেখার পরও মন্ত্রিমহাশয়া আবার বলতে পারেন, এইসমস্ত রিফিউজি যতক্ষণ পর্যন্ত না সই করবে ততক্ষণ পশ্চিমবঙ্গের বাইরে পাঠানো হবে না এবং এরা সই করছে না তার কারণ হচ্ছে জনকতক ইন্টারেস্টেড পার্সন্স তাদের ঠেকিয়ে রাখছে। এটা সম্পূর্ণ বাজে কথা। তাদের নীতি আজ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এর প্রমাণ তারা সই করছে না।

দ্বিতীয় কথা বলছেন, পশ্চিমবঙ্গে জমি নাই। তার জন্য একমাত্র যুক্তি মন্ত্রিমহাশয়া দেখিয়েছেন যে, পশ্চিমবঙ্গে জনসংখ্যার ঘনত্ব হচ্ছে প্রতি বর্গমাইলে ৮৫০। আমাদের নেবারিং স্টেটে দেখছি, সেখানে প্রায় ৮০০ জন প্রতি বর্গমাইলে। তাই যদি হয় পশ্চিমবঙ্গে জমি পাওয়া সম্ভব হবে না কেন? আর নেবারিং স্টেটএই কি ক'রে সম্ভব হবে?

তারপর একথা আমাদের পরিষ্কার ক'রে বলে দিতে হবে—এই স্কীম আমরা নিয়েছি, এই স্কীম এতদূর সাক্সেসফুল হয়েছে। যে কথা আমাদের তরফ থেকে বারবার বলা হয়েছে সেটা হচ্ছে, এই যে পশ্চিমবঙ্গে সাব-মার্জিন্যাল ল্যান্ড যা আছে সেগুলি ডেভেলপ ক'রে বিলি-বন্দোবস্ত করার কথা। সেটা আমরা এখনও বলি যে, আপনারা যা বলছেন যে এখানে জমি নাই তাই যদি হয় তা হ'লে হিসাব দিয়ে আমাদের কনভিন্স করুন, রিফিউজিকে কনভিন্স করুন; নিশ্চয়ই পশ্চিমবঙ্গের বাইরে পাঠাবার কাজে আমরা তাদের সহায়তা করব।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার সামনে আমি আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে এই পুনর্বাসন ব্যাপারে যেসমস্ত রিফিউজিকে পশ্চিমবঙ্গে পুনর্বাসন করা হবে এটা ধ'রে নেওয়া হয়েছে, তাদের পুনর্বাসন করার ব্যাপারে গাফিলতী, বিলম্ব ও হ্যারাসমেন্ট করা হয়েছে। মাননীয় মন্ত্রিমহোদয়া আমাদের বলেছেন যে, প্রায় ৩ লক্ষ ৭৭ হাজার ফ্যামিলি রিহ্যাবিলিটেট করা হয়েছে। এখনও প্রায় তিন লক্ষ সাড়ে তিন লক্ষ আমাদের হিসাবে ফ্যামিলি রিহ্যাবিলিটেট করতে হবে। তার ভাষণের ভিতর দিয়ে বলেছেন—এ ছাড়া এগার হাজার মুশলিম যেসমস্ত রিফিউজি আছে তাদেরও পুনর্বাসন করা প্রয়োজন। আমি তাকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই। গত কয়েক বছর ধ'রেই শুনছি যে, এই রিফিউজিদের রিহ্যাবিলিটেট করার জন্য একটা স্কীম নেওয়া হয়েছে। দু'বছর হ'ল স্কীম চালু হয়েছে। কিন্তু আশ্চর্যের কথা, আজ পর্যন্ত সেই স্কীম কতদূর এগুলো সে সম্বন্ধে কোন তথ্য পেলাম না। অর্থাৎ আমরা যতটা জানি এই স্কীম অত্যন্ত ধীর গতিতে এগিয়ে চলেছে। এইভাবে যদি চলে এই এগার হাজার মুশলিম ভেকেটেড হাউস যেসমস্ত রিফিউজি আছে তাদের রিহ্যাবিলিটেট করতে অন্তত দশ বছর লাগবে।

কাজেই মন্ত্রিমহাশয়াকে জিজ্ঞাসা করি, হাওড়ায় যে পাঁচ হাজার ফ্যামিলি এরকমভাবে মুশলিম ভেকেটেড হাউসএ আছে, তাদের কতটা রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা তাঁরা করতে পেরেছেন? বায়নানামার কথা, যা অম্বিকাবাবু ব'লে গিয়েছেন,—অনেকে বায়নানামা করেছে, অনেকের ল্যান্ড পারচেজ লোনএর ব্যাপারে কাগজপত্র রিফিউজি ডিপার্টমেন্টএ রয়েছে, এক বছর ঘুরতে চলল, কিছুই করা হয় নি। কেউ কেউ হয়তো ল্যান্ড পারচেজ লোন পেয়েছে, ল্যান্ড কেনা হয়েছে, হাউস বিল্ডিং লোন পাচ্ছে না। এইভাবে গত দু' বছর ধ'রে টালবাহানা

করা হয়েছে এবং পাঁচ হাজার ফ্যামিলির মধ্যে সেখানে এক হাজার ফ্যামিলিও রিহ্যাবিলিটেটেড হয় নি। যে স্কীম নেওয়া হয়েছে তাতে শুধু হাওড়ার ব্যাপারে আমি বলতে পারি যে, তাদের রিহ্যাবিলিটেট করতে গেলে এখনও পাঁচ-সাত বছর লাগবে। যদি এইভাবে কাজ চলতে থাকে, তা হ'লে রিফিউজি রিহ্যাবিলিটেশনএর কাজ কোনদিনই এগুবে না এবং এর ফলে সমস্ত সিস্টেমটা ভেঙ্গে পড়বে, এই প্রবলেমএর কোন সলিউশন হবে না।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে দু'-একটা উদাহরণ দিয়ে এই রিফিউজি ডিপার্টমেন্টএ কিভাবে এক্জিকিউশন হচ্ছে সে সম্বন্ধে বলব। ১৯৫০ সালে মালদহ জেলায় প্রায় ৫০ হাজার রিফিউজিকে পাঠানো হয়েছিল রিহ্যাবিলিটেশনএর জন্য। যেসমস্ত মুশলিমরা মালদহ জেলা থেকে পাকিস্তানে চ'লে গিয়েছিল, তাদের জমিতে তাদের রিহ্যাবিলিটেট করানো হয়েছিল এবং ওখানকার সরকারী কর্মচারীরা কো-অপারেটিভ করবার নাম ক'রে তাদের কাছ থেকে টিপসই নিয়ে গভর্নমেন্টের কাছ থেকে টাকা ধার ক'রে কো-অপারেটিভ তৈরি করে এবং শেষ পর্যন্ত দেখা যায় যে, সমস্ত জিনিসটাই একটা জাল, ভুয়া। এই ব্যাপারটা সরকারের দৃষ্টিগোচর করা হয় এবং সেটা নিয়ে এখনও মামলা চলছে। যেহেতু এটা সাব জুডিস, সেই হেতু আমি এই বিষয়ে কিছু বলতে চাই না। তা হ'লেও এই ৫০ হাজার রিফিউজিদের কি ভাগ্য হ'ল তা একবার ভেবে দেখুন—তারা কিভাবে রিহ্যাবিলিটেটেড হবে? তাদের সম্বন্ধে মন্ত্রিমহোদয়া কি বিবেচনা করছেন সে সম্বন্ধে আমরা তাঁর কাছ থেকে জানতে চাই।

দ্বিতীয় হচ্ছে, এই মালদহ জেলার কোতোয়ালী এস্টেটের যিনি মালিক তিনি তাঁর জমি বাস্তুদের দু'-তিন বার ক'রে তাদের নামে বিক্রি করেছেন এবং সেইভাবে তাদের কাছ থেকে পয়সা নিয়েছেন। এই ব্যাপারটা ওখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ডিস্ট্রিক্ট রিলিফ অফিসারের কাছে বারবার জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত তার কোন কিনারা হয় নি, কারণ ঐ কোতোয়ালী এস্টেটের যিনি ওনার তিনি একজন বড় ব্যক্তি। এইভাবে পুনর্বাসনের নাম ক'রে জনকতক অসাধু ব্যক্তি যেভাবে সরকারী অর্থের অপচয় করছেন, তা মন্ত্রিমহোদয়া কতখানি রোধ করতে পেরেছেন সে সম্বন্ধে আমরা দু'-চারটা কথা ও'র কাছ থেকে শুনতে চাই।

[At this stage the blue light was lit.]

আর একটু সময় চাই, স্যার।

তারপর আমার শেষ বক্তব্য হচ্ছে, সরকারের পক্ষ থেকে ইন্ডাস্ট্রি ডেভেলপ করার ব্যাপার নিয়ে মাননীয় মন্ত্রিমহোদয়া বলেছেন যে, কটেজ ইন্ডাস্ট্রি এবং ইন্ডাস্ট্রির ভেতর দিয়ে রিফিউজিদের এমপ্লয়মেন্ট দেবেন। ছ' মাসে আগে শুনেছিলাম যে আট হাজারকে দেওয়া হবে, এইবার শুনছি ৮ হাজার ৩ শ'র মতকে দেওয়া হবে। সেটা কতদূর এগুলো সে সম্বন্ধে আমরা জানতে চাই। আর কটেজ ইন্ডাস্ট্রি সম্বন্ধে তাঁরা কি কি করেছেন, কতদূর কি প্ল্যান, পরিকল্পনা করেছেন, সে সম্বন্ধেও ও'র কাছ থেকে আমরা কিছু শুনতে চাই এবং এখানে ও'কে একটা কথা শুনিয়ে দিতে চাই যে, আজকে হাওড়া এবং কলিকাতার বহু রিফিউজি হকার এবং ফেরিওয়ালার কাজ নিতে বাধ্য হয়েছে। তার জন্য তারা সংগঠন করেছে, রিফিউজি ডিপার্ট-মেন্টএর কাছে গিয়েছে সাহায্যের জন্য, তাদের রিহ্যাবিলিটেশনএর জন্য। এইভাবে তারা যে কিছু কিছু রোজগার করছে সেই রোজগারে তাদের সাহায্য করা উচিত। কিন্তু সরকারের সেরকম কোন প্রচেষ্টা আমরা দেখছি না।

10-40—10-50 a.m.]

আগে ১০ টাকা লাইসেন্স ফী ও ৫ টাকা রিনিউআল ফী ছিল। এখন সরকার থেকে ৪০ টাকা লাইসেন্স এবং ২০ টাকা রিনিউআল ফী করা হচ্ছে। এই যে অপচেষ্টা হচ্ছে এর বিরুদ্ধে রিফিউজি হকার্সদের পক্ষ থেকে বারবার মন্ত্রিমহাশয়া এবং রিফিউজি ডিপার্টমেন্টএর কাছে জানানো সত্ত্বেও এর কোন প্রতিকার হয় নি। কাজেই এভাবে যদি কাজ চলতে থাকে তা হ'লে আমরা মনে করি, এদের পুনর্বাসন হওয়া অসম্ভব হবে। শুধু তাই নয়, কোটি কোটি টাকা স্টেটএর খরচ হবে, কিন্তু রিফিউজিদের পুনর্বাসনএর যে সমস্যা সেই সমস্যাই থেকে যাবে।

Sj. Bejoylal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা এই উদ্বাস্তু সমস্যা নিয়ে অনেক কথা বলেছেন। এবং তাঁরা যেসমস্ত কথা বলেছেন তার মধ্যে সত্য নাই, এরকম কথা আমি কখনই বলি না। আমরা এখানে যাঁরা কংগ্রেসপক্ষের সদস্য আছি, আমরা সমালোচনাতে কখনই ভয় করি না। আমরা ইমার্সনএর কথায় বিশ্বাস করি—এ ফ্রেন্ড ইজ এ বিউটিফুল এনিমি। বন্ধু যিনি তিনি এনিমি হ'তে পারেন, কিন্তু

He is an enemy but a beautiful enemy.

যিনি সমালোচনা করবেন, তিনি স্তুতিগান করবেন না। যিনি স্তুতিগান করেন তিনি বন্ধু নন; যিনি সমালোচনা করেন তিনিই প্রকৃত বন্ধু লোক। এখানে বিরোধীপক্ষের বন্ধুদের বক্তৃতা শুনে এটুকু মনে হয়েছে যে, তাঁরা এনিমি বটে, তবে ঠিক বিউটিফুল এনিমি কিনা বলতে পারি না। কারণ, এঁদের অনেক কথার ভিতর দিয়ে মিথ্যা সমস্যা সৃষ্টি হয়েছে। এঁদের ভাষণ অনেক জায়গায় অতিভাষণ হয়েছে। আরও একটা জিনিস আমি এখানে শুনেছি। নানা ফিগার দিয়ে এবং অন্যান্য অনেক দিক থেকে সত্য কথা বললেও তাঁদের ভাষণে সহানুভূতি ও দরদের অভাব বিশেষভাবে ফুটে উঠেছে। আমার বন্ধুদের আমি এটা বলতে চাই যে, উদ্বাস্তু সমস্যাই আজকে বাংলাদেশের কঠিনতম সমস্যা। প্রত্যেক মাসে ২৫ হাজার ক'রে রিফিউজি পূর্ববঙ্গ থেকে সর্বহারা হয়ে পশ্চিমবঙ্গে, খণ্ডিত বঙ্গে আসছে। এই ২৫ হাজার লোকের সমস্যা সমাধান করা কি কঠিন সেটা যাঁরা অ্যাডমিনিস্ট্রেশন চালান তাঁরা ভাল ক'রে বুঝতে পারেন। এঁদের যে উদ্বাস্তুদের প্রতি কোন সহানুভূতি নাই এমন কথা আমি বলব না। নিশ্চয় এঁদের সহানুভূতি আছে। কারণ, তাঁরাও মানুষ, মানুষের প্রতি মানুষের যেটুকু সহানুভূতি থাকা স্বাভাবিক, তা এঁদের নিশ্চয়ই আছে। কিন্তু কেবল গুড উইশএ কাজ হয় না। ইংরাজীতে একটা কথা আছে—

Hell is proverbally paved with good wishes

কিন্তু সেই শুভ ইচ্ছাকে কার্যকরী করবার জন্য উপযুক্ত কর্মপ্রচেষ্টা থাকা চাই। তাঁদের মধ্যে কংক্রিট ডীডসএর অভাব হয়েছে। তাঁদের ভিতর আমরা এটা দেখছি যে, খানিকটা পরিমাণ বক্তৃতা দেওয়ার চেষ্টা হচ্ছে, কিন্তু সাধারণভাবে শান্ত মন নিয়ে প্রকৃত দৃষ্টি নিয়ে সহযোগিতার মনোভাব নিয়ে কি ক'রে এই বিরাট সমস্যার সমাধান করা যায় সেই প্রচেষ্টার, সেই স্থৈর্যের ও সহযোগিতার মনোভাবের অভাব আজকে বড় স্পষ্ট হয়ে উঠেছে। এটা নিশ্চয়ই সত্য যে, আজকে যে বিপুল সমস্যার সম্মুখীন হ'তে হয়েছে, এই সমস্যার সমাধান করতে হ'লে শুধু কংগ্রেস বা গভর্নমেন্টএর চেষ্টায় হবে না। আমাদের সকলকে দলমতনির্বিশেষে হাতে হাত মিলিয়ে প্রাণের সঙ্গে প্রাণ মিলিয়ে কার্যক্ষেত্রে অগ্রসর হ'তে হবে। সমালোচনা ও'রা নিশ্চয়ই করবেন এবং কংগ্রেসপক্ষও নিশ্চয়ই ভুল করবে। কারণ, কংগ্রেস গভর্নমেন্ট যাঁদের দ্বারা রচিত তাঁরা তো স্বর্গের দেবদূত নন, তাঁরা মর্ত্তেরই লোক, তাঁরা মানুষ। সুতরাং ভুল তাঁরা নিশ্চয়ই করবেন। ভুল ধরার দাবি নিশ্চয়ই করতে পারা যায়। তার জন্য ধন্যবাদ দেব। কিন্তু আমি সঙ্গে সঙ্গে এই অনুরোধও করব যে, এটাকে কেবল রাজনৈতিক সমস্যা হিসাবে দেখবেন না। এটাকে দেখবেন হিউম্যান প্রবলেম অর্থাৎ মানবিক সমস্যা হিসাবে। এবং এই সমস্যার সমাধান করতে হ'লে যে দরদ, যে প্রাণশক্তি থাকা দরকার, সেই দরদ ও প্রাণশক্তি ও কর্মশক্তি আমরা নিশ্চয়ই এঁদের কাছ থেকে আশা করব। আমার এক বন্ধু বলেছেন, গভর্নমেন্ট কিছুই করেন না, দি হোল অ্যাডমিনিস্ট্রেশন ইজ করাপ্ট। পৃথিবীতে অনেক সহজ কাজ আছে। এদের মধ্যে সহজতম কাজ হচ্ছে অন্যকে কনডেম করা। এঁরা তো কেউ এঞ্জেল নন, এঁদের মধ্যেও অনেক কিছু ইমপারফেকশন আছে। কিন্তু এঁদের মধ্যে শুধু কন্ডেমনেশনএর মনোভাবই দেখতে পাই। আমি বলতে চাই, যদি সমস্ত সিস্টেমই করাপ্ট হয়, তবে আজ পর্যন্ত পশ্চিম-বাংলায় যে লক্ষ লক্ষ রিফিউজি এসেছে তারা কি শুধু পথে পথেই ঘুরে বেড়াচ্ছে? তা কখনই নয়। আমি আমার জেলার কথা বলতে পারি। অন্যান্য জেলার কথা বলতে পারি না। আমি জানি, নদীয়া জেলায় আগে যেখানে মানুষ ছিল না, জঙ্গল ছিল, সেখানে আজকে মানুষের কণ্ঠস্বর শোনা যাচ্ছে। আজ সেসব জায়গা শস্যশ্যামল শস্যক্ষেত্রে পরিণত হয়েছে। যারা সেখানে বসেছে তারা গৃহস্থের মত আনন্দময় জীবন যাপন করছে। কুপার্স ক্যাম্পে যে কোনরকম দুর্নীতি নাই, একথা আমরা বলি না।

[10-50—11 a.m.]

যেসমস্ত লোক দুর্নীতির কাজ করছে, করাপশন যাদের মধ্যে আছে, তারাও আমাদের সমাজেরই লোক। কেবল গভর্নমেন্টএর কর্মচারীরাই করাপ্ট এবং কংগ্রেসের সব লোকগুলিই করাপ্ট আর আপনারা সব নিষ্কলঙ্ক—এইটাই কি আমাদের বিশ্বাস করতে হবে? আমি এটা কি ক'রে বিশ্বাস করব যে, এইসমস্ত লোকগুলিকে করাপ্ট ব'লে যাঁরা সমালোচনা করলেন, তাঁরা মঙ্গল গ্রহ থেকে আমাদের মর্ত্যভূমিতে নেমে এসেছেন এবং তাঁরা আমাদের সমাজের লোক নয়? দু'শো বছর ধ'রে ব্রিটিশ অ্যাডমিনিস্ট্রেশন নানা রকমে জাতির নৈতিক মেরুদণ্ড ভাঙ্গবার চেষ্টা ক'রে এসেছে তার জের কি এই সাত বছরে কাটাতে পারব? সমাজের ইকনমিক ব্যবস্থার উন্নতি আপনাদেরই আনতে হবে, আমাদের মার্কিস্ট বন্ধুরা, যাঁরা ওখানে ব'সে আছেন, তাঁরা কি এটা জানেন না যে, সমাজে মানুষ খারাপ হয়, ভাল হয় তার জন্যে এনভাইরনমেন্টই দায়ী? তাঁরা কি জানেন না, দু'শো বছর ধ'রে ব্রিটিশ অ্যাডমিনিস্ট্রেশন যেভাবে আমাদের সমগ্র সমাজের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে, সেই ঘুণধরা মেরুদণ্ডকে সোজা করতে আমাদের বহুদিন ধ'রে চেষ্টা করতে হবে?

স্পীকার মহোদয়, আমার একজন বন্ধু উত্তেজনার বশে বলেছেন, বাংলাদেশের সব লোককে বাংলার বাইরে পাঠানো হ'লে তাদের নির্বাসন দেওয়া হবে। কিন্তু বাংলাদেশের যুবকেরা, বাঙ্গালী ভাইরা বাংলাদেশের বাইরে যেতে কখনও ভয় করেছে কি? তাদের সম্বন্ধে গান পর্যন্ত রচনা হয়ে আছে—

"একদা যাহার বিজয় সেনানী হেলায় লঙ্কা করিল জয়।"

ডি, এল, রায়ের এই গান সবাই ভাল ক'রেই জানেন। একথা কি তিনি মিথ্যা ব'লে গিয়েছেন যে, বাংলার মানুষ বাংলার সীমান্তের বাইরে চ'লে গিয়েছে, বাঙ্গালী একদিন দেশ-দেশান্তরে অভিযান করেছে এবং তার প্রতিভার গুণে সকল প্রদেশে শীর্ষস্থান অধিকার করেছে? বাঁশ-ঝাড়ের ছায়ায় ঘর-গৃহস্থালী নিয়ে শান্তশিষ্ট জীবন যাপন ক'রে বাঙ্গালী কখনও পরিতৃপ্ত থাকে নি। সুতরাং আজকে যদি ও'রা মনে ক'রে থাকেন যে, এই খণ্ডিত বাংলায় বাঙ্গালী থাকবে এবং তারা বাংলার বাইরে কোথাও যাবে না, শান্ত, সুবোধ বালক হয়ে আম্রবনের ছায়ায় তারা নিশ্চিন্ত জীবন যাপন করবে, তা হ'লে বলব—সেটা আনরিয়্যাল, অলীক স্বপ্ন দেখছেন তাঁরা। আজকের সমস্যার সমাধান আমাদেরই করতে হবে এবং তা করতে গেলে আমাদের বাস্তবের সম্মুখীন হয়ে অকুতোভয়ে এই সমস্যার সমাধানে অগ্রসর হ'তে হবে। এর জন্য সমুদ্রপারে যদি যেতে হয়, যদি পর্বত লঙ্ঘন করতে হয়, দেশ-দেশান্তরে যেতে হয়, তার জন্য প্রস্তুত থাকতে হবে। অর্থাৎ আমাদের এই স্পিরিট অফ অ্যাডভেঞ্চার নিয়ে কাজে নামতে হবে। ও'রা যে মনোভাব নিয়ে চলেছেন, ঐরকম স্বপ্নবিলাসী মন নিয়ে চললে এই বিরাট সমস্যার কখনও সমাধান করা যাবে না। আমার শেষ কথা, ও'রা বায়নানামার ব্যাপার নিয়ে বলেছেন। আমরা নাকি এ সম্বন্ধে কিছুই করি নি। কিন্তু আমরা জানি, ২৮ হাজার বায়নানামা যারা করেছিল তাদের মধ্যে প্রায় ২২ হাজার বায়নানামা ডিসপোজড্ অফ করা হয়েছে। তা ছাড়া ১২ হাজার লোককে ল্যান্ড পারচেজ লোন আমরা দিয়েছি। আর যেসমস্ত ক্ষেত্রে ল্যান্ড পারচেজ লোন দিতে পারা যায় নি, তার দু'টা কারণ আছে। একটা কারণ হচ্ছে, কে ল্যান্ড ওনার্স তা ঠিক হয় নি, আর দ্বিতীয় কারণ হচ্ছে, ভারত সরকারের মতে যারা স্কোয়াটার্স, যারা রিয়াল বোনা ফাইডি রিফিউজি, তাদের ছাড়া আর কাউকে লোন দেওয়া যাবে না। আমার শেষ কথা হচ্ছে, স্পীকার মহোদয়, আপনি খুব উচ্চ অন্তঃকরণের ব্যক্তি, আপনি ওখানে ব'সে আছেন, আপনার মাধ্যমে বিরোধীপক্ষের বন্ধুদের কাছে একটা ভাল কথা পৌঁছে দিতে চাই। ও'রা যেসমস্ত সমালোচনা করেন তাতে আমরা ভয় পাই না; কংগ্রেস গভর্নমেন্ট এবং কংগ্রেস কর্মীরা যদি দোর্দণ্ডপ্রতাপ ব্রিটিশ গভর্নমেন্টকে এদেশ থেকে তাড়িয়ে দিতে পারে, এত বড় সমস্যার যদি তারা বিনা অস্ত্রে সমাধান করতে পারে, তা হ'লে এই রিফিউজি সমস্যার সমাধানও তারা করতে সক্ষম হবে। যে সাহস, যে উদ্যম, যে বৈপ্লবিক মন নিয়ে কংগ্রেসের লক্ষ লক্ষ কর্মীরা ব্রিটিশ গভর্নমেন্টকে শেষ করেছে, সেই সাহস ও উদ্যম নিয়ে বর্তমান রিফিউজি সমস্যারও সমাধান তারা নিশ্চয়ই করবে। এই ব্যাপারে আমার বিরোধী বন্ধুদের কাছে এই নিবেদন,—আসুন, সবাই একসঙ্গে হাত মিলিয়ে কাজ করি। "এ ফ্রেন্ড

ইজ এ বিউটিফ্‌ল এনিমি।" আপনি যদি সুন্দর শত্রু হন তাতে কিছু আসে যায় না, কিন্তু আপনি দরদী, সহযোগিতার মন নিয়ে আসুন, আর প্রাণের সঙ্গে প্রাণ এবং হাতের সঙ্গে হাত মিলিয়ে চলুন, এই বিরাট সমস্যার সম্মুখে দাঁড়াই। আপনাদের সহযোগিতা পেলে নিশ্চয়ই এই সমস্যার সমাধান আমরা করতে পারব। জয় হিন্দ!

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমরা ভেবেছিলাম, এত বড় একটা প্রশ্ন যেখানে সেখানে কংগ্রেসের পক্ষ থেকে একজন বাস্তববাদী সভ্যকে দাঁড় করানো হবে, কিন্তু দেখলাম বাছাই ক'রে উঠলেন একজন কবি—কবিপ্রবর বললেও তাতে অসংগত হয় না। বাস্তবের সঙ্গে তাঁর কোন সম্পর্কই নেই। তিনি বললেন, কংগ্রেসীরা ভয় করে না। আমরা অবশ্য তা জানি। কথায় আছে—লজ্জা, ঘৃণা, ভয়, তিন থাকতে নয়। তাঁরা তো সব দেবতা, একেবারে মহাপুরুষ, কিন্তু ভয় তাঁদের আছে, লজ্জা, ঘৃণাটাই বহুদিন আগে বিসর্জন দিয়েছেন। কবিপ্রবর চার্জ করলেন যে, বিরোধীপক্ষ এমন কোন কর্মপন্থার সন্ধান দিতে পারেন নি যাতে এই বিরাট সমস্যার সমাধান হ'তে পারে। যাই হোক, ভেবেছিলাম কবিবর হয়তো একটা ম্যাজিক, একটা ভেল্কির খেলা দেখিয়ে দেবেন যাতে আমরা কিছু সমস্যার সমাধানের পথ পাব। কিন্তু তাঁর সমস্ত বক্তৃতার মধ্যে নতুন একটা থিসিস বের করলেন যে, কংগ্রেসীরা তো দেবতা নন যে, সমস্যা দেখা দিলেই সঙ্গে সঙ্গে সব সমাধান ক'রে দিতে পারেন। সেকথা আমরা সকলেই জানি যে, আমাদের কংগ্রেসী বন্ধুরা স্বর্গের দেবতা মর্ত্যে এসে নেমেছেন, তা নয়। তাঁরা মানুষ, কিন্তু ঠিক সেইজন্যেই তাঁদের কাছে মানুষের মত ব্যবহার তো প্রত্যাশা করতে পারি। যাক, এসব কথা ব'লে লাভ নেই, আসল কথায় আসি। স্পীকার মহোদয়, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্তা মন্ত্রিমহোদয়া দীর্ঘ বক্তৃতা দিয়েছেন এবং নিজেদের অক্ষমতা ঢাকবার জন্যে বলেছেন যে, কতকগুলি স্বার্থসংশ্লিষ্ট লোক শিয়ালদহ স্টেশনের উদ্বাস্তুদের বাইরে পাঠাতে বাধা দিচ্ছেন। আবার বলেছেন, উদ্বাস্তু পুনর্বাসন সম্পূর্ণ করা সম্ভব হয় নি, কারণ আইনের কতকগুলি বাধা, হাইকোর্টের মামলা, তারপর ল্যান্ড অ্যাকুইজিশনএ অসুবিধা ইত্যাদি অন্তরায়ের সৃষ্টি করেছে। আবার বলেছেন যে, বাইরে যাদের পাঠিয়েছিলেন—যেমন উড়িষ্যায়, তারা ফিরে এসে সমস্যা সমাধানের পথকে জটিল থেকে জটিলতর করেছে। সুতরাং কি আর করবেন? আমরা বলি অক্ষম, অশক্ত হস্ত নিয়ে কাজ চলে না। আশু ব্যবস্থা করার প্রয়োজন এবং সেইভাবে ব্যবস্থা করতে হবে, নতুবা সমস্যা সমাধান কোনকালেই হবে না। প্রতি বছর যখনই এক-একবার প্রচন্ডভাবে উদ্বাস্তুর আগমন শুরু হয় তখন কাজ করব, নিশ্চয়ই করা হবে ইত্যাদি প্রতিশ্রুতি একটা পাওয়া যায়। তারপরে আর কিছু জানতে পারি না। আমি বলতে চাই যে, শিয়ালদহ স্টেশনে যারা এসেছেন তারা বাইরে যাবেন কি না যাবেন সেটা পরের কথা। যতদিন তা স্থির না হয় ততদিন কি সরকারের তাদের উপর কোন দায়িত্ব নেই? ততদিন কি তাদের ঐ স্টেশনে প'ড়ে শিয়াল-কুকুরের মত মরতে হবে? তারা মানসিক, শারীরিক কষ্ট ভোগ ক'রে, জীবন বিপন্ন ক'রে শিয়ালদহে প'ড়ে আছেন—এটা কি একটা মর্মান্তিক ব্যাপার নয়?

[11—11-10 a.m.]

আজ পর্যন্ত কোন মানুষকে আমি এরকম দেখি নি যে, নিজের আশ্রয় পরিত্যাগ ক'রে, পরের কথা শুনে স্ত্রী-পুত্র-পরিবার নিয়ে রাস্তায় রাস্তায় প'ড়ে থাকবে। মানুষ তখনই পরের কথা শোনে যখন অপরে তাকে সুখের সন্ধান দেয়। সুতরাং এক্ষেত্রে তাঁরা পরের কথায় আশ্রয় ত্যাগ ক'রে চ'লে এসেছে—এ অতি অগ্রাহ্য কথা। অতএব সরকারের তথা মন্ত্রিমহোদয়ার সর্ব প্রথম কর্তব্য হচ্ছে, আজ থেকে সাত দিনের মধ্যে শিয়ালদা স্টেশনের সমস্ত উদ্বাস্তুকে সেখান থেকে নিয়ে গিয়ে ক্যাম্পএ রাখতে হবে। তারপরে তাদের সেই পরিবর্তিত পরিবেশে মানসিক অবস্থা স্থির হবার পর তাদের সঙ্গে পরামর্শ ক'রে তারা যেতে চায় কিনা, না যেতে চাইলে না যাবার হেতু কি জেনে নিয়ে, কোন্ শ্রেণীর লোককে কোথায় পাঠানো হবে, সেটা স্থির করতে হবে। তা না ক'রে সরকার যদি তোমাদের যেতেই হবে,. নইলে তোমাদের সঙ্গে কোন সম্পর্ক নাই, তোমাদের সম্বন্ধে আমাদের কোন দায়িত্ব নাই, তোমাদের খাওয়াপরার ব্যবস্থা

আমরা কিছুই করব না—সেটাই হৃদয়হীনতার কাজ হবে,—ওখান থেকে কবিবর যে হৃদয়হীনতার কথা বলেছেন। বিরোধীপক্ষেরা হৃদয়হীন নন, কিন্তু তাঁরা হৃদহবানদের কাছ থেকে এইটুকু সহৃদয়তা আশা করতে পারেন। অন্ততঃ তাঁরা একটা বলিষ্ঠ নীতি গ্রহণ ক'রে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

তারপর চরবেতিয়ার অবস্থা সম্পর্কে সরকারপক্ষের কোন উপযুক্ত ব্যক্তি কি যথারীতি তদন্ত ক'রে দেখেছেন? উদ্বাস্তুরা কেন, কি জন্য ফিরে এসেছে? তারা কি সুখে এসেছে? যারা ফিরে এসেছে তারা নাকি চরবেতিয়ায় নিজস্ব ক্যাম্পএ থাকত। তাদের উপর টিয়ার গ্যাস হয়েছে, লাঠি চার্জ হয়েছে, কিন্তু আজ যে অবস্থায় তারা রাস্তায় প'ড়ে আছে তাতে স্পষ্ট বোঝা যায় তারা শখ ক'রে আসে নি; তারা তখনই এসেছে যখন তারা দেখল যে, বেহারে বা উড়িষ্যায় থেকে জীবন রাখা সম্ভব নয়। জীবন তাদের সংকটপূর্ণ হয়েছিল ব'লে তারা অতিষ্ঠ হয়ে উঠেছিল ব'লেই তারা চ'লে এসেছে। যখন তাদের জীবিকার্জনের পথ রুদ্ধ হ'ল তখন তারা বাধ্য হয়ে পশ্চিমবাংলায় এসেছে জীবনধারণের শেষ চেষ্টা করবার জন্য। সুতরাং যখন বলা হয়, তারা ফিরে এসেছে ব'লে সরকারের দায়িত্ব নাই—একথা বলা ভুল।

দ্বিতীয় কথা, পশ্চিমবাংলায় স্থানাভাবের জন্য রিফিউজিদের বসবাসের ব্যবস্থা করা যেতে পারে না—একথা আমরা স্বীকার করি না। এবং স্থানাভাবের এই অজুহাত শুনতে আমরা রাজী নই। সুতরাং অনতিবিলম্বে স্টেটএর যেখানে যে জমি রয়েছে বা গভর্নমেন্টএর খাসমহল প্রপার্টি রয়েছে, সেইসব জায়গায় সরকারের নিজ খরচায় নূতন নূতন কলোনি গ'ড়ে তুলতে হবে। আমরা গভর্নমেন্ট কর্তৃক ইন্ডিভিজুয়াল লোন দেবার কথা শুনেছি। তাঁরা কিস্তিতে কিস্তিতে লোন দেন, সুতরাং তা পাওয়ার সঙ্গে সঙ্গে সংসার খরচ ক'রে আর কিছু তাদের পক্ষে সম্ভব হয় না। সুতরাং স্থায়ী ব্যবস্থা যদি করতে হয় ঐরকম ইন্ডিভিজুয়াল লোন না দিয়ে আমরা যা পুনঃপুনঃ ব'লে আসছি,- স্থান নির্ধারণ ক'রে, প্রত্যেকটা জায়গা শহরের নিকটবর্তী স্থানে নির্ধারণ করতে হবে, যাতে তারা কাজকর্ম করতে পারে সেই ব্যবস্থা ক'রে গভর্নমেন্ট নিজের খরচায় কলোনি করুন। ঐ কিস্তিতে কিস্তিতে ইন্ডিভিজুয়াল লোন দেওয়া ছাড়া আর কোন ব্যবস্থা করতে দেখতে পাচ্ছি না, কিন্তু এতে মানুষকে বাঁচানো যায় না।—যেমন নাকি তাঁরা ট্রান্সপোর্টএর জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কয়েক লক্ষ টাকা নিয়ে বাস কিনেছেন, ঠিক সেইভাবে যেখানে যেখানে বিগ ইন্ডাস্ট্রি রয়েছে সেখানে সেখানে রিফিউজিরা যাতে কাজ পায়, সেই ব্যবস্থা অনতিবিলম্বে সেন্ট্রাল গভর্নমেন্টএর সাহায্যে করা দরকার রয়েছে। কেবল স্কীমএর পর স্কীম ক'রে সময় নষ্ট করলে চলবে না। স্পীকার মহাশয়, এ সমস্যা একদিনের সমস্যা নয়। আমরা মনে করি, পূর্ব পাকিস্তানে একটি হিন্দুও থাকতে পারবে না। সুতরাং সেখানকার সমস্ত লোকের জন্যই ব্যবস্থা করতে হবে। কালকের "আনন্দবাজার পত্রিকা" দেখে থাকবেন। বনগাঁয়ের ৬০ মাইল জুড়ে কি কারবার চলছে তা কল্পনা করা যায় না। হিন্দু উদ্বাস্তুদের সঙ্গে সঙ্গে পাকিস্তানের মুসলমান উদ্বাস্তুও হাজারে হাজারে ভারতবর্ষে অনুপ্রবেশ করছে। তাদের মধ্যে কেউ কেউ হয়তো ধরা পড়ছে। পাসপোর্ট ও ভিসা না থাকার জন্য আইন ভায়োলেট করায় কারও কারও সাজাও হচ্ছে, কিন্তু তারা বলছে—দুই-এক মাস জেলে যাব, তবু ভারতবর্ষে আমরা স্থায়ীভাবে বাস করব। তাই বলছি, গভর্নমেন্টকে শক্ত নীতি নিতে হবে। ঐ বনগাঁয়ের অরক্ষিত অবস্থার সুযোগ নিয়ে চোরা-কারবারী পাকিস্তানী মুসলমান হাজারে হাজারে আসছে। সেখানে মিলিটারি পিকেট রাখবার দরকার আছে। সেখানকার চিত্র যা তা "আনন্দবাজার পত্রিকা"র নিজস্ব রিপোর্টাররা ঘুরে ঘুরে তথ্য সংগ্রহ করেছেন। তাঁরা লিখেছেন—এদিকে একটা পুলিস-ক্যাম্প, তার খড়ের ঘর তো ভেঙ্গে পড়ছে; আর ওদিকে পাকিস্তানের মিলিটারি-ক্যাম্প রয়েছে, তার অ্যাসবেস্টসের ঘর চমৎকার—সেটা আর এক রকম। এ'রা কত লক্ষ লক্ষ টাকা খরচ করেন, কিন্তু আশ্চর্যের ব্যাপার সীমান্তরক্ষার তেমন কোন ব্যবস্থা নাই। সেখানে অনতিবিলম্বে সক্রিয় ব্যবস্থা অবলম্বন করতে হবে, যাতে পাকিস্তান থেকে একটা মুসলমানও ভারতবর্ষে অনুপ্রবেশ না করতে পারে তার ব্যবস্থা করতে হবে। সমস্ত হিন্দু পূর্ববঙ্গ থেকে আসতে বাধ্য হবে, তা আমরা জানি—ও'রা স্বীকার করুন আর নাই করুন। এর জন্য যা সক্রিয় ব্যবস্থা, যা আমাদের কবিবর চেয়েছেন, সে হচ্ছে শত্রুর আগমন বন্ধ করবার কাজ। বাঙ্গালী ভয় করে না। আমি জানতে

চাই, কংগ্রেসী বন্ধুরা বাঙ্গালী কিনা এবং তারা ভয় করেন কিনা? একটা কথা,—এ আমার কথা নয়, সর্দার প্যাটেল তাঁর জীবিত অবস্থায় বলেছিলেন—পূর্ববঙ্গ থেকে যদি এইভাবে সংখ্যালঘুর আগমন চলতে থাকে তা হ'লে পদ্মার ধার পর্যন্ত জায়গা আমাদের ছেড়ে দিতে হবে—

That is the only solution and permanent solution.

একথা আমরা বহুবার বলেছি এবং কিছুদিন পূর্বে পার্লামেন্টএ কংগ্রেসপক্ষীয় সদস্য রাধানাথ কাসেমজী এই কথাই ঘোষণা করেছেন যে, যদি পূর্ববঙ্গের হিন্দুদের রক্ষা করতে হয়, তা হ'লে ফার্দার ল্যান্ড চাই। যেমন সুধীরবাবু বলেছেন, পশ্চিমবঙ্গকে আরও বৃহত্তর করবার প্রয়োজন আছে, বেহার এবং আসামের বঙ্গ-ভাষাভাষী অঞ্চল চাইবার প্রয়োজন আছে। আমরা চেয়েছিলাম সেইসমস্ত অঞ্চল পশ্চিমবাংলার সঙ্গে যদি সংযুক্ত হয়, তা হ'লে রিফিউজিরা বাংলার আবহাওয়া ও বাঙ্গালী কর্মচারিদের মধ্য দিয়ে, বাঙ্গালী মনোভাবের মধ্য দিয়ে তাঁরা যেটুকু পাবার তা পায় না। একথা মনে করত না যেভাবে বেহারে এবং সৌরাষ্ট্রে গিয়ে তারা মনে করছে বা মনে করবার সম্ভাবনা রয়েছে। আমি এর সঙ্গে ফার্দার অ্যাড করছি, গত বারেও আমি বলেছিলাম—সেখানকার সমস্ত লোককেই আসতে হবে, পদ্মার পার পর্যন্ত জায়গা আমাদের চাই, নইলে এ সমস্যার সমাধান হবে না। পদ্মার পার পর্যন্ত জায়গার দাবি করতে ভারত সরকারকে বলতে হবে। সেজন্য সক্রিয় ও সরল নীতি অবলম্বন করতে হবে। নইলে দু' হাতে ঊর্ধ্বপুচ্ছ মুক্তকচ্ছ হয়ে প্রেম বিলানোর নীতিতে ভারতবর্ষের উদ্বাস্তু সমস্যার সমাধান হবে না। তিনি বলেছেন—পশ্চিম পাঞ্জাবে সম্ভব হয়েছে, পশ্চিম পাঞ্জাবের কথার পুনরাবৃত্তি করব না। সেখানে ইভাকুয়ি প্রপার্টি পাওয়া যায় নাই। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার ইভাকুয়ি প্রপার্টি সম্বন্ধে ভিন্ন মত পোষণ করেন। আমি জানি, হাওড়ার কোন এক মুসলমান পাকিস্তানে চ'লে গিয়েছিল এবং যদিও আইনে আছে ফিরে এলে পর প্রপার্টি পাবে, কিন্তু সে ব্যক্তি ফিরে আসে নাই, পাকিস্তানে ব'সেই সেখানকার হাই কমিশনারের কাছে দরখাস্ত করে। সে দরখাস্ত ঘুরে-ফিরে এখানে আসে। ফলে এখানে যারা উদ্বাস্তু রয়েছে, তাদের এভিক্ট করা হচ্ছে তাদের জন্য কোন অলটারনেটিভ ব্যবস্থা না ক'রেই। কাজেই এই কথা পুনশ্চ বলি, আপনারা সক্রিয় হোন, নইলে সমস্যার সমাধান হবে না। তারপরে আমরা চাই, মানুষকে নিয়ে আপনারা ছিনিমিনি খেলবেন না। নিজেদের জীবন বিপন্ন ক'রে সর্বহারা হয়ে যারা এসেছে, তাদের প্রথমে ক্যাম্পএ নিয়ে যান, ক্যাম্পএ পাঠাবার পর ভেবে দেখা যাবে কি করা যায়; শুধু জোর ক'রে যেখানে সেখানে পাঠিয়ে দিয়ে নিজের কর্তব্য সম্পাদন করবেন না।

Sj. Jyotish Joardar:

মাননীয় সভাপাল মহাশয়, যে সামান্য সময় আমাকে দিয়েছেন তার জন্য ধন্যবাদ। বাস্তুহারা সমস্যা সম্বন্ধে আলোচনা করতে গেলে যে কত সময়ের দরকার এবং কত ধৈর্যের দরকার সে সম্বন্ধে নূতন ক'রে বলবার প্রয়োজন নেই। সে কথা সকলেই জানেন। এখন আমি যে এলাকা থেকে এসেছি সেই এলাকা সম্বন্ধে সামান্য দুই-একটি কথা বলব। সেই এলাকাকে এক কথায় বলা যায় স্কোয়াটার্স কলোনি এলাকা। পঞ্চাশটা স্কোয়াটার্স কলোনি সেখানে অছে। তাদের রেকগনিশন সম্বন্ধে বছরের পর বছর শুনছি, কিন্তু নানা বাধা, নানা বিপত্তি। সেখানে কি বিপত্তি আছে, জানি না; কিন্তু সেখানে প্রমাণের একটা অজুহাত আছে। প্রমাণপত্র মেলে না, যারা এতদিন যাবৎ এখানে ব'সে আছে, কম্পিটেন্ট অথরিটি যাদের বিচার করেছেন, তাদের সম্বন্ধে রেকমেন্ডেশন করেছেন, তারপরে সেখানে একটা ডেড লাইন ফেলে দিয়েছেন, এমন লাইন যে তার মধ্যে সমস্ত স্কোয়াটার্স কলোনি রেকগনিশন ক'রে নেবেন। কিন্তু আজ পর্যন্ত তার কিছু শুনতে পেলাম না। পঞ্চাশটা স্কোয়াটার্স কলোনি এখানে আছে, তাতে মাত্র তিনটা অর্পণপত্র দান করা হয়েছে। গোটাকতক মানুষকে দেওয়া হয়েছে, কিন্তু সেখানে যারা ব'সে আছে তারা কেউ বলতে পারে না যে তাদের ভবিষ্যতে কি হবে।

আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, আমাদের মন্ত্রিমহোদয়া একটি বিশেষ কলোনিতে গিয়েছিলেন অর্পণপত্র দেওয়ার জন্য। তিনিও মিসইনফর্মড হয়েছেন। সেখানে কত মানুষকে বসিয়ে দেওয়া হয়েছে সেকথা তিনি জানেন না। জানেন না ব'লেই তিনি অর্পণপত্র দিয়ে

আসতে পারেন নি, এ কাজ সম্পূর্ণ ক'রে আসতে পারেন নি। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার! কেন এমন ঘটনা ঘটতে পারে? এই কলিকাতার উপকণ্ঠে—এখন উপকণ্ঠও বলতে পারা যায় না, কলিকাতা কর্পোরেশনএর অংগ হয়েছে—এরকম জায়গাও তাঁর জানবার সুযোগ হ'ল না, তিনি জানতে পারলেন না।

আমি জানি—আমি একটা প্রশ্ন করব, আশা করি, মন্ত্রিমহোদয়া উত্তর দেবেন। আমরা বিরোধীপক্ষের লোক, আমাদের কথা যদি যুক্তিযুক্ত মনে করেন তো গ্রহণ করবেন, মনে না করলে গ্রহণ করবেন না। যখন এইসমস্ত গুরুতর ব্যাপারে প্রমাণপত্রের ব্যবস্থা করতে হয়, তখন দেশের লোককে সংগে নিতে পারেন নি, আমাদের কোন কথা জিজ্ঞাসা করতে পারেন নি। এর মধ্যে কিছু কিছু গোপন আছে।

[11-10—11-20 a.m.]

প্রমাণপত্রের ব্যাপারে যখন এইসব গুরুতর ব্যবস্থা করতে যান তখন কি আমাদের সংগে ডেকে নিতে পারেন না? পূর্বে আমাদের কি জিজ্ঞাসা করতে পারেনও না? অতএব এর মধ্যে গোপন কি আছে সে প্রমাণপত্র আমরা চাই এবং সেটা চেয়ে পাচ্ছি না ব'লে তোমরা এই ব্যাপারে কোন সাহায্য করতে পার কিনা। এই সম্বন্ধে আমি পূর্বেও বলেছি যে, এমন অসহায় অবস্থায় মানুষ বছরের পর বছর সর্বশেষ ক'রে বাড়িঘর ক'রে ব'সে থাকবার পর হয়তো শুনবেন, কারুর ভাগ্যে অর্পণপত্র মিলেছে এবং কারুর ভাগ্যে মেলে নি। এখানে আমার বলতে হয় যে, এই ব্যাপারে যদি সত্যি সত্যি সমাধান করতে চান, তা হ'লে মন্ত্রিমহোদয়ার বলতে হয় যে, স্কোয়াটার কলোনি রেকগনাইজ করার ব্যাপারে যে সমস্যা আছে সেই সমস্যার সমাধানকল্পে আমরা কোন যুক্তি বা পরামর্শ দিতে পারি কিনা। এবং সেটা আপনারা গ্রহণ বা বর্জন করুন—আপনাদের সেটা ইচ্ছা। অতএব আপনি সেটা পরিষ্কার ক'রে বলুন যে, এই শর্ত হ'লে এতদিনের মধ্যে আমরা এই সমস্যার সমাধান করতে পারি। এই গেল আমার স্কোয়াটার কলোনি সম্বন্ধে দু'-একটি কথা।

তারপর সাধারণভাবে আমি শিয়ালদহ বা ফ্রন্টিয়ারএ ট্রানজিট ক্যাম্প সম্বন্ধে কয়েকটা কথা বলব। আমি বহুবার বলেছি এবং বিশেষ ক'রে বহুবার বহু কনফারেন্সএও বলেছি যে, শিয়ালদহে যে দুর্ঘটনা ঘটছে তাতে এমনভাবে মানুষকে অবমাননা করার কি অধিকার আপনাদের আছে এবং এত বড় অন্যায় সরকারের করাও উচিত নয়। সেজন্য প্রত্যেকটি মানুষ যখন আসবে এবং তার হাতে যদি মাইগ্রেশন সার্টিফিকেট থাকে তা হ'লে খেতে দিন বা না দিন তাকে অন্তত মাথা গুঁজবার একটা স্থান দিতে হবে। গরু, ঘোড়া যেমন খাঁচায় থাকতে পারে না, তেমনি মানুষকে খাঁচার মধ্যে রেখে অপমান করবার অধিকার আপনাদের নেই। অথচ সেই শিয়ালদহ প্ল্যাটফর্মএর মার্সি না পলেও তারা বাঁচতে পারে না। অতএব তাদের গ্রহণ বা বর্জন যা খুশিই করুন না কেন, তাদের মাথা গুঁজবার স্থান না দেবার কোন অধিকার আপনাদের নেই। আপনারা কোন ট্রানজিট ক্যাম্পও ক'রে দেবেন না। ফোর্ট উইলিয়ামএ গিয়ে জিজ্ঞাসা ক'রে দেখবেন যে, ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টএর একজন থার্ড ক্লাস ক্যাপ্টেন, সেও আং ঘণ্টার মধ্যে মিলিটারি টেন্ট এনে সমস্ত ব্যবস্থা ক'রে দিতে পারে কিনা। অতএব আমি পারছি না যে, কেন তাঁরা ট্রানজিট ক্যাম্প করতে পারছেন না। সেজন্য আপনাদের পক্ষে প্রতিদিন বছরের পর বছর মানুষকে অমানুষের মতন অপমান করার কোন মানেই থাকছে না আবার আপনারা এখানে প্রায় মানবতার প্রশ্ন তোলেন, কিন্তু এটা কোন মানবতার প্রশ্ন নয় —এটা একটা পলিটিক্যাল প্রশ্ন। এরা পলিটিক্যাল অধিকারেই এই দেশে এসেছে। অর্থাৎ এই দেশ যে অধিকারে চলছে, এই দেশে কর্তৃত্ব যে অধিকারে চলছে, যে অধিকারে ভারতবর্ষ চলছে সেই অধিকারেই এরা অধিকারী হয়ে ভারতবর্ষে এসেছে এবং ভারতবর্ষও তাদের স্বীকার ক'রে নিয়েছে।

আর একটি কথা আমি পরিকল্পনা সম্বন্ধে বলব। এখানে কোন পরিকল্পনা নাই এবং যে পরিকল্পনা আছে তাও আবার ড্রিবলিং ট্যাকটিকসএ চলার ফলে মানুষকে অসহায় বিপন্ন ক'রে শেষ পর্যন্ত তাকে কপর্দকহীন অবস্থায় রাস্তাঘাটে যেখানে সেখানে কুকুরের মত

অমানুষে পরিণত করা হচ্ছে এবং ইচ্ছায় বা অনিচ্ছায় হোক, আপনারা এতেই সন্তুষ্ট। সেজন্য বলছি যে, আপনারা এই নিয়ে কোনরকম মানবতার প্রশ্ন তুলবেন না এবং পরিকল্পনার কথাও আপনাদের কাছ থেকে বহুবার শুনেছি। জার্মানির কথা বলতে গিয়ে আমি বলছি যে, যেখানে ছ' বছরে পরিকল্পনা ক'রে এক কোটি লোককে চারটি মেট্রোপলিসএর মধ্যে আশ্রয় ক'রে দিতে পারে, সেখানে আপনারা সেইসব শুনে হেসেই উড়িয়ে দেবেন।

[At this stage the blue light was lit.]

আমাকে আর দু' মিনিট সময় দেবেন। দুঃখ হয় এবং বুঝতে পারি না যে, আপনারা কেন বলতে পারেন না যে, ভারতবর্ষের মধ্যে এই সমস্যার সমাধান করতে এত কোটি টাকা দরকার এবং এইভাবে যে মানুষ আসছে তাতে এইভাবে তাদের জন্য পরিকল্পনা ক'রে আমরা এতদিনে পুনর্বাসন করতে পারি। এবং এ ছাড়া ভবিষ্যতে যারা আসবে তাদের জন্য রিলিফএর এই মজার আমরা রাখতে পারি। এখানে কত আসতে পারে এবং এর বেশি আর আসবে না জেনে সেখানে সমস্ত সার্টেন ফ্যাক্টরই জানা আছে, অর্থাৎ আজ কত আসবে, কাল কত আসবে, সেটা ঠিক জানা নয়, এবং তারা এখানে আসতে আসতে এমন অবস্থা হয়েছে যে সেটা সকলেরই জানা আছে। ভারতীয় পরিকল্পনার মধ্যে তিন লাইনে বাস্তুহারা সমস্যা সমাধান হয়ে গেছে এবং বাংলাদেশের পাঁচশালা পরিকল্পনাতে বাস্তুহারার কোন স্থান নেই। পরিষ্কার কথা, সেখানে টেকনিক্যালি কিছু বলব না। আমি বলব যে, পাঁচশালা পরিকল্পনার অঙ্গীভূত ওটা নয়, কিন্তু কেন নয় বা কি কারণে নয়, তা আমি বুঝতে পারছি না। সেটা ভারতবর্ষের সমস্যা যদি হয়, ভারতবর্ষ যদি সমাধান করতে চান, তা হ'লে বাংলাদেশের যে অংশটি সেটা বাংলাদেশের মন্ত্রীর হাতে কেন আসছে না?

তারপর এখান হ'তে বাংলাদেশের বাহিরে যাবার একটা রিপোর্ট আমরা শুনেছি। বাংলার বাহিরে বহু বাঙ্গালী কাজ ক'রে খাচ্ছেন, কিন্তু যারা বর্তমানে এখান থেকে যাবেন তাঁরা সেখানে গিয়ে কি কাজ করবেন তার কি কোন ব্যবস্থা হয়েছে? এখানে তাঁরা বলেন যে, এসব আমরা জানি না, কারণ এটা সর্বভারতীয় ব্যাপার। তবে এখানে এনে জেলখানায় পাঠিয়ে দেবার ভার আমাদের আছে। কাজেই বলছি যে, যদি সেখানে আমরা তাদের সঙ্গে থেকে ইকনমিক ইনসেনটিভ দেব তা হ'লে অনেকেই সেখানে যেতে পারে। সেজন্য যদি তাদের ইকনমিক ইনসেন্টিভ সেখানে দেন তা হ'লে দেখবেন যে চটপট ক'রে মানুষ সেখানে চ'লে যাবে। অর্থাৎ যদি তারা বুঝতে পারে যে, সেখানে গিয়ে তারা বাঁচতে পারবে, খেতে পারবে, সম্মানে থাকতে পারবে, তা হ'লে অনেকে যেতে রাজী হবে এবং তা হ'লে লক্ষ লক্ষ লোক আজ কি এখানে গাছতলায় প'ড়ে থাকত, না শিয়ালদহে প'চে মরত? সুতরাং সেখানে তাদের ইকনমিক ইনসেন্টিভ দিন এবং এই ইনসেন্টিভএর দ্বারা তারা সেখানে সত্যিকারের সম্মানের কাজ পাচ্ছে কিনা, তাদের প্রকৃত পুনর্বাসন হয়েছে কিনা - এইসব দেখে তারপরে তাদের সেখানে রেখে চ'লে আসুন। এইসব যদি না হয় তা হ'লে তাদের ফিরিয়ে আনবার দায়িত্ব নিন। আপনারা স্পষ্ট ক'রে বলুন যে, বাংলাদেশে ফ্যাকটরি করবার জমি আছে কি নেই, এবং যদি থেকে থাকে তা হ'লে আর যদি না থেকে থাকে তা হ'লেও বলুন। তা না দেশেবিদেশে, বাংলাদেশের বাহিরে প্রভিন্সএ লক্ষ লক্ষ টাকা বাস্তুহারা সমস্যার সমাধানের এক্সপেরিমেন্টএর জন্য দিয়ে তাদের জীবন নিয়ে খেলা করাটা যদি ভারতীয় পরিকল্পনায় ব্যবস্থা হয়ে থাকে তা হ'লে আলাদা কথা। কিন্তু যদি সত্যি মনে করেন যে, বাস্তুহারাদের জন্য ভারতীয় অর্থ দিয়ে ফ্যাকটরি করতে হবে, তা হ'লে বাংলাদেশের মধ্যে ফ্যাকটরি করবার জায়গা আছে কিনা সেটার উত্তর দিন এবং সেটার সমাধান ক'রে বলুন যে বাংলার বাহিরে তাদের পাঠাব।

Sj. Ananda Gopal Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়, বাস্তুহারা সমস্যা সম্বন্ধে আজকের আলোচনা প্রসঙ্গে এই হাউসএর মধ্যে আমার পক্ষীয় এবং আমাদের বিরোধীপক্ষীয় বন্ধুদের আলোচনা নিবিষ্ট মনে আমি শুনলাম। আমাদের বিরোধীপক্ষীয় বন্ধুরা তাদের তথাকথিত দরদ দেখিয়ে আক্রমণাত্মক পথে তীব্র সমালোচনা ক'রে নানা বিষয় ও ব্যবস্থার কথা এখানে উপস্থিত করেছেন। তাদের মন্তব্য অনুধাবন ক'রে আমি পরিষ্কারভাবে এটাই বুঝতে পারলাম যে, বাস্তবিক এই সমস্যা

সমাধান করা তাদের উদ্দেশ্য নয়, বরং এই সমস্যা উপলক্ষ্য ক'রে তারা তাদের রাজনীতিক উদ্দেশ্য জিইয়ে রাখতে চান। (এ ভয়েসঃ কোয়েশ্চেন।) এই ঘরের মধ্যে তারা যে কথা বলেন এবং ঘরের বাইরে যে কথা বলেন তা যদি পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করা যায় তা হ'লে *দেখা যাবে এই ঘরের মধ্যে তারা বাস্তুহারার দুঃখে যে কুম্ভীরাশ্রু* বিসর্জন করেন এবং বাইরে *গিয়ে যেসব কথা ব'লে এই যে ছিন্নমূল মানুষ তাদের* উত্তেজিত করেন, *তার একমাত্র লক্ষ্য* হচ্ছে নিজেদের রাজনীতিক উদ্দেশ্য যাতে সিদ্ধ করা যায়। [নয়েজ।] এবং তার জন্য সত্যের অপলাপ ও মিথ্যার আশ্রয় নিতে তারা কিছুমাত্র কার্পণ্য করেন না। [নয়েজ।] এখানে আমাদের বিরোধীপক্ষের বন্ধু ও নেতা সুধীর রায়চৌধুরী মহাশয় এই প্রসঙ্গে কর্মচারিদের দুর্নীতি ও মন্ত্রিমহোদয়ার অযোগ্যতা সম্বন্ধে উল্লেখ করেছেন। তার জবাবে একটি মাত্র কথা বলতে চাই—দায়িত্ববোধহীনতা। এই বিরাট সমস্যার দায়িত্ব সম্বন্ধে তিনি যদি কিছুমাত্র সচেতন হতেন, তা হ'লে তিনি এইসব কথা বলতেন না। পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের বহু সমস্যা-সঙ্কুল অবস্থার মধ্যেও এই বাস্তুহারাদের পুনর্বাসন সমস্যা সমাধানের গভীর দায়িত্ব যেভাবে হাতে নিয়েছেন এবং যেভাবে এই সমাধানের পথে এগিয়ে চলেছেন তার সামান্যতম খবরও যদি তিনি রাখতেন, তা হ'লে এসব দায়িত্বহীন কথা বলতে ও এই বিকৃত মনোভাবের পরিচয় দিতে পারতেন না। পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত ৩০ লক্ষের উপর বাস্তুহারা এসেছে এবং তার মধ্যে আজ পশ্চিমব'া সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের সাহায্যে প্রায় ১৮ লক্ষ বাস্তুহারাকে পুনর্বাসন দেওয়া সম্ভবপর হয়েছে। বাকিটা এখন পর্যন্ত সম্ভবপর হয় নি। আজ ওদিক থেকে যারা এখানে এসেছে, তাদের মধ্যে প্রায় ৭ লক্ষ ২৯ হাজার ৭০০ উপর লোককে চাকরি দেওয়া সম্ভবপর হয়েছে।

[11-20—11-30 a.m.]

৭ লক্ষ ২৯ হাজার ৭০০ মধ্যে ৫ লক্ষ ৫৯ হাজার জন ক্যাম্পএ বিভিন্ন কাজে নিযুক্ত হয়েছিল। তারা প্রত্যেকে তো কাজ পেয়েছেই, এ ছাড়া প্রায় আরও দেড় লক্ষের উপর কাজ পেয়েছে। আমরা বলছি না, আমরা কিছু বিরাট করেছি, কিন্তু এই সমস্যাকে উপেক্ষা করি নি। এবং আমাদের জাতীয় সরকার এই সমস্যা সমাধানের জন্য সর্বশক্তি নিযুক্ত ক'রে এর পেছনে দাঁড়িয়েছেন। আমি দেখছি অযোগ্যতার প্রমাণ যদি আজকে সবচেয়ে বড় ক'রে ধরতে হয়, তা হ'লে যারা এসেছেন তাদের মৃত্যুর হার দিয়ে বিচার ক'রে দেখুন। ক্যাম্পএ অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যেও যারা আছেন তাদের মৃত্যুহার শহরাঞ্চল এবং গ্রামাঞ্চলের চেয়ে বেশি নয়, বরং কম। তারপর শিক্ষার দিক দিয়ে যদি দেখা যায়, দেখবেন—শিক্ষা-পদ্ধতির কথা বলব না- শিক্ষার সুযোগের ব্যবস্থা যা ক'রে দেওয়া হয়েছে তা যদি আলোচনা ক'রে দেখেন, তা হ'লে দেখবেন সাধারণ মানুষ পশ্চিমবঙ্গে যে সুযোগ পায় তার চেয়ে বেশি—২৫ পারসেন্ট বাস্তুহারা ভাইদের দেওয়া সম্ভব হয়েছে। আমার এই যে ফিগার, এ যদি অসত্য হয়, আমি চ্যালেঞ্জ করছি এসে তার প্রমাণ করুন।

আর একটা বেদনার কথা এখানে উল্লেখ করে বাধ্য হয়ে বলতে হচ্ছে। আজকে শিয়ালদা স্টেশনে উদ্বাস্তু ভাইবোনেরা এসেছে। উদ্বাস্তু ভাইবোনেদের আজকে পুনর্বাসন করা উচিত। তার জন্য জাতীয় সরকার চেষ্টা করছেন। আমি সুধীরবাবুর উক্তি উল্লেখ করব। তার মতে পশ্চিমবঙ্গে জায়গা নাই। তার জন্য পশ্চিমবঙ্গের বাইরে বাংলা-ভাষাভাষী অঞ্চল আমরা দাবি করেছিলাম যাতে উদ্বাস্তু ভাইবোনেদের পুনর্বাসন করা যায়। তাঁর পাশেই ব'সে আছেন অম্বিকাবাবু। তিনি বললেন, জায়গা আছে, সরকার চেষ্টা করছে না, আমরা জায়গা ক'রে পশ্চিমবঙ্গেই তাদের ব্যবস্থা করতে পারি, পশ্চিমবঙ্গেই তাদের জায়গা হবে। কোথায় কি সত্য বুঝতে পাচ্ছি না—সুধীরবাবুর কথা সত্য, না অম্বিকাবাবুর কথা সত্য, তা বুঝতে পাচ্ছি না। আমরা সাধারণত যা দেখি, অম্বিকাবাবু, সুধীরবাবু যাই বলুন, শিয়ালদা স্টেশনে উদ্বাস্তুদের কাছে প্রতিনিধিস্থানীয় যারা বক্তৃতা করেন তারা বলেন—আপনারা এখান থেকে যাবেন না, একটু সবুর করুন, ছ' মাস পরে ইলেকশন, আমরা আসছি, আসার পর আপনাদের জায়গা দেব, জমি দেব, কোন ভাবনা নাই। আমি শুধু বলতে চাই, তাদের পাঠালেও তারা যদি বাইরে না যায়, তাদের পুনর্বাসন যাতে না হয়, এর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য পাওয়া যায় কিনা?

আজকে যে কোন আন্দোলনই হোক, [নয়েজ] যে কোন ডিমনোস্ট্রেশনএ তাদের তারা নিয়ে আসেন, নেতারা থাকেন গাড়ি ক'রে আর তাদের নিয়ে আসেন হাঁটিয়ে ২৫-৩০ মাইল সেই বুভুক্ষু জনতাকে। আজকে রাজনৈতিক উদ্দেশ্য এর পেছনে না থাকে সমস্যা সমাধান করতে চান, তা হ'লে কাজে ও কথায় মিল কোথায়? বারবার একথা বলব, পশ্চিমবঙ্গের এই বিরাট সমস্যাকে আপনাদের রাজনৈতিক উদ্দেশ্যে লাগাবেন না, তা হ'লে লক্ষ লক্ষ মানুষের যেমন ক্ষতি হবে পশ্চিমবঙ্গেরও তেমনি ক্ষতি হবে। এবং সেই ক্ষতি থেকে আপনারাও বাদ পড়বেন না। ভারতবর্ষের অন্য প্রান্তের সঙ্গে তুলনা ক'রে বলতে চাই, উদ্বাস্তু সমস্যা সেখানে মাত্র একবারই হয়েছে এবং সরকার সমস্ত শক্তি দিয়ে যাতে সমস্যা সমাধান করা যায় তার চেষ্টা করেছেন। জার্মানিতে, স্পীকার মহাশয়, যে উদ্বাস্তু সমস্যা তা দেখবার আমার সুযোগ হয়েছিল। আমি সেখানে দেখেছি যারা যুদ্ধোত্তরকালে পশ্চিম জার্মানিতে এসেছে তারা এককালেই এসেছে এবং তারা সব শক্তি এসকঙ্গে নিযুক্ত ক'রে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। আমি কমিউনিস্ট বন্ধুদের জানবার জন্য বলি, ইস্টার্ন ইউরোপএর এই রিফিউজি, যারা ওয়েস্ট জার্মানিতে এসেছে তাদের সংখ্যা অত্যন্ত কম, এখন সে সমস্যা সমাধান করতে পারে নি। একথা ব'লেই আমার বক্তব্য শেষ করছি।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই অল্প সময়ের মধ্যে সমস্ত কথা বলা অসম্ভব, আমি বলতেও চাই না। ভেবেছিলাম বলব না, কিন্তু যেটুকু টাইম পাওয়া গিয়েছে, তাতে এটা আমার কর্তব্য হিসাবে আমি বলছি। আমি প্রথমে একথা বলতে চাই যে, আমার সমস্ত কিছু দেখে এই চার-পাঁচ বছরের অভিজ্ঞতায় এটা মনে হচ্ছে যে শ্রীমতী রেণুকা রায় তাঁর অপদার্থতার প্রমাণ তিনি দিয়েছেন এবং আমার মনে হয় যে এক্ষণে তাঁর যদি বিন্দুমাত্র নিজের প্রতি, দেশের প্রতি কর্তব্য-জ্ঞান থাকে, তা হ'লে তাঁর সরে দাঁড়ানো উচিত, তাঁর রিজাইন করা উচিত মন্ত্রীত্বের পদ থেকে। এবং আমি এটা বলতে চাই আর একবার বলেছিলাম যে, বিধানবাবু ওঁকে মন্ত্রী করেছিলেন, সমস্ত বাংলাদেশে খুজে একজনকে বার করেছিলেন এই কারণে যে, ওঁর পণ্ডিত জওহরলাল নেহরুর সঙ্গে খাতির আছে, জানা আছে, কাজেই কিছু টাকা তিনি ওখান থেকে যোগাড় ক'রে আনতে পারবেন। কিন্তু সেটাও তিনি পারেন নি। তাও যদি পারতেন, অন্য সমস্ত অপদার্থতার কথা ছেড়ে দিয়ে আমরা তা হ'লে একথা বুঝতে পারি যে টাকা আনলেও হয়ত কিছু আমাদের কাজে লাগত। [কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।] (এ ভয়েসঃ বাঃ! বাঃ!) ৫ মিনিট মাত্র সময়, গোলমাল করলে তো মুশকিল হবে। কালকে আপনার কাছে ব'লে দিয়েছি, হিসাব দিয়েছি যে যত টাকা আগে বরাদ্দ করা হয়েছিল রিফিউজিদের জন্য বাংলাদেশে, ভারতবর্ষের সরকার সেই টাকার প্রায় ৪০ কোটি টাকা কেটে নিয়েছেন। এটা আমরা দেখছি যে, শেষ পর্যন্ত এই অবস্থা দাঁড়াবে এবং নিশ্চয়ই মন্ত্রিমহোদয়া আমাদের আজকে বলবেন যে, কেন ঐ টাকাটা কাটা হ'ল। ওঁরা কি এইসমস্ত রিপোর্ট ওখানে দিয়েছেন, এইসমস্ত বক্তৃতা কি ওখানে শুনিয়েছেন যে, আমরা রিহ্যাবিলিটেশন করেছি এত লক্ষ মানুষের? ঐ যে কবি না কে ছিলেন, তিনি বক্তৃতা দিলেন যে, লোকে রাস্তায় ঘুরে ঘুরে বেড়াচ্ছে রিহ্যাবিলিটেশন তাঁদের দিয়েছেন এইসব কথা কি ওখানে বলেছেন? তারই জন্য কি এই টাকা কাটা হয়েছে, সেই টাকা আমাদের কাছে আসে নি যা আগে বরাদ্দ করা হয়েছিল? না হ'লে তো এর কোন মানে হয় না। এখনও সেখানে শুনছি হাজার হাজার মানুষ আসছেন, তাঁদের হিসাবেই তাঁরা বলছেন। এইসব কথা কি কেন্দ্রীয় সরকার জানেন না যে, তাঁরা টাকা কেটে নিয়েছেন? তারপর এই কথা তাঁরা বললেন যে অমুক করেছি, তমুক করেছি। আমি তার মধ্যে যাচ্ছি না, আমার সময়ও নেই। কিন্তু আমি একথা বলি যে, রিফিউজিদের একটু বুদ্ধি ছিল। যখন প্রথমে তাঁরা আসেন, তখন শিয়ালদহ স্টেশনে বেশিদিন তাঁরা থাকেন নি, হাজারে হাজারে তাঁরা গিয়ে ঐসমস্ত জায়গায়, জবরদখল কলোনি যেগুলিকে আজকে বলা হয়, সেগুলিতে তাঁরা বসেছিলেন। আমি জিজ্ঞাসা করি, যদি তাঁরা আইন-কানুন মানতেন, যদি আজকের রিফিউজিরা যা করছেন, এই জিনিস সেদিনকার রিফিউজিরা করতেন, তা হ'লে তাঁদের কি অবস্থা হ'ত, মন্ত্রিমহাশয়া সেটা আমাদের ব'লে দিন। শিয়ালদহ স্টেশনে তাঁরা এসেছেন, তারপর তাঁরা গিয়ে সেখানে বসেছেন, লোন পেয়েছেন, তারপর নিজেদের ব্যবস্থা করেছেন, নিজেদের শক্তি দিয়ে সেই জিনিস তাঁরা

আদায় করেছেন। দয়া ক'রে এ'রা সেই জিনিস তাঁদের দেন নি। তারপর আমি বলব যে, আজকে যে রিফিউজিরা এখানে আসছেন তাঁরা কি বলছেন? আমি তাঁদের জিজ্ঞাসা ক'রে জেনেছি যে, যতক্ষণ না তাঁরা সই দেবেন যে আমরা বাইরে যাব ততক্ষণ ও'রা তাঁদের ওখান থেকে সরাবেন না। সেখানে বাইরের মানুষ—আমি শুনেছি—যদি খাবার নিয়ে যায় তাদের সাহায্য করবার জন্য যায়, তা হ'লে পুলিস সেখানে বলে, এসব আমাদের হুকুম নেই, এইসব করতে পারব না। এ কি অমানুষিক কথা? আপনারা তাদের নিয়ে যান, শিয়ালদহ স্টেশন খালি করুন, বাইরে নিয়ে যান, শিশু নিয়ে তারা আছেন, একটু দুধ, একটু কিছু তাদের খেতে দিন, তারপর তাদের কোয়াস করুন, তারপর তাদের বাধ্য করুন যা খুশি তাই করতে, তারা বুঝবেন, বাংলা-দেশের মানুষ বুঝবেন। কিন্তু শিয়ালদহ স্টেশনের উপর এই অমানুষিক, কুৎসিত দৃশ্য হাজার হাজার মানুষ যাঁরা শিয়ালদহ স্টেশন দিয়ে যান, তাঁরা এই জিনিস দেখতে পারেন না। এইজন্য আমি বলব যে, সমস্ত কিছুই ব্যর্থ হয়েছে এবং নূতন যাঁরা আসছেন তাঁদের অজুহাত দিয়ে মন্ত্রিমহাশয়া বলতে চাচ্ছেন যে, এ'রা বারেবারে আসছেন ব'লে, দলে দলে আসছেন ব'লে, আমরা কিছু করতে পারছি না পুরানোদের জন্য। আমি জিজ্ঞাসা করি, পুরানো যখন ২৫ লক্ষ এসেছিলেন তখন আপনারা কি করেছিলেন? তাঁদের কি সব রিহ্যাবিলিটেট করেছেন, তাদের জন্য কি ব্যবস্থা করেছেন, কিছুই আপনারা করতে পারেন নি। আমি হাড়োয়ায় গিয়ে নিজের চোখে দেখে এসেছি। রাণাঘাটে কুপার্স ক্যাম্পএ, সেখানে দেখেছি যে কি ব্যবস্থা। এক কোটি টাকা হয়তো আজ অবধি কুপার্স ক্যাম্পএর লোকদের জন্য আপনারা খরচ করেছেন। মানুষগুলিকে সব অমানুষ ক'রে দিলেন। সেই টাকা দিয়ে কুটিরশিল্প গ'ড়ে তুলতে পারতেন, ছোট শিল্প গ'ড়ে তুলতে পারতেন। সেইসমস্ত ব্যবস্থা আপনারা কিছুই করলেন না। সেই-সমস্ত জায়গায় যাতে তাঁরা খেয়ে-প'রে বাঁচতে পারেন, সেই ব্যবস্থা আপনারা করতে পারলেন না। ঐ হাড়োয়ায় গিয়ে দেখলাম আড়াই হাজার মানুষ আড়াই বছর ধ'রে প'ড়ে আছে। আর কি তাঁরা কাজ করতে পারবেন? কোন কাজই তাঁরা করতে পারবেন না, একথা আমি ব'লে দিতে পারি। যদি তাঁরা চাষী থাকেন, চাষের কাজ তাঁরা ভুলে গিয়েছেন, যদি অন্য কিছু থাকেন যা কাজ করতেন পূর্ব্ববঙ্গে, সেইসব তাঁরা ভুলে গিয়েছেন—মানুষগুলিকে অমানুষ ক'রে দিচ্ছেন। বার টাকা ক'রে দিচ্ছেন, আট টাকা ক'রে দিচ্ছেন। বর্ধমান যেতে লাইনের দু' ধারে দেখা যায় রিফিউজি ব'সে আছে। কি করবেন এ'রা? খোঁজ নিয়ে জানলাম যে, আড়াই বছর, তিন বছর, চার বছর ধ'রে এ'রা ব'সে আছেন। কোন ব্যবস্থা নেই, কি করবেন আপনারা জানেন না। কোন প্ল্যান নেই, আর আমাদের বারেবারে ডেকে ডেকে রাইটার্স বিল্ডিংসএ কনফারেন্স করা হয়। ওদিক থেকে অনেক বন্ধু বলেছেন যে, আপনারা সহযোগিতা করুন, রাজনৈতিক খেলা খেলবেন না। আমি মন্ত্রিমহোদয়াকে বলি, আপনি মহিলা, অসত্য কথা আপনি বলবেন না। পারুন বা না পারুন, অসত্য কথা বলবেন না। বারেবারে এই কথা তিনি বলেন যে, উড়িষ্যা থেকে আমরা তাঁদের ডেকে এনেছি বা অন্য কোন লোক আছেন—ইন্টারেস্টেড পার্টিজ। কারা তাঁরা, এখানে নাম বলুন তাঁদের। আপনার বিরুদ্ধে কেস হবে না এখানে কথা বললে, তাঁদের নাম বলুন, তাঁদের চিঠি পড়ুন। কে সেই ইন্টারেস্টেড পার্টিজ আমরাও তা জানতে চাই।

[11-30—11-40 a.m.]

আমরা বারবার বলেছি এবং এর পূর্বে অম্বিকাবাবু ব'লে গিয়েছেন যে, আমরা সহযোগিতা করবার জন্য প্রস্তুত। কিন্তু আপনারা রিফিউজিদের জীবন নিয়ে ছেলেখেলা করছেন, তাদের নিয়ে আপনারা রাজনীতি করছেন। লক্ষ লক্ষ রিফিউজিদের ভোট নাই,—আপনারাও ভোট পাবেন না, আমরাও পাব না। বর্তমানে যে উপদেষ্টা বোর্ড করা হয়েছে, তাতে শুধু আলোচনাই হয়, তাতে কোন সমস্যার সমাধান হয় না। আমরা তাদের অসুবিধার কথা বললেও আপনারা তা উপেক্ষা করেন। তাই অন্তত আমি ঠিক করেছি, আপনারা ডাকলেও আর কনফারেন্সএ যাব না, আর সহযোগিতা করব না, কারণ ক'রেও কোন লাভ নাই। এক-একটা ক'রে ক্যাম্প খুলছেন, আর কিছুসংখ্যক মেয়েকে রেখেছেন যখন নির্বাচন হবে ফল্স ভোট দেবার জন্য। যদি আপনারা প্রকৃতই আমাদের সহযোগিতা চাইতেন, রাজনীতির ঊর্দ্ধে থাকতেন, তা হ'লে আপনারা আমরা যা বলি তা একটু শুনতেন। আমি আপনাদের জিজ্ঞাসা করি—আমাদের কোন

লোক যদি এরকম খারাপ কাজ ক'রে থাকে যে তারা গিয়ে ব'লে এসেছে, তোমরা বাইরে যেও না, তা হ'লে আপনারা আমাদের সঙ্গে আলোচনা করতে পারতেন, কিন্তু আপনারা তা করেন নি। আমি আপনাদের বলতে পারি যে, এরকম দায়িত্বজ্ঞানহীন লোক আমাদের মধ্যে নাই। আমরা জানি, আপনারা নিজেদের লোক নিয়েই বোর্ড করেছেন। অম্বিকাবাবু বললেন, আরেকটা নাকি কনফারেন্স করা হবে। আমরা এখন রিফিউজিদের বলব—তোমরা নিজেরা যা পার কর, এ সরকারের দ্বারা কিছু হবে না। নিজের চেষ্টায়, শক্তিতে ও ঐক্যবদ্ধ সংগ্রামের দ্বারা যা পার কর। জমি যদি কোথাও থাকে দখল করতে পার, তাতে লাঠি-গুলি চলবে, কারণ লাঠি-গুলি ছাড়া এ সরকার কিছু করে না। শিক্ষক আন্দোলনে এটা আমরা দেখেছি। ভাষার আন্দোলনে, সংযুক্তি বিরোধী আন্দোলনেও আমরা দেখেছি, লাঠি-গুলি ছাড়া এ সরকার কিছু করে না। আমি শ্রীমতী রেণুকা দেবীকে আরেকবার বলছি- গদি ছেড়ে দিন, রিফিউজিরা আপনাকে চায় না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I did not intend to take part in this discussion, but my friend Sj. Jyoti Basu has put me to it. He thinks he is a dictator and he has to decide who will be my Minister. I refuse to give him that power. Let him become the Chief Minister and be then the dictate. I know whom I have got to appoint as Minister. I have been in charge of refugee rehabilitation for the first four years and I know what the difficulties are—I know what the difficulties of rehabilitating these men are. My friend Sj. Jyoti Basu waxes eloquent, he delivers his sermon. He thinks he has done his duty towards these refugees. Sir, I do say this that although it is difficult for us always to plan in advance for these men, there has been a great deal of effort on the part of the Refugee Rehabilitation Department during the last three or four years to try to regularise and organise a system. I confess I was not able to manage this department as well as Mrs. Ray can. For these reasons things have become more or less systematised. The only uncertain element has been the number of people that have come from time to time. It is difficult for us to realise—for anybody to realise—while you are organising a particular scheme for a particular area for a particular group of people, suddenly a large number of people come in from East Bengal without warning and it is difficult—it is almost impossible—to recast the whole scheme. He was talking about the Cooper's Camp. He does not know what arrangements are being made—he does not know that. But the point is that every time this attempt has been made and every time we get together a certain number of people to do certain industrial work, a sudden avalanche of another 2,000 or 5,000 or 20,000 people come in and the whole thing becomes disorganised.

Those who have indulged in criticism about the management of the Refugee Rehabilitation Department, to them I can only say that they have no realisation of the needs and the magnitude of the problem that is before us. My friend Sj. Ambica Chakrabarty showed me the different points that he wanted to raise in the course of this debate. He has used hard expressions. Hard words do not break any bones. But he told me about one particular item that a large number of people have offered earnest money but nothing has been done with regard to that. I say this is a matter in which I can take immediate steps provided you give me facts and figures. I have not got them yet—only hard words have been spoken in this Assembly.

I am glad in this sense that Sj. Jyoti Basu has said it clearly that he now can see no reason for co-operation and he has refused co-operation. He does not want to go to any conference, if called, and he does not think that he can offer the hand of co-operation for the sake of humanity to solve the problem of refugee rehabilitation. I am glad in one sense because at least there is an honest effort to place their case before the public. The public

will now realise that whatever discussion they wanted to have on this refugee rehabilitation question was meant for being utilised for other purposes—not for the purpose of refugee rehabilitation. I can quite understand their chagrin because they find that in spite of the fact that refugees are coming in batches and in numbers from time to time, yet we are able somehow or other to manage the whole show.

I think I ought to give some information to my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri I was not here when he was speaking, but I was told he spoke about Andamans—why should not the West Bengal Government arrange to send refugees there? The West Bengal Government is too weak to get the Andamans for the purpose of refugee rehabilitation I wish some day or other he would see the dossier of the discussions and the arrangements and the things that have happened with regard to Andamans I may tell the honourable members one thing. We have sent four or five parties to Andamans to find out the possibility of increasing the number of refugees who can go to Andamans. But there are several limiting factors. One is, as you are aware, Andamans itself is composed of small islands and in many cases they have to go across from one island to another by means of boats Another limiting factor is the question of water-supply. It is not every island that has got pure sweet water-supply Therefore, it is not possible to put in refugees in those islands, even if the islands were clear. But the other limiting factor is a very important one and I can tell members of this House that I have been fighting with the Government of India on that issue. After all, Andamans is one of the territories under the Government of India—whether you like it or not it is so. Now, the limiting factor is the clearing up of the jungles. Andamans consists of a large number of forests of huge trees which require to be felled and the land cleaned up and levelled up before the refugees can be settled on it I believe—I am not quite sure, I am only speaking from memory—from the time we started sending in refugees, we have sent probably 1,300 or 1,400 families to Andamans—that means about 7,000 people, if you take five members to a family

[11-40—11-50 a.m.]

I think at my request they have tried to put in two contractors to fell the trees, one of the contractors being some Roy Company of Behala. Sir, no refugees can go unless the forests are cleared up and no refugees can go unless there is good water-supply Bulk of the land which was possible to be allotted has been already allotted to the refugees from East Bengal. It is true that there are other provinces and States which have made similar claims to those areas in Andamans. Bombay, Madras and Travancore-Cochin have put forward their claims because their areas are unable to accommodate their own population This is particularly true of Travancore-Cochin. In any case, in spite of this demand of ours Government of India has to look to the demands from all the States and actually bulk of the lands have been made available to the refugees from East Bengal. But, Sir, the process has to be slow, because of the factors I have just mentioned. It is perfectly true that the refugees do not like to go away from their own hearth and home—away from their own environment where they speak the same language and have the same culture. It is also true that the East Bengal refugees do not like to go to places where there is not plenty of water-supply. At the same time I feel that it is possible, and I have told the Government of India, to send them to such areas where there is good water-supply and they should be sent with proper guidance and welfare workers should be sent with them. My friend Sj. Hemanta Kumar Basu gave me some young and promising persons when I was in charge—about

150 or 200 families—who were settled in Terrai of Nainital. I believe they are flourishing and doing very well there. If similar workers are given—not workers who are politicians—who have a good heart and have sympathy they can certainly help the refugees. Of course, it is true that there were times when Bengalees practically settled in all parts of India but this was voluntary settlement and today it is not a voluntary settlement. I do not deny that there are difficulties. There are provinces who are not so kind to these people as much as we would like them to be. However, I think the Refugee Rehabilitation Department has done remarkable work. I am told by Shri Jyoti Basu that the appointment of Sjkta. Renuka Ray has not been a good one, and that as she has some acquaintance with Pandit Nehru which may help us to get some money she has been taken. Sir, I know Pandit Nehru as much or even much more than Sjkta Ray and if I wanted any money or help, I think I can always approach Pandit Nehru. In fact, I approached him in March 1948—two months after I became the Chief Minister. Sir, what I thought was that this was a department which needs a person who has a kind and patient heart and I think Sjkta. Ray possesses that.

The Hon'ble Renuka Ray: Mr Speaker, Sir, only a few days ago I placed a statement before the House. That statement was of a factual nature. I did not purposely want to enter into an acrimonious debate or raise a controversial issue, because I thought that the time had now come when everyone in the State of West Bengal had realised sufficiently the problem that we are now having to deal with. I felt that there was no need for any kind of details because those who live here and go about in the State of West Bengal, and those who are presumably the representatives of the people in this house should be and must be fully aware of the impact of the continuous influx of refugees of this State and that they would understand from the statement the actual position. From the debate today I find that I was wrong. I feel that perhaps we have not been able to impress upon some members of this House the seriousness of the situation. In fact, even the condition this year has not impressed upon them the very seriousness of the problem that we have to face. Sir, there is scarcely enough cause for complacency. But it is also not true to say that it was with any feeling of depression that I made the statement before the House that day. I do not want to put forward a rosy picture but I would request my friend not to look at this problem with a jaundiced eye either. It will not help to tackle the problem thereby.

Sir, a great deal has been said about the position of the Sealdah station. I would just recall to the memory of my honourable friends here that a few months back, in the months of February and March, the number of the influx was double that of the last two months. There was no accumulation in those months. Now there is accumulation. Why it was so? Is it due to the fact that the machinery broke down or that the influx is greater as said in the statement? But, Sir, neither of these were true. I think the reason was that the interested persons often going among the refugees ask them not to go outside the State, though they were steadily going outside the State previously. I do not mention any particular person nor should I mention the political parties either, who are doing all these things. In that statement I included different categories of persons—exploiters—who made Sealdah their place of business. They knew that a new-comer refugee is an easy prey to their caprices. Then there were other reasons as my friend, Sj. Ananda Gopal Mukherjee, has said just now—that these people had election in view all the time. Now, Sir, these 454 persons were not willing to leave the State or to go to a reception centre and show the migration certificate until they were given the assurance that they would not have

to go outside the State. Since that time, however, the number of these persons not willing to go outside has come down. The average of the persons not going to the reception centre has remained the same.

[11-50—12 noon.]

I entirely agree with any member of the House or, for that matter, with anybody that the position in Sealdah station is most unhappy. But let me tell you that it is not true to say that I did not go to Sealdah station. Going there incognito one would be able to appreciate the position better than when it is announced that a Minister would be visiting the place. Let me repeat that it is not true to say that I did no go to Sealdah station or that I am not apprised of the situation there. In fact, realising how difficult the situation had become we are trying to take steps; we have the help of our officers and of very responsible non-officials who are sent there to explain to the people the need to go outside the State and that it is not a matter of choice but one of necessity. Nobody is sent outside without his being told where his destination is going to be—as Ambica Babu seemed to think. Announcements are made and they are told where they are to go; and nobody is compelled to go. It is only where Governmental assistance is given to people in the camps that they had been asked to go outside the State This is the actual picture. Let me tell you that it is the intention of the Government of West Bengal that passengers at the Sealdah station do not suffer in the manner they are doing and that the cases of all those who are genuine refugees are dealt with more quickly and that there is no such accumulation We are taking steps and I hope you will see the results very soon

There has been a long debate and many other points have been raised to some of which one or two honourable member have replied and to some of which the Leader of the House has replied I will not reiterate those But before leaving the points made about Sealdah station. I shall deal with one point which was raised by Sj Ambica Chakravarty He made a specific allegation and mentioned the name of somebody who had been assaulted and who had told him and others so I want to tell him that the matter was thoroughly investigated and he knows it; this gentleman could not substantiate his charge. All officers of the Rehabilitation Department were brought and produced before him but he acknowledged that none of them was responsible for having assaulted him.

As regards rehabilitation outside the State, the Leader of the House has explained the exact position regarding the Andamans. So far altogether over 5,000 persons have been sent there and this year 358 families are being sent of which 287 families have gone and 71 families are to go very soon. As the Leader of the House has explained, the rate of sending them there depends largely on the pace at which the jungles could be cleared up.

There was a lot said about arrangements in other States. Sj. Kanai Bhattacharya brought up a very important point. I acknowledge that there are not yet finalised schemes to the extent that would be required in other States if we take into account the average of the monthly influx today. Certain schemes have materialised in Bihar—and in Orissa also—whereby five acres of land is being given to every agriculturist—which may not have been mentioned in the statement. Other schemes are still in the offing. It is not a fact that the West Bengal Government have not impressed upon the Centre and upon all the States in India and upon the people of India the tremendous nature of the problem that we are facing today. It has been reiterated since 1952 onwards and arrangements have been finalised about

the type of schemes and plan that are to come into operation but only the number of schemes of lands are certainly not yet adequate to the entire need, but I hope that in the near future this will be so.

I will not reply again to Sj. Sudhir Chandra Ray chaudhury; I think my friend Sj. Ananda Gopal Mukherji has given the reply quite effectively in regard to the matter about the land problem. I have been told by several honourable members that there is plenty of land in the State of West Bengal and that we should give them figures. I want to give some figures. I have given figures many times already but let me give them again. I say that 2.11 lakh acres of waste lands have been settled by the Government with the refugees and that out of the 5.79 cultivable waste land. This is the picture of the lands that have been settled by the Government with the refugees. Apart from that, from the waste land development projects and the river valley projects they have taken some of these lands. The refugees themselves on their own initiative have taken some of these lands. Now, the available surplus land that is left after the Estates Acquisition Act and the Land Reforms Act have come into operation—and which comes to the State—has to be utilised for settling the problem of the *bargadars* and others of the State, so, that land is not available for our purposes

Now let me tell you about the reclamation schemes It has been said that there is lack of initiative on the part of the Rehabilitation Department to try to get lands for the refugees Out of the 811 schemes initiated by the department, 253 have had to be dropped involving 19,000 acres. Out of 437 schemes possession could not be obtained in respect of 22,500 acres out of a total of 70,000 acres Now about the causes, I should say that this is largely due to local opposition As time has gone it is not also very unnatural that to some extent there is opposition The land that is taken over is waste land or undeveloped land but obviously it belongs to somebody. If that land has to be developed there are cultivators who want a portion of it Among those cultivators we have promised to accommodate those who have less than six *bighas* and we are carrying out that promise So to that extent we cannot take the entire land Again, there are High Court injunctions which delay getting possession of this land Today 23 schemes have been affected involving 13,000 acres by High Court injunctions. Let me here take up something that Sj Sudhir Chandra Ray Chaudhuri brought up before the House. He produced a photostat of an order by one of our officers and mentioned his name. But what was that order? I would like him to publish it The order was to instruct those people who work under him. Please realise that they are not lawyers or experts, and they do not do the final acquisition proceedings which are done by the Land and Land Revenue Department; they merely make a preliminary survey of the land and hand it over.

[12—12-10 p.m.]

These things do not get delayed so that these people also should be apprised of the legal position. This officer took the initiative to apprise them so that this delay that is involved, not after acquisition starts but long before that, may be eliminated; so that once the acquisition proceedings start then it is the concern of the Land and Land Revenue Department which is the expert department. But when the land is surveyed it is surveyed in conjunction with them, it is surveyed by our surveyors. It is to these surveyors that he gave these instructions that they should also come to know the legal position. Is it such a bad thing that he has done? Is it not in order? Was it not a good thing? Shri Sudhir Ray Chaudhuri brought it up only to show the vigilance of the officers of the Rehabilitation Department.

Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Chowdhury, Sj. Benoy Krishna
Dalui, Sj. Nagendra
Das, Sj. Lalbehari
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—117.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Bose, Dr. Maitreyee
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Annada Prasad
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Surendra Nath
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Sikder, Sj. Rabindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 46 and the Noes 117, the motion was lost.

The motion of Sj. Balailal Das Mahapatra that in clause 13(2), line 3, for the word "four" the word "two" be substituted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

Sj. Kanailal Bhowmick: Sir, I beg to move that for clause 14, the following be substituted, namely:—

"14. *Gram Panchayat* shall have no power to co-opt any member from amongst the members of the *Gram Sabha* concerned or elsewhere.".

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 14, line 1, after the word and figure "section 12" the words "or any other section of this Act" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 14, line 2, for the words "if it thinks fit" the words "for reasons to be recorded in writing" be substituted.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 14, line 5, for the words "one year" the words "three months" be substituted.

I also move that in the proviso to clause 14, line 2, for the words "one year" the words "three months" be substituted

Sj. Jnanendra Kumar Chowdhury: Sir, I beg to move that in clause 14, line 5, for the words "one year" the words "six months" be substituted.

I also move that the proviso to clause 14 be omitted

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 14, line 9, after the words "vacated office" the comma and words, ", the only task of such appointed *Gram Panchayat* being making all arrangements for the election of the *Gram Panchayat* under section 12(2)" be added.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in the proviso to clause 14, lines 1 to 4, for the words beginning with "if the members" and ending with "up to one year" the words "the task of such nominated Gram Panchayat shall confine in making all arrangements for election according to section 12(2)" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in the proviso to clause 14, lines 3 and 4, for the words "up to one year" the comma and words, ", but in no case the total period of their appointment shall exceed one year" be substituted

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এখানে বলা হয়েছে যে, প্রেসক্রাইবড অথরিটি মনে করলে এক বছরের জন্য গ্রামপঞ্চায়েত তারা গঠন করে দিতে পারবে এবং তার মেম্বার এ্যাপয়েন্ট এক বছরের জন্য করতে পারবে। আমি সেখানে বলতে চাচ্ছি, কবতে পারবে কিন্তু ৩ মাসের বেশি করতে পারবে না। কেন ৩ মাসের জন্য এ্যাপয়েন্টেড মেম্বাবরা থাকবে? প্রেসক্রাইব্ড অথরিটির গঠিত যে গ্রামপঞ্চায়েত থাকবে তার একমাত্র কাজ হবে পঞ্চায়েত নির্বাচনের জন্য ব্যবস্থা করা। সেজন্য ১৭২নং প্রস্তাবে বলেছি—

only task of such appointed *Gram Panchayat* being making all arrangements for the election of the *Gram Panchayat* under section 12(2).

সেই পঞ্চায়েতের নির্বাচনের জন্য যেসমস্ত কাজ কর্ম করার দরকার সেজন্য একটা স্ট্যাচুটারী বডি থাকা দরকার। কিন্তু তাকে ৩ বছরের জন্য বসিয়ে দেবেন; তারপর আবার প্রয়োজন মনে করলে ১ বছর বাড়িয়ে দেবেন, সেটা করা উচিত নয়। সেজন্য আমার এ্যামেন্ডমেন্ট এনেছি। যদি

গণতান্ত্রিক অধিকারে বিশ্বাস করেন, জনসাধারণের গণতান্ত্রিক অধিকারে যদি বিশ্বাস থাকে তাহলে কোন অবস্থায়ই ৩ মাসের বেশি এ্যাপয়েন্টেড মেম্বার রাখা উচিত হবে না। আমার এই এ্যামেন্ডমেন্ট আশা করি মেনে নেবেন।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমার যে এ্যামেন্ডমেন্ট সেটা পরিষ্কার। এই ১৪নং ক্লজএর নীতিগত দিক থেকে আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। এই আইনের মধ্যে অগণতান্ত্রিক যেসমস্ত ধারা আছে তার মধ্যে ১৪নং ধারা হ'ল অন্যতম। এবং এই ধারাতে তাঁরা গ্রামপঞ্চায়েতকে প্রথম এক বছরের জন্য নমিনেট করবেন, এখন সেখানে নমিনেশনএর ব্যাপারে সরকারের মনোনীত লোকগুলি, সরকারের পছন্দমত লোকগুলিই যে তারা পঞ্চায়েতে বসাবেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। কেন তারা এটা করছেন? তারা হয়ত বলবেন আমরা প্রথমদিকে কাজকর্ম কি রকম চলছে সেগুলি পরীক্ষা করবার জন্য নমিনেশন করছি কিন্তু নির্বাচিত মেম্বার দিয়ে এ কাজ চালাতে অসুবিধা কি? যদি এক্সপেরিমেন্টই করতে হয় তাহলে নির্বাচিত মেম্বার দিয়েই এক্সপেরিমেন্ট করতে সরকারের পক্ষে অসুবিধা কি, সেটা আমরা বুঝতে পারছি না। অথচ তারা সম্পূর্ণ অগণতান্ত্রিক একটি ধারা এর মধ্যে সন্নিবেশিত করছেন তা হ'ল যে, ১ বছরের জন্য গ্রামপঞ্চায়েত, গ্রামসভা তারা মনোনয়ন করবেন।

তা ছাড়া আমাদের গভীর আশংকা আছে যে, এই বিল পাস হওয়ার পরে নির্বাচন আসছে। কাজেই নির্বাচনের আগে তাঁরা সমস্ত বাংলাদেশে তাঁদের খেয়ালখুশিমত এই পঞ্চায়েতগুলিকে নির্বাচন করবেন এবং যাতে আগামী নির্বাচনের কাজে তাঁদের প্রভাব প্রতিপত্তি নানাদিক থেকে খাটাতে পারেন সেই সমস্ত ব্যবস্থা তাঁরা করবেন। তা না হ'লে কি উদ্দেশ্যে এই এক বছরের জন্য মনোনয়নের কথা রেখেছেন? তাদের যদি সৎ উদ্দেশ্য থাকে, তা হ'লে নির্বাচিত লোকদের দিয়ে এই গ্রাম-পঞ্চায়েত প্রথম থেকেই গঠন করা উচিত এবং এদিক দিয়ে কাজ কিভাবে হয় না হয় সেই-সমস্ত দেখা উচিত, এবং তাদের কাজের মধ্যে যদি কোন গলদ বেরোয় বা কোন অসুবিধা দেখা দেয়, তা হ'লে সেগুলি বিবেচনা ক'রে সংশোধন করা উচিত। তা না ক'রে, গ্রাম-পঞ্চায়েত মনোনয়ন করতে যাচ্ছেন। তা ছাড়া, তাঁরা একটি গ্রামের যে লোককে মনোনয়ন করবেন, তাঁদেরই নির্বাচনের মাধ্যমে আনতে অসুবিধা কি? তাঁরা যদি গ্রামের কাজ পরিচালনার উপযুক্ত হন, যোগ্য লোক হন তা হ'লে সরকার যাঁদের মনোনয়ন করবেন তাঁরা নিশ্চয়ই গ্রামের লোকের ভোটে নির্বাচিত হয়ে আসবেন। কিন্তু সরকারের নিজেদের পেটোয়া লোক বা নিজেদের পক্ষের লোককে পোস্ট করা ছাড়া এই মনোনয়ন দেওয়ার কোন যুক্তি থাকে না। আসলে গ্রামের লোককে যদি মনোনয়ন করতে পারেন তা হ'লে গ্রামের যারা উপযুক্ত লোক, গ্রামবাসী যাদের কাজকর্ম সম্বন্ধে জানে এবং যাদের উপর গ্রামবাসীর বিশ্বাস আছে, আস্থা আছে, সেইসমস্ত লোককে তাঁরা নির্বাচিত করবেন এবং সেই কমিটি প্রথম থেকেই কাজ করতে পারে। এখানে যদি কোন অসৎ উদ্দেশ্য না থাকে তা হ'লে এই ধারাটা রাখবার কোন যুক্তি আছে ব'লে আমি মনে করি না। (শ্রীযুত কালী মুখার্জি: অসৎ উদ্দেশ্যটা কি ভাই?) অসৎ উদ্দেশ্য হচ্ছে পরিষ্কার নিজেদের পেটোয়া লোকগুলিকে দিয়ে প্রথমদিকে চালানো এবং তাদের দিয়ে নানারকম ট্যাক্স বসানো, বিভিন্ন রকম কাজ করিয়ে নেওয়া, তারপরে আগামী নির্বাচনে সেগুলি গ্রাম-পঞ্চায়েত দিয়ে পাশ করার জন্য নানারকম ব্যাপার করা, এইসব অসৎ উদ্দেশ্য তাদের পেটের মধ্যে আছে, তাই এ সম্বন্ধে আমাদের গভীর সন্দেহ আছে। সেজন্য আমি পরিষ্কার বলেছি যে, এখানে ঐ ধারাটা তুলে দিন, ১৪ নম্বর ধারাটাকে বাদ দিয়ে দিন এবং আমার এ্যামেন্ডমেন্টটাকে গ্রহণ করুন—গ্রাম-পঞ্চায়েতের মধ্যে নির্বাচনপদ্ধতিকে মুখ্য নীতি হিসাবে গ্রহণ করুন। এই কো-অপসান পদ্ধতি খুবই খারাপ। বৃটিশ আমলে এই কো-অপসান ছিল, এর বিরুদ্ধে অনেক আন্দোলন হয়েছে, অনেক বাদ-প্রতিবাদ হয়েছে, তারপর ইউনিয়ন বোর্ডে নমিনেশনের পদ্ধতি উঠে গিয়েছিল। আবার পরোক্ষভাবে এই নীতি এনে এই বিলের মধ্যে হাজির করছেন সেই পুরাতন মনোনয়ন পদ্ধতি। আমার কথা হ'ল ১৪ নম্বর ধারাটাকে বাতিল করুন এবং আমার এ্যামেন্ডমেন্টটাকে গ্রহণ করুন। পঞ্চায়েতের কাজ যাতে সুষ্ঠুভাবে চলতে পারে তার ব্যবস্থা করুন। দেশের লোকের প্রতি আপনাদের এত অবিশ্বাস কেন? আপনি বক্তৃতার সময় ব'লেছিলেন যে, দেশের লোককে নাকি আপনি খুব বিশ্বাস করেন। জনসাধারণকে যদি

বিশ্বাস করেন তা হ'লে প্রথম থেকে নির্বাচিত গ্রামসভা করতে আপত্তি কেন? তাতে বরং উপযুক্ত লোকই নির্বাচিত হবে। তা না ক'রে একটা অগণতান্ত্রিক ধারা আপনারা করতে যাচ্ছেন। আমি এর তীব্র প্রতিবাদ করি এবং এই ধারাটাকে তুলে দিয়ে আমার সংশোধনী প্রস্তাবটাকে গ্রহণ করা হোক মাননীয় মন্ত্রীমহাশয়কে এই অনুরোধ করছি।

[4-30—4-40 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, নীতিগতভাবে আমি এই ধারাটার তীব্র বিরোধিতা করি। কারণ, পঞ্চায়েত বিলে এর মত অগণতান্ত্রিক ধারা আর নাই। বাস্তবিকপক্ষে পঞ্চায়েত বিল কার্যকরী করবার পক্ষে এটা অন্তরায় সৃষ্টি করবে ব'লে মনে করি। গ্রামের মধ্যে মন্ডলপ্রথা আছে, গ্রামের প্রধানদের একটা আত্মসম্মানবোধ আছে, গ্রামের জনসাধারণের একটা সেন্টিমেন্ট আছে। প্রথম থেকেই যদি আপনারা মনোনয়নব্যবস্থা করেন তা হ'লে জনসাধারণ এটা ভালো চোখে দেখবে না, পঞ্চায়েতের বিরোধিতা করবে। এই ধারাটা থাকা উচিত নয়, বাতিল করা উচিত ব'লে মনে করি। এই ধারাটা সম্বন্ধে আমার দুইটি সংশোধনী প্রস্তাব আছে। প্রথমটা হচ্ছে, প্রেসক্রাইব্‌ড অথরিটির উপর যেখানে মনোনয়নের ক্ষমতা দেওয়া হচ্ছে সেখানে বলা হচ্ছে—

> Prescribed Authority may, if it thinks fit, constitute the first Gram Panchayat, etc.

এখানে এই যে, 'ইফ ইট থিংক্‌স ফিট' অর্থাৎ প্রেসক্রাইব্‌ড অথরিটি যদি ভাল মনে করেন তাঁর খামখেয়ালমত ইচ্ছামত মনোনয়ন করতে পারবেন। এখানে এই যে প্রেসক্রাইব্‌ড অথরিটিকে সর্বময় ক্ষমতা দেওয়া হচ্ছে তা কখনই উচিত নয়। যদি মনোনয়নের ক্ষমতা দিতেই হয় তা হ'লে অন্তত একটা রেস্ট্রিকশন সংগত কারণেই থাকা উচিত; সেজন্য আমি 'ইফ ইট থিংকস ফিট'এর পরিবর্তে 'ফর রিজন্‌স টু বি রেকর্ডেড ইন রাইটিং' কথাটা দিতে চাই। তারপর ১৪নং ধারার প্রভাইসোর শেষের দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রোভাইসোতে রয়েছে,

> "provided that if the members are appointed for a period of less than one year, the prescribed authority may, if it thinks fit extend the period up to one year"

এখানে এই যে 'আপটু ওয়ান ইয়ার' কথাটা রয়েছে তার অর্থ অত্যন্ত ব্যাপক হয়ে দাঁড়াবে। এই বিল যাঁরা রচনা করেছেন তাঁরা এই আপটু মানে কি মিন করেন? এই কথাগুলির দ্বারা কি এ্যাপয়েন্টমেন্টএর পর এক বৎসর বুঝব না অতিরিক্ত একবছর বুঝব? আমার মনে হয় সিলেক্ট কমিটির মনেও এরকম একটা ভাবনা এসেছিল যার জন্য তাঁরা এর পরের ক্লজএ একই রকম ক্ষেত্রে এই ভাষার পরিবর্তনের চেষ্টা করেছেন। কিন্তু এখানে সেই ডিফেক্টটা রয়ে গিয়েছে। আমার মনে হয় ফার্স্ট এ্যাপয়েন্টমেন্ট হবার পর 'ইফ ইট থিংকস ফিট, এক্সটেন্ড দি পিরিয়ড আপটু ওয়ান ইয়ার' এই কথা দ্বারা অতিরিক্ত এক বছর বুঝাবে কিনা—এরকম একটা গোলমাল সিলেক্ট কমিটির মধ্যেও এসেছিল মনে হয়। সেজন্য আমি বলতে চাই টোট্যাল পিরিয়ড অফ এ্যাপয়েন্টমেন্ট এক বৎসরের বেশি হবে না। এরকম মনোনয়ন প্রথাই থাকা উচিত নয়, যদি রাখতেই হয় তা হ'লে অন্তত লিমিটেড পিরিয়ড থাকা উচিত। সেটাকে বাড়াবার কোন সুযোগ বা স্কোপ রাখা উচিত নয়। সেজন্য আমি 'আপটু ওয়ান ইয়ার'এর পরিবর্তে

> "but in no case the total period of their appointment shall exceed one year"

এই কথাগুলি লিখে দেওয়া প্রয়োজন মনে করি। আশা করি মন্ত্রীমহাশয় আমার সংশোধনী প্রস্তাব মেনে নিতে আপত্তি করবেন না।

Sj. Jnanendra Kumar Chaudhury:

স্যার, আমার এই এ্যামেন্ডমেন্টটা কিছুই নয়। এতদিন পর্যন্ত গ্রাম-পঞ্চায়েত করার যে বিধান ছিল অন্যান্য স্টেটএ হয়ে গেলেও আমাদের ওয়েস্ট বেংগল স্টেটএ হয় নি। ৭ বৎসর

অতিক্রান্ত হয়ে গেল। সর্বশেষে আমাদের স্টেটএ হচ্ছে। এখানে আমি বলতে চাই যে, ৬ মাস, এক বৎসর নমিনেটেড মেম্বার না করলে আকাশ নীচে ভেঙ্গে পড়ে যাবে না। সুতরাং সেকসন ৩এতে যা আছে

> "by notification constitute one or more *Gram Sabhas* within such area for the purpose of this Act"

এটা করবার পর গ্রামসভাকেই তাদের ইলেক্ট করতে দেওয়া ভাল। গভর্নমেন্ট থেকে ইলেক্ট করবার কোন কারণ আমি খুঁজে পাই না ৬ মাস এক বৎসরের জন্য। কারণ, ওরিজিন্যাল বিলএ দুই বৎসর ছিল সিলেক্ট কমিটিতে এক বৎসর হয়েছে, আমার মত হচ্ছে একদম দেওয়া উচিত নয়। যদি নেহাৎ দিতে চান তা হ'লে ৬ মাস পর্যন্ত করুন।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, this clause 14 is the most obnoxious of all the provisions of this West Bengal Panchayat Bill. In this clause the Goverment have sought to reserve the power for nominating the members of the *Gram Panchayat* for at least one year from the date of notification, etc. This is very, very bad, I should say that this is absolutely unwarranted and there is no reason or necessity whatsoever for reserving any such power. Of course, this provision stuck in the throat of the learned sponsor of this Bill and when he had to speak generally on this clause, he protested too much about the Government having any motive in this matter. Like the lady in the proverb he protested too much That would go to show that they have also some delicacy of feeling as regards this and it cannot be explained in any way other than the fact that Government want to wield this provision as a powerful weapon in their hands in the matter of getting success in the ensuing elections, otherwise there is no justification for such a provision The sponsor of the Bill has stated "Well, an urgency may arise to entrust development works or projects to the care of the *Gram Panchayat* and at that time the *Gram Panchayat* may not be ready at hand—it would require some time to form the *Gram Panchayat* by election, etc.. Therefore, it is necessary that the *Gram Panchayat* should be formed for a particular time—for one year at least—by nomination" Of course, they have studiously avoided the word "nomination". You will see the beauty of the thing—they have substituted the word "appointment" for the word "nomination". If the Government are so serious to entrust development works to *Gram Panchayats*, then what prevented them from passing this Bill or getting this Bill passed long ago? At least if they had proceeded speedily enough, they could have passed this Bill at least one year ago But why is it that they did not do anything like that I should say that if really it becomes necessary to entrust development works to *Gram Panchayat* or any organisation like that, meanwhile they can entrust such works to the existing union boards. What prevents them from doing that? If really the law is defective in the matter, some Ordinance may be passed or some such provision may be incorporated in the body of the present Bill They will not do anything like that. Already the provision contained in clause 14 has been utilised by the Congress Government for securing votes on their behalf. Sir, I had a very sad experience during the school board elections in the whole Burdwan district. You know, Sir, that the electorate wholly and exclusively consists of members of the union boards. The union boards were not ready to vote for the Congress nominees, but they were threatened that if they did not vote for the Congress nominees for the school boards election, then they will have no chance of getting nomination under the proposed section 14 of the West Bengal Panchayat Bill. Discretion is the better part of valour and, therefore, at least for some selfish reasons of their own, they had perforce to vote for the Congress candidates. Of course, they waxed eloquent over the success of their candidates for the

school boards in the Burdwan district, but the root of that success lay in this nefarious practice. Therefore, although he protested very much that we have no such ulterior motive, we cannot believe this. We have great respect for Mr. Jalan as a gentleman, but we are sorry we can have no respect for him as a wheel of the Congress machinery. So, although as a gentleman Mr. Jalan may not like to utilise this provision for securing votes in the ensuing elections, but as a part of the Congress machinery he will perforce have to utilise this for securing votes. Therefore, I would like to say that even now this gentleman should get this provision deleted

[4-40—4-50 p.m.].

He should omit this obnoxious provision from the Bill. I could not ask for a radical treatment as in that case your Damocles sword would come upon me saying that that would be out of order. Therefore, I have suggested a palliative to minimise the difficulties as far as I can. I have said that instead of one year three months should be substituted. If the Government is really earnest in the matter,—because some eventuality may arise when it may be necessary to nominate *Gram Panchayat*,—three months' time is sufficient. I think you will bear me out when I say that in three months' time it would be quite possible for getting the whole *Gram Panchayat* elected according to the provision of law. If they really mean what they say they should accept my amendment, namely, instead of keeping the Board of nominated members of the *Gram Panchayat* for one year they should be there for three months. For all practical purposes this time is sufficient It is a test of their sincerity and honesty whether they accept my amendment or not. Therefore I would request the learned sponsor of the Bill to accept my amendment If in case my first suggestion, namely, to omit this clause 14 altogether from the Bill is not accepted he will at least accept my amendment which seeks that in place of one year it should be for three months.

Sj. Raipada Das: Sir, I have an amendment and I want to speak

Mr. Deputy Speaker: Yes, but now Sj Gangapada Kuar will speak

Sj. Gangapada Kuar:

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, গণতন্ত্রের সংগে এ'দের কোন সম্পর্ক আছে ব'লে আমি মনে করি না। সেইজন্য নীতিগতভাবে এই বিলের ১৪ নম্বর ধারার আমি বিরোধিতা করছি ; এবং এই বিরোধিতা প্রসংগে আমি এই কথা বলব যে, আমরা পঞ্চায়েত নির্বাচনে ব্যালট প্রথায় ভোট দাবী করছি, সেই দাবীর ভিত্তিতে পঞ্চায়েত প্রতিষ্ঠা করার আন্তরিকতা যদি সরকারের থাকে, তা হ'লে তাঁরা ৫।৬ মাসের মধ্যেই তার ব্যবস্থা করতে পারেন। কিন্তু তা না করে কেন এই মনোনয়ন প্রথা টেনে আনলেন তা ব্‌ঝতে পারি না। মন্ত্রীমহাশয় তাঁর বক্তৃতাপ্রসংগে বিরোধীপক্ষকে অনেক নীতিকথা শ্‌নিয়েছেন এবং সমস্ত রাজনীতির উর্ধ্বে এই পঞ্চায়েত বিলকে দেখতে উপদেশ দিয়েছেন। কিন্তু সমস্ত রাজনীতির উর্ধ্বে থেকে এটা নিঃসন্দেহে বলা যেতে পারে যে, ৫।৬ মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েত প্রতিষ্ঠা করা সম্ভব। তবে যদি এটা করা সম্ভব না মনে করেন তা হ'লে এই যে মনোনয়নের ব্যবস্থা করতে যাচ্ছেন এটা এক বছর করা কোনক্রমেই য্‌ক্তিয্‌ক্ত হবে না। সেইজন্য আমার সংশোধনী হচ্ছে এটা ৩ মাসের জন্য করা যেতে পারে, এবং সেই পঞ্চায়েতের একমাত্র কর্তব্য হবে, নির্বাচনের জন্য যে প্রাথমিক ব্যবস্থা সেটা করবার ভার তাদের উপর দেওয়া। এই প্রসংগে আমি আর একটা কথা বলব, মদনমোহন খান ও জ্ঞানবাব্‌ এ্যামেন্ডমেন্ট ম্‌ভ করে এই প্রোভাইসোটাকে একেবারে অমিট করবার কথা বলেছেন : আমি সেটা সমর্থন করি। এই মনোনয়ন প্রথাটা অত্যন্ত ঘৃণিত প্রথা, তা সত্ত্বেও ঐ যে মনোনীত পঞ্চায়েত হবে, তার এক বছরকাল পরমায়্‌ করা হয়েছে, আবার ইচ্ছা করলে প্রেসক্রাইব্‌ড অথরিটি আরও বাড়িয়ে দিতে পারবে, এটা

অত্যন্ত আপত্তিকর, এটা কোনপ্রকারেই এই বিলের মধ্যে থাকা উচিত নয়। আমি মন্ত্রী-মহাশয়কে অনুরোধ করব যদি তিনি সম্পূর্ণ ক্লজটা অমিট করতে না পারেন তা হ'লে অন্তত যেখানে মনোনয়নের জন্য এক বছরের কথা আছে সেখানে ৩ মাস করুন, এবং এই প্রোভাইসোটা একেবারে উঠিয়ে দিন।

Sj. Natendra Nath Das: What about my 165 and 166?

Mr. Deputy Speaker: They have negative effect. So they are out of order.

Sj. Dhananjoy Kar:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, বিলের এই ১৪নং ক্লজটি সম্পূর্ণভাবে বাদ দেবার জন্য আমি সংশোধনী দিয়েছি। তার কারণ হচ্ছে, এই ধারাতে যে মনোনয়ন প্রথার ব্যবস্থা আছে, সেটা সম্পূর্ণভাবে গণতন্ত্রবিরোধী। আমরা যে সময় গণতন্ত্রকে সর্বপ্রকারে সাফল্যমণ্ডিত করতে চাচ্ছি সেই সময়ে গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করবার জন্য এই ধরণের মনোনয়ন প্রথাকে টেনে আনছেন এটা অত্যন্ত দুঃখের কথা। দুঃখ হয় আরও এইজন্য যে, এদেশে ইংরাজ শাসনের সময় নমিনেশন প্রথার বিরুদ্ধে কংগ্রেস বারবার আপত্তি তুলে এসেছে। তখন বৃটিশ আমলে কংগ্রেস যে মনোভাব, যে উদ্দেশ্য নিয়ে মনোনয়ন প্রথার বিরোধিতা করেছিল আজ এই কংগ্রেস আমলে আমরা ঠিক সেই কারণে, সেই উদ্দেশ্য নিয়ে এই মনোনয়ন প্রথার বিরোধিতা করছি। তখন বৃটিশ গভর্নমেন্ট যে কারণে এই মনোনয়ন প্রথাকে চালু রাখতে চেষ্টা করেছিল আমরা মনে করি আজও ঠিক সেই কারণে কংগ্রেস গভর্নমেন্ট এই মনোনয়ন প্রথা চালু করতে যাচ্ছেন; অর্থাৎ তাঁদের কুমতলবকে কার্যকরী করবার জন্যই এই মনোনয়ন প্রথাকে চালু রাখবার চেষ্টা হচ্ছে, এ ছাড়া আর কোন কারণ নেই। সাধারণ নির্বাচন করতে ত সময় লাগবেই, তা ছাড়া উদ্দেশ্য সিদ্ধ নাও হ'তে পারে, সেইজন্য মনোনয়ন প্রথার দ্বারা তাড়াতাড়ি ক'রে পঞ্চায়েতকে চালু ক'রে দেবার একটা মতলব তাঁদের রয়েছে। তা না হ'লে এমন কি অবস্থার সৃষ্টি হয়েছে যার জন্য এইরূপ একটা অস্বাভাবিক ব্যবস্থা অবলম্বন করা দরকার হয়েছে, এবং এইরূপে এই পঞ্চায়েতগুলি তাড়াতাড়ি গঠন করতে হবে? আট-নয় বছর হয়ে গেল কংগ্রেস রাজত্ব হয়েছে, কিন্তু এতদিন পঞ্চায়েত বিল এসেছিল না, আর আরও যদি একবছর চ'লে যায় এটাকে আইনে পরিণত করতে তা হ'লে এমন কি সর্বনাশ হয়ে যাবে যার জন্য মনোনয়ন প্রথার দ্বারা পঞ্চায়েত গঠন করতে যাচ্ছেন। আমি মনে করি এবং আমার দৃঢ় ধারণা যে, এঁদের উদ্দেশ্য নয় গণতন্ত্র সুষ্ঠুভাবে কাজ করে। পঞ্চায়েতে যাঁদের মনোনয়ন এঁরা করবেন, তাঁরা কোথাকার লোক? ঐ গ্রামেরই ত? তবে এঁরা গ্রামবাসীদের বাছাই করা লোক হবেন না কেন। গ্রামবাসীদের উপর এইরকম অবিশ্বাস কেন? যার জন্য তাঁরা মনোনয়ন প্রথা চালু করতে চাচ্ছেন। যেসমস্ত অপ্রিয় লোক, অযোগ্য লোক, জনসাধারণ দ্বারা নির্বাচিত হতে পারবেন না, তাঁদের এঁরা মনোনয়ন ক'রে পাঠাবেন এঁদের অনুমোদিত কাজ করবার জন্য এই কি উদ্দেশ্য? সাময়িকভাবে এক বছরের জন্য হ'লেও তাদের হাতে সমস্ত রকম ক্ষমতা দিয়ে কাজ করাবার চেষ্টা করছেন।

[4-50—5 p.m.]

এঁরা বোঝেন যে, এঁরা যে লোককে ভালবাসেন গ্রামবাসীরা সেই লোককে ভালবাসে না, এঁদের কথামত যারা চলে তারা গ্রামবাসীদের স্বার্থ দেখে না, দেখা সম্ভবও নয়। সেইজন্য একমাত্র গ্রামবাসীদের উপর নির্বাচনের ভার না দিয়ে বা তাদের নির্বাচিত লোককে বিশ্বাস না ক'রে এবং তাদের দ্বারা পঞ্চায়েত চালু করার ব্যবস্থা না ক'রে নিজেদের মনোনয়নের দ্বারা জনসাধারণের স্বার্থবিরোধী কাজ যারা করে সেইরকম পেটোয়া লোককে বসিয়ে দেওয়া ছাড়া এর উদ্দেশ্য আর কিছুই নয়। এই কারণে আমি এর বিরোধিতা করছি এবং বলতে চাই যে, সম্পূর্ণ ধারাটি একদম বাদ দেওয়া প্রয়োজন।

Sj. Saroj Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে ধারা এতে যে নীতি আরোপ করা হয়েছে তার বিরুদ্ধে বলতে গিয়ে আমি প্রথমে বলতে চাই যে, এই বিলের বিভিন্ন ধারা আলোচনা করবার

সময় মন্ত্রীমহাশয় পূর্বে জনসাধারণের প্রতি তাঁর প্রগাঢ় বিশ্বাস আছে, গণতন্ত্রের উপর তাঁদের প্রগাঢ় বিশ্বাস আছে ইত্যাদি নানা রকমের কথা আমাদের শুনিয়েছিলেন। যখন ইতিপূর্বে ১০নং ধারা বা ৫নং ধারা বা ৩নং ধারা অর্থাৎ যে ধারাগুলোতে সম্পূর্ণভাবে গণতন্ত্রের গলা টিপে মারা হয়েছে তার সম্পর্কে যখন বলতে গিয়েছিলেন তখন একটা যুক্তি এনে হাজির করেছিলেন 'ফর প্র্যাকটিক্যাল পারপাস'—এখানেও বোধ হয় উনি যুক্তি দেবেন ফর প্র্যাকটিক্যাল পারপাস অর্থাৎ তাড়াতাড়ি ক'রে করতে হবে, প্র্যাকটিক্যাল পারপাস সার্ভ করতে হবে, সেইজন্য ভোট দিয়ে সংগঠনটি গড়ে তোলার সময় পাওয়া যাবে না ; কাজেই সরকার থেকে নমিনেশন ক'রে তার ব্যবস্থা করতে হবে। আমি প্রশ্ন করি, এই ৯ বৎসর ত চলে গেল এবং এই বিল তৈরি হওয়ার পরও ত বছর দেড়েক চলে গেল, আর তারপরে সিলেক্ট কমিটিতে গেল, তা থেকেও দেড় বছর চলে গেছে, তবুও প্র্যাকটিক্যাল পারপাসএর কথা এখনও আসে কেন? যদি তিনি সত্য কথা বলেন তা হ'লে বোঝা যাবে এই যে প্র্যাকটিক্যাল পারপাস এইজন্য করছেন যে, ৫।৬ মাসের ভিতর ইলেকশন আসছে, তার মাঝখানে নমিনেশনএর নাম ক'রে পেটোয়া লোকদের যদি বিভিন্ন কেন্দ্রে রাখতে পারেন, তাদের হাতে একটা বিরাট ক্ষমতা দিয়ে, তা হ'লে তাঁরা সহজে ইলেকশনটা পার হতে পারবেন। এ ছাড়া যদি তাঁদের অন্য কোন যুক্তি থাকে তা হ'লে তাঁরা সেইসব যুক্তি আনুন। তা না হ'লে শুধু যে প্র্যাকটিক্যাল পারপাসএর নাম ক'রে, গণতন্ত্রের নাম ক'রে জনসাধারণের উপর তাঁদের বিশ্বাস আছে—এই কথা ব'লে যে হিতোপদেশ দেবেন তা চলতে পারে না। কেননা সেক্সন ১৪তে পরিষ্কারভাবে যা বলা হয়েছে, তাতে বোঝা যায় যে, জনসাধারণের উপর তাঁদের বিশ্বাস নাই, এবং গণতন্ত্রের উপর তাঁদের ভরসাও নাই। যখন তাঁদের নিজেদের কোন কাজ তাড়াতাড়ি ক'রে হাসিল করার প্রয়োজন হয় তখন প্র্যাকটিক্যাল পারপাসএর নাম ক'রে গণতন্ত্রের গলা টিপে মারার চেষ্টা হয়। এ ছাড়া তাঁদের সামনে যদি অন্য কোন যুক্তি থাকে তাঁরা সেই সমস্ত যুক্তি আমাদের সামনে আনুন। আমার কথা হচ্ছে বিরোধীপক্ষ থেকে ১৪নং ধারা সম্পর্কে যে দু-একটি এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে তাতে পরিষ্কার বলা হয়েছে যে, ১৪নং ধারাটা তুলে দিন। আমরা এই কথা বলি যে, যদি সত্যকার গণতান্ত্রিক পদ্ধতিকে কার্যকরী করতে চান তা হ'লে এই ১৪নং ধারাটাকে এ্যামেন্ড করুন, তা হ'লেই আমরা সেটা সমর্থন করতে পারব। নইলে আমরা বিশেষভাবে অনুরোধ করছি যে, আপনারা এই ১৪নং ধারাটা তুলে দিন। তাঁরা ইতিপূর্বে ৫নং ৩নং ও ১০নং ধারা যেভাবে এনেছেন, এই ১৪নং ধারাও সেইভাবে আনছেন। এতে সমগ্র বিলের যে মূল চরিত্র, পঞ্চায়েত গঠনের অন্যতম মূল উদ্দেশ্য যেটা গণতন্ত্রে থাকা দরকার, সেটা সম্পূর্ণভাবে নষ্ট করছেন এবং ভারতের যে বৈশিষ্ট্য গ্রাম্য শাসনব্যবস্থায় যে গণতান্ত্রিক ধারা থাকা উচিত সেইসমস্ত গণতান্ত্রিকতাকে ধ্বংস করতে যাচ্ছেন। তাঁদের ঘোষিত নীতির দিক থেকে এটাতে অন্যায় করা হচ্ছে। যদি এগুলো পরিবর্তন না করেন তা হ'লে গ্রামাঞ্চলে ভবিষ্যতে নানারকম অশান্তির সৃষ্টি হবে। অতএব তাঁদের ভালর জন্য এবং দেশেরও ভালর জন্য আমি মন্ত্রীমহাশয়কে সিরিয়াসলি বলছি এবং এই হাউসের কাছেও বলছি যে এ বিলটা যা হয়েছে তা গণতন্ত্রবিরোধীই হয়েছে। তাই তাঁদের কাছে অনুরোধ যে গণতন্ত্রের নামে বাংলাদেশের ধ্বংস তাঁরা যেন না করেন।

Sj. Raipada Das: Mr. Deputy Speaker, Sir, it seems distrust dogs the Government at every step Here again it prescribes a period of tutelage for the people, which may extend over two years, if the undefined, and yet omnipotent and omniscient, prescribed authority so chooses. The elected representatives of the people are an everhaunting bogie to our popular Government and, as a result, they try to keep them down as best they can, although at the same time keeping up a show of democracy. It is not a healthy sign and should be checked, controlled and eradicated, if democracy is to develop and function in the country. Once a *Gram Sabha* has been formed, there seems to be no earthly reason why it should be prevented from forming its own *Gram Panchayat* and its normal and inherent right should be arrogated by the Government which, in season and out of season, speaks of establishing a socialistic pattern of society in the country. Such an obnoxious clause as No. 14 should, therefore, be deleted.

Sj. Natendra Nath Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বুঝতে পারছি না কেন এই ক্লজটা আনা হয়েছে। গ্রামসভা নূতন করে গঠন হবে এবং সেটা যদি নির্বাচনের দ্বারা করা যায়, তা হ'লে আবার নমিনেশন প্রথা কেন পঞ্চায়েতের বেলায় চালু করছেন? যদি অঞ্চল-পঞ্চায়েতের প্রশ্ন হ'ত তা হ'লেও না হয় বুঝতাম। আমাদের বর্তমানে ইউনিয়ন বোর্ডে যা হয়ে আসছে ততটুকুও রাখছেন না। এদিকে ইউনিয়ন বোর্ড উঠিয়ে দিচ্ছেন। আর গ্রাম-পঞ্চায়েত নির্বাচনের পর অঞ্চল-পঞ্চায়েত বসাতে হবে। আমি বুঝতে পারছি না এই গ্রাম-পঞ্চায়েত নির্বাচনের দ্বারা না হবার কি কারণ থাকতে পারে? নমিনেশন করবার কারণ আমি ত খুঁজে পাই না। এ্যাপয়েন্টমেন্ট অব মেম্বারস বাই প্রেসক্রাইব্ড অথরিটি এখানে প্রেসক্রাইব্ড অথরিটি কে তা এ আইনে বলা নাই। তিনি যে কাকে ফিট মনে করবেন তা কিছু বলা নাই। কি লেভেলের ব্যক্তি তিনি হবেন তা কিছু জানা নাই। যদি কোনও রকম কণ্ডিশন ছাড়া গণতন্ত্রকে উড়িয়ে দিয়ে প্রেসক্রাইব্ড অথরিটির উপর ভার দেওয়া হয় তা হ'লে স্বেচ্ছাচার ও খামখেয়ালীর চূড়ান্ত হবে। কেননা তিনি যাকে নাকি থিংকস ফিট তাকে তাঁর খামখেয়ালমত ইচ্ছানুযায়ী বা কোন রাজনৈতিক দলের দ্বারা প্রভাবিত হয়ে এ্যাপয়েন্ট করতে পারবেন এই আশঙ্কা আমরা বার বার করছি। ক্লজ ১২ যেখানে পাশ করেছেন তারপর আবার কংগ্রেস সরকারের তরফ থেকে এই জিনিসটার ব্যবস্থা কেন হচ্ছে বুঝতে পারছি না। আমার মনে হয় এই ক্লজএর মতন একটা অনাবশ্যক ক্লজ আগামী নির্বাচনের আগে আনার একমাত্র যুক্তি এই হতে পারে যে যাতে গ্রাম পঞ্চায়েতের ভিতর ওদের অবাঞ্ছিত ব্যক্তি কেউ না ঢুকতে পারে এবং সুবিধামত লোক দিয়ে যেখানে গ্রাম-পঞ্চায়েত হচ্ছে না সেখানে গ্রাম-পঞ্চায়েত করবেন এবং এক বছরের জন্য এটা রেখে দেবেন, যাতে ইলেকশনের সুবিধা হয় তারজন্যই এই নমিনেশন। কেননা পঞ্চায়েত ইলেকশনএর ত কোনই অসুবিধা নাই, ভোটারের লিস্ট ত হয়েই আছে এ এ্যাসেম্বলির ইলেকশন সম্পর্কেই ত মেম্বারস লিস্ট রয়েছে। সে কেন কোন গ্রামে ইলেকশন হতে পারবে না? তবুও এইভাবে এ্যাপয়েন্টমেন্ট করে নেবার এই পরিকল্পনা এসেছে কেন? ক্লজ ১২ পাশ করবার পর এই ধারাটা আনার উদ্দেশ্য কি? বলুন স্পষ্ট করে। মন্ত্রীমহাশয়কে বলব এটা আমাদের কনস্টিটিউশনএর বিরুদ্ধে যায়, কেননা সেখানে নীতি হচ্ছে নির্বাচন এই ভোট এবং এ্যাডাল্ট সাফ্রেজএর ভিত্তিতে। সুতরাং আবার বলছি—এই ধারাটা আনবেন না। ইলেকশন করে উঠতে পারবেন না সেইজন্য নমিনেশন করে দেবেন, এ প্রশ্ন ওঠে না। কারণ আমরা ১২নং ধারা পাশ করেছি ইলেকশন করবার জন্য।

[5-10 p.m.]

Sj. Nagendra Dalui:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৪নং ধারাটা কেন যে সরকার আনছেন তার মানে কিছু বুঝতে পারি না। গণতান্ত্রিক প্রতিষ্ঠানে এর কি প্রয়োজন আছে? এঁরা গণতন্ত্র করছেন অথচ বাইরে থেকে লোক নেবার কথা বলা হচ্ছে। সাধারণ নির্বাচনে যারা দাঁড়াতে পারবে না তাদের আর কোন পথ নেই। সেই উদ্দেশ্যেই এটা করা হচ্ছে। সুতরাং সরকারের উদ্দেশ্য এখানে পরিষ্কার। এইজন্য এই প্রস্তাব আমরা গ্রহণ করতে পারি না। কাজেই এই ১৪নং প্রস্তাবে বাইরে থেকে লোক নেবার কথা যা হচ্ছে সেটা তুলে দেবার দাবী করছি।

Sj. Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ধারাটা একেবারেই গণতন্ত্রের সমাধি রচনা করেছে। আমরা সিলেক্ট কমিটিতে যে কথা আলোচনা করেছিলাম তাতে মন্ত্রীমহাশয় এর কোন যুক্তি দেখাতে পারেন নি। কেবলমাত্র একটি কথা বলেছিলেন যে ব্যাকওয়ার্ড প্লেস আছে . . .

Mr. Deputy Speaker:

আপনি সিলেক্ট কমিটির ডেলিবারেশন কিছু উল্লেখ করবেন না।

Sj. Sudhir Chandra Das:

সিলেক্ট কমিটির কথা এখানে বলছি না। সেখানে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে একটিমাত্র যুক্তি শুনেছিলাম তার কথাই বলছি। তিনি বলেছিলেন যে, ব্যাকওয়ার্ড প্লেস কোথায়ও

কোথায়ও আছে, এইজন্য পঞ্চায়েত তাড়াতাড়ি গঠন করতে পারবেন না, এইজন্য একটা মেসিনারি সেট-আপ করতে হবে। এই যুক্তিই মন্ত্রীমহাশয় আমাদের শুনিয়েছিলেন। তার বিরুদ্ধে আমরা বলেছিলাম যে, এটা কোন ক্ষেত্রেই প্রয়োগ করা উচিত হবে না। কেননা যেখানে দেশের লোকের আজ সমস্ত অঞ্চলে ভোট আছে, সেই ভোট তারা অন্ততঃ সর্বত্রই এক্সারসাইজ করতে পেরেছে, ভোট দিতে পেরেছে। এমন অঞ্চল ছিল না যেখানে কোন ভোটের ক্ষেত্রে তারা ভোট দিতে পারে নি, ভোট দিতে যায় নি বা ভোট দিতে অক্ষম হয়েছে। এমন কোন অঞ্চল আছে ব'লে আমাদের জানা নেই। গত নির্বাচনে আমরা দেখেছি সব জায়গাতেই ভোট দিতে লোকে সক্ষম হয়েছে। সুতরাং এই ভয় করবার কোন কারণ নেই। যদি সেরকম অঞ্চল থেকে থাকে তবে তা আমাদের বলুন এবং আমাদের তা জানিয়ে দিতে হবে যে ঐ অঞ্চলের লোকরা ভোট দিতে পারে না যার জন্য সরকার এই ক্ষমতা কেড়ে নিচ্ছেন গণতন্ত্রের সমাধি করে। অথচ মন্ত্রীমহাশয় সেদিন বলেছিলেন, গণতন্ত্রের বড় বড় বুলি আমাদের শুনিয়েছিলেন যে, ভারতবর্ষে সবচেয়ে বেশি গণতন্ত্র আছে। কিন্তু মন্ত্রীমহাশয় কোন যুক্তি দিয়ে বুঝিয়ে দিতে পারেন যে, এই ধরণের মনোনয়ন প্রথা রাখা গণতন্ত্রের সমাধি নয়? আমি এখানে বলতে চাই যে, যদি মনোনয়ন প্রথা প্রথম নির্বাচন ক্ষেত্রে আপনারা রাখেন তা হ'লে মেদিনীপুরের ক্ষেত্রে যে আন্দোলন এর বিরুদ্ধে আছে সেটা বিরাট হয়ে উঠবার সম্ভাবনা আছে। মন্ত্রীমহাশয় জানেন যে, বীরেন্দ্রনাথের সময় ইউনিয়ন বোর্ডের কয়েকটি ধারা পরিবর্তন করার জন্য সমস্ত ইউনিয়ন বোর্ডকে বর্জন করার আন্দোলন তিনি করেছিলেন এবং সরকার সেখানে নতি স্বীকার ক'রে সেটা প্রত্যাহার করেছিলেন। সেই মেদিনীপুর আজ এইরকম মনোনয়ন প্রথা স্বীকার ক'রে নেবে না। যেখানে তাদের ভোট দেবার ক্ষমতা আছে, সেখানে এই ক্ষমতা অপহরণ করবার অপচেষ্টা যদি আপনারা করেন তা হ'লে মেদিনীপুর প্রথমেই বাধা দেবে, এবং এমন আন্দোলন করবে যাতে এইরূপ অগণতান্ত্রিক পঞ্চায়েত চালাবার যে চেষ্টা আপনারা করছেন তার বিরুদ্ধে মেদিনীপুর বিরাট আন্দোলন সৃষ্টি করে এই পঞ্চায়েতকে একেবারে নষ্ট করে দেবে। এবং তাদের অত্যন্ত অবিশ্বাস হবে ও কিছুতেই এই পঞ্চায়েতকে গ্রহণ করতে পারবে না। সেইজন্য এই যে অগণতান্ত্রিক যে ১৪নং ধারা এটা সম্পূর্ণ প্রত্যাহার করুন। এর কোনই আবশ্যকতা নেই। এটা যদি না থাকে তা হ'লে ভাল ক'রে পঞ্চায়েত হতে পারবে। এই ধারাটা রাখবার একমাত্র কারণ হচ্ছে যে, কোন গণতান্ত্রিক জিনিস হওয়ার সম্ভাবনা সম্পর্কেই তাদের মনে সন্দেহ ও অবিশ্বাস নিহিত আছে।

আর একটা কথা আমি বলতে চাই। মন্ত্রীমহাশয় উত্তর দেবার সময় পরিষ্কার করে দেবেন, তাঁর যে দৃষ্টিভঙ্গী ছিল ব্যাকওয়ার্ড এরিয়া, তার মানে কি তিনি বুঝাতে চান যার জন্য সমস্ত অঞ্চলের অধিকার তিনি ক্ষুণ্ণ করতে চান? কোথাও যদি এইরকম ব্যাকওয়ার্ড প্লেস থাকে তা হ'লে আমাদের খুঁজে বের করতে হবে এবং আমাদের জানাতে হবে যে, এদের জন্য মনোনয়ন দরকার কারণ এরা ভোট দিতে পারে না। এইজন্য আমি বলছি যে, এটা প্রত্যাহার করুন। তা না হ'লে এই নিয়ে মেদিনীপুরে তুমুল আন্দোলন হবে এই মনোনয়নের বিরুদ্ধে এবং কিছুতেই তারা এইরকম পঞ্চায়েত গ্রহণ করবে না।

Sj. Janardan Sahu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গ্রামের লোকেরা সহজ, সরল; তারা সত্য কথা বলে। কিন্তু তা সত্ত্বেও তারা নিজেদের কাজ নিজেরাই পরিচালনা ক'রে আসছে। সেইজন্য সন্দেহের কোন অবকাশ নেই। সুতরাং প্রথম থেকেই শাসক এবং শাসিতদের মধ্যে একটা প্রাণের বন্ধন থাকা উচিত—অবিশ্বাসের ভাব থাকা উচিত নয়, এইটাই ভারতীয় কৃষ্টি ছিল। কিন্তু আজ গ্রাম-পঞ্চায়েত গঠন করবার সময় একটা প্রেসক্রাইব্‌ড অথরিটি নিয়ে আসছেন যার কোন দরকার নেই। যা আছে সেইভাবেই করা উচিত। আবার আপনারা নমিনেট করছেন। এই অবিশ্বাস কেন দেশের উপরে? আমরা যে অবস্থায় আছি সেই অবস্থাটা মেনে নিয়ে দেশের লোককে বিশ্বাস করুন। আপনারা যা করছেন তাতে আরও জটিল হয়ে যাচ্ছে এবং ভারতের কৃষ্টি ও আদর্শও নষ্ট হচ্ছে। এই যে বারবার আপনারা প্রেসক্রাইব্‌ড অথরিটির কথা বলছেন তার দ্বারা ভারতের ঐতিহ্য এবং অতীত ইতিহাসকে বিদ্রূপ করা হবে। এইজন্য এই কুখ্যাত ১৪নং ক্লজটা অমিট ক'রে দিন।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, নীতির দিক থেকে অনেকেই বলেছেন যে, এই ধারাটার সম্পূর্ণ বিরোধিতা করা উচিত। আমার কথা হচ্ছে, একটু আগে সুধীরবাবু যে কথা বলেছেন, মন্ত্রীমহাশয় বলেছেন যে, অনগ্রসর অঞ্চলে সুষ্ঠু কাজ সম্পাদনের জন্যই এই ব্যবস্থা করেছেন। আমি তাঁকে জানিয়ে দিতে চাই যে, সমবায় বা যেসব ঐ ধরনের প্রতিষ্ঠান আছে গ্রাম-অঞ্চলে, সেই অনগ্রসর অঞ্চলে, যেখানে লোকেরা লেখাপড়া জানে না, হিসাব রাখতে পারে না, সেখানে তাদের সাহায্য করবার জন্য উপযুক্ত লোক, কর্মচারী পাঠানোর ব্যবস্থা আছে। কাজেই স্বায়ত্তশাসন গ্রামাঞ্চলে প্রতিষ্ঠা করবার উদ্দেশ্য যদি এই বিলের হয় তা হ'লে মনোনয়ন প্রথা যা আপনারা করছেন তার দ্বারা এর মূল নীতিকেই অস্বীকার করা হয়েছে। তারপর সত্যই যদি স্বায়ত্তশাসন পরিচালনা করার উদ্দেশ্য গভর্নমেন্টের থাকে তা হ'লে এই অনগ্রসর অঞ্চলে লোকেরা লেখাপড়া না জানার জন্য তাদের কাজ পরিচালনা করার জন্য যেখানে অঞ্চল-পঞ্চায়েত রয়েছে, তার উপরে প্রেসক্রাইবড অথরিটি রয়েছে, তারপরে ন্যায়-পঞ্চায়েত রয়েছে। তা হ'লে যেখানে অনগ্রসর ব'লে অশিক্ষিত লোক থাকবে সেখানে গ্রাম-পঞ্চায়েত চালনা করা তাদের পক্ষে সম্ভবপর হবে না ব'লে যদি আপনারা মনে করেন তা হ'লে ঐভাবে তাদের সাহায্য করতে পারেন। তা না ক'রে এখানে এক বৎসরের জন্য সরকারী মনোনীত সদস্য নিয়োগ করা হবে গভর্নমেন্ট থেকে, আবার দরকার হ'লে আরও তার কার্যকাল এক বৎসর বাড়ান যাবে এটা সম্পূর্ণ স্বায়ত্তশাসন বিরোধী এবং স্বায়ত্তশাসনের অধিকার এর দ্বারা হরণ করা হচ্ছে ব'লে আমি এর তীব্র প্রতিবাদ করি।

জালান সাহেবকে আমি এখানে একটি কথা বলব। তাঁকে এই প্রসঙ্গে খড়গপুর মিউনিসিপ্যালিটির কথা স্মরণ করিয়ে দিচ্ছি। দুই বৎসরের জন্য সেখানে মনোনীত সদস্যের দ্বারা মিউনিসিপ্যালিটির কাজ চালিয়েছেন, কিন্তু তাতে বিন্দুমাত্র কাজও অগ্রসর হয় নি। বরং গভর্নমেন্ট থেকে যে টাকা খরচ করা হয়েছে সেটা সম্পূর্ণ অপব্যয় করা হয়েছে ব'লেই আমি মনে করি। কোন কাজ হয়নি ব'লে আবার সেটাকে এক বৎসর এক্সটেনসন করতে হয়েছে। কাজেই মনোনয়ন প্রথার আমি বিরোধিতা করছি এবং অন্যান্য সদস্যরা এর বিরোধিতা করে যেসব কথা বলেছেন তা আমি রিপিট করতে চাই না। এর দ্বারা এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। তাই নীতিগতভাবে এর প্রতিবাদ করা দরকার। অন্যান্য সদস্যেরা যেসব সংশোধনী প্রস্তাব এনেছেন তাতে তাঁরা এই ধারার প্রতিবাদ করেছেন। আমি আশা করি যে, এই ধারাটা বাদ দেওয়া হ'ক, নইলে এই বিলের উদ্দেশ্য নষ্ট হবে।

[5-10—5-20 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ১৪ নম্বর ধারাটা সকলে একবাক্যে বিরোধিতা করছেন, এবং এ করার যথেষ্ট কারণ আছে। এটা শুধু গণতন্ত্রবিরোধী নয়, এই ধারাটাতে এই বিলের সমস্ত ফিউচার কোর্সই ভিসিয়েটেড হয়ে যাবার সম্ভাবনা আছে। একটা জিনিস মনে রাখতে হবে, পঞ্চায়েত গঠনের উদ্দেশ্য হচ্ছে গ্রামাঞ্চলে সেল্ফ গভর্নমেন্ট ইউনিট গঠন। এখন এরকম ধরণে আমাদের গ্রামাঞ্চলে সত্যকার স্বায়ত্তশাসন ইউনিয়ন গঠন করতে গেলে তার অনুকূল পরিবেশ সৃষ্টি করা দরকার। লোকের ভিতর একটা নূতন মনোভাব এবং প্রেরণা সৃষ্টিই সব চেয়ে বড় কথা যে-কোন সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে। কিন্তু এখানে যে ক্লজ আনা হয়েছে তদ্দ্বারা সম্পূর্ণ প্রতিকূল মনোভাবেরই সৃষ্টি করা হবে এবং এর জন্য সম্পূর্ণ প্রতিকূল অবস্থারই সৃষ্টি হচ্ছে। সেদিক দিয়ে এই ক্লজটা বিবেচনা করে যদি দেখি তা হ'লে দেখব যে, এই আইনের এরকমভাবে ১৪নং ধারা যদি পাশ হয় তা হ'লে পাশ হবার পর ফল হবে এই যে, তারপর যে পঞ্চায়েত ইনঅগুরেটেড হল -সারাদেশে কি অবস্থার সৃষ্টি হল? হল এই যে প্রতিটি গ্রামে গভর্নমেন্ট এ্যাপয়েন্টেড লোকেরা পঞ্চায়েতে বসবে। এই হচ্ছে পঞ্চায়েত শাসনের সাথে পল্লী-অঞ্চলের অধিবাসীদের প্রথম পরিচয়। এই যে প্রথম পরিচয়, এই যে ব্যাড বিগিনিং, এটা হোল কোর্সটাকে ভিসিয়েটেড ক'রে দেবার সম্ভাবনা রয়েছে। সেদিকে চিন্তা করা দরকার। সেদিক থেকে যদি চিন্তা করা যায় তা হ'লে কোন যুক্তিতে এই

পরিস্থিতির উদ্ভব হচ্ছে যাতে নির্বাচনের আগেই এই ধরণের এ্যাপয়েন্টেড পঞ্চায়েতের প্রয়োজন হচ্ছে এটা কিছু বুঝা যায় না। একমাত্র সম্ভাবনা হচ্ছে এই নির্বাচনের আগে সমস্ত গ্রামাঞ্চলে নিজেদের প্রতিষ্ঠান তৈরি করে তার মাধ্যমে বিভিন্ন খরচপত্র যা আছে তা করা এবং তার মাধ্যমে ভোট সংগ্রহ করা—অবশ্য এ ধরনের প্রতিষ্ঠান করার যদি প্রয়োজনীয়তা থাকে তা হ'লে স্বতন্ত্র কথা। কিন্তু যদি না থাকে এ ধরনের ব্যবস্থা, এ ধরনের প্রতিষ্ঠান করার প্রয়োজন কি? সম্পূর্ণ অন্যরকম পরিবেশ আনা উচিত। এবং সেদিক দিয়ে আমার মনে হয় এটা ধীরভাবে, স্থিরচিত্তে চিন্তা ক'রে দেখা দরকার। বর্তমানে যে ইউনিয়ন বোর্ড আছে সেই ইউনিয়ন বোর্ডেও নির্বাচন আছে কিন্তু তার চেয়েও খারাপ জিনিস এই যে পঞ্চায়েত সৃষ্টি করছেন তাতে বর্তমান কালের যে ইউনিয়ন তার চাইতে অগণতান্ত্রিক, সম্পূর্ণ এ্যাপয়েন্টেড বডি সমস্ত গ্রামাঞ্চলে চালিয়ে দিয়ে সেখানে গ্রামের স্বায়ত্তশাসন উদ্বোধন করা হবে। সেটাতে কিরকম একটা পরিবেশ লোকের ভিতর সৃষ্টি হবে সেটা চিন্তা ক'রে দেখুন। সেজন্য আমার মনে হয় ১৪নং ধারা যা সন্নিবেশিত করছেন তার তাৎপর্য তলিয়ে দেখেন নি। এরকম একটা জিনিস থাকলে পর সেখানে সাধারণভাবে যেসমস্ত সন্দেহের কথা উঠেছে সেইসমস্ত কথা আসা স্বাভাবিক। সেদিকে আমার মনে হয় এ ধারায় যা করছেন সেটা অপ্রয়োজনীয় এবং এ ধরণের কাজ করলে এর চেয়ে অবিবেচনার কাজ আর কিছু হতে পারে না, এবং এটা হবে 'গ্রেটেস্ট ইনজুরি টু দি কজ অব পঞ্চায়েত'।

Sj. Bankim Mukherjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটা ধারা ১৬ নম্বর ধারা এটা সম্বন্ধে বিরোধী পক্ষের দারুণ অমত আছে। আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়ের দু-তিনটি স্টক ইন আর্গুমেন্ট আছে, তার মধ্যে একটা হচ্ছে এনেব্লিং সেকশন। এতে এত কিছু বাধ্যবাধকতা নেই, এটা শুধু আমাদের হাতে ক্ষমতামাত্র নেবার ব্যবস্থা অর্থাৎ যদি প্রেসক্রাইবড অথরিটি থিংকস ফিট তা হ'লে ইট মে, সুতরাং এটা হচ্ছে একটা স্টক ইন ট্রেড বা স্টক ইন আর্গুমেন্ট যে আমাদের একটা এনেব্লিং সেকশন রাখার দরকার হল। যদি প্রয়োজন হয় কখন সখনও প্রয়োগ করবেন ইত্যাদি, কিন্তু আমাদের কাছে মনে হয় যে, এই এনেব্লিং সেকশনের প্রয়োজন কোথা থেকে আসে অর্থাৎ এটা ত এই নয় এইরকম এনেব্লিং সেকশন একসংগে নিয়ে আসা হয় নি—এ ত হয় নি। সব জিনিসেরই একটা বাস্তব ভিত্তি থাকে অর্থাৎ তাঁরা ভোট রেখেছেন এইরকম সেকশনের প্রয়োজনীয়তা আছে, অর্থাৎ এই সেকশন প্রয়োগ করা হবে, এর দরকার আছে, এই মনে করে এই সেকশন নিয়ে এসেছেন। মন্ত্রীমহাশয় যখন উত্তর দেবেন তখন তিনি যেন দয়া করে ঐরকম মামুলি উত্তর না দিয়ে অন্ততঃ আমাদের এটা বুঝাবার চেষ্টা করেন। যদি গোড়ায় করতেন তা হ'লে হয়ত এতখানি অপোজিশন হ'ত না। আমরা এ পর্যন্ত শুনি নি যে, কি কারণে এই এক বছরের জন্য মেম্বরকে নমিনেট করবার প্রয়োজন হবে। কোথায়, সর্বত্র কিনা, এসম্বন্ধে আমরা কিছুই শুনি নি। আমরা অবাক হয়ে যাই যে, নমিনেটেড পঞ্চায়েত এটা কি রকম জিনিস? নমিনেটেড পঞ্চায়েত একটা শুনলে অবাক হয়ে যেতে হয়। (এ ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চেস : সোনার পাথর বাটি।) এ জিনিসটা পাথরের চেয়েও অধম, কাজেই এটা পাথরের সোনার বাটি। এই জিনিসটার কোথা থেকে প্রয়োজন হচ্ছে? একটা জিনিস শুনেছি যে, হাজারখানেক ইতিমধ্যে এক্সপেরিমেন্টাল গ্রাম-পঞ্চায়েত গঠন করা হয়েছে। কে ক্ষমতা দিল? এই পঞ্চায়েত বিল না থাকা সত্ত্বেও তারা সেটা করতে পেরেছে এবং এই পঞ্চায়েত বিল হবার পরে যে এক্সপেরিমেন্ট তাঁরা করতে যাচ্ছেন হাজারখানেক পঞ্চায়েত মানে ঐরকম পঞ্চায়েত, অর্থাৎ নিযুক্ত পঞ্চায়েত, এ্যাপয়েন্টেড পঞ্চায়েত। গাঁয়ে মানে না আপনি মোড়ল পঞ্চায়েত—এইরকম মণ্ডল তাঁরা সৃষ্টি করলেন এবং আরও করবেন। বেশ ত' যখন তার জন্য পঞ্চায়েত বিল না করেই তাদের কাজে বাধা হয় নি, তখন এই পঞ্চায়েত বিল পাশ হবার পরে যে প্রক্রিয়ায় তাঁরা এইগুলি করতে চলেছেন, সেই প্রক্রিয়ায় তাঁরা ক'রে যেতে পারবেন, তা হ'লে পর হঠাৎ নমিনেটেড পঞ্চায়েত আইনতঃ করবার প্রয়োজনীয়তা কি হচ্ছে? অত্যন্ত সহজ কথা এই যে, এক্সপেরিমেন্টাল পঞ্চায়েত করেছেন, তা সমস্ত হচ্ছে গিয়ে কাঠের ঘোড়া, দানাও খায় না, চাটও মারতে পারে না, যেহেতু তাদের হাতে কোন ক্ষমতা নেই। এক্সপেরিমেন্টাল পঞ্চায়েত তারা মস্ত বড় বড় কাজ করবে। কি কাজ করবে? না, সমস্ত গ্রামের

লোককে উদ্বুদ্ধ প্রবুদ্ধ করে কমিউনিটি ডেভেলপমেন্ট, ন্যাশনাল এক্সটেনশনের, সমস্ত কাজ করবে, বন্যানিবারণ করবে, গ্রামের সর্ববিধ উন্নতি করবে। কে? না, প্রেসক্রাইব্‌ড অথরিটির দ্বারা মনোনীত যেসমস্ত পঞ্চায়েত তারা এইসব কাজ করবে। এত জরুরি কাজ যে তাড়াতাড়ি এই গ্রাম-পঞ্চায়েতগুলিকে এ্যাপয়েন্ট না করলে আর চলত না, এত ভয়ঙ্কর রকমের। এই গভর্নমেন্টের বহুবার বেদনা এসেছে গ্রামের উন্নতি করবার জন্য, লোকগুলিকে এ্যাপয়েন্ট করবার জন্য এই পঞ্চায়েত বিল পাশ হবার আগে। কিন্তু এই ঘোড়া কাঠের, একটা সুবিধা আছে—দানাও খায় না, চাটও মারে না, কাজ কিছুই করতে পারে না। কিন্তু তাঁরা আজকে চেয়েছেন কাঠের ঘোড়ায় কিছুটা দম দেবার যন্ত্রপাতি বসাতে, অর্থাৎ ঘোড়া ঐ থাকবে, তার ভেতর হাড়মাস আসবে না, কিন্তু তাতে দম দিয়ে দেওয়া হবে। এই ১৪ নম্বর সেকশনে তার হাতে কতকগুলি পাওয়ার দেওয়া হবে। সেইসমস্ত কাঠের ঘোড়াগুলি যাদের প্রেসক্রাইব্‌ড অথরিটি নিযুক্ত করেছে তাদের হাতে কোন আইন নেই। এইসব ক্ষমতা তাদের দেওয়া হবে যে, তারা লোকের উপর ট্যাক্স বসাতে পারবে, লোকে ট্যাক্স না দিলে পর বাড়ী ক্রোক করতে পারবে, হুকুম করতে পারবে, অর্থাৎ পঞ্চায়েত বিলে যে যে ক্ষমতা আছে সেইসমস্ত ক্ষমতা ও'রা নেবেন। অতএব এই এই জিনিসগুলি এ'দের হাতে দেওয়া হবে।

[5-20—5-30 p.m.]

কেন এদের হাতে ক্ষমতা দেওয়া হবে, তার একটামাত্র যুক্তি এই হতে পারে—দেখুন এই আইনের শেষে সিডিউলএ দেওয়া আছে যে, এই আইনটা পাশ হ'লে পর এই এই আইনগুলি উঠে যাবে। মন্ত্রীমহাশয় বলবেন যে, আইনটা তো পাশ হ'ল, ইতিমধ্যে গ্রাম-পঞ্চায়েত গঠন করতে সময় লাগবে তো। নিশ্চয়ই সময় লাগবে। একটা ইলেকশনএর ব্যবস্থা করতে—খুব তাড়াতাড়ি ব্যবস্থা করলেও ৫।৬ মাস সময় লাগবে। এটা আমি বুঝতে পারি। অতএব ও'রা হয়ত বলতে পারেন ট্রানজিশন পিরিয়ডটা ইউনিয়ন বোর্ড উঠে গেল, পাউন্ড এ্যাক্ট প্রভৃতি উঠে গেল এই সমস্ত উঠে গেল এই ট্রানজিশন পিরিয়ডটা কি ক'রে চলবে। আমার মনে হয় যেখানে এই সিডিউলটা দেওয়া হয়েছে এই এ্যাক্ট পাশ হবার পর এই এই এ্যাক্টগুলি উঠে যাবে সেখানে তা না ব'লে যদি বলা হয় এই এ্যাক্ট পাশ হবার পর, কার্যত লাগু হবার পর, When this Bill becomes an Act and comes into operation after the formation of *Gram Panchayat*.

যতক্ষণ পর্যন্ত ইউনিয়ন বোর্ড থাকতে পারে ততক্ষণ পর্যন্ত এই যেসমস্ত আইনগুলি রয়েছে এই সমস্ত আইনগুলি চলতে পারে। এবং সেখানে পরিষ্কার দেওয়া যেতে পারে এটা হবার পর গভর্নমেন্ট নোটিফাই ক'রে বলবেন যে ঐ আইনগুলি উঠে গেল। এইটুকু করা কিছুমাত্র কঠিন নয়। আমার মনে হয় তাঁরা তাঁদের আইনমন্ত্রীদের কাছ থেকে পরামর্শ নিলে পর বা তাঁদের লিগ্যাল এ্যাডভাইজারদের কাছ থেকে পরামর্শ নিলে পর ঐটুকু পরিবর্তন অত্যন্ত সহজে করা যেতে পারে। অতএব এই যুক্তির কোন অর্থ থাকবে না যে, ট্রানজিশন পিরিয়ডেতে কি ক'রে আমরা চালাব। অর্থাৎ যখন ইউনিয়ন বোর্ড প্রভৃতি উঠে যাবে, গ্রাম-পঞ্চায়েত বিলটা পাশ হয়েছে কিন্তু গ্রাম-পঞ্চায়েত গঠন হয় নি, এই পিরিয়ডটার জন্য ঐ ব্যবস্থা করা প্রয়োজন। আপনারা কি জিনিস করছেন—না, পঞ্চায়েতের এক্সপেরিমেন্ট, কি জন্য পঞ্চায়েত—ঐখান থেকে জমিদারদের যে খাজনা নেওয়া হত সেই খাজনা কি পঞ্চায়েতের মাধ্যমে আদায় করবার জন্য পঞ্চায়েত সৃষ্টি হচ্ছে? পঞ্চায়েত কি গরু খোঁয়াড়ে দেবার জন্য সৃষ্টি হচ্ছে? পঞ্চায়েত কি কারণে সৃষ্টি হচ্ছে আমাদের কনস্টিটিউশনএর ফাউন্ডেশনএ পঞ্চায়েত রাখা হয়েছে কেন? এর জন্য রাখা হয়েছে যে ভারতবর্ষে বহুদিন ধরে পরাধীনতার ভেতরেতে সামাজিক একটা ইয়ে ছিল কিন্তু রাজনৈতিক গণতান্ত্রিকে কোনপ্রকার বিকাশ ঘটতে পারে নি ভারতবর্ষে—অতএব ভারতবর্ষের কনস্টিটিউশনএ বলা হয়েছে যে, এমনভাবে গ্রাম-পঞ্চায়েত গঠন করতে হবে যাতে করে তারা লোকাল সেল্‌ফ গভর্নমেন্টএর একটা ইউনিট হয়। অর্থাৎ এই জিনিস যদি আমরা গ্রামকে দিতে পারি তা হ'লে পরেই আমাদের গণতান্ত্রিক ভারতবর্ষ গ'ড়ে উঠবে। গণতান্ত্রিক ভোট তাঁদের হয়েছে, তাঁরা এ্যাসেম্বলির মেম্বারদের নির্বাচন করেন, পার্লামেন্টএর মেম্বারদের নির্বাচন করেন—যাঁরা সারা ভারতবর্ষে এবং বিভিন্ন রাজ্যে শাসন চালান—সে বোধ তাঁদের আছে, কিন্তু সেখানে হচ্ছে কি, তাঁদের কার্য হচ্ছে কি, না একজন

লোককে ভোট দিয়ে নির্বাচন ক'রে দিয়েই তার কার্য শেষ হয়ে যাচ্ছে। তাদের নিজেদের কোন একটা জিনিস পরিচালনা করবার পরিচালকদের তাঁরা নির্বাচিত করে দিচ্ছেন, কিন্তু কোন একটা জিনিস পরিচালনা করবার যে জ্ঞান এইটুকু তাঁরা লাভ করতে পারছেন না। অথচ ভারতবর্ষের প্রত্যেকটি গ্রামের এই জ্ঞান পাওয়া উচিত, যে নির্বাচিত গণতান্ত্রিক মারফতে কেমন ক'রে গ্রাম পরিচালনা করা যায়। এই শিক্ষা দেবার জন্য কনস্টিটিউশনএতে ফান্ডামেন্টালএ রাখা হয়েছে। আজকে সেই যে জিনিস পঞ্চায়েত যার জন্য আমরা পঞ্চায়েত সৃষ্টি করছি—গ্রামের লোক স্বায়ত্তশাসন বুঝবে—সেই জিনিসটার হন্তারক হচ্ছে এই বিলের ১৪ নম্বর ধারা। যদি আমি মনোনীত করে দিলুম, তা হ'লে নাই বা করতুম। যদি গ্রামে তাদের গণতান্ত্রিক শিক্ষা দেবার জন্যই পঞ্চায়েত—তাই যদি হ'ল না তা হ'লে পঞ্চায়েত বিল না হয় ৬ মাস পরেই আসত। আসল উদ্দেশ্যটা তো এই নয়, যে-কোন রকমে সেখানে লোকজনকে জড় ক'রে হুকুম দিয়ে চাবুক দিয়ে কোনরকমে নালাকাটা, ভেড়ি বাঁধা—এ তো কাজ নয়। কাজ হচ্ছে—তাদের স্বয়ংস্বায়ত্তশাসনের শিক্ষালাভ করা। সেইটাই পঞ্চায়েতের উদ্দেশ্য। তা করাতে গেলে এই নমিনেশন হচ্ছে গিয়ে তার পক্ষে হন্তারক। আমি আশ্চর্য হয়ে যাই যে, জালান সাহেব অবান্তর সমস্ত কথা তাঁর যুক্তির মধ্যে নিয়ে আসেন। নিয়ে আসেন পণ্ডিত নেহরু—সারা পৃথিবীতে তাঁর খ্যাতি, তার সঙ্গে পঞ্চায়েত বিলের কি সম্পর্ক। আমি জিজ্ঞাসা করি, আমি অন্ততঃ আর্বিট্রেশন রাখতে রাজী আছি, এই যে বিল পণ্ডিত নেহরুর সামনে রাখা হউক—তাঁকে জিজ্ঞাসা করা হউক আপনি কি পছন্দ করেন গ্রামের পঞ্চায়েত এটা, এইরকমভাবে নির্বাচিত হবে এবং অপোজিশন যাঁরা এর সম্বন্ধে বিরোধিতা করছে, যারা বাধা দিচ্ছে তারা মনে করে গ্রাম-পঞ্চায়েতকে এইরকমভাবে নির্বাচিত করলে পর গ্রাম-পঞ্চায়েতের আসল যে উদ্দেশ্য তা নষ্ট হয়ে যাবে? সেইটা কি আপনি ঠিক মনে করনে না, মনে করেন যে, ঈশ্বরদাস জালান সাহেব যে কথা বলছেন যে, তাঁর পক্ষে প্রয়োজন এক বৎসরের জন্য? আমি অন্তত যতখানি জানি তাঁকে—পণ্ডিত নেহরুর সঙ্গে বহুদিনের ঘনিষ্ঠতার ভেতর থেকে জানি যে, তাঁর গণতান্ত্রিক দৃষ্টি অছে, তিনি তৎক্ষণাৎ ঘৃণার সঙ্গে বলবেন, এই জিনিস এই রকম একটা সেকশন নিয়ে আসা আমাদের পক্ষে অত্যন্ত লজ্জাকর—এই আমি বিশ্বাস করি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[*After adjournment.*]

[5-50—6 p.m.].

The Hon'ble Iswar Das Jalan: Sir, this is one of the sections on which my friends in the Opposition have been laying sufficient stress. I admit that the word "nomination" has come to have a very sinister meaning in the minds of our people. In spite of this we have come to the conclusion that a clause like this is necessary for this Bill. Originally the period for which such nomination was to be given was two years. We reduced it to one year in the Select Committee as will appear from its report. Moreover, the word "nomination" should not be used with regard to a provision like this. Nomination is a word which can be used when this is a permanent feature of a particular local body. Had we provided that every local body must have a certain number of persons who are nominated by the State, certainly the word "nomination" should have been used with regard to the constitution of such local bodies. But the provision which we have made is that only when at the initial stage a *Gram Panchayat* is going to be formed, the Government may, if it thinks fit—not shall in every case—may, if it thinks fit—appoint members to constitute a *Gram Panchayat* for a limited period of one year. Some of my friends have interpreted it as if we can extend the period beyond one year but I do not think that this section authorises it. What we have provided is that if the period be less than a year, extension may be made but not exceeding one year in any case. There are difficulties in the formation of a *Gram Panchayat* initially and in order to do away with that situation or to avoid delay in the formation of *Panchayats* or in some cases in which

37. Sj. Sudhir Chandra Bhandari: Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(a) total number of Government-managed, Government-aided and affiliated private Secondary Schools in West Bengal, year by year, from 1951 to 1955 (up to October); and

(b) total number of students in each category of schools, year by year, from 1951 to 1955 (up to October)?

The Deputy Minister for Education (Sj. Sowrindra Mohan Misra): A statement is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 37

STATEMENT REGARDING NUMBER OF SECONDARY SCHOOLS AND STUDENTS IN WEST BENGAL FROM 1951 TO 1955 (AS STOOD ON 31ST MARCH EACH YEAR)

Category of schools.	1951.		1952.		1953.		1954.		1955.	
	No. of schools.	No. of students.	No. of schools.	No. of students.	No. of schools.	No. of students.	No. of schools.	No. of students.	No. of schools.	No. of students.
1	2	3	4	5	6	7	8	9	10	11
Government-managed ..	117	21,936	117	21,684	117	21,570	118	22,468	124	25,967
Government-aided .	1,728	339,598	1,636	343,262	1,826	372,584	1,918	373,735	2,015	391,442
Private (i.e., non-Government including aided schools).	2,251	510,591	2,350	560,148	2,512	594,960	2,709	613,373	2,866	639,467

Directions to "C" grade primary school teachers of Midnapore district to maintain diary on social service

38. Sj. Gangapada Kuar: (*a*) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if it is a fact—

(*i*) that the District School Board, Midnapore, has recently issued a circular to all the "C" category teachers ordering them to maintain a diary on social service; and

(*ii*) that the enhanced pay of Rs.7-8 per mensem due to those teachers is being withheld on the ground of non-compliance of the said order?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what is the reason for issuing such an order?

The Deputy Minister for Education (Sjkta. Purabi Mukhopadhyay): (*a*)(*i*) Yes.

(*ii*) No.

(*b*) To obtain a record of social work done by each teacher.

Amount spent for publicity of Khadi Industry

39. Sj. Mrigendra Bhattacharjya: Will the Hon'ble Minister in charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

১৯৫১, ১৯৫২, ১৯৫৩ এবং ১৯৫৪ সালে খাদি প্রচারের জন্য কোন্ কোন্ খাতে কত টাকা ব্যয় করা হইয়াছে ?

The Minister for Cottage and Small-Scale Industries (The Hon'ble Jadabendra Nath Panja):

খাদি প্রচারের নিমিত্ত ১৯৫১-৫২ সাল হইতে ১৯৫৪-৫৫ পর্যন্ত প্রতিবৎসর ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হিসাবে, মোট ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকা খাদি ও গ্রাম্য শিল্প-সংস্থাকে সাহায্য হিসাবে দেওয়া হইয়াছে। খাদি ও গ্রাম্য শিল্পসংস্থা প্রতিবৎসর বিভিন্ন খাতে যে পরিমাণ টাকা ব্যয় করিয়াছে তাহারই হিসাবসহ একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 39

DETAILS OF EXPENDITURE INCURRED

	1951-52.			1952-53.			1953-54.			1954-55.		
	Rs.	a.	p.	Rs.	a.	p.	Rs.	a.	p.	Rs.	a.	p.
Training expenses ..	1,545	0	0	1,020	0	0	675	0	0	..		
Workers' allowance ..	1,03,575	0	0	1,10,744	8	0	99,844	0	0	56,115	0	0
Grant to affiliated Centres.	12,550	0	0	18,175	0	0	17,794	8	0	14,853	0	0
Cotton purchase ..	42,229	9	9	16,216	5	0	28,269	12	9	33,853	7	6
Cotton seeds purchase	125	9	0	...			95	4	0	..		
Furniture ..	64	13	9	....			....			.		
Charka and accessories	5,772	12	6	1,782	13	0	3,373	2	0	1,811	1	0
House construction and repairs.	3,373	0	0	6,500	0	0	4,870	0	0	2,375	0	0
Centres' miscellaneous expenses.	965	8	0	877	0	0	1,130	0	0	3,270	12	0
Workers' Conference ..	660	0	0	200	0	0	100	0	0	50	0	0
Establishment ..	5,162	7	6	5,953	1	3	5,573	1	9	9,465	5	9
Bounty to spinners ..	....			...			12,654	[illegible]	0	34,998	3	6
Subsidy to weavers ..	....			...			....			1,370	0	0
Yarn purchase ..	....			...			..			500	0	0
Total ..	1,76,023	12	6	1,61,468	11	3	1,74,379	5	6	1,58,693	13	9

Number of persons employed in Brass and Bell-metal Industries

40. Sj. Nagendra Dalui: Will the Hon'ble Minister in charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গের কাঁসা-পিতল কুটিরশিল্পে নিযুক্ত লোকের সংখ্যা কোন্ জেলায় কত;

(খ) মেদিনীপুর জেলার কোন্ মহকুমায় কতজন এ শিল্পে নিযুক্ত শিল্পী আছেন;

(গ) এই কুটিরশিল্পীদের আর্থিক অবস্থার উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং থাকিলে, কি পরিকল্পনা আছে; এবং

(ঘ) এই কুটিরশিল্পীদের মধ্যে কতগুলি সমবায় সমিতি গঠিত হইয়াছে?

The Hon'ble Jadabendra Nath Panja:

(ক) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ)(১) ঘাটাল	... ...	১,৫০০
(২) কাঁথি	... ...	৩০০
(৩) অন্যান্য মহকুমায়	... ...	২০০
মোট	...	২,০০০

(গ) ইতোমধ্যে বাঁকুড়া জেলায় একটি Bell-metal Rolling Plant চালু করা হইয়াছে এবং বাঁকুড়া ও নদীয়া জেলায় দুইটি সমবায় সমিতিকে আর্থিক সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে। এই শিল্পে নিযুক্ত শিল্পীদের প্রধান সমস্যা দুইটির—যথা (১) ন্যায্য দরে কাঁচামাল সংগ্রহ এবং (২) উৎপন্ন মাল বিক্রয়ের সুব্যবস্থা—প্রতি লক্ষ্য রাখিয়া দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দুইটি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে—

I. Scheme for supply of raw materials to artisans.

II. Scheme for marketing of cottage industry products.

উক্ত পরিকল্পনা অনুসারে সারা পশ্চিমবঙ্গের কুটিরশিল্পপ্রধান অঞ্চলগুলিতে "ডিপো" স্থাপন করার ব্যবস্থা হইতেছে। আশা করা যায়, এই দুইটি পরিকল্পনার সাহায্যে কাঁসা-পিতল শিল্পের মুখ্য সমস্যা দুইটির বহুল পরিমাণ সমাধান করা সম্ভব হইবে।

(ঘ) ২০টি।

Statement referred to in reply to clause (ক) of unstarred question No. 40

নিম্নলিখিত জেলাগুলিতে প্রায় ২৫,৫০০ লোক কাঁসা-পিতল কুটিরশিল্পে নিযুক্ত আছে:—

(১) বাঁকুড়া	. ...	১২,৫০০
(২) মেদিনীপুর	... ...	২,০০০
(৩) বর্ধমান	... ...	১,৫০০
(৪) হুগলী	... ...	১,৫০০
(৫) বীরভূম	... ...	৫০০
(৬) নদীয়া	... ...	৩,৫০০
(৭) মুর্শিদাবাদ	... ...	১,৫০০
(৮) মালদহ	... ...	৫০০
(৯) কলিকাতা	... ...	১,৫০০
(১০) ২৪-পরগনা	... ...	২০০
(১১) অন্যান্য জেলা	... ...	৩০০
মোট	...	২৫,৫০০

Establishment of a municipality at Contai, Midnapore

41. Sj. Natendra Nath Das: Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) whether there is any proposal for the establishment of a municipality in Contai Town; and

(*b*) if so, when such a municipality is contemplated to be established?

The Minister for Local Self-Government (The Hon'ble Iswar Das Jalan): (*a*) Yes.

(*b*) The matter is under consideration.

Sj. Natendra Nath Das: Will the Minister please let us know how long the matter will remain under consideration because the question was taken up one year ago and I think the answer was not ready by that time.

The Hon'ble Iswar Das Jalan: In 1952 this question was considered and on account of objections raised the matter was dropped at that time and kept in abeyance. Recently the question has been revived at the instance of the Union Board and certain other M.L.As. We have asked the Commissioner to report as to whether it is feasible to have the municipality now. We are awaiting report of the local officer.

Number of industrial disputes referred to different Tribunals

42. Sj. Biren Banerjee: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the number of cases of industrial disputes which were referred by the Government to the various Tribunals for adjudication from 1952 to 1955 (up to November);

(*b*) the number of cases disposed of by the Tribunals up till now;

(*c*) how many cases are pending with the Tribunals at present;

(*d*) if it is a fact that many cases are pending with the Tribunals; and

(*e*) if so, how many are pending for (*i*) 1 year, (*ii*) 2 years and (*iii*) 3 years, with the reasons for delay?

The Minister for Labour (The Hon'ble Kali Pada Mookerjee): (*a*) 1,236.

(*b*) 974 up to 21st December, 1955.

(*c*) 348.

(*d*) Answer to (*c*) indicates the position

(*e*) (*i*) 53.

(*ii*) 16.

(*iii*) 2.

The reasons for such delay are noted below:

(1) The number of references are increasing year to year.

(2) Adjournments had to be given at the instance of the Union or the Company or both.

(3) Labour Appellate Tribunal and the High Court have stayed cases or have sent cases back on remand with the result that the duration of the cases has been longer.

Sj. Biren Banerjee:

এখানে রিজন্স দিয়েছেন

"number of references are increasing year to year,"

তারপর

"adjournments had to be given at the instance of the Union, or the Company or both. Labour Appellate Tribunal and the High Court have stayed cases."

এই তিনটি রিজন্স দেওয়া হয়েছে। এর মধ্যে নাম্বার অফ রেফারেন্সেস আর ইনক্রিসিংএর জন্য মন্ত্রীমহাশয় জানেন কি যে নাম্বার অফ ইনভেস্টিগেশন অফিসারও বেড়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

অফিসারস বাড়িয়েছি। জজএর সংখ্যা বাড়িয়েছি। প্রথমে পাঁচ জন থেকে ছয় জন হয়, তারপর ১৯৪৯ সাল থেকে সাত জন করা হয়।

Sj. Biren Banerjee:

তাহলে রিজন্স অফ ডিলের মধ্যে

"numbr of references increasing year to year"

এটা কেন রয়েছে?

Mr. Speaker: It is a statement of facts

Sj. Biren Banerjee:

আমার বক্তব্য হচ্ছে যে, আপনি জজ বাড়িয়েছেন, অফিসার বাড়িয়েছেন, তাহলে কেসগুলি রেফারেন্সেসএ এসে ডিসপোজড অফ হয় না কেন?

Mr. Speaker: That is a different question

Sj. Biren Banerjee:

এইগুলি হচ্ছে ডিলে ফর ডিসপোজাল। এই ডিলে হয় কেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

সংখ্যা যদিও বেড়েছে তাহলেও ডিলে হয়।

Sj. Biren Banerjee:

আপনি জাজ বাড়িয়েছেন, অফিসার বাড়িয়েছেন, তবে এই রকম ডিলে হবে কেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আগে যে কঞ্জেশন ছিল সে কঞ্জেশন কমে আসছে।

Sj. Biren Banerjee:

আপনি যে ফিগার্স দিয়েছেন ৫৩, ১৬, ২, তিন বৎসরের, এবং তার যে রিজন্স দিয়েছেন তাই বলছি যে আপনি কি ইনভেস্টিগেশন করেছেন সে এই কারণ ছাড়াও অন্য কারণেও কেস ডিলে হয়?

The Hon'ble Kali Pada Mookerjee:

বেশী দেরী হয় যেগুলি হাই কোর্ট বা এ্যাপেলেট ট্রাইবুন্যালএর রিম্যান্ড কেসেসএর জন্য।

Sj. Biren Banerjee:

আপনি কি জানেন যে, যে কেসগুলি রিফারেন্সস করা হয়, সেই কেসগুলিতেই বেশী দেরী হয়?

The Hon'ble Kali Pada Mookerjee:

না সেটা ঠিক নয়।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Casualties in Dudhkundi Rafugee Camp due to storm on 10th March, 195

***80. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister in charge of th Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ১০ই মার্চের ঝড়বৃষ্টিতে দুধকুণ্ডি উদ্বাস্তু শিবিরের বহু ঘ পড়িয়া গিয়াছে এবং তদ্দ্বারা বহুলোক গুরুতর আহত হইয়াছে এবং মারা গিয়াছে এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় দয়া করিয়া জানাইবেন কি—

(১) আহতের সংখ্যা কত এবং মৃতের সংখ্যা কত, এবং

(২) দুর্গতদের সাহায্যের জন্য এবং আহতদের চিকিৎসার জন্য কি ব্যবস্থা করা হইয়াছে

The Deputy Minister for Rehabilitation (Sj. Bijesh Chandra Sen):

(ক) কয়েকটি ঘর ক্ষতিগ্রস্ত হইয়াছে; কিন্তু হতাহতের সংখ্যা "বহু" নহে।

(খ)(১) আহতের সংখ্যা ৬; মৃতের সংখ্যা ১।

(২) আহতদিগকে হাসপাতালে রাখিয়া চিকিৎসার ব্যবস্থা করা হয়।

দুর্গত পরিবারগুলিকে ১,০০০ টাকা আর্থিক সাহায্য করা হয়। প্রত্যেক পরিবারকে এ সপ্তাহের বরাদ্দ সাহায্য অতিরিক্ত দেওয়া হয়। ঘটনার অব্যবহিত পরে চাল ও ডাল দেওয়া হ এবং প্রয়োজনমত সম্ভ্রাদিও দেওয়া হইয়াছে।

[3-30—3-40 p.m.]

Sj. Dhananjoy Kar:

এ রকম ঘটনা এর পূর্বে কি আর কোন বছর ঘটেছে?

Sj. Bijesh Chandra Sen:

বলতে পারি না। নোটিশ দেবেন বলে দেবে।

Sj. Dhananjoy Kar:

ঘরগুলি জরাজীর্ণ অবস্থায় থাকার জন্যই কি এ রকম ঘটনা ঘটেছে?

Sj. Bijesh Chandra Sen:

সেই ঘরগুলি জরাজীর্ণ অবস্থায় ছিল, সেখানে রিফিউজীদের টেন্টএ যাবার জন্য অনেক অনুরোধ করা হয়েছিল, কিন্তু তারা রাজী হন নি, ঝড় আসবার জন্য এই এ্যাক্সিডেন্ট হয়ে

Sj. Dhananjoy Kar:

সেই সমস্ত ঘর মেরামত, রিপেয়ার করা হয়েছে কি?

Sj. Bijesh Chandra Sen:

সেই সমস্ত ঘরগুলি ভেঙ্গে দেওয়া হয়েছে, সেখানে পাকাবাড়ী তৈরী হচ্ছে।

Jnanendra Kumar Chaudhury:

কতগুলি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে?

Sj. Bijesh Chandra Sen:

সাতটি ঘর সম্পূর্ণ এবং তিনটি আংশিকভাবে।

Sj. Saroj Roy:

বলেছেন দুর্গত পরিবারকে এক হাজার টাকা দেওয়া হয়েছে, সেখানে পরিবারের সংখ্যা কত ছিল?

Sj. Bijesh Chandra Sen:

একচল্লিশ।

Sj. Saroj Roy:

একচল্লিশটি পরিবারের জন্য কি এক হাজার টাকা দেওয়া হয়েছে?

Sj. Bijesh Chandra Sen:

হ্যাঁ।

Tour of Ministers to Digha

***81. Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister in charge of the Co-operation Department be pleased to state—

(ক) দীঘা অতিথিভবন উদ্বোধনের জন্য পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, উপমন্ত্রী ও সরকারী কর্মচারীরা সরকারী খরচে সফর করিয়াছিলেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ কোন্ মন্ত্রী ও উপমন্ত্রী এই সফরে যোগদান করিয়াছিলেন, এবং

(২) তাঁহাদের এই অনুষ্ঠানে যোগদানের জন্য যাতায়াত বাবত সরকারের কত খরচ হইয়াছে?

The Minister for Co-operation (The Hon'ble Prafulla Chandra Sen):

(ক) দীঘা উন্নয়ন পরিকল্পনা আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের জন্য ঐ সফর করা হইয়াছিল।

(খ)(১) মাননীয় ডাঃ বিধানচন্দ্র রায়, মুখ্যমন্ত্রী,

মাননীয় শ্রীখগেন্দ্র নাথ দাস গুপ্ত, মন্ত্রী;

মাননীয় শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন, মন্ত্রী;

মাননীয় শ্রীহেমচন্দ্র নস্কর, মন্ত্রী;

মাননীয় শ্রীঅজয় কুমার মুখার্জী, মন্ত্রী;

মাননীয় শ্রীসত্যেন্দ্র কুমার বসু, মন্ত্রী,

মাননীয় শ্রীরজনী কান্ত প্রামাণিক, উপমন্ত্রী;

মাননীয় শ্রীচিত্তরঞ্জন রায়, উপমন্ত্রী;

মাননীয় শ্রীআবদুস শকুর, উপমন্ত্রী, এবং

মাননীয়া শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়, উপমন্ত্রী।

(২) মোট ৫৩৭৸ আনা।

Sj. Sudhir Chandra Das:

আমি "ক" প্রশ্নের উত্তরে জানতে চেয়েছিলাম, সরকারী কর্মচারীরা সরকারী খরচে সফর করেছিল কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

সরকারী কাজে সকল সময়ই সরকারী কর্মচারীরা সরকারী খরচে সফর করে।

Sj. Sudhir Chandra Das:

এই সফরে কতজন সরকারী কর্মচারী গিয়েছিলেন, যাদের খরচ সরকারী তহবিল থেকে দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Sudhir Chandra Das:

আমার প্রশ্ন ছিল দীঘা অতিথিভবন উদ্বোধনের জন্য পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী উপমন্ত্রী ও সরকারী কর্মচারীরা সরকারী খরচে সফর করিয়াছিলেন কিনা, সুতরাং কতগুলি সরকারী কর্মচারী যোগ দিয়াছিলেন জানতে চাইছি—আপনি বলছেন নোটিশ চাই—নোটিশ তো দেওয়াই ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনার প্রশ্ন ছিল, দীঘা অতিথিভবন উদ্বোধনের জন্য পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী উপমন্ত্রী ও সরকারী কর্মচারীরা সরকারী খরচে সফর করেছিলেন কিনা, আমরা বলেছি দীঘা উন্নয়ন পরিকল্পনার জন্য সফর করা হয়েছিল।

Sj. Sudhir Chandra Das:

অনেক সরকারী কর্মচারী যোগ দিয়েছিলেন, সেজন্য জানতে চাইছিলাম, যে সফরে কতজন যোগ দিয়েছিলেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The answer is quite simple. All the Ministers and their officers and the other people that went for the purpose were paid out of the Government money.

Sj. Saroj Roy:

এই যে মন্ত্রী উপমন্ত্রীদের নাম আছে, এই সমস্ত মন্ত্রীদের ভিতর কোন্ মন্ত্রী এটা উদ্বোধন করেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় মুখ্যমন্ত্রী।

Sj. Saroj Roy:

মাননীয় মুখ্যমন্ত্রী যদি উদ্বোধন করেছিলেন—এক হাত দিয়ে কি দু' হাত দিয়ে যাই হোক তখন এতগুলি মন্ত্রীর যাবার কি প্রয়োজন ছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I thought it was very essential that a new programme of that type should have the blessings not of one Minister but of the whole Ministry. I do not think there is anything wrong in it.

Sj. Sudhir Chandra Das:

এটা কি সত্য যে, মন্ত্রীদের যাতায়াতের জন্য খড়্গপুর থেকে দীঘা পর্যন্ত কয়েক শত পুলিশ মোতায়েন করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The local Magistrate keep records and they protect the officers and the Ministers.

Sj. Madan Mohon Khan:

এই অতিথিভবন কার চার্জে আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

কো-অপারেটিভ সোসাইটীর চার্জে আছে। এ প্রশ্ন এখানে উঠে না।

Sj. Madan Mohon Khan:

কোন অফিসারের চার্জে।

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় শ্রীপ্রফুল্ল সেন মহাশয় বলেছেন যে, সরকারী কর্মচারীরা সরকারী কাজে সরকারের খরচে যায়। এই যে উদ্বোধন হয়েছিল, এটা কি সরকারী কাজ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In a scheme of this type which is meant for the people and which has got the sanction of the Cabinet it is the duty of the Government and the officers to see that it is properly done.

Dr. Kanailal Bhattacharya:

একটু আগে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে, কো-অপারেটিভ তৈরি করা হবে

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আপনারা কথাগুলি অর্ধেক শোনেন, অর্ধেক শোনেন না। উনি জিজ্ঞাসা করেছিলেন, কার চার্জে আছে, উনি উত্তরে বললেন যে, কো-অপারেটিভ সোসাইটীর চার্জে আছে, but there is a market place, there is a road, there is supply of electricity for which the Government has to take it up.

Sj. Saroj Roy:

একটুখানি আগে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে, এই রকম অনুষ্ঠানে একজন মন্ত্রী কেন, সকলেই যেতে পারেন, তাহলে সকল মন্ত্রী না গিয়ে এ কয়জন গেলেন কেন?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Sudhir Chandra Das:

এই যে বলেছেন যে, এতজন মন্ত্রীর যাওয়ার আবশ্যকতা ছিল, আমার সাপ্লিমেন্টারী হচ্ছে যে, শিক্ষা অথবা কৃষি বিভাগের মন্ত্রীমহাশয় গিয়েছিলেন, দীঘার উন্নয়ন ব্যাপারের সঙ্গে ওঁদের কি সম্পর্ক ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

অনেক কিছু সম্পর্ক আছে, ভেবে দেখুন অনুগ্রহ করে।

Sj. Kanai Lal Bhowmick:

সরকারী কাজে মন্ত্রীরা গিয়েছিলেন, তাঁরা কি সেখানে কংগ্রেসের মিটিং করেছিলেন?

Mr. Speaker: That question does not arise out of this.

Sj. Biren Banerjee:

মন্ত্রীরা ওখানে গিয়ে কতদিন ছিলেন মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Dasarathi Tah:

মন্ত্রীরা নিমন্ত্রিত হয়েছিলেন, না এমনি গিয়েছিলেন এই অনুষ্ঠানে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সমস্ত মন্ত্রীরাই নিমন্ত্রিত হয়েছিলেন।

Sj. Dasarathi Tah:

মন্ত্রীরা নিজেরা গিয়েছিলেন, না সবান্ধবে গিয়েছিলেন?

[No reply].

Suspension of realisation of agricultural loans in Chandrakona police-station, Midnapore district

***82. Sj. Nagendra Dalui:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোণা থানায় যে-সমস্ত গ্রামে গত বৎসর ধান হয় নাই এবং বর্তমান বৎসরেও ফসল নষ্ট হইয়াছে সেই সমস্ত গ্রামে কৃষিঋণ আদায় স্থগিত রাখার কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা; এবং

(খ) ঐ সমস্ত অঞ্চলে রিলিফ ও টেস্ট রিলিফের কাজ সুরু করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) ১৯৫৭ সালের জানুয়ারি মাসে যখন কৃষিঋণ আদায়ের সময় আসিবে, সেই সময় দেশের অবস্থা পর্যালোচনা করিয়া জেলা ম্যাজিস্ট্রেট আদায় স্থগিত রাখা হইবে কিনা বিবেচনা করিবেন; এ সম্বন্ধে জেলা ম্যাজিস্ট্রেটের উপর প্রয়োজনীয় নির্দেশ ও ক্ষমতা দেওয়া হইয়াছে।

(খ) এই সমস্ত অঞ্চলে রিলিফ ও টেস্ট রিলিফের কাজ চলিতেছে।

Sj. Kanai Lal Bhowmick:

টেস্ট রিলিফের কাজ কি এখনও চন্দ্রকোণা থানায় চলছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Kanai Lal Bhowmick:

এটা কি সত্য যে, এখন কোন টেস্ট রিলিফের কাজ চলছে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে আমার যতদূর সম্বাদ আছে চলছে।

Sj. Kanai Lal Bhowmick:

কোথায় চলছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Kanai Lal Bhowmick:

আপনি বলেছেন যে ১৯৫৭ সালের জানুয়ারী মাসে যখন কৃষি ঋণ আদায় করা হবে তখন বিবেচনা করা হবে। কিন্তু এই অভাবের সময় যে নোটিশ জারি করা হচ্ছে এবং মাল ক্রোক করার সার্টিফিকেট ইসু করা হচ্ছে, সেটা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখন কোন কৃষি ঋণ আদায় করা হচ্ছে না।

Sj. Kanai Lal Bhowmick:

নোটিশ জারি, সার্টিফিকেট ইস্যু এবং নীলাম করা হচ্ছে, এটা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

বর্তমানে কোন সার্টিফিকেট ইস্যু করা হচ্ছে না।

Sj. Kanai Lal Bhowmick:

যে সমস্ত সার্টিফিকেট ইস্যু করা হচ্ছে, সেগুলির খবর দিলে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ।

Sj. Mrigendra Bhattacharjya:

কোন্ কোন্ জায়গার ফসল নষ্ট হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sj. Mrigendra Bhattacharjya:

চন্দ্রকোণা থানার কোন কোন ইউনিয়নে ফসল নষ্ট হয়েছে?

Mr. Speaker:

উনি নোটিশ চাই বলেছেন।

Fair price shops for rice in Contai town

*83. **Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(ক) কাঁথি শহরে সরকার কর্তৃক ন্যায্য মূল্যে চাউল বিক্রয়ের দোকান কবে খোলা হইয়াছে;

(খ) ঐ তারিখ হইতে এ-পর্যন্ত ঐ দোকানে কত চাউল বিক্রয় হইয়াছে,

(গ) ঐ দোকানে চাউলের মূল্য কমাইবার কথা সরকার বিবেচনা করেন কিনা; এবং

(ঘ) বর্তমানে কাঁথি বাজারে চাউলের মূল্য মণপ্রতি কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) গত জুন মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে।

(খ) গত ৩০শে জুন পর্যন্ত ৭৫০ মণ।

(গ) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

(ঘ) জুলাই মাসের প্রথম সপ্তাহে কাঁথি থানায় চাউলের মূল্য মণপ্রতি ১৮৸৹ আনা ছিল।

Proposal for connecting Debra and Keshpur police-stations of Midnapore district by a direct motorable road

*84. **Sj. Gangapada Kuar:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state if it is a fact—

(*i*) that there is no direct motorable road connecting the police-stations of Debra and Keshpur in the district of Midnapore; and

(*ii*) that the existing road that connects the above two police-stations runs through the district headquarters of Midnapore?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minist be pleased to state—

(*i*) the distance of each of the above two police-stations from Midnapo district headquarters; and

(*ii*) whether Government consider the desirability of connecting tl above two police-stations by constructing a direct motorable ro in the near future?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Na Das Gupta): (*a*) Yes.

(*b*)(*i*) Debra-Midnapore 16 miles; Keshpur-Midnapore 13 miles.

(*ii*) A road from Debra *via* Marhtala up to the Kasai bank towar Keshpur has been included in the Second Five-Year Plan.

[3-40—3-50 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় মন্ত্রীমহাশয় আমার প্রশ্নের উত্তরে (বি) (আই আই)তে বলেছেন "A road from Debra *via* Marhtala up to the Kasai bank towards Keshp has been included in the Second Five-Year Plan." আমি প্রশ্ন করেছিলাম ডেবরা থেকে কেশপুর থানা পর্য্যন্ত সরাসরি সংযোগ হতে পারে এম কোন রাস্তা করতে চান কিনা, তিনি যে রাস্তাটার উল্লেখ করেছেন সেটা ঠিক কেশপুর গ্রা পর্য্যন্ত না, সেটা তিনি কি জানেন?

The Hon'ble Khagendra Nath Dasgupta:

ডেবরা থেকে কেশপুর পর্য্যন্ত যাওয়া যায়, কাঁসাই নদী পার হয়ে। কাঁসাই নদী পর্য্য রাস্তাটি আমরা দ্বিতীয় পরিকল্পনার অন্তর্ভূক্ত করেছি।

Sj. Gangapada Kuar:

আপনি বলেছেন যে Second Five-Year Plan up to the Kasai Bank রাস্তা নেওয়া হচ্ছে, এই রাস্তাটার কাজ সুরু হবে কি?

The Hon'ble Khagendra Nath Dasgupta:

পাঁচ বৎসরের মধ্যে হবে। এ বৎসর হবে কিনা বলতে পারি না।

Supply of D.V.C. water for irrigation

***85. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister in charge of tl Development Department be pleased to state—

(ক) ডি ভি সি জলাধার হইতে এ-বৎসর (১৯৫৫) বর্ষায় কোন্ থানায় কত এব জমিতে জল দেওয়া হইয়াছে;

(খ) এ-জল কোন্ দিন হইতে দেওয়া হইয়াছে;

(গ) দুর্গাপুর হইতে এই জল ছাড়ার জন্য কি রনডিহার এ্যানডারসন বাঁধ দি ক্যানেলে জল সরবরাহ বন্ধ হইয়াছে; এবং

(ঘ) ডি ভি সি ক্যানেলের জন্য প্রতি একরে কত করিয়া কর ধার্য হইয়াছে?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kum Mukherji):

(ক) ডি ভি সি ক্যানেল হইতে কোন থানায় ১৯৫৫ সালের বর্ষায় জল দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

(ঘ) ১৯৫৫ সালের বর্ষায় জলকর একরপ্রতি ৭৸৹ আনা ধার্য ছিল।

Sj. Dasarathi Tah:

আপনি "ক"র উত্তরে বলেছেন ১৯৫৫ সালে বর্ষায় জল দেওয়া হয় নি, আবার "খ" প্রশ্নের উত্তরে বলেছেন যে, ১৯৫৫ সালে বর্ষায় জলকর একরপ্রতি সাত টাকা বার আনা ধার্য্য ছিল, তাই আমি জিজ্ঞাসা করি, জলই দেওয়া হয় নি, কর ধার্য্য হল কি করে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জলও দেওয়া হয় নি, করও আদায় করা হয় নি, শুধু ধার্য্য ছিল।

Sj. Dasarathi Tah:

এ বৎসর ক্যানেলের জল দেওয়া হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই সালের প্রশ্ন উঠে না, আমি ১৯৫৫ সালের কথা বলছি।

Sj. Dasarathi Tah:

ক্যানেলের জল সাপ্লাইএর প্রশ্ন হচ্ছে, এই বৎসর ইতিমধ্যে ক্যানেলের জল দেওয়া হয়েছে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এ বৎসর জল দেওয়ার কথা আছে। এখন জল দেওয়া হচ্ছে কিনা জানি না।

Sj. Dasarathi Tah:

এবারে জল সাপ্লাই করা হবে বললেন, সেটা দামোদর ক্যানেল থেকে না ডি, ভি, সি থেকে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
ডি, ভি, সি, থেকে।

Sj. Dasarathi Tah:

ডি, ভি, সি, ক্যানেল সিসটেম থেকে হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হ্যাঁ, ডি, ভি, সি, ক্যানাল সিসটেম থেকে।

Sj. Dasarathi Tah:

এবার যে ডি, ভি, সি জল দেওয়া হবে তার কত কর ধার্য্য হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নয় টাকা।

Dr. Kanailal Bhattacharya:

জল দেওয়া হয় নি, জল চায় নি ব'লে, না, আপনারা সাপ্লাই করতে পারেন নি বলে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জল চায় নি বলে।

Development Schemes for West Bengal

*86. **Sjkta. Mani Kuntala Sen:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(*a*) the details of the development schemes announced for West Bengal;

(*b*) when they are going to be implemented;

(*c*) the amount of money allocated for different schemes;

(*d*) how the necessary money will be raised;

(*e*) how many foreign experts, if any, are engaged or are going to be engaged for the purpose;

(*f*) amount of money to be spent for these experts;

(*g*) whether the Government considers it desirable to lay the schemes for general discussion in the Assembly; and

(*h*) if so, when?

The Chief Minister and Minister for Development (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) The details on the schemes included in the First Five-Year Plan will be found in the booklet entitled "West Bengal Five-Year Plan—A Summary" (Second Edition), a copy of which is laid on the Library Table. Since then, members will remember that I have circulated another report on the First Five-Year Plan. The details of the schemes included in the Second Five-Year Plan have not yet been finalized.

(*b*) The work on almost all the schemes of the First Five-Year Plan has either been completed or is nearing completion.

(*c*) The money allocated for different schemes of the First Five-Year Plan will be found at pages 62-95 of the booklet referred to above

(*d*) This has been shown in Table VII of the booklet entitled "The Five-Year Plan (in figures)" of which a copy is laid on the Library Table.

(*e*) Fifty-eight foreign experts were altogether engaged Of them eight experts are now in service Proposals for obtaining some foreign experts for Bengal Engineering College and one expert for Deep Sea Fishing Scheme have been sent to Government of India

This answer was given before the Second Five-Year Plan was circulated and discussed in the Assembly.

(*f*) Cannot be said at this stage.

(g) and (h) as you are aware, the Assembly has already discussed the Second Five-Year Plan.

Sj. Gangapada Kuar:

আমার একটা প্রশ্ন ছিল .....

Mr. Speaker: There was four hours' debate on that particular question. So, it is not proper that you should make further supplementaries on this question What more information do you want? There was four hours' debate on this matter.

Sj. Gangapada Kuar:

স্যার, আমার প্রশ্নটা শুনলে বুঝতে পারবেন যে সমস্ত আলোচনা হয়ে গিয়েছে সেই সম্পর্কে আমার প্রশ্ন নয়। ফার্স্ট প্ল্যান পিরিয়ডএ যে-সমস্ত স্কীমের কাজ বাকী আছে সেগুলো সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ নেওয়া হয়েছে কি না?

Mr. Speaker: If you had correctly read the two books, you would have found that every item contains spill over.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Unfortunately my friend asks questions without knowing that all those schemes that were not completed last year are shown as spill over schemes in the Second Five-Year Plan.

Sj. Ganesh Ghosh: From which country is the expert on Deep Sea Fishing coming?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have asked the Government of India to get the expert possibly from U. K. or Denmark.

Sj. Ganesh Ghosh: When was the letter sent to the Government of India for sanction? How long ago was the request sent to the Government of India to sanction this expert?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Not sanction but to find out experts for the B. E. College and Deep Sea Fishing scheme. After all, when we are to get an expert from a foreign country, the question of exchange comes in and the question of dealing with the Foreign Embassy comes in Therefore, in all these cases we have to refer to the Government of India.

Sj. Ganesh Ghosh: Is it a fact that deep sea fishing by the two trawlers of the West Bengal Government has been stopped till this expert comes?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No, you will remember that we got about 12 persons from Denmark and about 36 from Japan Most of them have gone away and we have replaced them by local men trained for the purpose.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে বইটা ওয়েষ্ট বেঙ্গল ফাইভ-ইয়ার প্ল্যানএর সামারি এটার একটা করে কপি কি মেম্বারদের দেওয়া হবে?

Mr. Speaker: It has already been circulated

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

প্রত্যেককে দেওয়া হয়েছে, চারঘণ্টা ডিসকাসন হয়েছে, আপনি কোথায় ছিলেন?

Sj. Biren Banerjee:

(ই)এর উত্তরে বলেছেন যে,

"Fifty-eight foreign experts were altogether engaged Of them, eight experts are now in service." What about the rest?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Twelve Danish people came—only two have remained and ten have gone back because they are very expensive.

Sj. Biren Banerjee:

এই যে,

"Proposals for obtaining some foreign experts for Bengal Engineering College".

এর জন্য আনছেন এর কারণ কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: For instance, in Architecture we are very deficient in arrangements for training in Architecture. We

have got one man. Since I sent this reply, the Government of India have sent us one man who is specially trained in Architecture and Town Planning and I am glad that he has come because, I may tell you, I am utilising him for my Durgapur scheme.

Sj. Biren Banerjee:
এই যে,
বেংগল ইঞ্জিনিয়ারিং কলেজএর জন্য আরকিটেকচুরাল এক্সপার্ট আনার চেষ্টা হচ্ছে, সেই চেষ্টা ফলবতী হয়েছে কি না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He has already come.

Roads in Midnapore district taken up in the Second Five-Year Plan

***87. Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় কতগুলি পাকা রাস্তা করার স্কীম্ প্রস্তুত হইয়াছে;

(খ) এই রাস্তাগুলি কোন্ স্থান হইতে কোন্ স্থান পর্যন্ত বিস্তৃত এবং কত মাইল দীর্ঘ;

(গ) উক্ত রাস্তাগুলির মধ্যে কোন্ কোন্ রাস্তা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম বৎসরে গ্রহণ করা হইবে;

(ঘ) ইহা কি সত্য যে, তমলুক মহকুমার তমলুক-ময়না রাস্তা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছে;

(ঙ) সত্য হইলে, এই রাস্তার জন্য বিস্তারিত পরিকল্পনা কি, এবং ইহার জন্য কত টাকা বরাদ্দ ধরা হইয়াছে; এবং

(চ) এই রাস্তা নির্মাণের কাজ কোন্ বছরে সুরু করা হইবে?

The Deputy Minister for Development (Sj. Tarun Kanti Ghosh):
(ক) হইতে (গ) দুইটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল (প্রথম ও দ্বিতীয় তালিকা)।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ইহা তমলুক মহকুমা শহরকে ময়না থানার সহিত পাকা রাস্তার দ্বারা সংযুক্ত করিবে। রাস্তাটি জরিপের পর সম্ভাব্য গতিপথ ও বিস্তারিত পরিকল্পনা জানা যাইবে। ইহার জন্য ১২ লক্ষ টাকা বরাদ্দ রাখা হইয়াছে।

(চ) ১৯৫৬-৫৭ সালের মধ্যেই এই রাস্তা নির্মাণের প্রাথমিক কার্যাদি সুরু হইবে।

Statement referred to in reply to clauses (ক) and (খ) of starred question No. 87

প্রথম তালিকা—দ্বিতীয় পঞ্চবার্ষিকী সড়ক উন্নয়ন পরিকল্পনা, মেদিনীপুর জেলা

		মাইল।	
১।	ঘাটাল-পাঁসকুড়া	১৯·৫	প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অসম্পূর্ণ কার্য।
২।	মেচাদা-তমলুক	১২	
৩।	চন্দ্রকোনা রোড স্টেশন-গোয়ালতড় হইতে সারেঙ্গা ও সিমলাঘাট	১৮	
৪।	খড়্গপুর-কেশিয়ারী	১৬·৫	
৫।	কাঁথী-খেজুরী	১৩	
৬।	ডেবরা-সবং	১৬	
৭।	এগ্রা-পটাশপুর	৯	
৮।	গোপীবল্লভপুর-নয়াগ্রাম	২৬	
৯।	ধালিঘাই-সোলাপাট্টা	২৪	
১০।	বীরসিংহ-রাধানগর ...	৩	
১১।	কোলাঘাট-গোপালনগর-যাশারা	৬	
১২।	কাঁথী-তমলুক	৩৯	
১৩।	তমলুক-ময়না	১০	
১৪।	ময়না-পরমানন্দপুর-পিঙ্গলা	২০	
১৫।	পটাশপুর-বাঙ্গুচক্	১৬	
১৬।	পটাশপুর-ভগবানপুর	১৫	
১৭।	ভগবানপুর-বাজকুল	১০	
১৮।	ঝাড়গ্রাম-জামবনী	৮	
১৯।	দাহিজুরী-বীনপুর-সিলদা-হাতিয়ারী জি টি এস-বাঁকুড়া জেলা সীমা	২০	
২০।	সাঁকরাইল-কলাইকুণ্ডা	১০	
২১।	ক্ষীরপাই-রামজীবনপুর	১০	
২২।	কেশপুর-চন্দ্রকোনা	১২	
২৩।	ডিগ্রী স্বাস্থ্যনিবাস পর্যন্ত সহযোগকারী রাস্তা ...	২	
২৪।	খেজুরী-হেঁড়িয়া	১২	
২৯।	ডেবরা-মাড়তলা-কশাইনদী তীর	৬	
৩০।	মহিষাদল-গেঁয়োখালি	৬	
৩১।	পরিহাটী-জামবনী-ফেকোঘাট	২৪	
৩২।	ডেবরা-সবং রাস্তা হইতে পিঙ্গলা থানা	৫	
৩৩।	দাদনপাত্র হইতে কাঁথী-দীঘা রাস্তা	৪·৫	
৩৪।	কেরাণীতলা চক্ হইতে রাণীগঞ্জ-মেদিনীপুর রাস্তা ...	১·৫	
৩৫।	এগ্রা-রামনগর	১৯	
	মোট ...	৪২৩	

Statement referred to in reply to clause (গ) of starred question No. 87

দ্বিতীয় তালিকা—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম বৎসরে (১৯৫৬-৫৭) যে-সকল রাস্তার উপর কাজ চলিবে

১-১২। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অসম্পূর্ণ রাস্তাগুলি।

১৩। তমলুক-ময়না রাস্তা।

১৪। ময়না-পরমানন্দপুর-পিঙ্গলা রাস্তা।

১৫। পটাশপুর-বাগুচক্ রাস্তা।

১৬। পটাশপুর-ভগবানপুর রাস্তা।

১৭। ভগবানপুর-বাজকুল রাস্তা।

১৮। কেশপুর-চন্দ্রকোনা রাস্তা।

১৯। ডিগ্রী স্বাস্থ্যনিবাস পর্যন্ত সংযোগকারী রাস্তা।

২০। খেজুরী-হেড়িয়া রাস্তা।

২১। মহিষাদল-গেঁয়োখালি রাস্তা।

২২। ডেব্‌রা-সবং রাস্তা হইতে পিংগলা থানা পর্যন্ত রাস্তা।

২৩। এগ্রা-রামনগর রাস্তা।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় ডেপুটি মন্ত্রীমহাশয় বলবেন কি, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজগুলি কি কারণে অসম্পূর্ণ থেকে গেল?

Sj. Tarun Kanti Ghosh:

প্রত্যেক ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টএর কাজেই কিছু কিছু বাকী থেকে যায় এবং পরে সেটা করা হয়।

[3-50—4 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In constructing a road we have to acquire, first of all, the land. Then we have got to get the earth to be put in, then we have got to wait for one or two seasons so that the earth may be settled. Then you have got to burn the bricks for the purpose. It takes a little time.

Sj. Kanai Lal Bhowmick:

অনেকগুলি রাস্তা কর্মপ্লিট হল, আর এইগুলি হল না, তার কারণ কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

গোটা কতক লোক বড় হয়েছে, আর গোটা কতক লোক ছোট হয়েছে।

Sj. Mrigendra Bhattacharjya:

এটা কি সত্য রাস্তা বিভাগের সংগে অন্যান্য বিভাগ, যেমন সেচ বিভাগ, ল্যান্ড এ্যাকুইজিশন বিভাগ, তারা সহযোগিতা না করার জন্য এই রাস্তা হয় নি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মন্ত্রীমহাশয় একটা কথা বলবেন কি, যে-ফার্স্টফাইভ-ইয়ার প্ল্যানএ যদি কোন রাস্তার জন্য বরাদ্দ টাকা খরচ করা না হয়, তাহলে সেই টাকাটা কি ল্যাপ্স হয়ে যায়, না পরে সেই টাকাটা আবার খরচের জন্য পাওয়া যায়?

Sj. Tarun Kanti Ghosh:

এখানে যে টাকা ফার্ষ্ট ফাইভ-ইয়ার প্ল্যানএ বরাদ্দ করা হয়েছিল, তার চেয়ে বেশী খরচ হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We had a scheme of 69 crores. We thought of increasing the target to 72 crores. We have spent 70 crores and odd and so we have fulfilled our target and more. So there is no question of our keeping any money. If it is not utilised, work goes on to the next Five-Year Plan.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে (ঙ) প্রশ্নের জবাবে বলা হয়েছে রাস্তাটি জরিপের পর সম্ভাব্য গতিপথ ও বিস্তারিত পরিকল্পনা জানা যাইবে। এখানে আমার প্রশ্ন হচ্ছে এই সম্ভাব্য গতিপথ ও বিস্তারিত পরিকল্পনা শেষ হতে কত দিন সময় লাগবে?

Sj. Tarun Kanti Ghosh:

আরও কিছু দিন লাগবে?

Sj. Kanai Lal Bhowmick:

আরও কত দিন?

Sj. Tarun Kanti Ghosh:

শীঘ্র শেষ হবে বলে আশা করা যায়।

Sj. Kanai Lal Bhowmick:

আপনি কি মনে করেন ১৯৫৬-৫৭ সালের মধ্যেই এই রাস্তা নির্মাণের প্রাথমিক কার্য্য সুরু করা হবে?

Sj. Tarun Kanti Ghosh:

আশা করা যায়।

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় দ্বিতীয় পঞ্চবার্ষিকী সড়ক উন্নয়ন পরিকল্পনার যে তালিকা দিয়েছেন, তাতে পটাশপুর বাংগুচক রাস্তার নাম উল্লেখ করেছেন। এই বাংগুচক কোথায় জানাবেন কি?

Mr. Speaker:

সেটা উনি কি করে জানবেন।

Do not test his topographical knowledge.

Sj. Mrigendra Bhattacharjya:

ইহা কি সত্য ঘাটাল—পাঁশকুড়া রাস্তাটি ৫০ ফুট তৈরী করার পর ফেলে রাখা হয়েছে?

Sj. Tarun Kanti Ghosh:

না।

Sj. Mrigendra Bhattacharjya:

কিন্তু, ইরিগেশন ডিপার্টমেন্ট ধরে বসেছেন যে, ৩০০ ফুট মাটি কেটে করতে হবে............

Sj. Tarun Kanti Ghosh:

যদি ডিটেল্স খবর চান, তাহলে দয়া করে নোটিশ দেবেন।

Sj. Saroj Roy:

যে সমস্ত রাস্তার নাম এখানে দেওয়া হয়েছে, তা ছাড়াও আরও কতকগুলি ইমপর্ট্যান্ট রাস্তার নাম সাজেশন হিসাবে বেঙ্গল গভর্নমেন্টের কাছে দেওয়া হয়েছিল, সেগুলি কেন গ্রহণ করা হয় নি?

Mr. Speaker:

আপনি সেদিন ডিবেট শোনেন নি, এখন এই রকম কেন প্রশ্ন তুলছেন? এটা অত্যন্ত দুঃখের কথা। সেখানে কম্প্রিহেনসিভ এ্যানসার দেওয়া হয়েছে।

The information was given extensively in the debate. There could not be any repetition. You must attentively listen to the debate. A very comprehensive answer was given in the 4-hour debate.

Sj. Saroj Roy:

কিন্তু আমার এই প্রশ্নটা ছিল না ঐ কম্প্রিহেনসিভ এ্যানসারএর মধ্যে।

Mr. Speaker:

ছিল, ছিল। ইয়েস...

Sj. Saroj Roy:

আমার প্রশ্ন হল, যে সমস্ত রাস্তা এই লিস্টএ দেওয়া হয়েছে, তার চেয়েও ইমপর্ট্যান্ট রাস্তা ছিল, সেগুলি কেন নেওয়া হয় নি?

Sj. Tarun Kanti Ghosh: It is a matter of opinion which is more important.

Sj. Janardan Sahu:

তালিকার (৩৫) নম্বরে দেখছি, এগ্রা-রামনগর সম্বন্ধে ...

Mr. Speaker: I cannot allow that supplementary.

Sj. Janardan Sahu:

এই তালিকার (১৫) নংএ পটাশপুর—বাঙ্গুচক রাস্তা সম্বন্ধে......

Mr. Speaker: No, no.

Sj. Tarun Kanti Ghosh:

এতগুলি রাস্তা সম্বন্ধে ডিটেলএ বলা সম্ভব নয়।

To speak about all details is not possible.

Sj. Janardan Sahu:

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে সকল রাস্তাগুলি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে এসেছে, সেগুলি কি কমপ্লিট হবে?

Sj. Tarun Kanti Ghosh:

হ্যাঁ, হবে।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Construction of a road from Kadokotha to Ugalsanda under Test Relief Scheme in Nayagram police-station of Midnapore district

43. Sj. Dhananjoy Kar: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার ১নং ইউনিয়নের কাদোকোঠা হইতে উগালষণ্ড পর্যন্ত যে রাস্তাটি টেস্ট রিলিফে নির্মিত হইয়াছে তাহাতে কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

এইরূপ কোন রাস্তা নির্মিত হয় নাই; অতএব টাকা ব্যয়ের প্রশ্ন উঠে না।

Sj. Dhananjoy Kar:

আমার প্রশ্নের জবাবে যেখানে মন্ত্রীমহাশয় বলেছেন, এইরূপ কোন রাস্তা নির্মিত হয় নাই; সেখানে আমার প্রশ্ন হচ্ছে আদৌ কোন রাস্তা এখানে তৈরী হয় নি কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যদের প্রশ্নটা একটু ভুল ছিল। কাদোকোঠা হতে উগালষণ্ড বলে কোন রাস্তা নেই, তবে কাদোকোঠা থেকে রাজপাহাড়ী রাস্তার জন্য টেস্ট রিলিফএর কাজ হয়েছে এবং তাতে মোট ১৩,৫০০ টাকা ব্যয় হয়েছে।

Realisation of arrear loans in Gopiballavpur, Nayagram and Sankrail police-stations of Midnapore district

44. Sj. Dhananjoy Kar: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল থানায় যে-সমস্ত সরকারী বকেয়া দেনা ছিল, সেই সমস্ত একাধিক বৎসরের বকেয়া দেনা এই বৎসর আদায়ের জন্য ঋণগ্রস্তদের মালক্রোক, গ্রেপ্তারী পরওয়ানা প্রভৃতি বাহির করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় সমস্ত বকেয়া দেনা একবৎসরে আদায় না করিয়া ২।৩ বৎসরে আদায় করার কথা বিবেচনা করিবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) কয়েক বৎসরের পুরাতন অনাদায়ী কৃষিঋণ আদায়ের জন্য কোন কোন ক্ষেত্রে মালক্রোকী পরওয়ানা জারী করা হইয়াছে এবং দুইটি ক্ষেত্রে গ্রেপ্তারী পরওয়ানা জারী করা হইয়াছে।

(খ) অধমর্ণের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া বকেয়া ঋণ আদায়ের জন্য প্রয়োজন অনুসারে কিস্তী দেওয়া হইতেছে।

Sj. Dhananjoy Kar:

মন্ত্রীমহাশয় (খ) প্রশ্নে বলেছেন, অধমর্ণের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া বকেয়া ঋণ আদায়ের জন্য প্রয়োজন অনুসারে কিস্তী দেওয়া হইতেছে। এখানে আমার প্রশ্ন হচ্ছে এই টাকাগুলি আদায় করার জন্য তাদের বিরুদ্ধে মালক্রোকী পরওয়ানা বা গ্রেপ্তারী পরওয়ানা জারী করার পূর্বে তাদের এই টাকা দেবার অবস্থা আছে কিনা, সেটা বিবেচনা করা হয় কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই হয়।

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Dhananjoy Kar:
যাদের বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা বার করা হয়েছে, তাদের টাকা দেবার মত অবস্থা আছে কিনা সেটা অনুসন্ধান করে দেখা হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
নিশ্চিত হয়েছিল।

Sj. Dhananjoy Kar:
কে অনুসন্ধান করেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
সরকারী কর্মচারী।

Sj. Dhananjoy Kar:
কোন ধরণের কর্মচারী।

The Hon'ble Prafulla Chandra Sen:
জেলা ম্যাজিস্ট্রেটের অধীনস্থ কর্মচারী।

Sj. Dhananjoy Kar:
কোন বিশিষ্ট অধীনস্থ কর্মচারী।

[No reply.]

Industry-wise employment figures

45. Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state industry-wise employment in West Bengal during the years 1951, 1954 and 1955 (up to October)?

The Minister for Labour (The Hon'ble Kali Pada Mookerjee): A statement showing figures for 1951 and 1954 is laid on the Table.

Figures for 1955 are not yet available.

Statement referred to in reply to unstarred question No. 45

NUMBER OF FACTORIES AND WORKERS IN WEST BENGAL (INDUSTRY-WISE)

Industry.	1951. Number of factories Working.	1951. Number of factories Submitting returns.	1951. No. of workers	1954. Number of factories Working.	1954. Number of factories Submitting returns.	1954. No. of Workers.
1	2	3	4	5	6	7
Jute Textile	98	96	281,093	100	100	251,910
Cotton Textile .	35	34	31,609	45	42	37,770
Silk Textile ..	9	9	1,641	6	6	919
Hosieries ..	59	53	1,775	57	48	1,417
Woollen Mills .	3	3	427	4	4	903
Other Textiles ..	21	20	4,715	26	25	4,102
Engineering	328	282	97,184	351	288	92,016
Iron and Steel	145	123	34,426	150	116	33,034
Other Metal Abstracting, Refining, Rolling, etc	17	17	2,706	21	19	2,977
Flour Mills	13	12	1,625	13	12	1,26
Rice Mills	280	255	13,083	212	273	14,734
Tea Factories	277	249	26,030	276	267	23,831
Manufacturing of other miscellaneous food preparation including cold storage.	68	52	3,118	53	45	2,211
Chemicals including Matches and Soaps.	123	113	20,222	141	130	18,566
Petroleum, Kerosene, etc	22	22	4,781	21	20	3,998
Printing and Book-binding including Photography.	185	149	12,289	202	172	11,880
Other Metal Industries	382	315	23,234	377	276	18,548
Oil Mills and Hydrogenated Oil Mills.	67	56	3,857	66	53	3,137
Scientific goods and Instrument including Mint.	26	19	3,133	30	25	2,977
Glass and Glass products including Potteries	43	35	11,852	41	29	9,090
Distillery, Breweries, Carbonated Water, etc.	13	11	1,144	16	14	1,115
Paper Mills and Paper Board Straw.	30	30	11,626	33	31	10,870
Leather and Tanneries .	7	4	297	59	48	702
Cotton and Jute Presses	34	32	3,831	34	32	2,601
Rubber Goods	28	25	17,899	30	29	18,231
Others .	292	261	24,311	356	303	22,535
Ordnance Factories	8	8	16,993	..	..	..
All Industries combined ..	2,613	2,285	654,901	2,820	2,407	592,241

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

বিভিন্ন ইন্ডাস্ট্রির যে তালিকা দিয়েছেন যেমন

Jute textile, cotton textile, silk textile, hosieries, woollen mills, other textiles, engineering, iron and steel, other metal abstracting, refining, rolling, etc., petroleum, kerosene, etc.

সবার ভিতর দেখা যাচ্ছে ১৯৫১ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত যে তালিকা আছে, তাতে ওয়ার্কারদের সংখ্যা অত্যন্ত কমে গিয়েছে, তাতে কি এটা মনে করা যেতে পারে এই সমস্ত ইন্ডাস্ট্রিগুলিতে ১৯৫১ সালে যেভাবে, যে ধরণের কাজ চলতো, তার থেকে ১৯৫৪ সালে কর্মী সংখ্যা কমে যাওয়াতে, সেখানে ডিটিরিয়রেশন হয়েছে?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

১৯৫১ সালে যে কর্মী ছিল, ১৯৫৪ সালে, তার চেয়ে কর্মী কমে গেল, এর কারণ কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

কারণ বহু আছে। কোনটা কমেছে, কোনটা বেড়েছে। কোথাও কাজ কমেছে, কোথাও কাজ বেড়েছে, কোথাও কাজ খানিকটা হয়ে বন্ধ আছে, কোথাও লোক ছাঁটাই হয়েছে। হয়ত ইন্ডাস্ট্রি-ওয়াইজএ ন্যাচুরাল স্টেজ না থাকার জন্য লোক নেওয়া হয় নি।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আপনি যেখানে অল ইন্ডাস্ট্রিজ কমবাইন্ডএর তালিকা দিয়েছেন, সেই হিসাবে দেখা যাচ্ছে যে, ১৯৫১ সালের চেয়ে ১৯৫৪ সালে কর্মীর সংখ্যা কমে গিয়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে, ওই কমটা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা করা সত্ত্বেও হল কেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

তখনও পর্যন্ত যে পরিকল্পনা ছিল সেটা হচ্ছে খাদ্য সম্বন্ধে, এবং তাকে স্বয়ংসম্পূর্ণ করা। তখন ইন্ডাস্ট্রিকে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ দৃষ্টি দেওয়া হয়েছে, সেখানে অর্ডিন্যান্স ফ্যাক্টরি ছিল, সেই অর্ডিন্যান্স ফ্যাক্টরিকে এখন বাদ দেওয়া হয়েছে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ডাইরেকশন অনুসারে।

Sj. Mrigendra Bhattacharjya:

জুট ইন্ডাস্ট্রিতে.......

Mr. Speaker: Question time is over. Supplementaries to this question are held over.

[4—4-10 p.m.]

GOVERNMENT BILL

The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee

Mr. Speaker: Let us now take up the Panchayat Bill I may tell honourable members that I had a discussion with the Party Whips I have made a request We have to try and avoid unnecessary waste of time. If there is one amendment which more than one member has tabled, members will kindly consider and decide among themselves as to which of the members will speak on it. I have had a discussion with the Party Whips and I made the request to avoid unnecessary waste of time—I do not know how far it will work. Party leaders have promised to help me.

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, যে কথা আপনি বললেন, তার ভুল ইন্টারপ্রিটেশন হতে পারে, আপনি আমাদের কেবল একটা রিকোয়েস্টই করেছেন এবং সেটাকে আমরা রিকোয়েস্ট হিসাবেই জানি, তার বেশি কিছু বলব না।

Mr. Speaker: It is only a request.

Dr. Atindra Nath Bose:

আপনি যে বললেন, সমস্ত পার্টির লীডারদের ও পার্টি হুইপদের, কিন্তু আমাদের ত কিছু বলা হয়নি, আমরা কোন খবরই এ সম্বন্ধে পাই নি।

Mr. Speaker: I called for you a dozen times but you were not available. You are acting unitedly and three out of the four Party Whips were called; I had discussion with them; and I hope you will give your co-operation. Now, let us take up clause 16.

Clause 16

The Hon'ble Gopika Bilas Sen Gupta: Sir, I only move No. 198B and not No. 198A.

[*Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the amendments as moved except those that are out of order.*]

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that clause 16(1)(a) be omitted.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that clause 16(1)(b) be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 16(1)(b), lines 2 and 3 after the word "misconduct" the words "involving moral turpitude" be inserted.

I also beg to move that in clause 16(1)(e), line 1, after the words "by himself" the words "or by his agent" be inserted.

The Hon'ble Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in the proviso to clause 16(1)(e), in lines 5 and 6, for the words "incorporated or registered under the Indian Companies Act, 1913" the words "as defined in the Companies Act, 1956" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that clause 16(1)(g) be omitted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 16(1)(g), line 2, for the word "during" the word "for" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 16(1)(g), line 3, after the word "unpaid" the word "or" be added.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that in clause 16(2), line 2, after the words "of an offence" the words "involving moral turpitude" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that after clause 16(1)(g), the following new item be inserted, namely:—

"(h) he has been convicted of an election offence.".

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 16(2), lines 2 and 3, for the words beginning with "of an offence" and ending with "than six months" the words "on grounds of moral turpitude or any anti-social activities" be substituted.

Sj. Jyotish Chandra Roy: Sir, I beg to move that in clause 16(2), lines 2 to 6, for the words beginning with "punishable" and ending with "*Gram Panchayat*" the words "involving moral turpitude" be substituted.

Sj. Gangapada Kuar: *Sir, I beg to move that in clause 16(2), lines 2 and 3, for the words "punishable with transportation or imprisonment for a period of more than six months" the words "involving moral turpitude or any anti-social activities" be substituted.*

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 16(2), lines 6 and 7, the words "for five years from the date of expiration of the sentence" be omitted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that the proviso to clause 16(2), be omitted.

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহোদয়, ১৬ নং ক্লজে গ্রাম পঞ্চায়েতের সভ্য, অধ্যক্ষ ও উপাধ্যক্ষ হবার ক্ষেত্রে কি কি ডিসকোয়ালিফিকেশন্স থাকতে পারে, সেগুলি নির্দেশ করা হয়েছে, সেই ডিস-কোয়ালিফিকেশন্সএর মধ্যে রয়েছে, যদি কোন ব্যক্তির ২৫ বছরের কম বয়স হয়, তিনি কোন গ্রাম সভার সভ্য হতে পারবেন না, বা অধ্যক্ষ উপাধ্যক্ষও হতে পারবেন না। আমি এই ধারাটাকে অত্যন্ত মারাত্মক মনে করি। এই এজ লিমিট থাকার কি প্রয়োজন আছে। মানুষের বুদ্ধি বিবেচনা বা কর্মক্ষমতা বয়সের উপর নির্ভর করে না। এই মূলনীতিটাকে এখানে অস্বীকার করা হচ্ছে বলে আমি মনে করি, ২১ বৎসর বয়স হলেই ত গ্রাম সভার সভ্য হতে পারে, আবার ২৫ বৎসরের লিমিট বাঁধবার প্রয়োজন কি? ২৫ বৎসরের পূর্বেই মানুষ যথেষ্ট ক্ষমতার পরিচয় দিতে পারে। ২৫ বৎসরের পূর্বে অনেকে সাহিত্য বিজ্ঞান ও দর্শনে পারদর্শীতা দেখিয়েছেন, এমন কি শাসন তন্ত্রের ব্যাপারে ও রাজনৈতিক ক্ষেত্রেও অল্প বয়সে নিপুনতা দেখিয়েছেন অনেকে। আকবর ১৩ বছর বয়সে সম্রাট হয়েছিলেন। নবাব সিরাজদ্দৌল্লা ১৬ বৎসর বয়সে বাংলার নবাব হয়েছিলেন। পার্লামেন্টারি গণতন্ত্রের ক্ষেত্রে আমরা যাদের অনুসরণ করছি, সেই বৃটিশ পার্লামেন্টারি গভর্নমেন্টের দৃষ্টান্ত দেখুন। উইলিয়ম পিট ১৭ বছর বয়সে এম. এ পাশ করেন, ২১ বছর বয়সে বৃটিশ পার্লামেন্টের সভ্য হন, ২৩ বছর বয়সে চ্যান্সেলার অফ দি এক্সচেকার হন এবং ২৪ বছর বয়সে প্রাইম মিনিষ্টার হয়েছিলেন। আর এখানে কি দেখছি, আমাদের বাংলা দেশের মানুষ ২৫ বছর বয়স না হলে গ্রাম পঞ্চায়েতের সভ্য হতে পারবেন না। বাংলা দেশের মানুষের সম্বন্ধে এই রকম ধারণা বিস্ময়কর। আর একটা বিষয়ও মন্ত্রীমহাশয়ের জানা উচিত যে, মানুষের মধ্যে অল্প বয়সেই সেবার প্রবৃত্তি প্রবল থাকে। সুতরাং ২৫ বছরের কম বয়স হলে কোন ব্যক্তি গ্রাম পঞ্চায়েতের সভ্য হতে পারবে না, এই রকম ধারা থাকাও আপত্তিজনক, এ রকম ব্যবস্থা থাকা উচিত নয় বলে আমি এটাকে তুলে দিতে বলি।

আমার পরের এ্যামেন্টমেন্টটা হচ্ছে ২০১ নং। ১৬(১)(জি)তে বলা হয়েছে যে, কোন ব্যক্তির ক্ষেত্রে

any tax, toll, free or rate due from him under this Act during the year previous to that in which the election is held remains unpaid.

তাহলে সে ডিসকোয়ালিফাইড হবে। আমি এই ডিউরিং কথাটা তুলে দিয়ে তার বদলে ফর বসাতে বলছি। আমার কথা হচ্ছে যে, যে বৎসরে ইলেকশন হবে, তার পূর্ব বছরের যদি দেয় থাকে, আর আগের বছরেরই সেটা যদি মিটিয়ে দেওয়া না থাকে, তাহলে ইলেকশনের পূর্বে সেটা মিটিয়ে দেওয়া যাবে, এইটেই হওয়া উচিত। কিন্তু ডিউরিং কথাটা থাকলে সে সুযোগ থাকে না। এই সামান্য কারণের জন্য গ্রাম সভার সভ্য, অধ্যক্ষ বা উপাধ্যক্ষ হবার পথে এ রকম ডিসকোয়ালিফিকেশনএর একটা নিষেধ বা বাধা থাকা উচিত নয় বলে আমি মনে করি, কাজেই এটা তুলে দিতে বলছি।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, ১৬নং ধারায় অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং গ্রাম পঞ্চায়েতের সভ্য হবার পক্ষে ডিসকোয়ালিফিকেশনগুলি বলা হয়েছে। এখানে একটা জায়গার দিকে তাকিয়ে দেখুন যে, কি রকম অস্পষ্টভাবে ভাষাটা রেখে দেওয়া হয়েছে। যার ফলে অনেক কিছু অর্থ বা অনর্থ হতে পারে। (বি) আইটেমটা দেখুন

"he has been dismissed from the service of the Central or State Government or Local Authority for misconduct."

Sj. Dharani Dhar Sarkar: Sir, I beg to move that the following proviso be added to clause 26, namely:—

> "Provided that number of population of an Anchal Panchayat shall not normally exceed eight thousand.".

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that after clause 26(2), the following new sub-clause be added, namely:—

> "(3) The population within the territorial limits of an Anchal Panchayat shall ordinarily be not less than ten thousand and not more than fifteen thousand.".

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, কতগুলি গ্রামসভা হবে, এর মধ্যে কত লোক নেওয়া হবে, কত লোক এর মধ্যে থাকবেন সে সম্বন্ধে কিছু বলা নাই; সেজন্য আমি বলছি এটা স্পষ্ট করে বলা দরকার—এবং সেটা স্টেট লেজিসলেচার থেকে নির্দিষ্ট করে দিন।

Mr. Speaker: Your first amendment is out of order.

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, কতগুলি গ্রামসভা নিয়ে অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে সেটা এখানে স্পষ্ট করে বলা উচিত, সেজন্যই আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি।

Sj. Mrigendra Bhattacharjya: I will not move 307.

ইউনিয়ন বোর্ডগুলি যথাসম্ভব বজায় রাখা হোক। স্থানীয় অধিবাসীদের মতামত নিয়ে অঞ্চল পঞ্চায়েত নিয়ে গঠন করা হলে সুবিধা হয়।

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ক্লজ ২৬(২) পরে একটা প্রভাইসো এ্যাড করতে চাচ্ছি। আমি বলতে চাই, এই বিলের মধ্যে অঞ্চল পঞ্চায়েতের এরিয়া কিভাবে গঠিত হবে তা স্পষ্ট করে বলা হয় নি। সেজন্য—

Mr. Speaker: 308 is out of order. You speak on 310. You can speak on the main clause but not on the one which is out of order.

Sj. Gangapada Kuar:

আমার কথা শুনুন, স্যার। সেজন্য আমি এখানে বলতে চাই যে, অঞ্চল পঞ্চায়েত কমপক্ষে পাঁচ হাজার এবং বেশীপক্ষে দশ হাজার লোক নিয়ে করা হোক। যেটা আউট অব অর্ডার হয়েছে সে সম্পর্কে কিছু বলা নিষ্প্রয়োজন। স্টেট গভর্নমেন্ট মাঝে মাঝে নোটিফিকেশন দিয়ে তার এরিয়া এবং নাম জানিয়ে দেবেন এবং স্টেট লেজিসলেচারএর সমর্থন নিয়ে যেন করা হয়।

Mr. Speaker: That is the amendment which is out of order. You are speaking on that. You sit down.

Sj. Dharani Dhar Sarkar:

মাননীয় স্পীকার মহাশয়, ইউনিয়ন বোর্ডগুলি জনসাধারণের যোগাযোগ ও অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত বলে এখানে আমাদের বিশেষকরে লক্ষ্য রাখা দরকার যাতে এমনভাবে অঞ্চল পঞ্চায়েতগুলি গঠিত না হয় যাতে করে য়ুনিয়নবোর্ডগুলি টুকরো টুকরো হয়ে যায়। সুতরাং এমনভাবে এগুলি গঠন করা উচিত যাতে লোকের সুবিধা হয়।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার স্যার, এখানে অঞ্চল পঞ্চায়েতের এলেকা নির্দিষ্ট করে দেবার চেষ্টা করেছি। আমি বলেছি

"population within the territorial limits of an Anchal Panchayat shall ordinarily be not less than ten thousand and not more than fifteen thousand."

এটা আইনের মধ্যে থাকা উচিত বলে মনে করি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I do not understand the meaning of the amendments moved. Have I to call for a sitting of the State Legislature before an Anchal Panchayat is formed?

Mr. Speaker: Those amendments are out of order. You need not refer them.

The Hon'ble Iswar Das Jalan: One of the amendments is "not less than ten thousand and not exceeding fifteen thousand." I have repeatedly explained that the Union Board area will be practically the Anchal Panchayat. Therefore that amendment does not deserve any serious consideration. I therefore oppose the amendment.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 26(1), line 5, after the words "in each case" the words "but not exceeding fifty such Gram Sabhas" be added was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the following proviso be added to clause 26(2), namely:—

"Provided that the population within the territorial limits of an Anchal Panchayat shall not be less than five thousand and more than ten thousand.",

was then put and lost.

The motion of Sj. Dharani Dhar Sarkar that the following proviso be added to clause 26, namely:—

"Provided that number of population of an Anchal Panchayat shall not normally exceed eight thousand.",

was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that after clause 26(2), the following new sub-clause be added, namely:—

"(3) The population within the territorial limits of an Anchal Panchayat shall ordinarily be not less than ten thousand and not more than fifteen thousand.",

was then put and lost.

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

[*At this stage the House was adjourned till 5-20 p.m.*]

[*After adjournment*]

[5-20—5-30 p.m.]

Clause 27

[*Mr. Speaker: I take it that all the amendments except* 331 *and* 332 *are moved.*]

Sj. Sudhir Chandra Das: Sir, I beg to move that in clause 27(1), lines 1 to 9, for the words beginning with "the members" and ending with "twenty-five" the following words be substituted, namely:—

"nine members and every Anchal shall be divided into three blocks on population basis and three members from each block shall be directly elected to the Anchal Panchayat from among the members of Gram Sabhas.".

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 27(1), line 1, for the word "the" the word "nine" be substituted.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that in clause 27(1), lines 2 to 5, for the words beginning with "elected" and ending with "in each case" the words "elected by secret ballot vote on a proportional representation basis by the members of each Gram Sabha constituting the Anchal Panchayat" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 27(1), line 2, after the word "elected" the words "by secret ballot" be inserted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 27(1), line 2, for the words "at such time" the words "by secret ballot simultaneously with the election of the Gram Panchayat" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 27(1), lines 2 and 3, the words "and in such manner as may be prescribed" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 27(1), lines 2 and 3, for the words "in such manner as may be prescribed" the words "by secret ballot" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 27(1), lines 2 and 3, for the words "in such manner as may be prescribed" the words "by ballot" be substituted.

Sj. Ajit Kumar Basu: Sir, I beg to move that in clause 27(1), line 2, after the words "such manner" the words "of direct election" be inserted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 27(1), line 3, the word "every" be omitted.

Sir, I also beg to move that in clause 27(1), line 4, for the word "Sabha" the word "Sabhas" be substituted

Sir, I also beg to move that in clause 27(1), lines 4 to 9, the words beginning with "by the Gram Panchayat" and ending with "and twenty-five" be omitted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 27(1), line 4, for the words "Gram Panchayat" the words "members of the Gram Sabhas" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 27(1), line 4, for the words "Gram Panchayat" the words "Gram Sabha" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 27(3), line 2, for the word "four" the word "two" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 27(3), lines 3 and 4, for the words "a quorum is present" the words "the election of the Pradhan and the Upapradhan takes place" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 27(3), lines 6 and 7, the words "at which a quorum is present" be omitted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 27(3), lines 6 and 7, for the words "a quorum is present" the words "the election of the Pradhan and the Upapradhan takes place" be substituted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 27(4), lines 3 to 5, the words "by the Gram Panchayat which elected the member whose seat has fallen vacant" be omitted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 27(4), lines 3 to 5, for the words "by the Gram Panchayat which elected the member whose seat has fallen vacant" the words "in the manner provided in section 27(1)" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 27(4), lines 3 to 5, for the words "by the Gram Panchayat which elected the member whose seat has fallen vacant" the words "from the respective area of Gram Panchayat wherefrom such a member was elected" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 27(4), lines 3 and 4, for the words "Gram Panchayat" the words "Gram Sabha" be substituted.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 27(4), lines 3 and 4, for the words "Gram Panchayat" the words "members of the Gram Sabha" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that after clause 27(4), the following new sub-clause be added, namely:—

"(5) The term of office of the member so elected under sub-section (4) shall be for the residual period of the member whose seat had fallen vacant.".

Sj. Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই ক্লজটি বিলের মূল নীতির বিরোধীতা করছে বলে আমার এই এ্যামেন্ডমেন্ট এনেছি। এখানে যে ব্যবস্থা রাখা হয়েছে, তাতে বলা হচ্ছে যে অঞ্চল পঞ্চায়েতে যাঁরা যাবেন, তারা গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে নির্বাচিত হয়ে যাবেন। কিন্তু গ্রাম সভার সভ্যদের দ্বারা প্রত্যক্ষভাবে তাঁরা নির্বাচিত হবেন না। এই যে একটা ব্যবস্থা বিলের মধ্যে রয়েছে, এটা কখনও রাখা উচিত নয়, এবং আমি এর তীব্র বিরোধিতা করছি। অঞ্চল পঞ্চায়েতের উপর যখন ট্যাক্স ধার্য করবার ক্ষমতা দেওয়া হচ্ছে, অতএব যারা ট্যাক্স দেয়, তাদের দ্বারাই প্রত্যক্ষ নির্বাচনে অঞ্চল পঞ্চায়েতের সভ্যরা নির্বাচিত হওয়া উচিত। কিন্তু বর্তমান বিলে যেভাবে এই ক্লজটি রাখা হয়েছে, তাতে গ্রাম পঞ্চায়েতরা লোকসংখ্যার ভিত্তিতে, প্রতি ২৫০টি মেম্বরের পিছু একটি করে লোক পাঠিয়ে দিতে পারবেন অঞ্চল পঞ্চায়েতের জন্য। এইভাবে হলে তারা পরোক্ষভাবে নির্বাচিত হয়ে যাবে, আবার যারা ট্যাক্স ধার্য করে, তারা তাও করতে থাকবে। এই নীতি কখনও চালু রাখা উচিত নয়। এবং আমরা এই নীতি কখনও চলতে দিতে পারি না, কারণ এটা গণতন্ত্র বিরোধী। সেইজন্য আমি এর আপত্তি করছি, এবং আমার যে এ্যামেন্ডমেন্ট তাতে সেই কথাই বলেছি একটি পঞ্চায়েত করে তাতে নাইন মেম্বার্স করা হোক। এবং আর একটা প্রশ্ন আমি উত্থাপন করেছি আমার এ্যামেন্ডমেন্টএর মধ্যে। যখন মন্ত্রীমহাশয়, একটু আভাস দিয়েছেন যে স্বাভাবিকভাবে ইউনিয়নকে অবলম্বন করে অঞ্চল পঞ্চায়েত গঠন করা হবে, সেটা খুব ভাল কথা, আমরা এতে খুব আশান্বিত হচ্ছি। কিন্তু এই ২৫০ রেশিওর ভিত্তিতে যদি করা হয় তাহলে একটা অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে, যেখানে ১০ হাজার লোকের বাস, সেখানে ৪০টি লোক অঞ্চল পঞ্চায়েতে হয়ে যাবে। আড়াইশোর উপর যদি একজন হয়, তাহলে এক হাজারে চারটা হয়, এবং দশ হাজারে হয়ে যাবে ৪০টি লোক; এবং তার ফ্র্যাকশন হলে আরও দু-একটা লোক বাড়বে। তারপর গ্রাম সভার বেলায় যখন ফ্র্যাকশন হবে, তখন সেটা আরও কিছু বাড়তে পারে। সে ক্ষেত্রে বাল্কি বডি নিয়ে পঞ্চায়েত রান করা অসম্ভব হবে। যেখানে ১৫ হাজার লোকের বাস, সেখানে অঞ্চল পঞ্চায়েতে ৬০ জন লোককে নিতে হবে। এতগুলি লোক নিয়ে কাজ করা অসম্ভব হয়ে পড়বে। সুতরাং বর্তমানে ইউনিয়ন বোর্ডে যেভাবে হয়—অর্থাৎ একটা নির্দিষ্ট সংখ্যক লোককে নিয়ে, যেমন ৯ জন সদস্য থাকেন, এবং তাদের যেমন একটা ব্লক বা ওয়ার্ড ঠিক করে সভ্য ভাগ করা হয়; তেমনি এখানেও

জনসংখ্যার ভিত্তিতে ঠিক সেইরকমভাবে এক একটা ওয়ার্ড ভাগ করে, যদি তিন, তিনজন করে প্রত্যক্ষভাবে গ্রাম সভার দ্বারা নির্বাচিত করে নেওয়া যেতে পারে তাহলে দুটো জিনিস হতে

[5-30—5-40 p.m.]

পারে। একটা অঞ্চল পঞ্চায়েতে বেশী সংখ্যক সদস্য হলে তাদের পক্ষে যে অসুবিধা সৃষ্টির কথা আমরা বিবেচনা করছি সেটার পথ বন্ধ হতে পারে। বর্তমান ইউনিয়ন বোর্ড চালু করার দিক থেকে দেখছি, ৯ জন সভ্য বর্তমানে কাজ ভালভাবে করছেন, তারচেয়ে বেশী সভ্য হলে অসুবিধা হবে বলেই মনে করি। তাই আমার এ্যামেন্ডমেন্টে বলা হয়েছে -

"Every Anchal Panchayat shall consist of the members elected at such time and in such manner as may be prescribed from among the members of every Gram Sabha and every Anchal shall be divided into three blocks on population basis and three members from each block shall be directly elected to the Anchal Panchayat from among the members of the Gram Sabha."

দুটো প্রশ্ন আমি এ্যামেন্ডমেন্টে এনেছি। একটা মূলগত প্রশ্ন যে প্রত্যক্ষভাবে অঞ্চল পঞ্চায়েতে সভ্য নির্বাচিত হউক গ্রামসভার সভাদের দ্বারা আর দ্বিতীয় কথা হচ্ছে বেশী সংখ্যক অঞ্চল পঞ্চায়েতের সভ্য দিয়ে কাজ করানতে অসুবিধা বোলে আমরা একটা একটা সমিতি বা ইউনিট কোরে (একটু কমবেশী হলে তাতে যায় আসে না) মোটামুটি প্রোপোর্শান কোরে, ওয়ার্ড ভাগ কোরে যদি জনসংখ্যার ভিত্তিতে কাজ করা যায় তাহলে পঞ্চায়েত চালু করার পক্ষে সহজ হবে বলে মনে করি। আশা করি মন্ত্রীমহাশয় অন্ততঃ এইটুকু দাবী মেনে নেবেন। এতে কোন ক্ষেত্রেই অসুবিধা হবে ব'লে মনে করি না। তারপর প্রত্যক্ষ নির্বাচন কেন চাই? তাতেও অসুবিধা হবে না কেন? আজ যেখানে আমরা গ্রাম পঞ্চায়েত নির্বাচন করতে যাচ্ছি লোক-সংখ্যার ভিত্তিতে ঠিক সেই ক্ষেত্রে যেমন আমরা পার্লামেন্টের মেম্বর এবং আইন সভার মেম্বর একজন ভোট দিয়ে একদিনেই পাঠিয়ে দিই, তেমনি অঞ্চল পঞ্চায়েতের সভ্যকেও আমরা একই দিনে একই ভোট দিয়ে যদি পাঠিয়ে দিতে পারি তাহলে তাতে অসুবিধা হবে না, এবং সেখানে খরচের প্রশ্নও উঠবে না। কারণ, একদিনে এক রকম ব্যবস্থার মধ্য দিয়ে গ্রামসভার পক্ষ থেকে গ্রাম পঞ্চায়েতে নির্বাচন করে দেব এবং অঞ্চল পঞ্চায়েতের সভ্যকেও নির্বাচন কোরে দেওয়া হবে। তাহলে খরচ একই হবে এবং প্রত্যক্ষ ভোটের দ্বারা অঞ্চল পঞ্চায়েতে লোক দিতে পারব। আমি মনে করি এর বিরুদ্ধে কোন প্রকার যুক্তিই থাকতে পারে না এতে প্রত্যক্ষ নির্বাচনের পথ বন্ধ কোরে দিয়ে যে অসুবিধা সে অসুবিধাও নাই, এবং সেখানে খরচের বালাইও নাই। যেখানে প্রত্যক্ষ নির্বাচন করলে গণতন্ত্র ঠিক বজায় থাকতে পারে সেখানে প্রত্যক্ষ নির্বাচনে আপত্তি হওয়া উচিত নয়। তাই মন্ত্রীমহাশয়কে বলব যারা ট্যাক্স দেয় তারা চায় যে তাকে গদীচ্যুত করবার ক্ষমতাও তার থাকে। তারা যদি অন্যায় কোরে ট্যাক্স ধার্য করে বা খরচের টাকা অন্যায়ভাবে ব্যয় করে তাহলে তাদের প্রত্যক্ষভাবেই ক্ষমতা থাকা উচিত ভোট দিয়ে তাকে অপসারণ করবার। সেটাও তারা চায়।

আর একটা কথা বলতে ভুলে গিয়েছি। সেটা হচ্ছে ন্যায় পঞ্চায়েত করবার ক্ষমতাও দেওয়া উচিত, সেটার অধিকার যখন দেওয়া হয়েছে তখন প্রত্যক্ষভাবেই সেখানে নির্বাচন হওয়া উচিত। কিছুতেই যেন পরোক্ষভাবের নির্বাচনে না যান। আশা করি এটাও মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন।

Sj. Natendra Nath Das:

স্যার, আমার পূর্ববর্তী বক্তা সুধীরবাবু যা বল্লেন আমি তার সঙ্গে আমার দুটি কথা জুড়ে দিতে চাই। এই এ্যামেন্ডমেন্টগুলি প্রায় একই রকমের, আমি বলতে চাই সুধীরবাবু যা বলেছেন ডাইরেক্ট রিপ্রেজেন্টেশনএ খরচের দিক দিয়ে তাতে সুবিধা হবে। সেখানে স্যার, বাজেটের ব্যাপার রয়েছে, এসেসমেন্টের ব্যাপার রয়েছে, ট্যাক্স বাড়াবার বা কমাবার ব্যাপার রয়েছে, সেখানে ইনডাইরেক্ট ভোট দেওয়া ঠিক নয়, সেখানে গ্রাম সভার সকল লোক মিলে ডাইরেক্ট ভোটে নির্বাচন করবে—এইটে গণতন্ত্র সম্মত হবে। এবং যেমন এসেম্বলি সিটে পার্লামেন্টের সিটের বেলায় একসঙ্গে ভোট দিয়ে নির্বাচন করা হয় সেইরকম একই সঙ্গে নির্বাচন করলে খরচেরও

কোন অসুবিধা হয় না। তার পরে রুজে যা রয়েছে, ২৫০টি করে হবে এক একটি মেম্বরের জন্য রেশিও। তাতে হবে কি, যেগুলি বড় গ্রাম অর্থাৎ একটা গ্রামে যদি ৫ হাজার লোক থাকে আর ছোট একটা গ্রামে যদি দু হাজার লোক থাকে, তাহলে নিশ্চয়ই বড় গ্রাম বেশী লোক পাঠাবে, তার ফলে অঞ্চল পঞ্চায়েতে ঐ গ্রামের বেশী লোক থাকবে তার ফলে পক্ষপাতিত্ব করে কাজ করবার সুযোগ থাকতে পারবে। কিন্তু যদি ৯ জন সভ্যের দ্বারা ইউনিট ভাগ করে দেন, তাহলে একটু সুবিধা হবে এই যে সেখানে সমস্ত ইউনিট সমভাবে করা হবে। সেখানে একটা বিশেষ গ্রামের বেশী রিপ্রেজেন্টেটিভ যেতে পারবে না তাতে করে কোন একটা কাজ করতে গিয়ে এক গ্রাম অন্য গ্রামকে বঞ্চিত করবার সুযোগ পাবে না। কাজেই ইউনিট বেসিসে ৯ জন হলেই ঠিক হয়, মন্ত্রীমহাশয় যে বলেছেন ইনডাইরেক্ট ইলেকশনএর কথা, গ্রাম পঞ্চায়েতকে যতটুকু ক্ষমতা দিচ্ছেন টাকা কড়ি আদায় নিয়ে, সেখানে যদি অঞ্চল পঞ্চায়েত থেকে কোন রকম পক্ষপাতিত্বমূলক কাজ হয় তাহলে ইনডাইরেক্ট ইলেকশনএ তার একটা সম্ভাবনা রয়েছে, সে সম্ভাবনা দূর হয়ে যাবে যদি ইউনিট প্রথায় তিন ভাগ হয়ে যায়। আমি পূর্বে যে কথা বলেছি সেটাই হচ্ছে বড় কথা আমরা ডাইরেক্ট ইলেকশন চাই। কেন ইনডাইরেক্ট ইলেকশনএর প্রথা আনলেন বুঝতে পারি না খরচের কথা তুললেন তার উত্তর ত দিয়েছি। কাজেই এর সপক্ষে কোন যুক্তি থাকতে পারে না। আমরা গণতন্ত্র সম্মত অধিকার চাই- সেইজন্য ডাইরেক্ট ইলেকশনই দাবী করি।

Sj. Tarapada Dey:

এখানে অঞ্চল পঞ্চায়েত গঠন করার কথা বলা হয়েছে। সেটা যেভাবে গঠন করা উচিত সেজন্য মোটামুটি কতকগুলি গণতান্ত্রিক নীতি মেনে চলা দরকার। কিন্তু মন্ত্রীমহাশয় সে নীতি মানেন নি। নীতির দিক থেকে আমাদের দাবী সিক্রেট ব্যালট প্রথা তারপর প্রোপোর্শানেট রিপ্রেজেন্টেশন, আর একটা হচ্ছে পাওয়ার টু রিকল। এই তিনটি জিনিসের উপর আমরা জোর দিচ্ছি। উনি যে ব্যবস্থা করছেন তাতে নির্বাচন করবেন অঞ্চল পঞ্চায়েত গ্রাম পঞ্চায়েতের সদস্যারা ২৫০ জন লোকে একজন করে সদস্য পাঠাবেন, কিন্তু সেই ২৫০ জন ভোট দেবে না ভোট দেবেন তারাই যাদের তারা নির্বাচন করে পাঠিয়েছে। এ ব্যাপারে ও'র যা যুক্তি তা আমরা গ্রহণ করতে পারছি নে, সেইজন্য বলছি পরোক্ষ ভোটের প্রথা বাদ দিয়ে প্রত্যক্ষ ভোটের দ্বারা নির্বাচনের ব্যবস্থা করুন এবং সেজন্য সিক্রেট ব্যালটএর প্রবর্তন করুন।

আর একটা কথা হচ্ছে প্রোপোর্শানেট রিপ্রেজেন্টেশন। বর্তমানে যে ব্যবস্থা আছে তাতে এমনও হয় অধিকাংশের বিশ্বাস ভাজন না হয়েও সিট দখল করতে পারে; যদি কোন সিটএ ৫ জন প্রতিদ্বন্দিতা করে তার ৪ জনের মধ্যে শতকরা ২৬ ভাগ যারা পান তারা ইলেকশনে জিততে পারেন। এই ব্যবস্থার পরিবর্তন দরকার। যদি প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠিত করতে হয় তাহলে প্রোপোর্শানেট রিপ্রেজেন্টেশন নীতি হিসেবে মেনে নেওয়া দরকার। মন্ত্রীমহাশয় যা করতে যাচ্ছেন তাতে কতকগুলি লোক অধিকাংশ লোকের বিশ্বাসভাজন না হয়েও ক্ষমতা দখল করে থাকতে পারবে। তা যাতে না ঘটতে পারে সেইজন্য আমি এই এ্যামেন্ডমেন্টটা দিয়েছি। এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করে বলছি এটা মেনে নেওয়া উচিত।

[5-40—5-50 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়—প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে অঞ্চল পঞ্চায়েতের সদস্য নির্বাচিত করার যে দাবী আমাদের পক্ষ থেকে উঠেছে—সেটাই আমি সমর্থন করছি। এবং এই প্রসঙ্গে আমার প্রথম যে সংশোধনী প্রস্তাব আছে—বাই সিক্রেট ব্যালট সেই সিক্রেট ব্যালটএ যাতে নির্বাচন হয় সেই দাবী জানাচ্ছি। এর যুক্তি হিসাবে আমি বলতে চাই যে গ্রাম পঞ্চায়েতের দায়িত্বের তুলনায় অঞ্চল পঞ্চায়েতের দায়িত্ব অনেক বেশী। তারা সেই সংশ্লিষ্ট এলাকার মধ্যে বিভিন্ন রকম টোল, ট্যাক্স, ফীজ ইমপোজ করতে পারবে—এবং এ ছাড়া বহু গুরুত্বপূর্ণ দায়িত্ব তাদের পালন করতে হবে। প্রত্যক্ষভাবে তারা যদি ভোটারএর দ্বারা নির্বাচিত হয় তাহলে তারা জনসাধারণের সুবিধার দিকে দৃষ্টি রেখেই কাজ করবেন। আর যদি ইনডাইরেক্ট ইলেকশনএ

হয় তাহলে প্রত্যক্ষভাবে ভোটারদের কাছে তারা জবাব দিতে প্রস্তুত থাকবে না। এ দ্বারা জনসাধারণের যথেষ্ট অসুবিধা হতে পারে। এই কথা বিবেচনা করে প্রত্যক্ষ নির্বাচনের দ্বারা এবং সিক্রেট ব্যালট ভোটএর মাধ্যমে এই ব্যবস্থা করা দরকার। এ ছাড়া আমার যে এ্যামেন্ডমেন্ট রয়েছে তাতে আমি অঞ্চল পঞ্চায়েতের স্থায়িত্ব সম্পর্কে বলেছি যে ৪ বৎসরের জায়গায় ২ বৎসর করা উচিত। গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে এই দাবী জানিয়েছিলাম—ভবিষ্যতে ৪ বৎসর করলে অসুবিধা নাও হতে পারে কিন্তু প্রথম প্রথম এই গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতকে কার্যকরী করতে হলে ৪ বৎসরের জায়গায় ২ বৎসর করা আমি উচিত বলে মনে করি। তা না হলে কাজের অনেক অসুবিধা হবে।

তারপর আর একটা এ্যামেন্ডমেন্ট আছে কোন ভ্যাকেন্সি অকার করলে সেখানেও এইভাবে আমি সংশোধনী প্রস্তাব রেখেছি যে গ্রাম সভার মেম্বাররা যেভাবে প্রত্যক্ষভাবে নির্বাচিত হন —সেইভাবে অঞ্চল পঞ্চায়েতের মেম্বাররা নির্বাচিত হবে এবং ভ্যাকেন্সি হলে সেই ভ্যাকেন্সি ফিল-আপ করা হবে প্রত্যক্ষ নির্বাচনেক মাধ্যমে। আমার এই কয়েকটা এ্যামেন্ডমেন্ট মন্ত্রীমহাশয় বিবেচনা করে দেখবেন।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই ক্লজ ২৭এর উপর ২টা এ্যামেন্ডমেন্ট—একটা ৩১৭, আর একটা আছে—৩৪৪ ; তাতে আমি দেখাতে চেয়েছি যে গ্রাম পঞ্চায়তকে ওরা যেমন গণতন্ত্র বিরোধী প্রতিষ্ঠানে পরিণত করতে চেয়েছেন তেমনি অঞ্চল পঞ্চায়েতকেও সেই প্রকারেতে ওরা অগণতান্ত্রিক প্রতিষ্ঠানে পরিণত করতে চেয়েছেন। এ বিষয়ে পরোক্ষ ভোটের ব্যবস্থা থেকেই তাদের এই মনোভাব পরিস্ফুট হয়ে উঠেছে। আমি সেখানে বলেছি আমাদের বলা উচিত ছিল তারা কিভাবে নির্বাচন করবেন—সেটা তারা কিছু বলেন নি। অবশ্য পরে বলেছেন পরোক্ষ ভোটে করবেন। সেখানে আমি বলতে চাই

for the words "at such time," the words "by secret ballot simultaneously with the election of the *Gram Panchayat*"

সাবস্টিটিউট করা হোক। আমি বলতে চাই গোপন ভোটএর দ্বারা হবে যে সময়ে গ্রাম পঞ্চায়েতের ইলেকশন হবে ঠিক সেই সময়ই অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন হবে। তারা যে আড়াইশত সদস্য রাখতে চেয়েছেন তাতে আপত্তি নেই। কিন্তু একই সংগে গ্রাম সভার ইলেকশন করে দেবেন এটাই আমার দাবী। অঞ্চল পঞ্চায়েতকে গুরুত্বপূর্ণ কাজের ভার দেওয়া হচ্ছে যেমন, ট্যাক্স ধার্য করা, বিভিন্ন পরিকল্পনা কার্যকরী করা, বাজেট তৈরি করা। তাই আসল কাজ হচ্ছে—অঞ্চল পঞ্চায়েতের। সেখানে যদি পরোক্ষভাবে নির্বাচনের ব্যবস্থা করেন—তাহলে তাদের দায়িত্ব অস্বীকার করা হবে বলে মনে করি। তাই সত্যিসত্যি যদি অঞ্চল পঞ্চায়েতকে দায়িত্ব দিতে চান এবং তাদের যদি জনসাধারণের কাছে প্রত্যক্ষভাবে দায়ী করতে চান—তাহলে নির্বাচনের ব্যবস্থা করা দরকার। আমার এই প্রস্তাব গ্রহণ করলে খরচ বেশী হবে না। যে সময় গ্রাম পঞ্চায়েতের ইলেকশন হবে—সেই সময় যদি বিধানসভা ও লোকসভার নির্বাচন হয়—তাহলে কম খরচেই নির্বাচন হতে পারবে। মন্ত্রীমহাশয় আমার এই অনুরোধ বিবেচনা করে দেখবেন।

আমার দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট হচ্ছে—যদি কোন অঞ্চল পঞ্চায়েতের সদস্যপদ খালি হয়, তাহলে গ্রাম পঞ্চায়েতের দ্বারা এই অঞ্চল পঞ্চায়েতের সদস্যকে নির্বাচনের ব্যবস্থা করতে তারা চাচ্ছেন। আমি বলছি তা হবে না। গ্রামসভা অঞ্চল পঞ্চায়েতের সদস্য নির্বাচন করে দেবে—আমার এই প্রস্তাব খুব গুরুত্বপূর্ণ—মন্ত্রীমহাশয় বিবেচনা করে দেখবেন। এটা গ্রহণ করলে আমি মনে করি, বিলের উদ্দেশ্য সার্থক হবে।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার স্যার, এই ২৭নং ধারাটা মোট বিলের মধ্যে একটা গুরুত্বপূর্ণ ধারা। অঞ্চল পঞ্চায়েতের গঠন প্রসঙ্গে বলা হয়েছে যে, অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে গ্রাম পঞ্চায়েতের সভ্যদের দ্বারা নির্বাচিত সভ্যদের নিয়ে। অর্থাৎ গ্রাম পঞ্চায়েতের সভ্যরা নির্বাচন করে দেবে অঞ্চল

পঞ্চায়েতের সদস্য এবং তাদের নিয়ে অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে। বুঝা দরকার, স্পীকার মহাশয় —সমস্ত বিলের মধ্যে যদি কাহাকেও প্রকৃত ক্ষমতা দেওয়া হয়ে থাকে তাহলে তা দেওয়া হয়েছে অঞ্চল পঞ্চায়েতকে। অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স ধার্য করবেন, টোল আদায় করবেন অন্যান্য কাজ করবেন এবং গ্রাম পঞ্চায়েতগুলির টাকা ধার্যও করবেন। এমনকি গ্রাম পঞ্চায়েতের বাজেট পর্যন্ত তাঁরা অনুমোদন না করলে তা গ্রাহ্য হবে না। সুতরাং বলা যেতে পারে যে, মন্ত্রীমণ্ডলীর মধ্যে ফাইনান্স ডিপার্টমেন্ট যেরকম কাজ করেন, সেইসব কাজ এই অঞ্চল পঞ্চায়েত ও গ্রাম সম্পর্কে করবেন। তাই অঞ্চল পঞ্চায়েতের গঠন গণতান্ত্রিক ভিত্তিতে হওয়া উচিত—ডাইরেক্ট ইলেকশন—প্রত্যক্ষভোটের দ্বারা। তা না করে ইনডাইরেক্ট ইলেকশন—পরোক্ষ ভোটের দ্বারা এই অঞ্চল পঞ্চায়েতের গঠন করার ব্যবস্থা করা হয়েছে। আমি বলি যে, গ্রাম সভা থেকে যেমন গ্রাম পঞ্চায়েতের সদস্য নির্বাচিত হবে—ঠিক তেমনি গ্রাম সভা থেকে অঞ্চল পঞ্চায়েতএর সভ্যও নির্বাচিত হওয়া উচিত। তা না হয়ে গ্রাম পঞ্চায়েতের নির্বাচনের পর গ্রাম পঞ্চায়েতের সভ্যদের নিয়ে একটা ইলেকটোরাল কলেজ করে দিয়ে তা থেকে অঞ্চল পঞ্চায়েতএর সদস্য নির্বাচন করার ব্যবস্থা হয়েছে। এই পরোক্ষ নির্বাচন গণতন্ত্রের পরিপন্থী। বলা যেতে পারে যে, গ্রামসভা থেকে গ্রাম পঞ্চায়েত এবং গ্রামসভা থেকে সেইসঙ্গে অঞ্চল পঞ্চায়েত একসঙ্গে নির্বাচিত হলে অসুবিধা হতে পারে ; সেইজন্যই ইনডাইরেক্ট ইলেকশনএর ব্যবস্থা করা হয়েছে। এ যুক্তি ধোপে টিকে না। তার কারণ, অঞ্চল পঞ্চায়েতে ছোট ছোট নির্বাচন হবে। যদি বিধানসভা ও পার্লামেন্টএ একই দিনে, একই জায়গায় নির্বাচন হতে পারে তাহলে গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতের একই দিনে এক জায়গায় নির্বাচন হতে অসুবিধা কেন হবে? কি যুক্তি আছে পরোক্ষ ভোট ব্যবস্থার? তা ছাড়া কি পন্থায় নির্বাচন হবে আপনারা তা বলেন নি। আমরা ধরে নিচ্ছি ব্যালট প্রথায় নির্বাচন হবে, আমাদের দাবীও তাই। যদি ব্যালট প্রথায় নির্বাচন করেন তাহলে স্বচ্ছন্দে এক দিকে গ্রাম্য পঞ্চায়েতের একটা ব্যালট বক্স, অন্যদিকে অঞ্চল পঞ্চায়েতের আর একটা ব্যালট বক্স, রাখলেই একসঙ্গে দুটা নির্বাচন হতে পারে।

Mr. Speaker: Your amendment is very simple but you are making a very long speech.

Sj. Subodh Banerjee: I am speaking on the whole clause.

Mr. Speaker: You have spoken all this in the consideration motion.

Sj. Subodh Banerjee: I never spoke on the first reading

Mr. Speaker: There is no mention of all these things in your amendment—what is your amendment?

Sj. Subodh Banerjee: I am again saying that I am speaking on the clause and not on the amendments.

Mr. Speaker: Do you know how many hours we have spent on these few clauses—20 hours—an unprecedented record in this House, and you still say that you want more time.

Sj. Subodh Banerjee: I am not concerned with that.

Mr. Speaker: But you are irrelevant.

Sj. Subodh Banerjee: If I speak irrelevant, you have every right to pull me up.

Mr. Speaker: So far as your amendment is concerned——.

Sj. Subodh Banerjee: I may repeat, Sir, that I am not speaking on any amendment but on the clause itself.

Mr. Speaker: You may.

Sj. Subodh Banerjee:

সুতরাং অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন এইভাবে পরোক্ষ নির্বাচন করে গণতান্ত্রিক সুবিধা যতটা দেওয়া হয়েছিল তা কেড়ে নেওয়া হচ্ছে। কোন কোন সদস্যের সঙ্গে মন্ত্রীমহাশয়ের কথাবার্তা হয়েছিল। তাতে শুনেছি যে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলি নিয়ে তারা যদি ইলেক্টোরাল কলেজ করতেন এবং সেখানে প্রোপোর্শানাল রিপ্রেজেন্টেশনএ নির্বাচন হতো তাহলে অঞ্চল পঞ্চায়েতের খানিকটা তবু গণতান্ত্রিক চরিত্র থাকত; কিন্তু তা হয় নি।

Mr. Speaker: Where is the amendment in which all these electoral colleges, etc., are mentioned? You have spoken for three minutes over this electoral college business. This is absolutely irrelevant.

Sj. Subodh Banerjee:

এতে কিছু সুবিধে হবে না।

May I again say that I am speaking on the clause and not on the amendment.

Mr. Speaker:

এতে আপনারও কোন সুবিধে হবে না।

Even if you are speaking on the merits of electoral college, there is no mention in any of the several amendments tabled.

Sj. Subodh Banerjee: I am opposing the clause itself.

Mr. Speaker: I am trying to show that it is irrelevant and I have to conduct the debate according to the rules.

Sj. Subodh Banerjee:

আমি না পড়া দাদার মুখে ঝাল খাওয়া পার্লামেন্টারিয়ান নই।

Mr. Speaker:

অনেক সময় বেশী বলাও ডেঞ্জারাস।

Sj. Subodh Banerjee: I have that much of knowledge.

আমি আমার রাইট সম্বন্ধে সচেতন মিঃ স্পীকার।

Mr. Speaker: You have not.

Sj. Subodh Banerjee: I know something about the Parliamentary rules.

আমার রাইট সম্বন্ধে আমার জানা আছে।

Mr. Speaker: Your right is subject to my right.

Sj. Subodh Banerjee: I am guided by the Assembly procedure rules and you are also guided by them. If I am irrelevant you have every right to pull me up but cannot curtail my speech.

Mr. Speaker: I am pulling you up but you are not listening to it.

Sj. Subodh Banerjee:

সমস্ত গ্রাম পঞ্চায়েতের সভ্যদের নিয়ে, ইলেক্টোরাল কলেজ করে সেখান হতে প্রোপোর্শানাল রিপ্রেজেন্টেশনএর ভিত্তিতে অঞ্চল পঞ্চায়তের সভ্য নির্বাচন করলে গণতান্ত্রিক খানিকটা মর্যাদা রক্ষা করা হত; তা হচ্ছে না। আলাদা আলাদাভাবে গ্রাম পঞ্চায়েতগুলি হতে সদস্য নির্বাচন করার ফলে একটা সুসংবদ্ধ প্রতিষ্ঠানও হবে না অঞ্চল পঞ্চায়েতগুলি। সেদিক থেকে আমি

[5-50—6 p.m.]

বলবো, কি গণতান্ত্রিক নীতির দিক থেকে, কি প্রশাসনিক সুবিধার দিক থেকে, কোন দিক থেকেই এই গ্রাম পঞ্চায়েত গঠন ধারা সঠিক হয় নি। আমাদের দাবী ছিল যে নির্বাচন পদ্ধতি যেমন ব্যালট প্রথায় হওয়া দরকার, সাথে সাথে এও দাবী করেছি যে, গ্রামসভাগুলি থেকে প্রত্যক্ষ নির্বাচনে অঞ্চল পঞ্চায়েতেও সদস্য নির্বাচিত হবে। তা যদি না পারেন, তাহলে অন্ততঃ ইলেক্টোরাল কলেজ ও প্রোপোর্শনাল রিপ্রেজেন্টেশন মারফত করা উচিত যেগুলি সম্বন্ধে মন্ত্রীমহাশয় আশ্বাস দিয়েছিলেন। এ কথা আমি বলবো। সেদিক থেকে আমি মনে করি যে এইসমস্ত অত্যন্ত ন্যায়সঙ্গত দাবী, জনসাধারণের এই দাবী স্বীকৃতি পায় নি এবং সেদিক থেকে এই ২৭ নম্বর ধারাটা যেভাবে আছে, আমি তার তীব্র প্রতিবাদ করি এবং তাকে সংশোধন করার জন্য মূলনীতি হিসাবে এই সংশোধনী প্রস্তাবগুলি আমি দিয়েছি—সেগুলি আপনারা দেখেছেন, সে সম্বন্ধে আলাদা করে আমি কিছু বলতে চাই না।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, কনস্টিটিউসনে গ্রাম পঞ্চায়েত গঠন করবার ডাইরেকটিভ আছে, অঞ্চল পঞ্চায়েতের কোন ডাইরেকটিভ নেই। তারপরে মাননীয় মন্ত্রীমহাশয় বলতে চেয়েছিলেন, কোন কোন স্টেটে অঞ্চল পঞ্চায়েত আছে। (দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ আমি বলি নি।) তাহলে আমি ধরে নিচ্ছি যেকোন স্টেটে অঞ্চল পঞ্চায়েত নেই। আমরা দেখছি বোম্বেতে ১৯৩৩ সালে বৃটিশ আমলে আইন পাশ হয়েছিল পঞ্চায়েত বিল, তারপর থেকে স্যার, এ্যামেন্ডমেন্ট হয়েছে। সেখানে নেই, মাদ্রাজে নেই, ইউ পিতে নেই, বিহারে নেই, উড়িষ্যায় নেই কোথাও নেই। কাজেই কোন জায়গায় যদি অঞ্চল পঞ্চায়েত না থাকে, তাহলে এখানে অঞ্চল পঞ্চায়েত গঠন করবার কারণ কি? আর যদিও বা গঠন করেন, তাহলে ইনডাইরেক্টভাবে তার মেম্বর কেন হবে? গ্রাম পঞ্চায়েত মেম্বর ইলেক্ট করবে অথচ নিজেরা ইলেকটেড হতে পারবে না। এই ব্যাপারে গোপীকাবিলাসবাবু যদি একটা এ্যামেন্ডমেন্ট দিতেন যে একসঙ্গে দুটো ইলেকসন হয়ে যাবে গ্রাম পঞ্চায়েত আর অঞ্চল পঞ্চায়েতের, তাহলে সুখী হতাম। যেমন এই বিধানসভা আর হাউস অব দি পিপিল বা পার্লামেন্টের একসঙ্গে ইলেকশন হয়—এটা যদি করতেন, তাহলে অত্যন্ত সুখী হতাম। এটা করতেই হবে, আজ যদিও না করেন, আমার মনে হয় যে আগামী বছর বা তার পরের বছর এই এ্যামেন্ডমেন্ট আনতে হবে। এই রকম যাতে একই সময়ে ইলেকসন হয় তাই করতে হবে। আমি একটা জিনিস দেখলাম স্পীকার মহাশয়, আমেরিকা থেকে যে বই বিলি করা হয় তাতে যে, একটা ছোট গাঁয়ে সেখানে দু' হাজার ইনহ্যাবিট্যান্ট, সেখানে ব্যালট সিস্টেমে মেয়র ইলেকক্টেড হয়। মন্ত্রীমহাশয়ের একমাত্র প্রধান আপত্তি হচ্ছে যে খরচ বেড়ে যাবে, এ ছাড়া অন্য কোন কারণ তিনি দেখান নি। তারপরে যে ইউন্যানিমাস রিজলিউসনটা পাশ হয়েছিল তার তারিখ আমি দিয়েছি—সেটা হচ্ছে ৬-৪-৫৪, সেই ইউন্যানিমাস রিজলিউসনটা তিনি বিবেচনা করছেন না। সেজন্য আমি এটা পুনরায় বিবেচনা করে দেখতে অনুরোধ করবো —যাতে ব্যালট হয়, সেই ব্যবস্থা গ্রহণ করুন।

Sj. Ajit Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, অঞ্চল পঞ্চায়েত একটা নতুন জিনিস হচ্ছে। এর হাতে গ্রামাঞ্চলের সমস্ত কাজকর্ম নিয়ন্ত্রণ করার ক্ষমতা দিচ্ছেন। ইতিপূর্বে অনেকে ট্যাক্সেশনএর কথা বলে গিয়েছেন—তা ছাড়া গ্রামে যে ধরনের দেওয়ানী ও ফৌজদারী মামলা হবে এবং গ্রাম পঞ্চায়েত কি কাজ করবে এবং কি পরিমাণ কাজ করবে ইত্যাদি সমস্ত কিছুই নিয়ন্ত্রণের ভার অঞ্চল পঞ্চায়েতের হাতে দিচ্ছেন। এমন লোকের হাতে ক্ষমতা দিচ্ছেন যাঁরা জনসাধারণের থেকে দূরে থাকে—যাঁরা জনসাধারণের প্রত্যক্ষ ভোটের দ্বারা নির্বাচিত না হওয়ার জন্য জনসাধারণ থেকে বহু দূরে থাকেন, যারা প্রতিনিয়ত জনসাধারণের সুখসুবিধার কথা নিজেদের দায়িত্ব বলে অনুভব করতে পারে না এবং এইজনাই তাঁরা তাঁদের দায়িত্ব সম্বন্ধে সচেতন থাকতে পারে না। যদি গ্রামের লোকের প্রতি আপনাদের কিছুমাত্র মমত্ববোধ থাকত তাহলে প্রত্যক্ষ ভোটের ব্যবস্থা করতেন। এর ফলাফল কি হবে তা আমরা আগে থাকতেই বুঝতে পারছি। আজকে আমাদের দেশের য়ুনিয়ন বোর্ডগুলি এমনিতেই ভালভাবে কাজ করতে পারে না। লোকে তাদের সম্পূর্ণ

বিশ্বাস করে না। লোকে মনে করে এগুলির ভিতর দিয়ে সরকারের নিজের লোক তাদের কাজ হাসিল করে নেয়। সত্যসত্যই প্রকৃত পঞ্চায়েত যার মধ্যে লোকে উৎসাহ নিয়ে কাজকর্ম করতে অগ্রসর হবে এমন অঞ্চল পঞ্চায়েত আপনারা গঠন করতে চান না। অর্থাৎ তাকে আপনারা প্রকৃত জনসাধারণের প্রতিষ্ঠান করতে চান না। এটা আপনারা জোর করে করতে যাচ্ছেন, তা লোকে পছন্দ করুক আর নাই করুক সেটা আপনারা দেখছেন না এবং ডেভেলপমেন্টএর নাম করে কন্ট্রিবিউশান আদায় করবেন। এবং ডেভেলপমেন্টএর নামে লোককে জোর করে খাটিয়ে নেবেন —এটা এমন একটা কাজ যা নাকি জনসাধারণের নির্বাচিত লোকরা করতে পারবেন না। অর্থাৎ জনসাধারণের জীবনকে আষ্টেপৃষ্ঠে বেঁধে সর্বব্যাপারে নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করছেন। এতে আসলে নামে হলেও—পঞ্চায়েত বলে কোন জিনিষ হবে না। আপনাদের আমলাতান্ত্রিক লোকের সঙ্গে জনসাধারণের সংঘর্ষ ও বিরোধ সম্ভাবনা থাকবে, এবং এতে জনসাধারণের জীবন বিপর্যস্ত হবে। সেজন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাই এই জিনিষটায় প্রত্যক্ষ ভোটের ব্যবস্থা করুন।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই সংশোধনী প্রস্তাব সম্বন্ধে অনেকেই বলেছেন। আমি ইনডাইরেক্ট ইলেকশনএর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমার পরবর্তী এ্যামেন্ডমেন্ট ৩৩৫নং। এই এ্যামেন্ডমেন্টএ

term of the office of a member of Anchal Panchayat

সম্বন্ধে বলা হয়েছে। সেখানে যে এ কোরাম ইজ প্রেজেন্ট আছে তার পরিবর্তে

"the election of the Pradhan and Upa-Pradhan takes place"

এই কথাগুলি আমি সাবস্টিটিউট করতে চাই। আমার ৩৩৭নং এ্যামেন্ডমেন্টও এক্‌জ্যাক্টলি এক। একইরূপ সংশোধনী প্রস্তাবে পূর্বে আমি যে যুক্তি দিয়েছি এখানেও সেই যুক্তি।

6—6-10 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পীকার, স্যার, কোরাম ছাড়া কোন কাজ হবে না। এখানে আমার বক্তব্য হচ্ছে, অঞ্চল পঞ্চায়েতএর এই চ্যাপ্টারএ কোরাম সম্বন্ধে কোন উল্লেখ নাই। গ্রাম পঞ্চায়েতের বেলায় কোরামের একটা ধারা আছে, কিন্তু অঞ্চল পঞ্চায়েতের বেলায় কোরামের ব্যবস্থা নাই। দ্বিতীয়ত, এই ধারার ৪নং উপধারায় বলতে চাচ্ছি যে, যেখানে অঞ্চল পঞ্চায়েতের সদস্যপদ খালি হবে সেখানে এতে ব্যবস্থা আছে ভ্যাকেন্সি ফিল-আপ হবে,

by election by the Gram Panchayat which elected a member whose seat has fallen vacant ......from the respective area of the Gram Panchayat wherefrom such a member was elected.

এটা অধ্যক্ষ নির্বাচনের কথায় বলেছেন এটা আমি সাপোর্ট করতে পারি না, আমি এটার তীব্র প্রতিবাদ করি। আমার কথা হচ্ছে, যে অঞ্চল থেকে সে সদস্য নির্বাচিত হয়েছিলেন সেই অঞ্চল থেকেই অর্থাৎ ২৫০ জন মেম্বার থেকেই একজন মেম্বার আসবেন সেই এরিয়া থেকে যাতে এই সদস্য পুনর্নির্বাচিত হতে পারেন সেজন্য আমি এটা পরিবর্তন করতে বলছি। তৃতীয় এ্যামেন্ডমেন্ট হচ্ছে, কতকাল সেই সদস্য থাকতে পারবেন পুনর্নির্বাচিত হবার পর এখানে আরেকটা সাব-ক্লজ এ্যাড করতে বলছি—

the term of office of member so elected under sub-section (4) shall be for the residual period of the member whose seat has fallen vacant—

অর্থাৎ যে সময়ের জন্য সদস্যপদ খালি থাকবে জেনারাল ইলেকশনএর পূর্বে সেই ইনটেরিম পিরিয়ডএর জন্য তিনি কাজ করতে পারবেন এ কথাটা এখানে থাকা দরকার বলে মনে করি।

Sj. Saroj Roy:

আপনার বাড়া ভাতে কি ছাই দিয়েছি যে আমাকে বলতে দিতে এত বাধা দিচ্ছেন?

Mr. Speaker: What do you mean by that? Your amendment has already been spoken upon. I have called out those who moved amendments. Do not make that remark.

Sj. Saroj Roy:

মিঃ স্পীকার, স্যার, খুবই সত্য কথা যেটা আপনি বললেন, এই এ্যামেন্ডমেন্টএ অনেক কথা বলা হয়ে গিয়েছে, সেইজন্য আর বলবার দরকার ছিল না। কিন্তু আমি মনে করি আমরা যখন বিভিন্ন গ্রামাঞ্চল থেকে তাদের প্রতিনিধি হয়ে এখানে এসেছি, তখন তাদের তরফ থেকে দু-চারটে কথা বলবার প্রয়োজনীয়তা আছে। যে পঞ্চায়েত আজকে গ্রামের উপর নিয়ে যাওয়া হচ্ছে, সেখানে দায়িত্বের দিক থেকে আমার বলবার প্রয়োজন আছে। হাজার অন্যান্য সদস্যরা বললেও, আমার নিজের একটা দায়িত্ব রয়েছে, সেই দিক থেকে আমি আরও কয়েকটি কথা জানাতে চাই।

প্রথম প্রশ্ন হল, নীতির দিক থেকে আমি এটা সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। যেখানে রয়েছে

"Every Anchal Panchayat shall consist of the members elected at such time and in such manner as may be prescribed from among the members of every *Gram Sabha* within its jurisdiction by the *Gram Panchayat*."

আমি এই গ্রাম পঞ্চায়েতের জায়গায় গ্রামসভা রাখতে চাচ্ছি। এখানে একটা বড় কথা হ'ল যে প্রকৃত কার্যকরী সংস্থা হিসাবে গ্রামাঞ্চলে কাজ করবে অঞ্চল পঞ্চায়েত, এবং অঞ্চল পঞ্চায়েতের হাতে সমস্ত রকম দায়িত্ব থাকবে; হাজার হাজার লোকের উপর কিভাবে ট্যাক্সেশন হবে, কিভাবে তাদের বিষয় যেসমস্ত খরচপত্র হবে তার বাজেট তৈরী হবে। কিন্তু যারা টাকা গুণবে, সেই সমস্ত জনসাধারণের হাতে, কোন রকম ক্ষমতা থাকবে না অর্থাৎ তাদেরই রিপ্রেজেন্টেটিভ যারা সেই অঞ্চল পঞ্চায়েতের উপর যাদের দায়িত্ব পালন করবার জন্য আজকে অঞ্চল পঞ্চায়েত তৈরী হচ্ছে, তাদের সংগে কোন রকম সম্পর্ক থাকবে না। সুতরাং এই নীতি কোন প্রকারেই মানা যায় না।

তৃতীয় প্রশ্ন হল তারা যদি গ্রাম পঞ্চায়েতের ১৫টি লোককে হাত করতে পারে, তাহলে তাঁদের নিজেদের কাজ হাসিল করতে পারবে, এবং তারা সেখানে ইলেক্টেড হতে পারবে। অঞ্চল পঞ্চায়েতের সমগ্র জনসাধারণের নিকট কোন দায়িত্ব থাকবে না। যদি সমগ্র জনসাধারণের কাছে তাদের দায়িত্ব না থাকে, তাহলে আর একটা দিক থেকে দেখা যাচ্ছে যে গ্রাম সভায় লোকের কোন রকম উৎসাহ, উদ্দীপনা আসবে না। অঞ্চল পঞ্চায়েত কিভাবে গঠিত হতে পারে, কতখানি তাকে ভাল করা যেতে পারে, কোন কোন লোককে পাঠান তাদের পক্ষে উচিত হবে, এইরকম একটা দায়িত্ববোধ সমগ্র গ্রাম সভার কাছে আসবে না। এটা প্র্যাক্টিক্যাল দিক থেকে দেখা যাচ্ছে। আজকে অঞ্চল পঞ্চায়েত তৈরী করতে যাচ্ছেন, অঞ্চল পঞ্চায়েতকে দায়িত্ব পদে আনতে চাচ্ছেন; তাকে যদি সত্যই দায়িত্বপূর্ণ হিসাবে গঠন করতে চান, তাহলে গ্রাম সভার হাতে ঐটুকু দায়িত্ব দেওয়া দরকার কিরকম ভাবে গ্রাম সভা গঠিত হবে, কি ধরনের লোককে সেখানে পাঠান উচিত ইত্যাদি বিষয়। সেইদিক থেকে যেমন গ্রাম পঞ্চায়েতের উপর দায়িত্ব দেওয়া হচ্ছে, গ্রাম সভার উপরও সেই রকম দায়িত্ব থাকা ভাল। এ থেকে একটা জিনিস দেখা যাচ্ছে—কিছুক্ষণ আগে নটেনবাবু প্রশ্ন করেছিলেন যে তিনি খুঁজে পাচ্ছেন না, যে মন্ত্রীমহাশয় কোন যুক্তিবলে অঞ্চল পঞ্চায়েতের হাতে এই রকম দায়িত্ব দিতে যাচ্ছেন। আজকে যাকে অগণতান্ত্রিক পদ্ধতিতে ইনডাইরেক্ট ভোটএ ইলেক্ট করবার চেষ্টা হচ্ছে।

[6-10—6-20 p.m.]

সমগ্র বিলটাকে যদি দেখা যায়, গ্রামের সমস্ত লোকের দায়িত্বের প্রশ্ন যদি দেখা যায় তাহলে গণতন্ত্রের নাম নেওয়া হচ্ছে অথচ গ্রামের লোকের প্রকৃত গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। মূল নীতি হিসাবে তা বুঝলেও অর্থাৎ সরকার মুখে মূলনীতির কথা বলবেন কিন্তু মাঝখান থেকে প্রকৃত গণতান্ত্রিক অধিকার যদি কিছু আসার সম্ভাবনা না থাকে তৎক্ষণাৎ

জনসাধারণের হাত থেকে সেই ক্ষমতা কেড়ে নিতে চাইছেন। সেইজন্য আমাদের শেষ অনুরোধ যে গ্রাম পঞ্চায়েতকে তুলে দিয়ে যদি গ্রামসভা নেন তাহলে আজকে ডাইরেক্ট ভোটিংএর অধিকার জনসাধারণ যদি পায় তাহলে যে অঞ্চল পঞ্চায়েত গড়ে উঠবে সেটা তখন প্রকৃত ফাংশানারী বডি হয়ে উঠবে।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়! আমি শুধু দেখিয়ে দেবো যে এই অধিবেশনেই আপনারা দেখেছেন ইউনিভার্সিটি এ্যাক্টএ একটা ডিফেক্ট ছিল, যার জন্য এ্যামেন্ডমেন্ট আনতে হয়েছে। সেইরকম এখানেও ড্র্যাফটিং ডিফেক্ট আছে, সেটা দেখাব এবং আমি বুঝিয়ে দেব। এখানে লেখা হয়েছে—

"the term of office of a member of an Anchal Panchayat shall be for four years computed from the date of the first meeting of the Anchal Panchayat at which a quorum is present and he shall continue to hold office until the first meeting of a newly constituted Anchal Panchayat after a general election at which a quorum is present."

মাননীয় স্পীকার মহাশয়! আপনি জানেন ইউনিভার্সিটি এ্যাক্টে ঠিক এইরকম গলদ ছিল, যাতে ছিল

"a member of the Senate shall hold office for three years from the date of election"—

সেই এ্যাপয়েন্টমেন্টএর ডেট থেকে আরম্ভ হবে, তার ফলে যা হয়েছিল দুটোর মধ্যে ৬ মাসের ব্যবধান ছিল যার জন্য মুখ্যমন্ত্রীমহাশয়কে এবারে তার এ্যামেন্ডমেন্ট আনতে হয়েছে যে এ্যাপয়েন্টেড ডেট যাই হোক যখন থেকে কাজ করবে তখন থেকে হবে—নট ফ্রম দি ডেট অব ইলেকশন। আপনি এখানে ভেবে দেখুন যেটা রয়েছে—

"they will hold office for 4 years and they will continue until the first meeting of the Anchal Panchayat "—

এই দুটো তারিখ কয়েন্সাইড না করতে পারে। এই ৪ বছরের অফিস এই নিউলি কনস্টিটিউটেড বডির মিটিং যদি ফার্স্ট মিটিং হয় তাহলে ডেডলক হতে পারে—যেমন ইউনিভার্সিটি এ্যাক্টে হয়েছে।

According to this Act they cease to be members after 4 years.

যদি বলা হত নটউইথস্ট্যান্ডিং হোয়াট ইজ ফাউন্ড ইন অমুক ক্লজ তাহলে বুঝতাম ; কিন্তু একই ক্লজের মধ্যে এই জিনিসটা ঢুকেছে বলে ডেডলক হতে পারে যেমন ইউনিভার্সিটি এ্যাক্টে ছিল—

"due to bad drafting which should be rectified by the Chief Minister."

সিমিলারলি সেই ডিফেক্ট এখানে এসেছে। এটা উনি কিভাবে এক্সপ্লেন করবেন, ওর মানে কি হবে? এই নিয়ে মোকদ্দমা হতে পারে এবং কোর্টে যেতে হতে পারে।

আমি বুঝতে পারি না একটা নীতির কথা। সেন্ট্রাল গভর্নমেন্ট যখন কংগ্রেসী গভর্নমেন্ট, তারাই যখন গভর্নমেন্ট চালাচ্ছেন তখন বিধানসভার ইলেকশন এবং লোকসভার ইলেকশনএ যে প্রথা মেনে নেওয়া হয়েছে যে একসঙ্গে ইলেকশন হতে পারে তাহলে আমি বুঝতে পারি না সেই কংগ্রেস পার্টিই যখন গভর্নমেন্ট চালাচ্ছেন তখন তাঁদের নীতি শুক্লপক্ষে বা কৃষ্ণপক্ষে আলাদা আলাদা হয়ে যায় কি কোরে তা বুঝতে পারি না।

আর একটা কথা বলছি। এই বিলের নাম ভিলেজ পঞ্চায়েত বিল না দিয়ে ভিলেজ পঞ্চত্ব বিল বললেই ভাল হত। বিলের এখানেই দফা শেষ করছেন। এই বিলে যেভাবে ক্লজের ড্রাফটিং হয়েছে তাতে হয়ত ৬ মাস পরে কি হবে জানি না। অপোজিশন থেকে এসেছে বলে এ সম্বন্ধে উনি কি বলবেন তা জানি না। ইট ইজ নো উইসডম, তবে wisdom might be dawning on them later on but it will be belated wisdom.

Sj. Kanai Lal Bhowmick:

২৭নং ক্লজে যেসমস্ত পয়েন্টএর কথা বলা হয়েছে সেগুলির সঙ্গে একমত হয়ে আমি আর একটা পয়েন্ট তুলতে চাই এবং সে বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এঁরা নিয়ম করেছেন যে গ্রাম পঞ্চায়েতে ৯ থেকে ১৫ জন মেম্বর হবে। এবং সেই গ্রাম পঞ্চায়েতের মেম্বররা অঞ্চল পঞ্চায়েতের মেম্বরদের দ্বারা নির্বাচিত হবেন—২৫০ জনে একজন হিসাবে। সেদিন মন্ত্রীমহাশয় বলেছিলেন যে ১৫০০ পর্যন্ত এক একটি গ্রাম পঞ্চায়েতে হতে পারে। কাজেকাজেই ১৫০০ জন যদি হয় এবং ২৫০ জনে যদি একজন সভ্য নির্বাচিত হয়, তবে একটি গ্রাম পঞ্চায়েত থেকে ৬ জন লোক অঞ্চল পঞ্চায়েতে নির্বাচিত হবে। এইভাবে যদি ধরেন একটা গ্রাম পঞ্চায়েতে ৯ জন ইলেক্টেড হন বা ৯ জন নমিনেটেড হন, সেই ৯ জন সভ্যই এই ৬ জনকে অঞ্চল পঞ্চায়েতের জন্য ইলেকট্ করতে পারবেন। মোটামুটি ২৭নং ধারায় এই দাঁড়াচ্ছে। এখন যদি এই ৯ জনের মধ্যে ৫ জন একটা ব্লক তৈরি করে, তারা যদি একটা মতের অন্তর্ভুক্ত হয়ে, একটা ব্লক করে, তাহলে এই ৫ জন মেম্বর দিয়ে ৬ জন মেম্বর নির্বাচন করতে পারা যায়। কাজেই এই প্রভিশন যে কত অগণতান্ত্রিক তা এই উদাহরণ থেকে বোঝা যায়।

এই ক্লজের মধ্যে আছে যে গ্রাম পঞ্চায়েতের মেম্বরেরা অঞ্চল পঞ্চায়েতের মেম্বর হতে পারবেন, এবং অঞ্চল পঞ্চায়েতের মেম্বর হওয়ার পর গ্রাম পঞ্চায়েতের মেম্বরশিপ থেকে রিজাইন করতে হবে। তাহলে দাঁড়াবে যে ৫ জন মেম্বর যদি কোন গ্রাম পঞ্চায়েতে ব্লক তৈরী করতে পারে তাহলে তাঁরা তাঁদের ৫ জনের ভোটে, অঞ্চল পঞ্চায়েতের জন্য ৬ জনকে নির্বাচিত করতে পারবেন এবং নিজেরাও ইচ্ছা করলে অঞ্চল পঞ্চায়েতের সভ্য হয়ে যেতে পারবেন। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক কায়দা হয়ে যাচ্ছে। এই ক্লজ কার্যকরী হলে এ্যাকচুয়ালী যা দাঁড়াবে সেই দিক বিবেচনা কোরে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন শিব গড়তে বাঁদর না গড়েন। সেখানে এ্যাকচুয়ালী দাঁড়াচ্ছে যে কোন গ্রাম পঞ্চায়েতের ৫-৬ জন মেম্বরই অঞ্চল পঞ্চায়েতকে কন্ট্রোল করবেন এবং অঞ্চল পঞ্চায়েতের মধ্যে গিয়ে সব কিছুই করতে পারবেন। তখন এই বিল একটা ফিয়াসকোতে দাঁড়াবে। তাই আমি তাঁকে বলছি যে ডাইরেক্ট নির্বাচন করুন, এবং এই পদ্ধতির পরিবর্তন করুন, তা না হলে এই বিলের কোন কার্যকারিতাই থাকবে না।

Sj. Bankim Mukherji:

সভাপাল মহাশয়! এই ২৭নং ক্লজে অঞ্চল পঞ্চায়েত সংগঠন সম্পর্কে বলে দেওয়া হয়েছে। অবশ্য অঞ্চল পঞ্চায়েত কি রকম ভাবে গঠিত হবে তা নিয়ে এতখানি মাথা ব্যথা হ'ত না যদি অঞ্চল পঞ্চায়েতের পাওয়ার্স এবং গ্রাম পঞ্চায়েতের ডিউটিজ আমরা না জানতে পারতাম। আপনারা এর পরের চ্যাপটার ৫ এবং চ্যাপটার ৬তে দেখতে পাবেন যে চ্যাপটার ৫তে গ্রাম পঞ্চায়েতের হাতে সমস্ত ডিউটি

sanitation, conservancy, drainage, prevention of public nuisance, preventive measures in respect of malaria

ইত্যাদি সেখানে রয়েছে। তারপর আদার ডিউটিজ, তারপরে ডিসক্রিমিনেটোরি ডিউটিজ এবং প্রায় শতখানেক ডিউটিজ এ্যান্ড রেসপন্সিবিলিটিজ গ্রাম পঞ্চায়েতের আছে। কিন্তু বেচারাদের ক্ষমতা কিছুই নেই। এমনকি বাজেট নীতিকে তৈরী করবার ক্ষমতাও নাই। কিন্তু পঞ্চায়েতের যা কিছু কর্তব্য সব গ্রাম পঞ্চায়েতের। আর অঞ্চল পঞ্চায়েতে দেখতে পাই প্রথমে

control and administration of Anchal Panchayat fund.

অঞ্চল পঞ্চায়েত ফন্ড মানে গ্রাম পঞ্চায়েতের ফন্ডগুলির সমষ্টি যে তার বাজেটগুলি করে দেবে—

imposition, assessment and collection of the taxes, rates, tolls and fees leviable under this Act, maintenance and control of chowkidars and dafadars.

আরও সমস্ত ডিউটি স্টেট গভর্নমেন্ট এ্যাসাইন কোরে দেবেন। এ পর্যন্ত আমরা জানি ইউনিয়ন গভর্নমেন্টের সবচেয়ে বড় কাজ হচ্ছে দফাদার এবং চৌকিদার। আমরা জানি এবং মন্ত্রীমহাশয়ও স্বীকার করবেন যে ইউনিয়ন বোর্ডের যা ট্যাক্সের আয় তার ২-৩ ভাগ চলে যায় দফাদার এবং চৌকিদার মেনটেন করতে। তাতে বিশেষ কিছু আর গ্রামের উন্নতির জন্য থাকে না। অবশ্য সেই

কুল যখন আসবে তখন তার সম্বন্ধে বিশদভাবে বলা যাবে। তবে এইটুকু বলি যে ইংরাজ সরকার ১৯২১ সালের আন্দোলনের পর বুঝেছিল যে এই দফাদার ও চৌকিদার দরকার ; গ্রামের মধ্যে তাদের একটা ইনফর্মার ছাড়া উপায় নাই।

[6-20—6-30 p.m.]

কিন্তু এই দফাদার চৌকিদার করবার জন্য ইংরেজ সরকার ১৯২১ সালের আন্দোলনের পর দরকার বুঝেছিলেন যে গ্রামেতে তাঁদের কিছু ইনফর্মার ছড়িয়ে দেওয়া এবং সেটা আজও অঞ্চল পঞ্চায়েতের হাতে থাকছে। অধিকন্তু যেটা ন্যায় পঞ্চায়েত আসছে সেটা আর অপশনাল থাকছে না এবং সেখানে সত্যিসত্যি বিচার হবে। অতএব দুটো বড় কাজ হচ্ছে দফাদার চৌকিদার মেনটেন করা এবং ন্যায় পঞ্চায়েত মেনটেন করা। এই সমস্তগুলোই অঞ্চল পঞ্চায়েত করছে এবং ট্যাক্স করবার যে অধিকার তা অঞ্চল পঞ্চায়েতের ঘাড়ে পড়ছে। সেজন্য এই যে অঞ্চল পঞ্চায়েত হচ্ছে সেই অঞ্চল পঞ্চায়েত যদি সেই অঞ্চলের সেখানকার লোকের দ্বারা নির্বাচিত না হয় তাহলে আমার মনে হয় যে পলিটিক্যাল ইকনমির জন্য বিখ্যাত যে একটা ম্যাক্সিম আছে, নো ট্যাক্সেশন উইদাউট রিপ্রেজেনন্টেশন—সেটা ব্যাহত হয়। এ'রা বলবেন যে রিপ্রেজেন্টেশন হচ্ছে এবং সেটাও ঘুরিয়ে ইনডাইরেক্ট ওয়েতে রিপ্রেজেন্টেশন হচ্ছে। কিন্তু আমি মনে করি যে যাঁরা ঐ নো ট্যাক্সেশন উইদাউট রিপ্রেজেন্টেশন ম্যাক্সিমটা করেছিলেন তাঁরা ইনডাইরেক্ট রিপ্রেজেন-টেশনটাকে রিপ্রেজেন্টেশনই মনে করেন নি। আর এই যে অঞ্চল পঞ্চায়েত হবে, এটাও সেই রকমের অঞ্চল নয়—যেমন আমাদের স্টেটস সম্বন্ধে পূর্বাঞ্চল, দক্ষিণাঞ্চল ভাবা হচ্ছে। অর্থাৎ তার একটা এ্যাডভাইসরি বডি কয়েকটা স্টেট মিলে থাকবে। সুতরাং এখানে যে অঞ্চল পঞ্চায়েত হচ্ছে সেই অঞ্চল পঞ্চায়েত হচ্ছে রিয়্যাল পাওয়ার। অর্থাৎ সত্যিসত্যি গ্রাম পঞ্চায়েতের যা উদ্দেশ্য সেটাকে বাই-পাস করা হচ্ছে অঞ্চল পঞ্চায়েতের দ্বারা এবং এর কতকগুলো কারণ যা আমি শুনেছি ও পড়েছি সেগুলোকে আমি যুক্তিযুক্ত মনে করি। সেটা হচ্ছে এই যে অন্যান্য প্রদেশের অভিজ্ঞতায় আমরা যা দেখেছি তাতে দেখেছি যে গ্রাম পঞ্চায়েতগুলো হচ্ছে এক-একটা ছোট ছোট গ্রাম এবং তাদের যে অর্থ আছে তাতে তার পক্ষে সম্ভব নয় আধুনিক পদ্ধতিতে সেখানে কিছু উন্নতিসাধন করা। কাজেই সমস্ত টাকা পয়সা একটা সেক্রেটারী নিযুক্ত করতেই ব্যয় হয়ে যাবে। সি, পি, ইউ, পি, প্রভৃতি দেশের অভিজ্ঞতা থেকে মনে হচ্ছে যে কয়েকটা গ্রামের যা রিসোর্সেস তা একত্র করে একটা অঞ্চল পঞ্চায়েত চালান উচিত এবং এটাকে আমিও খুব ভাল বলে মনে করি। যেমন কোন একটা এক্সপার্ট প্রভৃতি নিতে গেলে সেটা কোন একটা গ্রামের পক্ষে সম্ভব নয়, অথচ একটা অঞ্চলের পক্ষে সেটা সম্ভব। কিন্তু সেটা করবার জন্যে যদি গ্রাম পঞ্চায়েতের সর্ব অধিকার হরণ করা হয় তাহলে একটা মারাত্মক রকমের কথা হবে এবং যখন আমরা এর পরের দুটি চ্যাপ্টার ৫ এবং ৬ আলোচনা করব তখন এটা আসবে। কিন্তু সেই আলোচনা তখন প্রায় ব্যর্থ হয়ে যাবে, কেননা ইতিমধ্যেই এটা হচ্ছে যে গ্রাম পঞ্চায়েতের হাতে পাওয়ার কম রাখা হচ্ছে এবং চৌকিদার রাখা, ট্যাক্সেশন ইত্যাদি আসল যেসব পাওয়ার সে সবগুলি ন্যায় পঞ্চায়েতের হাতে না এসে অঞ্চল পঞ্চায়েতের হাতে আসছে। সুতরাং এই যদি আসে তাহলে সেখানে হওয়া উচিত এই যে সেই অঞ্চল পঞ্চায়েত গ্রামের লোকের প্রতিনিধি নিয়ে গঠন করা। আমরা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে যতটুকু জানতে পেরেছি তাতে জানলাম যে তাঁর ধারণা এই হল যে গ্রাম পঞ্চায়েতগুলিকে অঞ্চল পঞ্চায়েত পরিচালনা করবেন। অতএব যদি গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত লোক সেই অঞ্চল পঞ্চায়েতে থাকে তাহলে গ্রাম পঞ্চায়েতের উপর ডাইরেক্ট লিংকটা খুব জোরালো থাকে, কিন্তু আমাদের উল্টো দিক থেকে যে একটা ধারণা আছে সেটা তাঁরা কিছুতেই বুঝতে পারেন না। অর্থাৎ গ্রাম পঞ্চায়েতেরও নাড়ী হচ্ছে গ্রামসভা—একটা স্তরে গ্রামসভা গ্রাম পঞ্চায়েতকে ইলেক্ট করল এবং আর একটা স্তরে গ্রামসভাই সমস্ত অঞ্চলের অঞ্চল পঞ্চায়েতকে ইলেক্ট করল এবং উভয় নাড়ীর যোগ হচ্ছে এই অঞ্চলের অধিবাসীরা। অতএব কোন অঞ্চল পঞ্চায়েত যদি সোজাসুজি সর্বসাধারণের ভোটে নির্বাচিত হয় তাহলে গ্রাম পঞ্চায়েতের উপর কেন তাদের কোন লিংক থাকবে না। বরং আরও জোরাল এইজন্যে হবে যে অঞ্চল পঞ্চায়েত যদি গ্রাম পঞ্চায়েতের উপর জোর চালাতে চায় তাহলে সেখানে তাদের একমাত্র বক্তব্য হবে যে তারা জনসাধারণের প্রতিনিধি এবং তারা সেই অঞ্চল পঞ্চায়েতের উপর থাকবে।

কিন্তু আজ হচ্ছে কিনা গ্রাম পঞ্চায়েত থেকে দুই-চারটি লোক নির্বাচিত হবে। এটাকে যদি আমরা কোন পলিটিকালএর দিক থেকে দেখি তাহলে দেখব যে এটা একটা ফার্স। সুতরাং এটাতে ঘটবে এই যে গ্রাম পঞ্চায়েতে কিছু লোক নির্বাচিত হয়ে আসার পর যারা মেজরিটি হবে তাদেরই অঞ্চল পঞ্চায়েতে যাবার সুবিধে হবে এবং তারা যাবার পরেই আবার ইলেকশন করতে হবে। এর ফলে অঞ্চল পঞ্চায়েত ভেতরে একটা কোটারী তৈরী হওয়ার জন্য সেখানে কাজ করা অত্যন্ত কঠিন হয়ে যাবে। এই উপলক্ষ্যে আমি যদি এই কথা বলি তাহলে অন্যায় হবে না যে এই বিষয়ে গভর্নমেন্ট পক্ষের সঙ্গে বহুবার আলোচনা করে কোন সিদ্ধান্তে আসা যায় নি। আমাকে একথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে সেই সিদ্ধান্তের ব্যাপারে মন্ত্রীমহাশয়, প্রধানমন্ত্রী, আমি এবং অন্যান্য ডিপার্টমেন্ট বসে ঠিক হল যে অন্ততপক্ষে হোল জায়গায় ইলেক্টোরাল কলেজ হয়ে প্রোপোর্শনাল হবে। অর্থাৎ তিনটে পদ্ধতি নিয়ে আলোচনা হয়েছে—একেবারে ডাইরেক্ট সমগ্র গ্রামসভা থেকে অঞ্চল পঞ্চায়েতে নির্বাচন এবং আর একটা হচ্ছে যে ইলেক্টোরাল কলেজ হয়ে যাতে একটা প্রপোর্শনাল রিপ্রেজেন্টেশন হয় তার ব্যবস্থা করা। এই সমস্তগুলির মধ্যে আমি যেটাকে সর্বশ্রেষ্ঠ মনে করি সেটাই হচ্ছে যে গ্রামসভা থেকে ডাইরেক্টলি নির্বাচিত হওয়া এবং তারচেয়ে কিছুটা খারাপ হচ্ছে ইলেক্টোরাল কলেজ হয়ে নির্বাচিত হওয়া। কিন্তু এটা হচ্ছে ওয়ার্স্ট ফীচার। অথচ সেই সিদ্ধান্ত হওয়া সত্ত্বেও স্বায়ত্তশাসনের মন্ত্রীমহাশয়ের সেটা কিছুতেই পছন্দ হয় না এবং এটা স্বায়ত্তশাসন যাতে না হতে পারে তিনি সেইভাবেই চেষ্টা করেন। এ ছাড়া তিনি কারণে অকারণে একটা যে কথা নিয়ে আসেন সেটা হচ্ছে ইভেন ইন দি মিউনিসিপ্যালিটিজ, কিন্তু এই মিউনিসিপ্যাল বিলটা আবার ইভেন কোথায় এবং তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদও হয়েছে। এ ছাড়া ওটাত তাঁর নিজস্ব সৃষ্টি এবং সেটাকেই ওঠান যে আমার উপমাই হচ্ছে আমি। অর্থাৎ আমার সৃষ্টি মিউনিসিপ্যাল বিলে এটা আছে, আমার ইংরাজের ইউনিয়ান বোর্ড বিলে এই আছে, কিন্তু এতে করে যে ভারতবর্ষের মৌলিক পরিবর্তন কি ঘটেছে সেটা তাঁর মাথায় ঢুকছে না এবং সেই মৌলিক পরিবর্তনের দ্বারাই যে হওয়া উচিত সেটা তিনি চিন্তা করতে পারছেন না। আর একটা জিনিস যেটা তিনি মাঝে মাঝে বলে থাকেন সেটা হচ্ছে যে ও'রাই হচ্ছেন জনগণের রিপ্রেজেন্টেটিভ, জনগণের রিপ্রেজেন্টেটিভ হয়ে আপনারা কি পার্লামেন্টের কোন জিনিস এখানে আনতে পারেন এবং সেখানে কনস্টিটিউশনএর দ্বারা যে বাধানিষেধ আছে তাই আপনারা নিয়ে আসতে পারেন। অতএব জনগণের প্রতিনিধি কথাটা বেশীবার বলবেন না। কিন্তু এটা বলার জন্যে আজকে আমাকে বলতে বাধ্য করছে যে পাঁচ বছরে শতকরা ৯০-৯০ ভাগ বাংলার লোক ১৯৪৬ সালে আপনাদের এনেছিল অথচ ১৯৫১ সাল হতে শতকরা ৬০ ভাগ লোক আপনাদের বিরুদ্ধে গেছে এবং এটা ভুলবেন না যে আপনারা এখানে ৪০ জনের ভোটে মাত্র এসেছেন। আবার এর মধ্যে শতকরা ২৫ ভাগ আসল আছে কিনা সন্দেহ। অতএব জনগণের প্রতিনিধি বলে এত বেশী আর চেঁচাবেন না—জনগণের প্রতিনিধি আপনারা এবং আমরা উভয়েই। কাজেই পিপলকে রিপ্রেজেন্ট আপনাদের মতন আমরাও করি। কিন্তু সেই পিপলসএর রিপ্রেজেন্টেটিভ বলে আনলিমিটেড পাওয়ার প্রেসক্রাইবড ম্যানার ইত্যাদি করবার জন্যে কি আমরা এই এসেম্বলীতে এসেছি? বরং আমরা এসেম্বলীতে এসেছি এইজন্য যে সমস্ত আইনকে হ্যামারাইজ করে তৈরী করতে, কিন্তু তাঁরা সমস্ত ব্যাপারটাকে সংগোপনে রাখতে চান। অতএব রাইটার্স বিল্ডিংএর পরামর্শদাতা, যাদের সঙ্গে জনগণের আন্দোলনের কোন সম্পর্ক নেই সেই তাদেরই পরামর্শ নিয়ে নতুন ভারতবর্ষের পঞ্চ করবার জন্য এইরকমের একটা পঞ্চায়েত বিল নিয়ে আসছেন। সেজন্য আমি আশা করি মন্ত্রীমহাশয় এখনও অনুভব করুন যে আমরা আজকে এই ব্যাপারে যে বিরোধীতা করছি সেটা বিরোধীতার খাতিরে নয়। কারণ আমরা সত্যিসত্যি মনে করি যে ভারতবর্ষের গ্রামে গ্রামে পঞ্চায়েত প্রবর্তিত হওয়া উচিত এবং তার ভেতর দিয়ে আমাদের পঞ্চবার্ষিকীর যোজনার কাজে লোককে উদ্বুদ্ধ করা উচিত। সেজন্য আমাদের দৃষ্টিভঙ্গি থেকে আমরা বারবার অনুরোধ করছি যে এখনও উনি আমাদের উপদেশগুলোকে স্বীকার করে নিয়ে যদি গ্রাম থেকে গ্রাম পঞ্চায়েত ইলেক্ট করতে এবং ম্যানার প্রেসক্রাইবড প্রভৃতি যা আছে সেগুলোকে যদি ডিলিট করে দেন তাহলে ভাল হবে। কিন্তু বাই দি গ্রাম পঞ্চায়েত সেকসানটা যদি পাশ হয়ে যায় তাহলে একে উদ্ধার করবার পরে আর কোন পথ থাকবে না—

unless an amending bill comes before the House.

সুতরাং আমি তাঁকে বলছি যে আপনার রুলিং সত্ত্বেও অন দি ফ্লোর অব দি হাউস যদি মন্ত্রী কোন এ্যামেন্ডমেন্ট আনতে চান এবং সমস্ত হাউস যদি তা গ্রহণ করে তাহলে তাতে আপনার আপত্তি থাকা উচিত নয়। কারণ ম্যানার প্রেসক্রাইবড প্রভৃতি যা আছে তা নিয়ে আমরা পরেও একসঙ্গে বসে আলোচনা করতে পারি এবং আমি আশা করি যে গ্রাম পঞ্চায়েত ব্যাপারে তাঁরা নিশ্চয় চাইবেন না যে গ্রামে গ্রামে কংগ্রেস এবং বিরোধী পক্ষের বিরোধ হোক। কিন্তু এইভাবে যদি তাঁরা আমাদের এতখানি আগ্রহ, অনুরোধ তুচ্ছ করে এই ধরনের গ্রাম পঞ্চায়েত নিয়ে আসেন তাহলে এর ফলে হবে কিনা গ্রামে গ্রামে এই পঞ্চায়েতের নির্বাচনে তীব্র এবং তুমুল বিরোধের সৃষ্টি হওয়ার জন্য ভারতবর্ষের পঞ্চবার্ষিকী পরিকল্পনার লাভটা কি হবে? এইজন্যে আমি এখনও অনুরোধ করছি যে অন্ততঃ এইটুকুন তুলে দিয়ে পথটা খোলা রাখুন এবং ম্যানার প্রেসক্রাইবড যখন করবেন তখন একসঙ্গে বসে আলোচনা করে একটা মীমাংসায় আসতে পারা যাবে।

[6-30—6-40 p.m.]

Dalui, Sj. Nagendra
Das, Sj. Lalbehari
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Pramanik, Sj. Surendra Nath
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Tah, Sj. Dasarathi

The Ayes being 128 and the Noes 40, the motion was carried.

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m. tomorrow. The first two hours will be devoted to non-official business and thereafter the Panchayat Bill will be taken up. There will be no questions.

Adjournment.

The House was accordingly adjourned at 7-13 p.m. till 2-30 p.m. on Friday, the 27th July, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 27th July, 1956, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 191 Members.

[2-30—2-40 p.m.]

Point of Information.

Sj. Hemanta Kumar Ghosal:

মিঃ স্পীকার, স্যার, আমার একটা বক্তব্য আছে, পয়েন্ট অফ ইনফরমেশনএ। আমি এই সেসনএতেই সুন্দরবনের এমব্যাঙ্কমেন্ট সম্বন্ধে—যেখানে ১০ লক্ষ লোক এ্যাফেকটেড, সে সম্বন্ধে আমি দু-তিনটা প্রশ্ন দিয়েছিলোম এবং যেটা খুব ইমপর্টান্ট ব্যাপার ব'লে আমরা মনে করি; এবং সে সম্বন্ধে একটা আলোচনা হওয়া দরকার। কিন্তু সেটা কমপ্লিটলি নেগলেকটেড হয়েছে। আমরা এক্সপেক্ট করেছিলাম এতবড় একটা লাইফ এ্যান্ড ডেথএর প্রশ্ন, যেটার উত্তর আমরা এই সেসনএ পাব।

Mr. Speaker:

কেন, আনসার পান নি?

Sj. Hemanta Kumar Ghosal:

হ্যাঁ, পেয়েছি—এটা এডমিটেড হয়েছে। আমি রিকোয়েস্ট করব যাতে এই সেসনএর মধ্যেই এটার উত্তর পাওয়া যেতে পারে। আমি আপনার কাছে এ সম্বন্ধে স্পেশ্যাল রিকোয়েস্ট করছি কারণ আপনি জানেন এটা একটা ভাইট্যাল প্রবলেম, সুন্দরবনের এমব্যাঙ্কমেন্টএর অবস্থা অত্যন্ত খারাপ।

Mr. Speaker: I shall consult the Minister on this.

Sj. Provash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার এ্যাটেনশন ড্র করবার জন্য এটা জানাচ্ছি। এই সেসনএতে আমি সাইক্লোন এ্যাফেকটেড এলাকা সম্পর্কে, বিশেষ করে চব্বিশ পরগনার বজবজ ও বিষ্ণুপুর থানা সম্পর্কে একটা প্রশ্ন দিয়েছিলাম, এবং আপনি সেটা এ্যাডমিট করেছেন ব'লে আমাকে জানিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত তার কোন উত্তর পাই নি। আশা করি এর উত্তর আমি এই সেসনএই পাব।

Mr. Speaker: There are various questions. Please give me the particulars number of your question because there are many questions on this subject. There had been a debate also.

Sj. Bibhuti Bhushon Ghose:

স্পীকার মহাশয়, আমি একটা গুরুতর সমস্যা সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Mr. Speaker:

এ্যাঁ, সমস্যা?

হ্যাঁ, যেটা আমাদের সকলকে অত্যন্ত উদ্বিগ্ন ক'রে তুলেছে। সেটা হচ্ছে গত সাইক্লোনএ এবং অবিশ্রান্ত বর্ষণের ফলে হাওড়া জেলায়, বিশেষকরে উলুবেড়িয়া সাবডিভিশনএ এখনও ৩০ হাজার বিঘা জমি দেড় ফুট জলের নীচে ডুবে আছে। কিন্তু বড়ই দুঃখের বিষয় আজ পর্যন্ত এ সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হ'ল না।

Mr. Speaker:

আপনার প্রশ্ন কই? আপনি প্রশ্ন করবেন, তার জবাব পাবেন।

Sj. Bibhuti Bhushon Ghose:

এটা প্রশ্নের কথা নয়। মাননীয় মন্ত্রীমহাশয় পূর্বে বলেছিলেন যে, এখানে জলনিকাশের ব্যবস্থা হচ্ছে এবং আরও হবে; আমি সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিশেষ করে উলুবেড়িয়া সাবডিভিসনএ কতকগুলি ইউনিয়ন বিশেষ করে, বনবাড়ী, কালীনগর, ইত্যাদি, জায়গাগুলি জলের তলায় ডুবে আছে, সেই জল যদি বের ক'রে দেওয়া না যায়, তা হ'লে সেখানে ২৫।৩০ হাজার বিঘা চাষের জমি জলের তলায় পড়ে নষ্ট হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে, প্রধানমন্ত্রী এবং রিলিফ মিনিস্টার, তিনি যদিও এখানে উপস্থিত নাই, তাঁদের এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই, এটা একটা অত্যন্ত গুরুতর সমস্যা, এর জন্য এক্ষণি ব্যবস্থা অবলম্বন করা উচিত।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

উনি আপনার মাধ্যমে বললেন, না, আমাকে ডাইরেক্টলি বললেন?

Non-official Resolutions

Mr. Speaker: I fix 15 minutes for the mover and for all other speakers 10 minutes. The first motion stands in the name of Sj. Nagendra Dalui.

S. Nagendra Dalui: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith set up a non-official enquiry commission consisting of one representative from each party and group in the State Legislature to investigate into the reported conduct and action of the local police during the strike at the Railway Workshop at Kharagpur between 22nd and 25th May, 1956.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, আমাদের পশ্চিম বাংলায় ডাঃ রায়ের মন্ত্রিসভা প্রতিষ্ঠিত হবার পর জনসাধারণের উপর যে দমন উৎপীড়ন হয়েছে তা ইতিহাসে কুখ্যাত হয়ে থাকবে। এই প্রদেশের নরনারী নির্বিচারে আবাল-বৃদ্ধ-বণিতাকে হত্যা করেছে ডাঃ রায়ের পুলিস। বর্তমানে কিছুদিন আগে খড়গপুরে আর একটা নিদর্শন পাওয়া গেল তাঁর পুলিস কিভাবে অত্যাচার উৎপীড়ন করতে পারে। আমরা কয়েকজন পার্লামেন্টের সদস্য এবং এই স্টেট লেজিসলেচারের সদস্য, এবং তা ছাড়া বাইরের ভিন্ন ভিন্ন রাজনৈতিক পার্টি যেমন পি-এস-পি, আর-এস-পি প্রভৃতির প্রতিনিধিরা গিয়েছিলাম সেখানে সরজমিনে তদন্ত করতে এবং দেখতে। আমি সেখানে যা দেখেছি এবং শুনেছি তার সংক্ষিপ্ত বিবরণ এখানে উপস্থাপিত করব; এবং দেখাব বর্তমান ইতিহাসে এইরকম অত্যাচার নিপীড়ন আমাদের দেশে জনসাধারণের উপর কখনও হয় নি। যেটা সাধারণ ট্রেড ডিসপিউট ছিল সেই ট্রেড ডিসপিউট ভারত গভর্নমেন্টের দরকার ছিল নিষ্পত্তি ক'রে দেওয়া। সেই ট্রেড ডিসপিউট, সাউথ ইস্টার্ন রেলওয়ের মিঃ কাপুরএর জিদের জন্য বৃহৎ আকার ধারণ করে। যদিও তাতে পশ্চিমবঙ্গ সরকারের কোন দায়িত্ব ছিল না; এবং তার শ্রমবিভাগেরও কোন দায়িত্ব ছিল না। কিন্তু এই পশ্চিমবঙ্গ সরকার এইরকম পুরাতন দিনের—মিঃ কাপুর যেদিন থেকে সাউথ-ইস্টার্ন রেলওয়েএর ম্যানেজার হয়ে এসেছেন, তারপর থেকেই তিনি পুলিস পাঠিয়ে তাঁর জেদ রক্ষায় সাহায্য করছেন। যেমন গতবার পুজার সময় সকলে এ্যাডভান্স চেয়েছিল, তখন গার্ডেনরীচে হেড অফিসে মিঃ কাপুর পুলিস ডেকে পাঠান, এবং সেখানে লাঠিচার্জ ও টিয়ার গ্যাস চালান হয়। সেখানে মিঃ কাপুর তাঁর জিদের বশবর্তী

হওয়ায় এমন ঘটনা ঘটল যে, কয়েকজন লোককে সেখানে লক আউট করে দেওয়া হ'ল। গভর্নমেন্টের যে ট্রাইব্যুনাল তার সিদ্ধান্তকে নাকচ ক'রে দিয়ে তাদের বলা হ'ল অন্য কাজ কর। তারা মাইনে পাবে এক রকমের কাজ করার জন্য ; কিন্তু তাদের কাজ করতে হবে অন্য রকমের। তার বিরুদ্ধে ইউনিয়ন থেকে প্রতিবাদ করা হ'ল ; কিন্তু ফল কিছু হ'ল না। অবশেষে ৮ই মে স্ট্রাইক হ'ল। তারপর ৮ই থেকে ১৬ই মে পর্যন্ত এই নয় দিনের মধ্যে খড়গপুরে উল্লেখযোগ্য কোন ঘটনা ঘটল না। কিন্তু নয় জন ইউনিয়নের নেতাকে গ্রেপ্তার করা হ'ল ১৬ই তারিখে। তারপর ভয়াবহ ঘটনা ঘটল ২২এ মে। ২০এ তারিখ থেকে সাউথ ইস্টার্ন রেলওয়েএর ম্যানেজারের সঙ্গে নেগোসিয়েশন চলে, এবং দিল্লীতে রেলওয়ে বোর্ডের সঙ্গে নেগোসিয়েশন মিঃ গুরুস্বামী চালিয়ে যাচ্ছেন। তারপর যখন নেগোসিয়েশন চলছে, কথাবার্তা চলছে, সেই সময় এখানে কোন রকম অশান্তি বা বিঘ্ন ঘটে নি। তারপর ২২এ মে সকালবেলায় পশ্চিমবঙ্গ-সরকারের পুলিস সমস্ত খড়গপুর টাউনে মিলিটারী রুলের মত ব্যবস্থা করল।

[2-40—2-50 p.m.]

তাঁরা ইউনিয়ন অফিস ঘেরাও করলেন, লোককে গ্রেপ্তার করলেন। তার আগের রাত্রিতে ওয়ার্কিং কমিটিতে হাজির হবার জন্যে যাঁরা নাগপুর থেকে এসেছিলেন তাদের গ্রেপ্তার ক'রে নিয়ে গেলেন এবং পদস্থ রেলওয়ে কর্মচারী ইউনিয়নএর সেক্রেটারী মিঃ সুব্রামনিয়মকেও গ্রেপ্তার করা হ'ল। শুধু তাই নয়, সেই ইউনিয়ন অফিসের যে ৪৮ জন লোক ছিল তাদের সকলকেই গ্রেপ্তার করা হ'ল এবং একদিনেই শহরের ১০০ বাড়ী তল্লাস ক'রে লোকের নামে ওয়ারেন্ট বের করা হ'ল। এইসমস্ত জিনিস পুলিশের রিপোর্টে আছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order. I find the resolution only refers to incidents between 22nd and 25th. Will you allow him to speak on incidents on the 16th?

Dr. Ranendra Nath Sen: I am speaking about the police repression that started on the 22nd May. I am narrating events.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You said on the 16th May some of the members were arrested.

Dr. Ranendra Nath Sen: That is an old reference.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If you refer to that you may have a counter reference.

Dr. Ranendra Nath Sen: You have your say when you get your opportunity.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Of course, I will.

Dr. Ranendra Nath Sen:

এমনকি, ২২এ মে বিভিন্ন রাজনৈতিক প্রতিষ্ঠানের দপ্তর পর্যন্ত ঘেরাও করা হ'ল। অর্থাৎ যেসব প্রতিষ্ঠান সেখানে শান্তি প্রতিষ্ঠার জন্য চেষ্টা করছিলেন সেইরকম প্রতিষ্ঠানে গিয়ে হানা দেওয়া হল এবং কতকগুলি লোককেও গ্রেপ্তার করা হল। ইউনিয়ন অফিসকে ঘেরাও ক'রে রাখা হ'ল এবং যে লোক তার ধার দিয়ে যাচ্ছে তাকেই গ্রেপ্তার করা হচ্ছে। আমাদের এই এ্যাসেম্বলির বিরোধীপক্ষের তিনজন সদস্য সেই ইতিহাস নিজেরা গিয়ে দেখে এসেছেন। তাঁদের ভেতর থেকে নিশ্চয় কেউ এই ঘটনা সম্বন্ধে বলবেন। কিন্তু আমরা সেখানে পরে গিয়ে শুনলাম যে, ২২ তারিখ থেকে খড়গপুর শহরে পুলিশের রাজত্ব প্রতিষ্ঠিত হয়েছে। আমরা যে শুধু শ্রমিকের কাছে এই ঘটনার কথা জিজ্ঞাসা করেছি তা নয়—দোকানদার, শহরের বিশিষ্ট ডাক্তারের কাছেও আমরা জিজ্ঞাসা করেছি এবং প্রয়োজন হ'লে আমরা তাদের নাম ও ঠিকানাও দিতে পারি। পুলিস ২৪ তারিখে ইউনিয়ন অফিস ঘেরাও করল এবং সেখানে কাউকে ঢুকতে দিল না। আমাদের এখানকার বিরোধীপক্ষের দু'জন সদস্য, পুলিসকে ধমকাতে এবং ডিস্ট্রিক্ট

ম্যাজিস্ট্রেটকে ফোন করাতে সেখান থেকে পুলিস অপসারিত হ'ল। কিন্তু সেখানে রাস্তায়, চায়ের দোকানে এবং ফুটবল খেলার গ্রাউন্ডে ১২।১৪ বছরের ছেলে থেকে বুড়ো পর্যন্ত গ্রেপ্তার হয়েছে। শুধু যে সেখানে শ্রমিক গ্রেপ্তার হয়েছে তা নয়, ছাত্রও সেখানে গ্রেপ্তার হয়েছে, বুড়ো মানুষও গ্রেপ্তার হয়েছে। এ ছাড়া আমরা এও প্রমাণ পেয়েছি যে, তাদের শুধু গ্রেপ্তার করাই হয় নি, তাদের উপর মারপিটও করা হয়েছে। যেমন, ভেঙ্কায়ামা নামে একজন ৯০ বছরের বুড়ি সকালবেলায় বয়লার সপএর পাশ দিয়ে যখন যাচ্ছিলেন তখন তাঁকে সেখানে মেরে অচৈতন্য ক'রে দেওয়া হ'ল। তারপরে তাঁর সাহায্যের জন্যে লক্ষ্মী ব'লে আর একটি মেয়ে যখন অগ্রসর হয়ে যায় তখন তাকে মেরে গ্রেপ্তার করা হ'ল। এ ছাড়া আর একটি উদাহরণ হচ্ছে যে, আপ্পায়ামা নামে আর একটি ৮০।৮৫ বছরের যথেষ্ট বুড়ী সেদিন ২৫ তারিখের ভোরে বিজয়াড়া থেকে খড়্গপুর শহরে আসার পর যখন তিনি তাঁর ছোট দুটি পৌত্র নিয়ে রাস্তা দিয়ে যাচ্ছিলেন তখন পুলিস অন্যান্য লোকেদের সঙ্গে তাঁদেরও আক্রমণ ক'রে গ্রেপ্তার ক'রে নিয়ে গেল। সে তখন বলল যে, আমি এইমাত্র অন্ধ্রদেশ থেকে আসছি, কিন্তু তা সত্ত্বেও তাকে গ্রেপ্তার করা হ'ল। আমরা খড়্গপুর রেলওয়ে কোয়ার্টারের ১নং ও ২নং কোয়ার্টারে গিয়ে দেখে অবাক হয়ে গেলাম যে, সেখানকার ধারেকাছের দোকানগুলোকে পর্যন্ত ভাঙ্গা হয়েছে। প্রায় ১০০ থেকে ১৫০ ছেলেমেয়ে আমাদের কাছে এসে দেখাল যে, তাদের অপরাধটা কি। সেখানে বলা হয়ে থাকে যে, ২৬ তারিখে ট্রেন ডিজাস্টার হয়েছিল। প্রত্যেকেই তার নিন্দা ক'রে থাকে এবং আমিও এখানে দাঁড়িয়ে তার নিন্দা করছি। কারণ ট্রেড ইউনিয়ন আন্দোলনের পথ এটা নয়। কিন্তু আমার কথা হচ্ছে যে, ২৬ তারিখ থেকে যেখানে ঘটনা ঘটল সেখানে ২২ তারিখ থেকে কেন অত্যাচার শুরু হ'ল। এ সম্বন্ধে আমরা পুলিসকে জিজ্ঞাসা করেছিলাম, কিন্তু তারা ভাল মানুষ কিছুই বোঝে না। গুরুচরণ সরকার নামে এক অফিসার বললেন যে, ২২ তারিখে ভীষণ গোলমাল হওয়াতে কয়েকজন দালাল রাত্রি ১১৷৷টার সময় লোককে ধ'রে পিটল। তখন আমরা তাঁকে বললাম যে, রাত্রি ১১৷৷টার সময় যখন তারা পিটল তখন আপনি কেন ভোর ৬টা থেকে পিটতে আরম্ভ করলেন—এ সম্বন্ধে আপনার কৈফিয়ৎ কি? এর উত্তরে তিনি বললেন যে, স্যার, এ সম্বধে আমি কিছু বলতে পারি না। আমরা সুভাষ পল্লীর ফকিরমহল্লা ব'লে একটা অংশে গিয়েছিলাম। সেখানে অত্যাচারের নিদর্শনটা আপনারা সকলে একবার শুনে নিন। সেই ফকিরমহল্লাতে ৩২ ঘর শ্রমিক থাকে, কিন্তু সেই ৩২ ঘর থেকে ২৬ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে। আমার বেশি সময় নেই, তা না হ'লে আমি তাদের নাম প'ড়ে দিতাম। সেখানে যে ২৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে তার মধ্যে দু'জন স্কুলের ছাত্র, একজনের বাহিরে সিগারেটের দোকান আছে। অতএব ৩২টা ঘর থেকে ২৬ জনকে গ্রেপ্তার করায় কি অবস্থা হয় ভেবে দেখুন। সেই ফকিরমহল্লার এক ও দুই নম্বর কোয়ার্টারের দরজার কব্জা পর্যন্তও ভাঙা হয়েছে। সেখানকার লোক বললেন যে, ওয়ারেন্ট না নিয়ে রাত্রিতে ২০-২৫ জন ক'রে পুলিস এসে দরজায় বুটের লাথি এবং বন্দুকের ধাক্কা দিয়ে দরজার হিঞ্জেস ভেঙে ফেলে। সেখানকার ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের রিপোর্টে তাঁরা বলছেন যে, কয়েক হাজার আর্মড পুলিস এবং সি আই ডি সেখানে আসে এবং ২২ তারিখ থেকে তারা যথেচ্ছা প্রচার করেছে; অর্থাৎ সাম্প্রদায়িকতা প্রচার করেছে। যেমন বাঙালীকে তেলেগুর বিরুদ্ধে বলা, পাঞ্জাবীকে তেলেগুর বিরুদ্ধে বলা, তেলেগুকে পাঞ্জাবীর বিরুদ্ধে বলা এবং এইসব তারা ভ্যানে ক'রে মাইকের দ্বারা প্রোপাগ্যান্ডা করেছে। সেখানে কম্যুনিস্ট পার্টির ছোট যে একটা অফিস আছে সেখান থেকে তারা প্রাদেশিকতা এবং সাম্প্রদায়িকতা বর্জন ক'রে শান্তিপ্রিয়ভাবে থাকবার জন্য লোকেদের কাছে একটা ইস্তাহার বের করেছিল। ইংরাজী এবং বাংলায় ছাপান সেই ইস্তাহারের কপি আমার কাছে রয়েছে। কিন্তু তা সত্ত্বেও কম্যুনিস্ট পার্টির দু'জন স্থানীয় নেতাকে গ্রেপ্তার করা হ'ল ২২ তারিখে। এইসব ঘটনার কথা শুধু শ্রমিক এবং দোকানদারদের কাছ থেকে শুনি নি, সেখানকার একজন বিশিষ্ট লোক

Dr. K. L. Ghosh of Malanchapar, Kharida,

কাছ থেকেও শুনেছি। তিনি নিজে আমাদের কাছে এসে বললেন যে, ২৩ তারিখে যখন তিনি ১নং, ২নং কোয়ার্টারের কাছ দিয়ে গোলবাজারের দিকে যাচ্ছিলেন তখন আমি নিজের চোখে দেখলাম যে, পুলিস স্ত্রী-পুত্রনির্বিশেষে সকলকেই পিটছে। তিনি এও বললেন যে, এইসব দেখে তিনি যখন কাছে গেলেন তখন পুলিস তাঁকে বলল, ভাগ যাইয়ে ডাক্তার সাহেব। এইরকম

বহু ঘটনা আমাদের কাছে রয়েছে বলে আমি বলতে পারি যে, এটার তদন্ত হওয়া দরকার। অবশ্য তদন্ত সম্বন্ধে আমি বলছি না যে, সমস্ত ঘটনাকে আপনারা স্বীকার ক'রে নিন, কিন্তু আজকে পশ্চিমবঙ্গ সরকার এবং এই এ্যাসেম্বলির উচিত যে, আজকে এমন একটা এনকোয়ারি কমিটি হোক, যে এনকোয়ারি কমিটি এই সম্বন্ধে তদন্ত করতে পারবে। এই এনকোয়ারি কমিটির মধ্যে সমস্ত দলের লোক রাখুন এবং সেখানে গিয়ে বিচার ক'রে দেশের লোকের সামনে প্রকৃত তথ্য আপনারা উদ্ঘাটন ক'রে দিন। এই বিচারে যদি পুলিসের দোষ হয়ে থাকে তা হ'লে তাদের সাজা দিন এবং তাতে যদি জানা যায় যে, হোম মিনিস্টার হিসাবে ডাঃ বি সি রায়ের দায়িত্ব আছে তা হ'লে সেই দায়িত্ব তিনি স্বীকার করুন এবং তার জন্যে পাপস্খালনের জন্য যা দরকার তা তিনি করুন। কারণ খড়গপুরে যে অত্যাচার হয়েছে তার প্রতিবাদ আমরা না ক'রে পারি না ব'লেই আমরা এনকোয়ারি কমিটি চাচ্ছি। আমরা গোপনে কোন এনকোয়ারি করতে চাই নি বরং আমরা ডাঃ বি সি রায়, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, স্থানীয় এম-এল-এ-দের কাছে লিখেছি যে, আমরা জনকয়েক এম-পি ও এম-এল-এ এবং বিভিন্ন দলের লোক সেখানে ব্যাপারটা একটু তদন্ত করতে যাচ্ছি ব'লে আমরা গভর্নমেন্টের সাহায্য চাই। কিন্তু সেই সাহায্য না পাওয়া সত্ত্বেও আমরা যা দেখেছি সেকথা আমি আপনাদের সামনে বললাম। অতএব, আমি এই কথাগুলি বলছি যে, ২৬এ তারিখ বেলা সাড়ে সাতটার সময় রেলের যে দুর্ঘটনা হয়েছিল সেই দুর্ঘটনার আমরা নিন্দা করছি, কিন্তু সেই দুর্ঘটনার অন্তরালে ২২এ থেকে ২৫এ তারিখ পর্যন্ত যে অত্যাচার হয়েছিল সে অত্যাচারকে কিছুতেই ঢাকতে পারবেন না; এই কথা ব'লে আমি বসছি, পরে ডাঃ রায়ের বক্তৃতা শুনলে পর আমার আর যা বলবার আছে বলব।

[2-50—3 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen: After the Minister's reply, he cannot reply.

Dr. Ranendra Nath Sen: Of course, I can reply.

Mr. Speaker: Although the resolution is in the name of Sj. Nagendra Dalui, he really stands in the position of the mover and I have given him permission.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার, স্যার, আমি ২৩এ মে ১৯৫৬ তারিখে খড়গপুরের গুলী সম্পর্কে নিজ চক্ষে যা দেখেছি এবং যা শুনেছি, সেটা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি। হয়ত তার নিজের এ বিষয়ে কোন দায়িত্ব না থাকতে পারে কিন্তু [illegible] উপর যে অত্যাধিক উৎপীড়ন হয়েছে তা আমি নিজে সরেজমিনে খোঁজ নিয়ে জেনেছি। আশা করি, তদন্ত কমিটির যে প্রস্তাব আজ এখানে উঠেছে—তা তিনি উপেক্ষা করবেন না।

আমরা সেখানে যাবার আগেই জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিসকে সেকথা জানান হয়েছিল। যখন আমরা সেখানে যাই সেখানকার ওয়ার্কসপএ তখন (২৩এ মে তারিখের) বেলা ৯॥টা থেকে ১টা পর্যন্ত আমরা ঐ অঞ্চলে ঘুরি। তখন দেখি সর্বত্র স্বাভাবিক শান্তি বিরাজ করছে। রাস্তায় লোকজনের চলাচল খুব কম। কোনরকম গোলমাল বা উত্তেজনা নেই। কিন্তু তা সত্ত্বেও পুলিস ব্যবস্থা। আমরা দেখি চতুর্দিকে পুলিস দাঁড়িয়ে আছে—পুলিস ভ্যান, মোটর সাইকেল চতুর্দিকে ঘুরে বেড়াচ্ছে। আমরা ৪ জন—শ্রীযুত কানাই ভৌমিক, সরোজ রায়, আমি এবং আর একজন মাদ্রাজী—যিনি ইউনিয়নএর মেম্বার—যখন সেখানে যাই তখন আমরা একটা অদ্ভুত জিনিস লক্ষ্য করলাম—আমাদের চারদিকে পুলিস ভ্যান, মোটর সাইকেল অনবরত ঘুরে বেড়াচ্ছে। তারপর আমরা যখন দেখতে গেলাম ওয়ার্কশপ ও বয়লারশপ—সেখানে গেটএর সামনে সেখানে যেসব ছোট ছোট দোকান ছিল তার লোহার থামগুলি দেখা গেল, কাঠের থাম একটাও নেই দোকানগুলির, সেগুলি ভূমিসাৎ হয়ে গেছে। থামগুলি ভেঙে পড়ে আছে। ২০-২৫টা দোকান ভাঙা অবস্থায় পড়ে আছে। আমি নিজে এসব দেখে এসেছি। তারপর আমরা যখন ১নং বস্তির কাছে আসি, তখন একজন কনস্টেবল

সেখানে পৌঁছে ম্যুড় ডাবার আমাদের বলল—"আপনারা এখান থেকে চ'লে যান।" আপনারা জানেন যে, ১৪৪ ধারা এখানে জারি আছে। আমরা বললাম, হ্যাঁ, আমরা জানি যে, ১৪৪ ধারা জারি আছে। কিন্তু আমাদের বাধা দিতে পার না—আমরা ৪ জন—৫ জনও নই। তা সত্ত্বেও সে হুইসিল বাজিয়ে দিল। তখন আরও কিছু কনস্টেবল সেখানে এল। যে হুইসিল বাজাল তার নং হচ্ছে এস ৭৭৫। সেই কনস্টেবলরা আমাদের জিজ্ঞাসা করল, আপনারা এখানে কি করছেন। আমরা বললাম—আমরা তদন্ত করতে, ঘটনা জানতে এখানে এসেছি। তারপর আমাদের পার্টির চারজন মেম্বার তা ডিভাইড করে দু'জন সেখানে বসলাম আর দুজন ঘুরে দেখতে লাগলাম। ওরা বললে, এখানে বসবেন না। তারপর আমরা চ'লে যাই। আমরা যখন সেখানে ছিলাম এক একটা ক'রে লোক আমাদের কাছে এসে নানাকথা বলে। কয়েকজন মহিলা তারা বলে—অত্যন্ত গরমের জন্য তারা বাইরে শুয়েছিল, পুলিস পক্ষ থেকে রাত্রিবেলায় তাদের উপর টর্চ ফেলে তাদের আব্রু নষ্ট করা হয়েছে। বহু লোককে মারধোর করা হয়েছে—তাদের নাম কতকগুলি আমরা টুকে নিয়ে এসেছি, দরকার হ'লে দিতে পারব। সেই নামগুলি নিয়ে যদি তদন্ত করা হয় অনেক সত্য কথা জানা যাবে। কেন এইরকম অন্যায় অত্যাচার হয়েছে—কেন হয়েছে, কারা করেছে, এইসব জানা দরকার। তারপর আমরা গেলাম শ্রমিকদের যে রিফ্রেসমেন্ট রুম আছে—বড় বড় হল আছে—সেখানেও দেখি পুলিস দাঁড়িয়ে রয়েছে। আমি এসব নিজের চোখে দেখে এসেছি, তাই বলছি। যদি দয়া করে এ বিষয়ে একটা তদন্ত করেন তা হ'লে সব জানতে পারবেন। আমি কিছুমাত্র মিথ্যা কথা বলছি না, মিথ্যা কথা বলা আমার অভ্যাসও নেই। এতে মিথ্যাভাষণ বা অতিরঞ্জনও কিছু নেই। তদন্ত করলেই এর সত্যমিথ্যা জানতে পারবেন। তাই অনুরোধ, একটা তদন্ত কমিটি করুন, যাতে সমস্ত ঘটনা প্রকৃত তথ্য উদ্ঘাটিত হতে পারে কেন এসব অন্যায় হয়েছে, অত্যাচার হয়েছে এবং কিজন্যই বা সেখানকার লোক এত বিক্ষুব্ধ হয়েছিল যার ফলে রেল দুর্ঘটনা হয়েছে।

Maulana Md. Mumtaz: مسٹر اسپیکر، سر،

میں نے ابھی ابھی وردھی دل کے نیتا کا ریزولیوشن سنا - مجھے سخت افسوس ہے کہ جو کچھ انھوں نے آپ کے سامنے بتلایا ہے، میں اُن کی ان تمام دلیلوں کو نہیں مانتا - میں کھڑگپور ہی میں تھا - مجھے ان لوگوں نے نہ خبر کی اور نہ کچھ بتلایا بلکہ کچھ ورکرس میرے پاس آئے اور مجھ سے کہا کہ وہ کام پر جانا چاہتے ہیں انھیں پولیس پروٹکشن چاہئے - کانگریس کی طرف سے ہر کوشش کی گئی تاکہ جس طرح بھی ہو مزدور کام پر چلے جائیں - ریلوے امپلائز کا پریشر ہم پر بہت زیادہ پڑ رہا تھا اس لئے ہم نے یونین کے پریسیڈنٹ اور ورکروں سے مل کر اُن سے بات چیت کی - وہ ایک حد تک راضی ہو چکے تھے - ہم نے ایک اپیل بھی کی تھی اور کرمچاریوں کو سمجھایا تھا کہ یہ اسٹرائک اِل لیگل اسٹرائک ہے - جنتا کو اس سے کوئی فائدہ نہیں پہنچ سکتا - کھڑگپور کی جنتا معصوم

اور سیدھی سادی تھی - وہ معصوم جنتا اس جھگڑے میں پڑنا نہیں چاھتی تھی - میں ایسی جنتا کو دھنیواد دینا چاھتا ھوں - لیکن آج دردھی دل کے لیتا جو انکوائری چاھتے ھیں انہیں لوگوں نے کھڑگپور میں آکر معصوم جنتا کو بھڑکایا اور ورغلایا اور یہہ کہا کہ اگر تم پر دفعہ ۱۴۴ لگا ھوا ہے تو اس کی پرواہ نہیں - تم پروسیشن نکالو' سڑک پر جلوس لیکر چلو' تم عورتوں کا بھی جلوس نکالو - سرکار جھکےگی اور پولیس بھی تمہارے سامنے جھکےگی اور سب کچھہ ھو جائیگا - اس طرح لوگوں کو بھڑکایا گیا اور لوگ ان کے کہنے میں آگئے اور انہیں کے کہنے پر جلوس کی صورت میں گئے اور جانے کے بعد نقصان اٹھایا *

آج وھی ورکرس پریشانیوں میں پڑے ھوئے ھیں - کوئی ان کو دیکھنے والا نہیں ہے - وہ آکر چلے گئے جنھوں نے ان کو آکر ورغلایا اور بہکایا تھا - آج جو مزدور مصیبت میں ھیں ان کا کوئی ساتھی نہیں رھا - میں یہہ کہتا ھوں کہ میرے کھڑگپور کے ورکرس بہت معصوم تھے' بہت ھی سیدھے سادے تھے - آج تک انہوں نے ایسی کوئی والنس حرکت نہیں کی تھی - مجھے معلوم ہے پولیس کے متعلق جو باتیں ھو رھی ھیں کہ پولیس نے ظلم کیا - آپ کو معلوم ہے کہ چار ھزار پانچ سو (۴۵۰۰) آدمی کام کر رہے تھے - کام سے جس وقت ورکرس واپس ھو رہے تھے اس وقت دفعہ ۱۴۴ لگی ھوئی تھی - وہ وفادار ورکرس جو کام کرکے واپس جا رہے تھے انہیں راستہ میں پکڑ کر مارا گیا اور بری طرح مارا گیا - انہیں دھمکی دی گئی - پولیس اس وقت تک بالکل شانتی سے کام لے رھی تھی - میں نے خود ڈسٹرکٹ مجسٹریٹ سے ملاقات کی' ایس - پی - سے ملا اور ان سے کہا کہ ورکروں کی یہہ خواھش ہے کہ وہ کام پر جائیں لیکن آج ان کو پولیس پروٹکشن چاھئیے کیونکہ جس وقت

وہ لوگ کام پر سے واپس آتے تھے یا کام پر جاتے تھے تو انہیں دھمکایا جاتا تھا' مارا جاتا تھا - پولیس شانتی کے ساتھہ خاموش تھی' خاموشی کے ساتھہ وہاں رہی اور کچھہ نہ کہا - مجھے تو ایک افسوس تھا میں نے یہہ کہا بھی کہ ورکر کام کرنے جائیں اور پولیس پروٹکشن نہ ملے تو کسطرح کام ہو سکتا ہے - مخالف پارٹی کا آج یہہ کہنا کہ پولیس کا ظلم ہوا' پولیس نے ظلم کیا' کیا میں ان سے یہہ پوچھہ سکتا ہوں کہ میرے یہہ دردمی دل کے نیتاؤں کے چند نیتا جو کھڑگپور میں پہنچے جن کا میری کانسٹی ٹیوئنسی میں کوئی دخل نہ تھا کہاں تک مناسب تھا؟ میں وہاں کا نمائندہ تھا' وہ مجھہ سے ملتے' مجھہ سے رائے لیتے' مجھہ سے بات چیت کرتے' لیکن افسوس ہے کہ انہوں نے تو نہ مجھے کچھہ لکھا نہ مجھہ سے کچھہ کہا بلکہ لوگوں کو بھڑکا کر انہوں نے لوگوں کو غلطفہمی میں ڈال دیا - لوگوں کو مجبور کر دیا کہ وہ کام پر نہ جائیں اور مار کھائیں اور مار کھانے کیلئے آگے بڑھیں *

میں یہہ کہنے کے لئے تیار ہوں کہ انکوائری مانگی جا رہی ہے دیکھنا چاہیئے کہ آخر انکوائری میں کیا ہو سکتا ہے - مجھے معلوم ہے کہ ایک سو بارہ پینٹر پہلی مارچ سے کام سے بیٹھے ہوئے تھے - اور پہلی مئی کو موری میں ایک ٹکٹ کلکٹر پر حملہ ہوا - ۶ مارچ کو ہمارے وہ لیڈر جو آج انکوائری مانگ رہے ہیں انہیں کے نیتاؤں نے کھڑگپور میں جا کر لوگوں کو ورغلایا اور کہا کہ موری میں جس ٹکٹ کلکٹر کو مار کر مجروح کیا گیا تھا وہ آدمی ۶ تاریخ کو مر گیا - اس کی خبر کھڑگپور میں پھیلتے ہی ۸ مارچ کو اسٹرائک ہوئی *

اس اسٹرائک کے بعد ہی میں لیبر یونین سے ملا بحیثیت کانگریس پریسیڈنٹ کے - ڈسٹرکٹ مجسٹریٹ سے ملا' ریلوے اتھارٹی سے ملا اور ایس - پی - سے ملا - اس کے بعد جس وقت کہ لوگوں کی تعداد بڑھنے لگی

اور لوگ ورکشاپ میں جانے لگے اور کافی تعداد میں لوگ گئے تو میرے دوستوں کو یہہ اچھا نہیں لگا - وہ پریشان ہو گئے اور وہ الیکشن پالٹکس کو بیچ میں لاکر غریبوں کے ساتھہ' ورکروں کے ساتھہ کھیلنا چاہا - انہوں نے غریب ورکروں کو سامنے لاکر اپنا اُلو سیدھا کرنے کیلئے لوگوں کو بھڑکایا ہے یہاں تک کہ انہوں نے عورتوں کو بھی مجبور کیا کہ وہ ہاتھوں میں جھاڑو' مرچ اور مسالہ لیکر پروسیشن میں نکلیں - کیا یہہ افسوسناک بات نہیں ہے؟ وہاں کا ایم - ایل - اے - ہونے کی حیثیت سے مجھے شرم آنی چاہئے - مجھے دکھہ بھی ہے اور شرم بھی ہے کہ میری کانسٹی ٹیونسی کے اندر جو لوگ کہ وفادار ورکرس تھے ان لوگوں نے آکر جن کا کھڑگپور سے کوئی کنسرن نہ تھا محض اپنے ذاتی مفاد کیلئے کھڑگپور کے معصوم ورکرس کو جو کانگریس مائینڈڈ تھے غلط راستہ پر لانے کی کوشش کی - آپ کو معلوم ہے کہ میں مناریٹی کمیونٹی سے کھڑگپور کا رہنے والا ہوں اور وہاں سے میں نے کامیابی حاصل کی - مسلمان وہاں کم تھے' بہت ہی کم مسلمان ہیں - ہندوؤں کی مجاریٹی ہے لیکن وہاں کے تمام ہندو ورکرس کانگریس مائینڈڈ ہیں' کانگریس کے وفادار ہیں' وفادار ورکر ہیں - مخالف پارٹی کے نیتاؤں نے کانگریس کو توڑنے کے لئے' کانگریس کو خراب کرنے کے لئے اور اپنی پارٹی کو بڑھانے کے لئے یہہ ساری حرکتیں کیں - انہوں نے یہہ کھیل کھیلا اور اس کھیل کا نتیجہ آج کیا ہوا وہ خود تو گدیوں پر بیٹھے ہوئے ہیں' آرام سے بیٹھے ہوئے ہیں' البتہ کھڑگپور کی معصوم جنتا' معصوم ورکر' غریب ورکر جو اس وقت پریشانی میں ہیں' پکڑے گئے ہیں انہوں نے ایسی حرکت کی - آج ان کو تکلیف ہے - ان کی تکلیف میں وہ نیتا مدد کو نہیں آئے ہیں - ان کو ورغلایا' بہکایا' پکڑوایا اور خود آرام کے ساتھہ بیٹھے ہوئے ہیں - اگر انکوائری ہوئی تو میں آپ کو بتاؤں گا اور ان کے

پول کھولے جائیں گے کہ رات کو آکر کس، کس طرح انھوں نے محلوں میں پروپگنڈا کیا ہے' کس طرح لوگوں کو کہا ہے کہ پولیس کو مارو - یہاں تک کہ ڈی - ایس - پی - کو بری طرح مارا گیا *

اسپیکر صاحب'

میں آپ کو بتانا نہیں چاہتا' لیڈر آپ کو بتائیں گے' لیکن میں آپ کو صرف یہہ بتاؤں گا کہ اُس جنتا کے ساتھہ جو بالکل سیدھے سادے ورکرس تھے محض الیکشن اور پالٹیکس اور گندی پالٹیکس سے اپنے الیکشن کو کامیاب بنانے اور کانگریس کو ڈاؤن کرنے کے لئے انھوں نے یہہ ناجائز حرکت کی' اللیگل حرکت کی اور غریب ورکروں کو بھڑکا کر اپنا اُلو سیدھا کیا - وہاں تو لوگوں کو پٹوایا' مروایا' پھنسوایا اور یہاں آکر کہتے ہیں کہ انکوائری ہو - مگر یاد رہے کہ جس وقت انکوائری ہوگی ان کے پول کھولے جائیں گے *

کھڑگ پور کی جنتا یہہ کہنے کیلئے تیار ہے کہ پولیس کا ظلم نہیں تھا بلکہ ان لوگوں کا ظلم تھا جنھوں نے معصوموں کو بھڑکایا ہے - انھوں نے کھڑگ پور کی جنتا اور کھڑگ پور کے ورکرس کو بھڑکایا ہے - میں پھر کہنا چاہتا ہوں کہ کھڑگ پور کی جنتا اور ورکرس وفادار اور کانگریس مائینڈ کے ہیں' بہت سیدھے ہیں - ہسٹری میں انھوں نے کبھی ایسی حرکت نہیں کی' ایسا کام نہیں کیا لیکن سیدھے ہونے کی وجہہ سے غلط فہمیوں میں آکر' پروپیگنڈے میں آکر' ان کی باتوں میں آکر نقصان اٹھایا - مجھے دکھہ ہے' مجھے افسوس ہے کہ میرے کھڑگ پور کے لوگ آج اس قدر پریشان حال ہیں' پکڑے گئے ہیں اور سب کچھہ ہوا - یہہ سب کس کی وجہہ سے ہوا؟ اور انکوائری مانگتے ہیں' انکوائری کس بات کی؟ کھڑگ پور کی جنتا جانتی ہے' خود ان کے دل جانتے ہیں' ان کو معلوم ہے اچھی طرح سے معلوم ہے کوئی دخل نہ تھا - کہاں گاربیڈا کے لوگ آئے ہیں

اور کہاں کہاں سے آئے هیں اور کھڑگ‌پور میں آکر وهاں کس طرح
لوگوں کو اکسا کر چلے جاتے هیں - آج کوئی نہیں جانتا' کوئی نہیں پوچھتا
که کھڑگ‌پور میں کیا هو رها هے *

اسپیکر صاحب' میں تو یہه کہوں‌گا که انکوائری میں وہ کل
کھلیں‌گی' یہه باتیں آئیں‌گی که وہ شرمندہ هوں‌گے - انہیں معلوم هو جائیگا
که کسی کے ساتھه کھیلنا ٹھیک نہیں - شہد کی مکھی کو هاتھه لگا کر
بھاگ جانے سے بچ نہیں سکتے - شہد کی مکھی آئے‌گی کاٹ کھائے‌گی -
پھر پچھتاؤ‌گے گھبراؤگے - هم ٹھیک ٹھیک هونا چاهئے - جنتا کو سیدھے راستے پ
چلانا چاهئے - ایسی جنتا اور پبلک کو دھوکا دیا جو معصوم اور سیدھی هے
ان کو تو سیدھے راسته پر چلانا چاهئے - وہ پیٹ کے بھکاری هیں - وہ پیٹ
کیلئے آٹھه گھنٹے کام کرتے هیں - انہیں صحیح راسته بتلانا چاهئے جس س
ان کی آتما اور انکا پیٹ خوش رهے' یہه نہیں که اپنا الو سیدھا کرنے کیلئ
اپنے فائدے کے لئے کسی کو نقصان میں ڈالا جائے - میں تو اس کو کوئی
پالیٹکس نہیں کہوں‌گا - میں تو یہه کہونگا که یہه ڈرٹی پالیٹکس هے - ا
اسی کا نام پالیٹکس هے اور اسی کا نام سیوا هے' اگر جنتا کی س
اسی کو کہتے هیں تو میں یہه کہوں‌گا که لعنت هے ایسی پالیٹکس
اور سیوا پر - اس کو سیوا نہیں کہتے بلکه اس کو کہتے هیں لوگوں
دھوکا دینا *

اسپیکر صاحب'

انکوائری سے کوئی فائدہ نہیں بلکه سوئے هوئے لوگوں کو اور جگا
هے اور اس کے اندر لوگوں کا پول کھلوانا هے - اور اگر اس کی خواهش
تو میں یہه کہوں‌گا که آپ انکوائری میں جائیں کوئی بات نہیں هے
جو سچ بات هے وہ ظاهر هو کے رهے‌گی یعنی جو کچھه میں آج ا
اسمبلی هال میں کہہ رها هوں وهی بات انکوائری کے سامنے هوگی

یہہ کوئی للار پٹو نہیں یہہ کوئی جھوٹ بات نہیں - یہی واقعہ تھا اور یہی حق تھا جو آج آپ کے سامنے ہے - میں تو کہونگا کہ یہہ باعث شرم ہے - لوگوں کو بھڑکایا اور ورغلایا گیا ہے اور ان کو ایک غلط راستے پر ڈالنے کی کوشش کی گئی ہے *

[3—3-10 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, খড়গপুরে যে দুর্ঘটনা ঘটেছে এবং তাতে পুলিসের ব্যবস্থায় কি হয়েছে না হয়েছে সে নিয়ে বহুবিধ সংবাদ জনচিত্তকে আলোড়িত ক'রে তুলেছে। সেজন্য আমাদের পক্ষ থেকে বিশেষ ক'রে একটা এনকোয়ারি কমিশন সেট আপ করবার জন্য গভর্ণমেন্টকে অনুরোধ এই প্রস্তাবে করা হয়েছে। এখন এখানে যে দুর্ঘটনা অবলম্বন ক'রে এই পুলিসের বিরুদ্ধে নানারকম অপবাদের সৃষ্টি হয়েছে সেই সম্বন্ধে সত্যই একটা নিরপেক্ষ তদন্ত হওয়া আবশ্যক। এখানে স্পীকার মহাশয় যদি অপ্রাসঙ্গিক না হয় তা হ'লে পর আমি বলব খড়গপুরে যে রেলওয়ে দুর্ঘটনা ঘটান হয়েছে, ভারতে কেন বিশ্বের মধ্যে এরূপ জঘন্য ঘটনা সংঘটিত হয়েছে বলে আমি অন্তত জানি না। কাজেই আমরা সকলে তার তীব্র নিন্দা করতে দ্বিধাবোধ করব না। এটা অত্যন্ত দুঃখের ও লজ্জার বিষয় এজন্য যে, বিশেষ করে বাংলাদেশেরই একটা অংশে, খড়গপুরে এই দুর্ঘটনা ঘটেছে এবং যারা এ ব্যাপারে উস্কানি দিয়ে সহায়তা করেছে তাদের আমি তীব্র নিন্দা করবার ভাষা খুঁজে পাই না।

তারপর পুলিসের ব্যবহার সম্বন্ধে যেসব কথা মাননীয় সদস্যরা পূর্বে আলোচনা ক'রে গিয়েছেন আমাদের কানে ঠিক এর বিরোধী সংবাদও পেঁাচেছে ; কাজেই নিরপেক্ষ তদন্ত হওয়া অত্যন্ত দরকার হয়ে পড়েছে। অবশ্য রেলওয়ে পপুলেশনএর ভিতর যদি আমরা সংবাদ নিই তা হ'লে দেখব একটা রেলওয়ে কারখানার ভিতর যেসব পুলিস শান্তিরক্ষার জন্য অবস্থান করছিল তাদের অধিকাংশ পুলিসই বাঙ্গালী। আমি এজন্য আরও তদন্ত করতে বলছি যে, সেখানে এই দুর্ঘটনাটিকে কেন্দ্র ক'রে বাংলার বিরুদ্ধে, বাঙালীর স্বার্থের বিরুদ্ধে, বাংলার বেকার সমস্যার বিরুদ্ধে এখন একটা তীব্র আন্দোলন সুরু হয়েছে। সেখানকার অন্যান্য বাসিন্দারা বলছে যে, পুলিসের মধ্যে বাঙালীর সংখ্যাই বেশি, সেজন্য অবাঙালীর স্বার্থরক্ষা তারা উপেক্ষা ক'রে চলেছে।

আমরা জানি যে, সেখানে ২২ হাজার রেলকর্মচারীর ভেতর ২৫ ভাগ মাত্র বাঙালী কাজ করে। শুধু পুলিসের ব্যাপারে নয়, ঐ কর্মচারী নিয়োগের ভেতর দিয়ে দেখা যায় যে, সেখানে কিছুদিন আগে নূতন নিয়োগের ক্ষেত্রে চারশো সাড়ে চারশো দরখাস্তের মধ্য থেকে মাত্র ১৯ পার্সেন্ট বাঙালী সেখানে নিয়োজিত হয়েছে এবং সেইজন্যই সেখানে বাঙালীদের বিরুদ্ধে তীব্র আন্দোলন সুরু হয়ে গেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে বিশেষকরে আকর্ষণ করব যে, সেখানে রেলকর্মচারীদের মধ্যে প্রাদেশিক যে কোটা ও উদ্বাস্তুদের জন্য বিশেষভাবে নির্দিষ্ট কোটা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে নির্দিষ্ট ক'রে দেওয়া হয়েছে সেই অনুপাতে সেখানে বাঙালীর চাকরীর সংখ্যা রক্ষিত হয় নি। তীব্র বেকার-সমস্যা ও রিফিউজি সমস্যা প্রপীড়িত বাংলাদেশে। আর পুলিসের অত্যাচার হিসাবে যেকথা বলা হয়েছে মাননীয় স্পীকার মহাশয়, সে সম্বন্ধে আমি বলব যে, সত্যকার অত্যাচার হিসাবে যদি কিছু বলা যায়, তা হ'লে পর ২২ থেকে ২৫ তারিখের মধ্যে খুব বেশি একটা কিছু অত্যাচার আমি দেখতে পাই না, বরং ২৫এ তারিখের পর ২৬এ তারিখে রেল দুর্ঘটনার পর পুলিসের যে কার্যকারিতা, তার মধ্যে যদি কিছু হয়ে থাকে তখনই হয়েছে। ২২এ থেকে ২৫এ তারিখ পর্যন্ত তদন্তের কথা বলা হয়েছে। ২৬এ বা তার পরের তারিখের কথা কেন বাদ দেওয়া হ'ল বুঝতে পারি না। কি উদ্দেশ্য আছে? এখানে আমাদের দেখা দরকার যে, পুলিস সব সময় যে অত্যাচার করেছে তার খুব বেশি সাক্ষাৎ প্রমাণ নেই, কারণ ঐ রেল দুর্ঘটনার দিন ডি-এস-পি

একজন অত্যন্ত সাংঘাতিকভাবে জখম হয়েছেন এবং তার সঙ্গে সঙ্গে কতকগুলি পুলিস কনস্টেবলও অত্যন্ত গুরুতর আহত হয়েছে। কাজেই সেখানে পুলিসের কার্যের যদি সমালোচনা করতে হয়, তা হ'লে পর সবসময় পুলিস অত্যাচার করেছে কিনা সে বিষয়ে রীতিমত নিরপেক্ষ তদন্ত হওয়া অত্যন্ত প্রয়োজন।

[3-10—3-20 p.m.]

বিশেষ ক'রে আমি এইরকম কথায় রাজী নই যে, যেহেতু বাংলায় পুলিসে বাঙালীর সংখ্যা অধিক সেইহেতু পুলিস তাদের কর্তব্য সম্পাদন করে নি। এই আন্দোলন আমি বাঙ্গালী হিসাবে সমর্থন করতে পারি না। বরং আমি বলব যে, খড়গপুরে পুলিস এ্যাডামিনস্ট্রেশন বলতে কিছু নাই। সেখানে কলেজ এবং স্কুলের গার্ল স্টুডেণ্টসরা অন্যালোকের সহায়তা ভিন্ন যাতায়াত করতে পারে না; বিকালে বা সন্ধ্যায় স্ত্রীলোকেরা রাস্তায় বেরুতে সাহস পায় না। এমন প্রমাণ আছে যে, এমনকি সিনেমা দেখে ফিরবার সময়, স্বামীস্ত্রীকেও রিকসা ক'রে যাওয়ার সময় গুণ্ডারা স্ত্রীলোকের উপর অত্যাচার করে এরকম ঘটনাও জানা আছে কোন একজন স্ত্রীলোক সন্ধ্যার পর গুন্ডার দল দ্বারা আক্রান্ত হয় পুলিস পাহারা থাকা সত্ত্বেও। পুলিসের এটা জানা থাকা সত্ত্বেও কোন প্রতিকার হয় নি। সুতরাং আমি মনে করি, খড়গপুরে পুলিস এ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে তাদের বিরুদ্ধে জনসাধারণের যে অভিযোগ আছে সে সম্বন্ধে এবং পুলিসের নিষ্ক্রিয় ব্যবহার সম্বন্ধে আমরা যে সংবাদ পাই তাতে আমি মনে করি যে, এ ব্যাপারে একটা তদন্ত কমিশন নিযুক্ত হওয়া উচিত।

Sj. Subodh Banerjee

মিঃ স্পীকার, স্যার, খড়গপুরের রেলশ্রমিকদের উপর পুলিসী জুলুমের আলোচনা প্রসঙ্গে কংগ্রেসী তরফ থেকে যে ভদ্রলোক বললেন তাতে তাঁর বক্তৃতার সারমর্ম হ'ল এই যে, কিছু-সংখ্যক শ্রমিক ধর্মঘটে যোগ না দিয়ে যখন কাজ করতে যাচ্ছিল তখন ধর্মঘটী শ্রমিকরা তাদের বাধা দিয়েছে। তিনি এটাকে খুব লজ্জার কথা বললেন। কিন্তু বোঝা গেল না যে, এই ঘটনার সঙ্গে পুলিসী অত্যাচারের কি সম্পর্ক আছে। এ ছাড়া বিরোধী পক্ষের একজন সদস্য একদিক থেকে প্রকারান্তরে পুলিসের সাফাই গেয়ে গেলেন এবং তিনি নিন্দা করলেন রেলকর্মচারী, শ্রমিকদের এই ব'লে যে, তাঁদের কাজের ফলে নাকি বাংলাদেশের মুখে চুনকালি পড়েছে। প্রথমেই ব'লে রাখি, রেল শ্রমিকদের যে কাজকে সকলে গর্হিত ব'লে নিন্দা করছেন তাকে আমি নিন্দা করি না; কারণ আমি তা অন্যায় ব'লে মনে করি না। তাতে বাংলাদেশের মুখে চুনকালি পড়েছে তাও আমি মনে করি না। আমার বক্তব্য হচ্ছে এই যে, শ্রমিক যখন এইরকম কাজ করে তখন সে সেই কাজ করতে বাধ্য হয়েই করে, সখ ক'রে করে না। আপনারা যখন সামাজিক ঘটনার বাহিক প্রকাশটা দেখে তার বিচার করতে বসেন, ঘটনার মূল কারণ অনুধাবন করেন না। একে সমস্যা বিচার বলে না, বলে

swimming with the current on the surface

খড়্গপুরের রেলওয়ের কর্মচারীরা শ্রমিকরা কোনদিন এই কাজ করে নি; সেদিন কেন করল? দিল্লীর রেলকর্মচারী শ্রমিকরা কেন এই কাজ করতে বাধ্য হয়? কালকার রেলকর্মচারী শ্রমিকরা কেন এই ধর্মঘটের পথ ধরতে বাধ্য হয়? এখানে আপনারা কেউ তো বললেন না যে, রেলকর্তৃপক্ষের হৃদয়হীন ব্যবহার এর জন্য দায়ী; কেউ তো বললেন না যে, কর্তৃপক্ষের শ্রমিক-বিরোধী কার্যকলাপ রেলশ্রমিক কর্মচারীদের মনে হতাশা এনে দিয়েছে; কেউ তো দেখালেন না যে, শ্রমিকরা আপ্রাণ চেষ্টা করেছে নিয়মতান্ত্রিক পন্থায় তাদের দাবী আদায়ের জন্য তারপর বার বার ব্যর্থ হয়ে তারা এই পথ গ্রহণ করতে বাধ্য হয়েছে? প্রতি পদে ব্যর্থ হয়ে দাবী আদায়ের পথ না দেখে তারা শেষকালে ডেসপারেট হয়ে এই কাজ করেছে। সুতরাং যদি কাউকে নিন্দা করতে হয় তা হ'লে আমি সেজন্য শ্রমিক শ্রেণীকে নিন্দা করব না, নিন্দা করব সেই সরকারকে যার শ্রমিক বিরোধী নীতির জন্য মানুষ এইরকমভাবে ক্ষিপ্ত হয়ে উঠতে বাধ্য হয়; যাঁরা শ্রমিকদের নিন্দা করেন এবং মনে করেন যে, এইজন্যে বাংলার মুখে কালি পড়ে গেছে, আমি বলব যে, তাঁরা ঘটনার বিচার করতে শেখেন নি; তাঁরা পল্লবগ্রাহিতার দোষে দুষ্ট। তাঁরা ভুলে যান যে, একটা পিঁপড়েকে যদি অনবরত খোঁচান যায় তা হ'লে সেও কামড়ে দেয়। সেখানে

মানুষ তো সর্বশক্তি দিয়ে অন্যায়ের প্রতিবাদ করবেই। সরকার যদি মেহনতী মানুষকে তিলে তিলে মেরে ফেলতে চান তা হ'লে সেই মুমূর্ষু মানুষ মরার আগে একবার কামড়াবার চেষ্টা করবেই। অন্যলোকে শোষিত অত্যাচারিত মানুষের সে প্রতিবাদকে কিভাবে দেখেন তা আমি জানি না, তবে আমি তাকে নমস্কার করি, তাকে অভিনন্দন জানাই। ১৩৫০ সালের মন্বন্তরে সাধারণ মানুষের গরু ছাগলের মত মরাকে আমি প্রশংসা করতে পারি না। রাস্তায় না খেতে পেয়ে কুকুর বেড়ালের মত মরার আগে যদি তারা শোষক শাসক শ্রেণীকে আঘাত দিয়ে মরত তা হ'লে মনুষ্যত্বের জয়গান পেয়ে যেত। ইতিহাসে তারা অমর হয়ে থাকত। সুতরাং ২৬ তারিখের ঘটনাকে কেন্দ্র ক'রে যাঁরা সমস্ত দোষকে শ্রমিকদের ঘাড়ে চাপাতে যাচ্ছেন আমি তাঁদের তীব্র নিন্দা করি; আমি তাঁদের ধনিক শ্রেণীর দালাল ব'লে মনে করি। তা ছাড়াও আমার জিজ্ঞাস্য, ২৬ তারিখের ঘটনার আগে পুলিস কেন সেখানে অত্যাচার করল? এখানে কেউ কেউ বলেছেন যে, পুলিস কোন অত্যাচার সেখানে করে নি, কিন্তু আমাদের কাছে যে প্রমাণ আছে তা থেকে আমরা দেখছি যে, পুলিস সেখানে অত্যাচার করেছে। আমি জিজ্ঞাসা করব, যেখানে সন্দেহের অবকাশ আছে সেখানে অনুসন্ধান করতে আপত্তি কি আছে? সুতরাং অনুসন্ধান হোক এবং তা থেকে প্রমাণিত হয় যে, আমাদের অভিযোগ অসত্য তা হ'লে যে কোন সাজা আমি মাথা পেতে নিতে রাজী আছি। কিন্তু যদি প্রমাণ হয় যে, সেখানে পুলিসী জুলুম হয়েছে তা হ'লে সরকার পক্ষ কি রাজী আছেন পদত্যাগ করতে? অনুসন্ধানে কোন আপত্তি থাকতে পারে না। এনকোয়ারি হোক, সমস্ত দলের প্রতিনিধি নিয়ে অনুসন্ধান হয়ে দেখা যাক যে, পুলিস সেখানে অত্যাচার করেছে কিনা এবং পুলিস যদি অত্যাচার করে থাকে তা হ'লে তাকে সাজা দিতেই হবে। আমার কাছে যেসব প্রমাণ আছে তাতে খড়্গপুরে যে অমানুষিক পুলিসী অত্যাচার হয়েছে সেখানে যে অকথ্য বর্বর রাজত্ব চলেছিল তাতে কোন সন্দেহ নেই। সরকার পক্ষ বলেছেন—এসব কিছু হয় নি। এই বিরোধী এ্যাসারসনএর সত্যাসত্য নির্ধারণের জন্য অনুসন্ধানের দরকার। এই প্রসঙ্গে একজন সদস্য গুণ্ডাদের কথা তুলেছেন এবং বলেছেন যে, খড়্গপুরে এদের জন্য স্ত্রীলোকেরা রাস্তা দিয়ে একাকী যেতে পারে না। কিন্তু মনে রাখা দরকার যে, এইসব গুণ্ডাদের কোন জাত নেই, এদের জাত—গুণ্ডার জাত। এরা বাঙালী বা তেলেগু নয়, এরা হিন্দু বা মুসলমান নয়—এরা গুণ্ডা। এই গুণ্ডার জাতকে পুলিস প্রশ্রয় দিয়েছে। পুলিস তাদের প্ররোচিত করেছে এমন ধরনের কাজ করতে যাতে সাধারণ শ্রমিককে দোষের মধ্যে জড়িয়ে দেওয়া যায়। সুতরাং যাঁরা এই সত্য না দেখে খড়্গপুরের ঘটনাকে প্রাদেশিক রূপ দিতে চান, তাঁরা অত্যাচারের বিরুদ্ধে সাধারণ মানুষের সংগ্রামী ঐক্যবদ্ধতাকে ভেঙে দিতে চান এবং এইভাবে তাঁরা ধনিক শোষকশ্রেণীকে সমর্থন করেন। সেজন্য আমি বলব যে, খড়্গপুর সম্বন্ধে যেসমস্ত পরস্পরবিরোধী কথা বলা হচ্ছে তা থেকে সত্য ছেঁকে বের করতে হ'লে বেসরকারী তদন্তের প্রয়োজন।

[3-20—3-30 p.m.]

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের সদস্যের বিরুদ্ধে যে অভিযোগ উত্থাপন করা হয়েছে তার আমি তীব্র প্রতিবাদ করি। বলা হয়েছে যে, তিনি খড়্গপুরে পুলিসকে সাপোর্ট করে বলেছেন। এটা মোটেই সত্য নয়, বরঞ্চ ১৯৩০ সাল থেকে বৃটিশ গভর্নমেন্টের আমল থেকেই আমরা সেই বিদেশী সরকারের বিরুদ্ধে লড়েছি এবং পরপর তিনটি বৃটিশ ম্যাজিস্ট্রেটকে গুলী ক'রে মারা হয়েছিল। এইসব ঐতিহ্য আমাদের আছে। বৃটিশ আমলে কারখানার কাজে তাই আমাদের উপযুক্ত সংখ্যায় নেওয়া হ'ত না। তারাই আইন ক'রে গিয়েছিল যার ফলে কারখানাগুলিতে বাঙালীর ছেলে চাকরী পেত না, সমস্ত বাইরের লোক এসে চাকরী পেত। আজও সেই আইন সেখানে চলে আসছে। আজ বাঙলায় এই বিগেস্ট কারখানা থাকা সত্ত্বেও মেদিনীপুরের কোন ছেলে কাজ পাচ্ছে না। মেদিনীপুরের ছেলেরা কি অকর্মণ্য যে তারা ভালভাবে পাশ করা সত্ত্বেও কাজ পাচ্ছে না। সেখানে আমাদের কৃষ্ণচন্দ্র বাবু যে কথা বলতে চেয়েছেন তাতে তিনি কোথাও প্রকাশ করেন নি যে, এনকোয়ারি বন্ধ করা হোক। এনকোয়ারি করা হোক কেন স্ট্রাইক হয়েছে, কেন বাঙালী কারখানার চাকরীতে স্থান পাচ্ছে না এটাও দেখা হোক। আমি গত কয়েকদিন পূর্বে বিধানসভার প্রতিটি সদস্যকে ও মাননীয় প্রধানমন্ত্রীকে

মেদিনীপুরের বেকার ছেলেদের উপযুক্ত চাকরীর ব্যবস্থা করতে আবেদন করেছি ও স্থানীয় কারখানার উর্ধ্বতন কর্মচারীরা কিভাবে বাংলাদেশের বাহির হইতে লোক আনিয়া বাংলার লোকদের বাদ দিতেছেন তাহাও অনুসন্ধান করা হোক।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়, খড়গপুরএ গত মে মাসে পুলিস যে বিভীষিকার রাজত্ব সৃষ্টি করেছিল তার নিন্দা করবার ভাষা নেই। সেখানে যে স্ট্রাইক হয়েছিল তার একটা দাবী ছিল সেটা মিঃ কাপুর কেন মেটান নি যার জন্যে শেষ পর্যন্ত গোলমালের সৃষ্টি হয়। তার জন্যে দায়ী কে সেটা জানা দরকার। তাঁরা বলবেন ট্রেন দুর্ঘটনা হয়েছিল। আমি মনে করি যেখানে যেখানে বিশৃংখলা ঘটেছিল সেখানে মালিকের এজেন্টরাই যে গোলমালের সৃষ্টি করেন নি, তার প্রমাণ কি? আমি মনে করি ২২এ থেকে ২৫এ পর্যন্ত যে অত্যাচার হ'ল সেটা কংগ্রেস গভর্নমেন্টের পক্ষে কলঙ্কের কথা। সেখানে যা ঘটেছিল তা কোন সভ্য দেশে ঘটে না। সেখানে বিভীষিকার রাজত্ব সৃষ্টি করা হয়েছিল, শিশু-বৃদ্ধ নির্বিশেষে মারপিট, গ্রেপ্তার করা হয়েছিল। আমার সন্দেহ হয় ডাঃ রায় এর পিছনে আছেন কিনা। পুলিস যে অত্যাচার করল......

[Disturbances and noise.]

কালকে শ্রীদেশমুখ যে স্টেটমেন্ট দিয়েছেন প্রধানমন্ত্রীমহাশয় সম্পর্কে তার একটা লাইন পড়ে শুনাব।

Mr. Speaker: Why do you bring in irrelevant matters?

Sj. Balailal Das Mahapatra:

তিনি বলেছেন এরূপ প্রমাণ আছে যে, বোম্বাইএর মুখ্যমন্ত্রী পুলিসকে লোক দেখামাত্র গুলী করবার এবং হত্যা করবার জন্য গুলী করবার নির্দেশ দিয়েছিলেন। স্ত্রীলোক, বালক-বালিকাগণ ভয়ে বাহির হয়ে আসতেই তাদের নির্বিশেষে গুলী করা হবে। পুলিস ইচ্ছা করে টিয়ার গ্যাস ব্যবহার করেছেন এবং ২৫২ রাউন্ড টমি গান থেকে গুলী চালিয়েছিল এবং তাতে বহু হতাহত হয়। এরকম কাজ করা কংগ্রেস সরকারের নিত্যনৈমিত্তিক ব্যাপার। বিভিন্ন জায়গায় এটা আমরা দেখতে পাই। আজ যেটা বোম্বাইয়ে হয়েছে, তার পুনরাবৃত্তি খড়্গপুরে দেখলাম। সেখানে ৮ই মে যে স্ট্রাইক হ'ল সেখানে গভর্নমেন্ট কেন হস্তক্ষেপ করেন নি। শ্রমিকদের দাবী ন্যায়সংগত ছিল কিনা তা দেখা হ'ল না কেন? কংগ্রেসের সেখানে নাকি যথেষ্ট প্রভাব আছে তা হ'লে সেই প্রভাব কেন যে চিন্তা করা হ'ল না তা বুঝি না। শ্রমিকদের দাবীর পিছনে দাঁড়ান উচিত ছিল এবং সেই দাবী মেটানর জন্যে মুখ্যমন্ত্রীর সেখানে ছুটে গিয়ে দাঁড়ান উচিত ছিল। আজ আমরা দাবী করছি বেসরকারী তদন্ত কমিশন গঠন করা হোক। আমাদের ন্যায়সংগত প্রস্তাব এই : আমরা বলছি, বিধানসভার বিভিন্ন পার্টি শুধু কমিউনিস্ট পার্টি, আর-এস-পি, অর ফরওয়ার্ড ব্লক থেকে নয় প্রত্যেক দলের প্রতিনিধি নিয়ে কমিশন গঠন করতে চাইছি। কেন সেখানে অশান্তি হ'ল, ১৪৪ ধারা জারী করা কেন হ'ল তা দেখা দরকার। অথবা যদি এখান থেকে নির্দেশ না যায় অথচ পুলিস যদি অত্যাচার করে থাকে তারও তদন্ত হওয়া দরকার। সেজন্যে আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং বেসরকারী তদন্তের উপর বিশেষভাবে জোর দিচ্ছি। কারণ, পুলিস ম্যাজিস্ট্রেটের বিচার যেখানে হয় সেখানে দেখা যায় সমস্ত ঘটনাই উলটেপালটে গেছে। এরকম ভূরি ভূরি প্রমাণ আছে। তাই বলব কংগ্রেস যদি নির্দোষী হন সেটা বেসরকারী তদন্তের মারফৎ প্রমাণ করুন।

Sj. Bankim Mukharji:

মাননীয় স্পীকার মহাশয়, এ বিষয়টি লোকসভার সঙ্গে বিশেষভাবে জড়িত যেহেতু এটা রেলওয়েএর ব্যাপার। কাজেই আমি এখানে রেলওয়ে ধর্মঘট এবং সেই ধর্মঘট কতখানি ন্যায্য তাই নিয়ে আলোচনা করতে চাইনে, কিন্তু এই কথা সঙ্গে সঙ্গে মানতে হবে যে, বাংলাদেশের সরকার নিজে থেকে নয়, সেন্ট্রাল এ্যাডমিনিস্টার্ড রেলওয়ে কর্তৃপক্ষ তাঁদের হুকুম দিয়েছেন

আর তারা সঙ্গে সঙ্গে তাদের ল এ্যান্ড অর্ডারএর যে বাহিনী তা প্রয়োগ করেছেন। এইটে ডাঃ রায়কে খণ্ডন করতে হবে যে, তা নয়। আমি স্ট্রাইক সম্বন্ধে যেতে চাই নে, কারণ সেটা হচ্ছে এ্যাডজুডিকেশন মেসিনারি ফেল করেছে এইটে ওয়ার্কারসদের বক্তব্য এবং যে বিবৃতি তাদের সম্বন্ধে দেওয়া হয়েছে তা ভুল অর্থাৎ যে বিবৃতি লোকসভায় রেলওয়ে মন্ত্রী দিয়েছেন ; কিন্তু একথা সবাই মানবেন যে, কোন ঘটনা ঘটে নি স্ট্রাইকএর পর ৮।১০ দিনের মধ্যে, অর্থাৎ ৮ থেকে ২১ পর্যন্ত এমন কোন ঘটনা ঘটে নি যাতে সেখানে বাংলা সরকারের প্রয়োজন হয়েছিল এইভাবে হস্তক্ষেপ করা। যে মুহূর্তে কারখানা থেকে ধর্মঘট বাইরে ছড়িয়ে পড়ে, সিগন্যাল ম্যান স্ট্রাইক করেন, তখন রেলওয়ে কর্তৃপক্ষ ব্যতিব্যস্ত হয়ে পড়েন, স্ট্রাইক ব্যাপক আকার ধারণ করবে তাই বাংলা সরকারের শরণাপন্ন হন এবং বাংলা সরকারও তৎক্ষণাৎ দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে সেখানে উপস্থিত হলেন, ১৪৪ ধারা এখানে প্রত্যেক জায়গায় ঘোষণা করা হয়। ডাঃ রায়কে দেখতে হবে ৮ তারিখ থেকে কি ঘটেছিল যার জন্যে এর প্রয়োজন হয়েছিল। আমরা বেসরকারী তদন্ত করতে যারা গিয়েছিল'ম বিভিন্ন এম এল এ, এম পি তারা দেখেছিলাম বাংলা সরকার যেদিন হস্তক্ষেপ করলেন সেদিন থেকেই অশান্তির শুরু হ'ল। তার পূর্বে রেলওয়ে কারখানার মধ্যে এবং বাইরে সাম্প্রদায়িক আগুন প্রবলভাবে ছড়িয়ে দেওয়া হয়েছে, সেটা অবশ্য আমাদের এখানে আলোচনার কথা নয়। কিন্তু দুঃখের কথা পুলিস এসে প্রথম কাজ করলেন কি না তারা রেলওয়ে ইউনিয়ন ঘরে যারা শুয়েছিল তাদের গ্রেপ্তার করে আনা। এমনকি তাদের একটা কমিটি মিটিং ডাকা হয়েছিল এবং তাতে যেসমস্ত এক্সিকিউটিভ মেম্বারস যোগদানের জন্য বাইরে থেকে আগের রাত্রে এসেছিলেন তাঁরাও রাত্রে ইউনিয়ন অফিসএ নিদ্রিত ছিলেন, সকালবেলায় তাদের গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়। তাঁদের বিরুদ্ধে কোন অভিযোগ বাংলা সরকারের কাছে আছে কি? তার চেয়েও ভয়ানক ব্যাপার আমাদের পার্টির সেখানকার বিশিষ্ট কর্মী নারায়ণ চোবে, এবং দ্বিজেন চক্রবর্তী যারা বিশেষভাবে শান্তি রক্ষার্থে অর্থাৎ যাতে কোন সম্প্রদায়িক গোলমাল না হয় তার জন্য চেষ্টা করছিলেন, রাস্তায় রাস্তায় মিটিং করে এমন একটা সুন্দরভাবের সৃষ্টি করেছিলেন যাতে রাস্তার লোক তাদের বুকে ধরে আলিঙ্গন করে তাদেরও পর্যন্ত গ্রেপ্তার করা হ'ল।

[3-30—3-40 p.m.]

এমন কি তাদের একটা কমিটি মিটিং ডাকা হয়েছিল এবং অন্য স্থান থেকে যেসমস্ত একজিকিউটিভ কমিটির মেম্বরেরা উপস্থিত হয়েছিল, যারা আগের রাত্রে এসেছিল এবং সন্ধ্যাবেলা মিটিং ক'রে রাত্রিতে ইউনিয়ন অফিসে ঘুমাচ্ছিল তাদের সকালবেলা গ্রেপ্তার করা হয়েছে। কিসের জন্য? তাদের বিরুদ্ধে কোন অভিযোগ কি বাংলা সরকারের কাছে আছে? তার চেয়েও ভয়ানক ব্যাপার! আমাদের পার্টির সেখানকার বিশিষ্ট কর্মী নারায়ণ চোবে এবং বীরেন চক্রবর্তী তারা বিশেষভাবে খড়্গপুরে শান্তিরক্ষার জন্য এবং ঐ সম্পর্কে যাতে গোলমাল না হয় কেননা, কিছু লোক কাজে যাচ্ছে, কিছু যাচ্ছে না কাজেই সেইরকম অবস্থায় শান্তি যাতে থাকে সেজন্য রাস্তায় রাস্তায় মিটিং ক'রে এমন একটা আবহাওয়ার সৃষ্টি করেছিল যে, লোক বেরিয়ে এসে তাদের বুকে জড়িয়ে ধরে আলিঙ্গন করেছিল, সেইরকম লোককে সিকিউরিটি এ্যাক্টে ধরা হয়। কি অপরাধে? না, তারা শান্তির বাণী প্রচার করেছিল ; আর কি অপরাধে? না, তারা চেষ্টা করেছিল যে, সাম্প্রদায়িক কোন সংঘর্ষ যেন না হয়। তা হ'লে এইটাই কি সরকারের মনোভাব যে, কোন লোক যদি শান্তির জন্য বা গোলমাল না হওয়ার জন্য কাজ করে তাঁরা হবেন সরকারের চোখে শত্রু এবং যাঁরা সাম্প্রদায়িক উস্কানি দেন এবং দাঙ্গা বাধাবার জন্য চেষ্টা করেন তাঁরাই হচ্ছেন এদের মিত্র, অর্থাৎ গুণ্ডার দল এ'দের মিত্র? সেইজন্যই বোধহয় এইসমস্ত লোককে ধরা হ'ল। তখনও কিছু নয় ; কিন্তু যখন লোক দুপুরবেলা খেতে বসেছে সেই সময় তাদের বাড়ীঘরের উপর চড়াও হয়ে আক্রমণ করা হয় সেইদিন প্রথম উস্কানি বাংলা সরকার দেন। তার পরের দিন যখন স্ত্রীলোকদের উপর অত্যাচার হয় যেকথা পূর্বের বক্তারা বিশদভাবে বর্ণনা ক'রে গেছেন সেই অত্যাচার যখন হয়েছিল তখন নিশ্চয়ই জনসাধারণ ক্ষিপ্ত হয়ে উঠতে পারত। তাদের তখনকার কার্যকলাপে তাদের খুব বেশি দোষ দেওয়া যেত না। এমন কি ৮০ বছরের বৃদ্ধা, তাঁরও সাক্ষ্য নিয়েছি, তিনিও আহতা ; তাঁদেরও ধরা হয়েছিল। আর সবচেয়ে সাংঘাতিক কথা যে, এইসমস্ত

মেয়েদের নানারকম চার্জ দিয়ে পুলিস গ্রেপ্তার ক'রে নিয়ে যায় এবং তার পরে ছেড়ে দেয়। আমরা জিজ্ঞাসা করি যে, কেন গ্রেপ্তার করা হয়েছিল এবং কেন ছেড়ে দেওয়া হয়েছিল? আমাদের দেশে স্ত্রীলোকদের সম্বন্ধে একটা বিশেষ রকম ধারণা আছে যে, তাদের যতদূর সম্ভব নির্যাতনের মধ্যে না নিয়ে আসা। যদি এমন হ'ত যে, এই স্ত্রীলোক অত্যন্ত অপরাধী, অবশ্য সেখানে গভর্নমেন্টের পক্ষে তাকে গ্রেপ্তার করা ছাড়া উপায় নাই। কিন্তু এক্ষেত্রে আমরা দেখি, যতগুলো স্ত্রীলোককে ধরা হয়েছিল তাদের প্রত্যেককে ছেড়ে দেওয়া হয়েছে। তা হ'লে তার মানে হচ্ছে যে, অত্যন্ত সামান্যতম হেতু বা কারণ না থাকা সত্ত্বেও এই স্ত্রীলোকদের ধরে নিয়ে যাওয়া হয়েছিল। আমার এখানে বক্তব্য যে, তারা বিশেষভাবে অপরাধী ব'লে যদি পুলিসের কাছে বিশেষ প্রমাণ থাকত তবে সেই স্ত্রীলোকদের গ্রেপ্তার করুন, কিন্তু এখানে দেখা যাচ্ছে যে, ইনডিসক্রিমিনেটভাবে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু তারপর একটি স্ত্রীলোকের বিরুদ্ধেও কেস চালু করা হয় নি। এইটিই গভর্নমেন্টের নিজের পক্ষে সেলফ-কনডেমনেশন যে, কেন তাঁরা এইসমস্ত স্ত্রীলোককে ধরে নিয়ে গিয়েছিলেন। এইভাবে ধরে নিয়ে যাবার পর যদি দেশের জনসাধারণের স্ত্রীলোকদের প্রতি একটা গভীর আস্থা, প্রীতি এবং শ্রদ্ধা আছে ব'লে ক্ষিপ্ত হয়ে ওঠে তা হ'লে সে বিষয়ে কিছু ব'লে বা তাই নিয়ে আলোচনা ক'রে লাভ নাই। আমার বক্তব্য হচ্ছে যে, খড়্গপুরের এই কার্যের জন্য প্রধানত দায়ী রেলওয়ে এ্যাডমিনিস্ট্রেশন যাদের ভিতর একটা কঠোর পুলিসী মনোভাব এবং একটা অনমনীয় মনোভাব বিদ্যমান ছিল যার জন্য তাঁরা আইনকে পর্যন্ত স্বীকার করতে চান না, সেইপ্রকার যত ব্যুরোক্র্যাট আমলারা তাদের বাংলাদেশে শায়েস্তা না ক'রে বাংলাদেশের সরকার তাদের প্রশ্রয় দিয়ে শ্রমিকের বিরুদ্ধে যদি উস্কানি না দিতেন তা হ'লে খড়্গপুরে এই অশান্তি হ'ত না। আমার ধারণা এ বিষয়ে বাংলাদেশের গভর্নমেন্টের দায়িত্ব অত্যন্ত বেশী। কেন্দ্রীয় সরকারের কারও ব্যাক এ্যান্ড কল পেলেই তাঁরা পাগলের মত ছুটবেন এবং তাঁদের কথা স্বীকার ক'রে নিয়ে লোককে গ্রেপ্তার করবেন এ জিনিসটা জনসাধারণের মর্যাদার পক্ষে হানিকর।

আমাদের দেশের মধ্যে শান্তি ও শৃঙ্খলা রক্ষা করা বাংলা সরকারের কর্তব্য। কিন্তু সে বিষয়ে সম্পূর্ণ স্বাধীনভাবে সকল বিষয়ে সন্তুষ্ট হয়ে তবে করা উচিত। আর তা না হয়ে সেন্ট্রাল এ্যাডমিনিস্ট্রেশন আহ্বান করলেন, আর তাঁরা পিছন পিছন দৌড়ালেন, এ বাংলার পক্ষে মর্যাদাজনক নয়। এর প্রমাণ আমরা খড়্গপুরে পেয়েছি। সেখানে অশিষ্ট, উদ্ধত, নিষ্ঠুর শাসকসম্প্রদায় ওখানকার যে আমলাতন্ত্র তাদের অত্যাচারকে ঢাকা দেওয়ার জন্য বাংলা সরকার শুধু এগিয়ে যান নি, তাঁরা এত বেশী অত্যাচার করেছেন যা কেন্দ্রীয় রেলওয়ে এ্যাডমিনিস্ট্রেশন করতে সাহস পান নি। তাঁদের হাতে ক্ষমতা নাই, পুলিস তাঁদের হাতে নাই, সেখানে বাংলা সরকার তাঁদের হয়ে সেই কাজ ক'রে দিয়েছেন, যা তাঁরা নিজেরা করতে পারতেন না। ও'রা ফ্যাক্টরির মধ্যে যা করেছেন তার চেয়েও বাংলা সরকার এই ক' দিনের মধ্যে সমস্ত খড়্গপুর শহরে বেশী তাণ্ডবলীলা চালিয়েছেন এবং খড়্গপুরের অশান্তির জন্য বাংলা সরকারের দায়িত্ব ছিল খুব বেশী।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have heard with attention what my friends have got to say with regard to the incidents that occurred in Kharagpur. It is necessary, perhaps, to go a little further back beyond the period mentioned in the resolution.

Dr. Ranendra Nath Sen:

তবে আমার বেলায় কেন আপত্তি করেছিলেন?

Mr. Speaker: I had allowed it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That from the 1st March the brush and painters in Kharagpur numbering 112 went on a lightening stay in strike refusing to do their normal work of stencil marking of wagons until they were given the skilled rate for their work which was not admissible under the rules.

On the 1st May there was an assault on a ticket collector by a constable at Muri in Bihar. This was followed by strikes in the railway districts of Adra and Chakradharpur in Bihar and Orissa and a portion of the Bilaspur railway district in Madhya Pradesh. The incident also afforded an easy plea to the workshop branch in Kharagpur to stage a strike on or about the 6th May, 1956. A rumour spread in Kharagpur that the ticket collector who had been assaulted at Muri had died of his injuries. The strike situation in Tatanagar and other places was very serious. On the 8th May there was a lightening stay in strike in the Kharagpur Workshop involving 5,000 workers. On the 9th May there was a few cases of pelting of stones on the loyal workers in the workshop and the number of workers on strike rose to nearly 10,000 out of a total strength of 13,000 in the workshop. Subsequently, other establishments like general stores, loco running shed, etc., were also affected. Up till now our police did not take any action which can be condemned here except to watch the events. The strike in Tatanagar was called off but the union leaders at Kharagpur decided to continue the strike until the demands of the brush and painters were fulfilled. A few public meetings were held by the union at which the workers were exhorted to continue the strike. Until then no action was taken by the police. Many cases of intimidation and assault on the loyal workers took place almost every day. Reports came in daily in this connection. Precautionary measures only were taken up to this stage. On the morning of the 19th May section 144 was promulgated to prohibit the meetings and processions because in the opinion of the District Officer there was a possibility of the breach of the peace.

[3-40—3-50 p.m.]

Shri Guruswami, President of the Union, came to Kharagpur on the 18th and he wanted to hold a public meeting to condemn the strike. The ban was relaxed at his request and it was at that meeting that he expressed his complete disapproval of the strike and appealed to the workers to proceed in a constitutional way. He came to Calcutta and conveyed the same tidings to me. He never mentioned one word about there being at that stage any police excess of any type to which he would have drawn my attention if there had been any. About this time the railway authorities of Kharagpur asked us to declare the workshop as a protected place under the West Bengal Security Act, 1951, as they apprehended that some of the workers might destroy the equipments in the workshop. Attendance at the workshop, therefore, was permitted only on the basis of permit. Some took their permit cards but others were prevented from taking the permit cards by threat and intimidation. A number of assaults on loyal workers took place in the meantime and naturally those who did go on the first day or the second day after the permit system was introduced, could not go again to the workshop. Sir, it has to be remembered that Kharagpur is a very important railway junction and to have 10,000 workers out of the 13,000 out of work is not merely a question of a certain number remaining out of work but it is a question of the whole railway system being affected and a large number of people who have nothing to do with the strike or even with the difference of opinion between the management and the workers were likely to be affected. The number of assaults on the loyal workers began increasing and several complaints were received from the railway authorities that many workers were indulging in prejudicial acts with the intent to impair efficiency and impede the working of the railway workshop. There were several assaults on loyal workers resulting in very serious injuries in some cases. The district authorities had no alternative but to effect a number of arrests under the West Bengal Security Act and other laws on various charges, such as rioting and assault

with deadly weapons, etc. Sir, the district authorities even then continued to maintain their vigilance over the situation, taking all precautionary measures like patrolling the streets with mobile patrol, posting of stationary pickets at strategic places, escorting loyal workers to the workshop and back to their residence, as necessary. On the 22nd of May, there was a set-back in the situation. A number of workers who were coming back to their home for the mid-day recess were set upon by one hundred miscreants as a result of which six were injured and three of them who were very badly injured had to be rushed to hospital. The police at once rushed to the spot and made a number of arrests. In the same evening another assault took place and several arrests were made. From the 24th there was some improvement in the attendance in the workshop. 2,000 workers in both the shifts on that day attended. On the 25th there were a greater improvement and 4,500 attended in the morning and 4,800 in the evening. At 11 o'clock on that day about 25 women I want to draw the attention of my gallant friend Shri Bankim Mukherji to the fact—about 25 women with a number of strikers behind them gathered near the gate of the time office of the workshop and started throwing brickbats inside the workshop. They were, however, dispersed with great difficulty.

[Cries of "Question" from the Opposition benches.]

Question—you may go on questioning till you have finished. From 2 o'clock in the afternoon women began to assemble before the time office gate and also near the loco shed. With broom-sticks they started assaulting the loco workers. An instance may here be given of the manner in which force was used on willing workers in the afternoon of that day. A loyal worker, who is a spring-maker, while approaching his house, found two or three women waiting there with lathis. As he tried to run away, he was chased and caught hold of by two women while another struck him with a blow in the mouth resulting in one of his front teeth being broken with a lot of bleeding. Sir, another incident of an assault with broom-sticks by Telugu women on a loyal worker in the loco shed took place in the afternoon. Several other such incidents were reported. I will not refer to the incident of the 26th because it is not a part of the resolution and also because my friends have condemned the incident. I might tell my friends here that no women were actually arrested before they were found to have actually assaulted the workers. Sir, Shri Guruswami came and saw me on the afternoon of the 25th of May and again on the 26th of May. He told me that he realised that the strike was uncalled for and that therefore he had advised the workers to go back to work. He asked me to withdraw all criminal cases against the workers and I replied to him that those workers who have been arrested for either violating section 144, etc., etc., or any other technical breach, will be released, but those against whom direct evidence of violence is there will not be released. My friend Shri Bankim Mukherji was exercised in his mind as to why was it that we arrested and released them. The reason is quite simple. We have got to arrest a certain number of people on technical grounds, viz., violation of section 144. As a matter of fact, Sir, I have got here figures to show that between the dates of 22nd of May, 1956 and the 25th of May, 1956, 88 people were arrested and every one of them was released. That shows that although they are arrested for various charges—of course, I confess my ignorance with regard to the sections of the Indian Penal Code or whatever it is—section 147 or other sections and section 11 of the West Bengal Security Act—there were several of them who were arrested under the West Bengal Security Act and there were some others who were arrested for technical reasons. (Sj. Bankim Mukherji: Is there any quota fixed

for arrests on technical grounds?) There is a quota but you won't understand how that quota is worked. My suggestion is—it is a direction that is given by the Government—that if there is a case in which on the spur of the moment the police have to arrest people to prevent lawlessness, then if there is no charge of violence against any one of them, there is no necessity for keeping them either to send them up for trial or to keep them under detention.

[3-50—4 p.m.]

I have been told that I am partly guilty of the excesses of the police. My friend there waxed eloquent because of some statement which has been made in the Lok Sabha. I am not ashamed of the statement which the gentleman has made but I am only ashamed that this has been utilised for saying this. All I need say is that he is entirely out of court. There is no question of firing to kill in this particular case. I, as head of the administration and head of the Police, declare here and now that the Government which cannot maintain law and order should cease to govern and every time that there is a breach of the law and order, this Government will step in with all the might they possess in order that peaceful citizens may be protected. Sir, in this particular case my friend says—let us have an enquiry committee by unprejudiced persons. But, Sir, may I know where is the unprejudiced person?" Every one of them has spoken strongly against it. So assuming that I agree to have an enquiry, but where are the unprejudiced persons? (Sj. JYOTI BASU: Sj. Satpathi is an unprejudiced person.) I do not know Sj. Satpathi or others. Sj. Subodh Banerjee has suggested to take persons who have not taken any side, but, Sir, every one of them has taken a side. Then are we to get persons from heaven to be members of this committee? Police has taken all necessary precautions for the purpose of protecting the peace-loving citizens and it will be an evil day if the police is condemned instead of being congratulated for saving the persons from violence. I am not going to agree to form a committee, however big, however intelligent and however brilliant the members of the committee may be.

Mr. Speaker: Technically, the mover has a right of reply. In this case it is a ballot resolution of priority. I asked Sj. Nagen Dalui to formally move the resolution but he did not speak a single word. I gave permission to Dr. Ranendra Nath Sen and therefore technically after he has spoken, the Chief Minister will reply last.

Dr. Ranendra Nath Sen: He will speak again on this non-official resolution?

Mr. Speaker: Yes, that is the procedure.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, ডাঃ রায়ের বক্তৃতার শেষ দিকটায় তাঁর আসল রূপ প্রকাশ পেয়েছে। গোড়াতে মনে হয়েছিল যে, তিনি বোধহয় খড়্গপুরের ব্যাপারে বেশ একটু বেকায়দায় পড়েছেন, কেননা আমরা জানি যে, খড়্গপুরের রেল কর্তৃপক্ষের কুকীর্তি এবং দুর্নীতি তাঁর মত লোককে পর্যন্ত লজ্জা দেয়, এবং তিনি তাদের সমর্থন করতে পারেন না, কারণ অতীতে যখন তাঁর পুলিস বি এন আর [illegible] মাথা ভাঙে তখন তিনি বেশ একটু বেকায়দায় পড়েছিলেন। ডাঃ রায় শেষদিকে পুলিসের যখন কথা হচ্ছিল তখন স্থির থাকতে পারলেন না, আগেকার দিনে বৃটিশ সাম্রাজ্যবাদীরা যেভাবে বলতেন—

Government would step in when law and order is threatened and Law and Order

কাকে প্রেটেন্ড করেছিল তা কাপুর সাহেব কি জেলা ম্যাজিস্ট্রেট জানেন? এমন রিপোর্ট বেরিয়েছিল, যে রিপোর্ট বলা যেতে পারে লাইং স্টেটমেন্ট। যেমন ৯ই মেতে তিনি বলেছিলেন লয়্যাল ওয়ার্কারসরা কারখানার মধ্যে যাচ্ছিল যারা আনলয়্যাল অথবা ডিসলয়্যাল তাদের তারা ইট মেরেছিল—আমি সবিনয়ে ডাঃ রায়কে বলছি, ৮ই মে স্ট্রাইক হল সেদিন থেকে সাতদিন স্ট্রাইক চলল—প্রত্যেক ওয়ার্কার—লয়্যাল এবং ডিসলয়্যাল—কারখানায় গিয়েছে—লয়্যাল ওয়ার্কারসরা গিয়েছে আর ডিসলয়্যাল ওয়ার্কারসরা যাচ্ছে না ঘটনা মোটেই তা নয়। তিনি যেখান থেকে খবর পেয়েছেন সেটা সম্পূর্ণ একটা বাজে খবর পেয়েছেন। এখান থেকে সুরু করছি যে, যে রিপোর্ট তিনি পেয়েছেন সেটা যেভাবে তিনি বললেন—সম্পূর্ণ মিথ্যা—লাইয়িং স্টেটমেন্ট। ৮ই মে থেকে সেখানকার প্রতিটি শ্রমিক হরতাল ক'রে কারখানার ভিতরে বসেছিল।

তারপর তিনি আর একটা কথা বললেন, আশ্চর্য ব্যাপার, গুরুস্বামীর সঙ্গে তাঁর তিনবার কথা হয়েছিল মুরীর ব্যাপার নিয়ে। মুরীর ব্যাপার, মুরীর হরতাল ৪ঠা মে শেষ হয়ে গেছে এবং খড়্গপুরের জনসভায় ৫ই মে ঘোষণা করা হয়েছে যে মুরীর ব্যাপার মিটে গিয়েছে। আর তিনি বললেন, ৭ই মে এখানে গুজব রটল মুরীর বাঙালী টিকেট কালেক্টর মত অর্থাৎ তাকে মেরে ফেলা হয়েছে এবং তার জন্য তেলেগু শ্রমিকদের এত মাথাব্যথা হ'ল যে, ১০০-১৫০ মাইল দূরে তেলেগুরা উত্তেজিত হয়ে উঠল। তারপর ডাঃ রায় বললেন, জানি না তাঁকে কে ফাঁকি দিয়েছে, হয়ত কাপুর সাহেব দিয়ে থাকবে, সেটা হচ্ছে ব্রাস হ্যান্ড পেন্টার্স'এর ব্যাপারে, তাঁকে বলি যখন ডিসপিউট হয় তখন ওয়ার্কাসদের যে কাজ দেওয়া হয়েছিল সে কাজ তারা অস্বীকার করে করত। স্কীল্ড ওয়ার্কাসদের বলা হয়েছিল আনস্কীল্ড লেবারএর কাজ করতে আর আনস্কীল্ডদের বলা হয়েছিল স্টেনসেলিং করতে যা তাদের কাজ নয়।

ইউনিয়ন ওয়াটার হাউস ট্রাইব্যুনালের যে সিদ্ধান্ত, যেটা ক্লাসিফিকেশন ট্রাইব্যুনাল এ্যাওয়ার্ড নামে বিখ্যাত, সেই ক্লাসিফিকেশন ট্রাইব্যুনাল এ্যাওয়ার্ড অনুসারে সেই এ্যাওয়ার্ড দেখিয়ে দেয় মিঃ কাপুরের কাছে। সেই এ্যাওয়ার্ড লোকসভায় শ্রীলালবাহাদুর শাস্ত্রীকে দেখানো হয়, তিনি পর্যন্ত এই প্রশ্নের জবাব দেন নি, কারণ মিঃ কাপুর জেনারেল ম্যানেজার বেআইনীভাবে কাজ করেছেন এবং তারা দু'মাস পুরো কারখানায় গেছে, তারা কারখানায় কাজ চেয়েছে, তারা বলেছে যে, গভর্নমেন্টের আইন যা আছে সেই অনুসারে আমাদের কাজ দাও, তার বাইরে ডিউটি করব না তার বেশীও করব না, কমও করব না, কিন্তু তা তাঁরা দেন নি। দু' মাস পরে তাদের হাত থেকে ইমপ্লিমেন্টস কেড়ে নিয়েছে, ইউনিয়ন তখন বলেছে এটা ইললিগ্যাল লক-আউট। ইললিগ্যাল লক-আউট নয়? চল ট্রাইব্যুনালের কাছে রেলওয়ে বোর্ড কিংবা মিঃ কাপুর সেটা শোনেন নি। একথা আগে আমি তুলতে চাই নি, কারণ এটা বিষয়বস্তু ছিল না, ডাঃ রায় তুললেন বলেই আমি তুললুম। আমি জোর করে বলছি, সম্পূর্ণ ভুল তথ্যের উপর তিনি দাঁড়িয়েছেন। ডাঃ রায়ের অবশ্য ক্ষমতা নেই যে, সেখানে সে বিষয়ে তদন্ত করেন। লোকসভা থেকে পার্লামেন্ট থেকে যদি কোন তদন্ত হয়, সেই তদন্তে মিঃ কাপুর সাউথ ইস্টার্ন রেলওয়ের ম্যানেজমেন্ট

they will be condemned before the public eye,

এমন কি গভর্নমেন্টও তাদের সমর্থন করতে পারবেন না। তাই ডাঃ রায় যখন এটা সমর্থন করলেন, সেটা খুব আমতা আমতা করে, থতমত করে করলেন। তারপরে কতরকম কথা বলা হ'ল, আমি মমতাজ সাহেবের বেশী কথা বলব না,

मुमताज साहब कहते हैं कि मासूम जनता को मरवाया गया और सब जनता जलूस लेकर गई। उनके साथ औरतें भी लंका और झाटा लेकर गई।

এইসব কথা বললেন। ডাঃ রায়ও সেকথা বললেন। আমি এটা ভেবেছিলাম মমতাজ সাহেব হয়ত বলবেন, ডাঃ রায় বলবেন না। সেখানে ১৪৪ ধারা জারী করা হয়েছে। সেখানে পুলিস এবং ভ্যান ঘুরছে, সেখানে ডাঃ রায় বললেন যে, ২৪ জন মেয়েলোক লঙ্কাগুঁড়ো এক হাতে আর ঝাঁটা এক হাতে মার্চ করেছিল। এইসব আষাঢ়ে গল্প তিনি এই এ্যাসেম্বলিতে শোনাতে এসেছেন? এবং সেখানে গেলেন কারা, আমি বলেছি, এখানে ৮৫ বছর বয়সের মেয়েকে মারা হয়েছে, ১০ বছর বয়সের মেয়েকে মারা হয়েছে। আমি নাম দিয়েছি—আপ্পারামা,

ভেঙ্কাম্মামা। ১০ বছরের মেয়েকে মারা হয়েছে—ডাঃ রায় দেখলে লজ্জিত হবেন যে, তাঁর [illegible] বয়সী মেয়েকে তাঁর পর্লিস মেরেছে, নির্মমভাবে মেরেছে। এবং সেই ভেঙ্কাম্মামার একটা হাত বহুদিন থেকে কাটা, সে একহাতে লঙ্কার গঁড়া এবং ঝাঁটা কি করে ধরবে? ডাঃ রায়ের এটা এনেকায়ারি করা উচিত ছিল—আমরা বারবার করে বলেছি, এনকোয়ারি করুন। আমরা বিরোধীপক্ষ ত মিথ্যা কথা বলি, আমরা ত কম্যুনিস্ট পার্টির লোক বাড়িয়ে বলি, কিন্তু জ্ঞানবাবু যে বললেন নিজের চোখে তিনি দেখেছেন। ২৩এ তারিখে তিনি সেখানে গিয়েছিলেন, ২৩এ তারিখে তাঁকে ঘিরে পুলিস বাহিনী ঘুরেছে পাছে কোন লোকের সঙ্গে তিনি কথা বলেন। সেই পুলিস বাহিনী জানে না যে, চারজন লোক গেলে পর ১৪৪ ধারা ভঙ্গ করা হয় না। জ্ঞানবাবুর মত লোক, তাঁকেও পর্যন্ত তারা জ্বালাতন করেছে। দোকানঘর ভেঙেছে তিনি নিজের চোখে দেখেছেন, ঘরের দরজা ভেঙ্গেছে তিনি নিজে বললেন, তিনি নিজে বললেন সেখানে সন্ত্রাসের রাজ সৃষ্টি হয়েছে, আর এখানে আষাঢ়ে গল্প বলা হচ্ছে যে, মেয়েরা লঙ্কার গুঁড়ো আর ঝাঁটা নিয়ে ঘুরেছে এবং আশ্চর্য হবেন যে, যেসব মেয়েকে গ্রেপ্তার করা হ'ল, যারা গ্রেপ্তার করে, তাদের কারও বিরুদ্ধে কোন চার্জ সীট পর্যন্ত দেওয়া হ'ল না। ২২ জন মেয়ে গ্রেপ্তার হ'ল, কিন্তু কোন চার্জসীট দেওয়া হ'ল না। মোটের উপর এই পাঁচদিনে সেখানে আড়াইশত লোক গ্রেপ্তার হয়েছে।

[4—4-10 p.m.]

শুনলে আশ্চর্য হবেন যে, যেসব মেয়েদের গ্রেপ্তার করা হ'ল তাদের কারুর বিরুদ্ধে কোন চার্জসীট দেওয়া হ'ল না, ২২ জন মেয়ে গ্রেপ্তার হল, কিন্তু কোন চার্জসীট দেওয়া হল না। মোটের উপর ৫ দিনে প্রায় ২,৫০০ লোক সেখানে গ্রেপ্তার হয়েছে, কিন্তু এই ২,৫০০ জনের মধ্যে ১০ জনের বিরুদ্ধে কোন চার্জসীট পুলিস আজও অবধি দেয় নি। অর্থাৎ খড়্গপুরে শুধু লোককে ভয় দেখান এবং সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করা হয়েছে। আমি আবার বলছি যে, পুলিস সেখানে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা প্রচার করেছে এবং সেইসব প্রচার সাধারণ লোকে শুনে ছি ছি করেছে। সুতরাং আষাঢ়ে গল্প ব'লে এখানে কোন লাভ হবে না। কারণ কে না জানে খড়গপুরের পুলিসের সাহায্যে খড়গপুরের রেলওয়ে ইয়ার্ডএ বছরের পর বছর সেখানে রেলওয়ে ওয়াগন ভেঙে চুরি হয়—এইসব গুন্ডার দল বা বদমায়েসের দলকে পুলিস ধরতে পারে না। এখানকার রেলওয়ে এ্যাডমিনিস্ট্রেশন ধরতে না পারার ফলে দিনের পর দিন, মাসের পর মাস এই গুন্ডার দল রেলওয়ে ওয়াগন ভাঙে। অতএব তিনি এখানে দাঁড়িয়ে বলুন যে, তাদের মধ্যে কত জনকে ধরে শায়েস্তা করতে পেরেছেন। ডাঃ সংপতির সঙ্গে আমার মতের মিল নেই তবুও আমি বলব যে, তিনি এটা ঠিক কথা বলেছেন যে, গুন্ডার দল সেখানে রাজত্ব করে, কিন্তু পুলিস তাদের কিছুই বলে না। অথচ সেই পুলিস ২২ থেকে ২৫ তারিখের মধ্যে নির্মমভাবে মেয়েদের মেরেছে। আমরা নিজেরা গিয়ে দেখে এসেছি যে, একটা বাচ্চা ১৩ বছরের ছেলেকে এবং তার ঠাকুরমাকে বেপরোয়াভাবে মারা হয়েছে—ডাক্তারের সার্টিফিকেটও পর্যন্ত সেখানে আছে। ডাঃ রায় এখানে বলেছেন যে, এখানে কে নিরপেক্ষ—আমরাও নিশ্চয় জানি যে, এখানে কেউ নিরপেক্ষ নয়। ডাঃ রায় ও আমি উভয়েই আমরা এখানে নিরপেক্ষ নই। তিনি শোষক এবং শাসক শ্রেণীর পক্ষের লোক, আমি শোষিত এবং অত্যাচারিত পক্ষের লোক। সেজন্য আমি এখানে ঘোষণা করছি যে, কেউ এখানে নিরপেক্ষ নন—ডাঃ রায় ভেস্টেড ইন্টারেস্টকে সাপোর্ট করেন এবং আমি তাদের সাপোর্ট করি যারা সেই ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে দেশের জনতার ইন্টারেস্টকে প্রতিষ্ঠিত করতে চায়। কিন্তু তবুও বলব যে, সকল দল মিলে সেখানে যাই এবং সেখানকার লোকে যদি বলে যে, এই ঘটনা ঘটেছে বা ঘটে নি তা হ'লে সেখানেই আপনি সমস্ত কিছুই বিচার করতে পারবেন। সেজন্য আমি বারবার জোরের সঙ্গে নন-অফিসিয়াল এনকোয়ারির কথা বলেছি। কিন্তু এতে তাঁর এত আপত্তি করবার কি কারণ আছে বুঝতে পারছি না। মমতাজ সাহেব বললেন, "পোল খোল জায়গা, দরওজা খোল জায়গা", কিন্তু তাতে আমাদের ভয় নেই। কংগ্রেস পক্ষের বন্ধুদের বলছি যে, তাঁরা ধরেই নিন যে, বিরোধীপক্ষ সব বাজে কথা বলছে ব'লে একটা নন-অফিসিয়াল এনকোয়ারি হোক। এ ছাড়াও আমি সাধারণভাবেই বলছি

যে, আজকে যদি খড়্গপুরে নন-অফিসিয়াল এনকোয়ারি না করা হয় তা হ'লে সেখানকার আবহাওয়াকে দালাল পক্ষের লোক আরও বিষাক্ত করবার চেষ্টা করবে। সেজন্য বলছি যে, প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা ইত্যাদি যেসব কথা উঠেছে, সেইসব কথার উপরে আমাদের দেশের জনসাধারণের, সে বাঙালী হোক, তেলেগু হোক বা পাঞ্জাবী হোক, উপরে যদি বাঙালী পুলিস অত্যাচার করে তা হ'লে তাকে যেতে—

That Bengali Police Officer must go.

ডাঃ রায় নিজে বাঙালী ব'লে তাঁকে আমরা বলব যে, হি মাস্ট গো, কিন্তু শুধু জালান সাহেবকেই বলব না কেননা তিনি মাড়োয়ারী। জনতার প্রতি যে অত্যাচার হয়েছে, সেইসব আমরা সর্বদলের লোক মিলে নিজেদের চোখে দেখে এসেছি এবং অত্যাচারের সময় প্রশ্নের জ্ঞানবাবু নিজে গিয়েও সব দেখে এসেছেন। সুতরাং ডাঃ রায়কে বলব যে, তিনি শুধু তাঁর অফিসিয়াল রিপোর্টএর উপরেই দাঁড়াবেন না। আমি ইতিমধ্যে তাঁর প্রদত্ত রিপোর্টএর মধ্যে দুটো ভুল বার করে দিয়েছি এবং তিনি সেইসব ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা মিঃ স্পীকার যার কাছ থেকেই পান না কেন সবই ভুল তথ্য তিনি পেয়েছেন। সেজন্য বলছি যে, সেইসব ঘটনা তাঁকে জানিয়েই হোক বা তাঁর অজানাতেই হোক সেসব কথা আমরা শুনব না, আমরা চাই যে, হোম মিনিস্টার হিসাবে এইসব ঘটনার জন্য যেহেতু তিনি দায়ী সেহেতু তাঁকেই জবাব দিতে হবে—ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর জবাব আমরা শুনতে রাজী নই। সুতরাং তাঁকে বলছি যে, আপনি চীফ মিনিস্টার এবং হোম মিনিস্টার হিসাবে আপনার যদি সাহস থাকে তা হ'লে আপনি এখুনি একটা নন-অফিসিয়াল এনকোয়ারি করুন। আর যদি আপনারা আপনাদের মেজরিটির জোরে এটাকে দাবিয়ে দেবার চেষ্টা করেন তা হ'লে বলতে বাধ্য হব, এবং দেশের লোকও বুঝবে যে, দোষী আপনি, আপনার পুলিস ও তাদের সমর্থনকারী কংগ্রেসপক্ষের বন্ধুরা। এই কথা ব'লে আমি শেষ করছি।

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. I want to put one or two questions. Is this Mr. Kapoor, the same gentleman who was in Garden Reach, B. N. Railway?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know.

Dr. Hirendra Kumar Chatterjee:

স্যার, আমার সেকেন্ড কোয়েশ্চেনটি হচ্ছে, ঝাঁটামারা কি টেকনিক্যাল অফেন্স?

Dr. Ranendra Nath Sen: Mr. Speaker, Sir,

আমার পয়েন্ট অফ রেফারেন্সএ আমি বলছি ডাঃ রায়কে মিঃ গিরি একটা চিঠি দিয়েছিলেন ২৫এ জুন, ১৯৫৬, নয়াদিল্লী থেকে। মিঃ গিরি তো কমিউনিস্ট নন, তিনি বিরোধীপক্ষের লোকও নন। তিনি সেই চিঠিতে পরিষ্কারভাবে বলেছেন—

let us not raise the red bogey where there is none,

সেই চিঠিটা আমি সম্পূর্ণ পড়ছি না। সেখানকার শ্রমিকদের সম্পর্কে তিনি বলছেন বি-এন রেলওয়ের শ্রমিকদের তিনি বহুদিন ধ'রে জানেন। আশা করি ডাঃ রায় সে সম্পর্কে একটা জবাব দেবেন। সেই চিঠির একটা কপি আমার হাতে আছে।

Sj. Bankim Mukherjee: May we know under which rule the Minister would speak after the mover of the resolution has replied?

Mr. Speaker: Under rule 42. Rule 42 is—"When any member has moved a motion, other members may speak to it in such order as the Speaker may direct. Except in the exercise of a right of reply or as otherwise provided, no member shall speak more than once on any motion. A member who has moved a substantive motion may speak again by way of reply."—as Dr. Ranen Sen has spoken—"and if the motion is moved by a private member, the Minister to whose Department the matter relates shall have the right of speaking after the mover, whether he has previously spoken in the debate or not."

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend Dr. Ranen Sen has challenged my figures and he said there was no strike on the 9th. I may ask him if he has got any figures—

[Interruption]

because he mentioned the question of loyal workers and disloyal workers. On the 9th, of the 11,303 workers 9,780 were involved in the stay-in-strike. On the 11th, of the 11,303 workers 8,855 were involved in a strike. Therefore it is not a question that there was no incident or there could have been no incident before the 9th.

The next point, I want to tell my friend, Shri Bankim Mukharji, is that no woman was arrested till the 26th. On the 26th, as you are all aware, there was some trouble with regard to a train and I want to draw the specific attention of the members of the House to the gallant work which was done by a Police officer, Mr. A. K. Mukherji, who saved the life of the driver of the engine from being thrown in front of the train and in doing so he suffered terrible injuries so that we had to send a doctor from Calcutta in order to look after him. Such self-sacrifice should be encouraged and not condemned.

[4-10—4-20 p.m.]

My friend asked "why are you afraid". I am not afraid of enquiry. I made enquiries and am satisfied that the police have not acted beyond what is required under the particular circumstances. Therefore, I am not prepared to accept the suggestion of having an enquiry.

Dr. Ranendra Nath Sen: On a point of personal explanation—
উনি বলেছেন যে আমি বলেছি ৯ই তারিখে স্ট্রাইক হয় নি। কিন্তু আমি তা বলি নি। আমি বলেছি ৮ই তারিখ থেকে স্ট্রাইক চলেছে।

Mr. Speaker: Personal explanation is necessary when a personal attack is made.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Stay-in-strike of 11,000 workers
হয়েছিল।

Sj. Bankim Mukherji: You made a mistake when you said it was on the 26th. It was on the 22nd.

The motion of Sj. Nagendra Dalui that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith set up a non-official enquiry commission consisting of one representative from each party and group in the State Legislature to investigate into the reported conduct and action of the local police during the strike at the Railway Workshop at Kharagpur between 22nd and 25th May, 1956, was then put and a division taken with the following result:—

AYES—53.

Baguli, Sj. Haripada	Bhandari, Sj. Sudhir Chandra
Bandyopadhyay, Sj. Tarapada	Bhattacharjya, Sj. Mrigenda
Banerjee, Sj. Biren	Bhattacharya, Dr. Kanailal
Banerjee, Sj. Subodh	Bhowmick, Sj. Kanai Lal
Basu, Sj. Ajit Kumar	Bose, Dr. Atindra Nath
Basu, Sj. Amarendra Nath	Chakrabarty, Sj. Ambica
Basu, Sj. Hemanta Kumar	Chatterjee, Sj. Haripada
Basu, Sj. Jyoti	Chatterjee, Dr. Hirendra Kumar
Bera, Sj. Sasabindu	Chaudhury, Sj. Jnanendra Kumar

Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Lalbehari
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—125.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashim, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman. The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hembram, Sj. Kamala Kanta
Jalan. The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Tarapada
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra

Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 53 and the Noes 125, the motion was lost.

Mr. Speaker: Next resolution. You have only twenty minutes more.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith set up a non-official enquiry committee consisting of one representative from each political party and group in the State Legislature and representatives of the State Bus Employees' Union to investigate into the causes responsible for the serious accident on 20th June, 1956, by a State bus on the Tala Bridge, Calcutta, as a result of which two persons died and many received fatal injuries.

As I told you before, I am not speaking now. But I reserve the right of reply. I will speak later on.

Mr. Speaker: Provided the debate on this continues.

[Sj. Ganesh Ghosh rose to speak].

Mr. Speaker: You may speak, but Dr. Chatterjee has got the right of reply.

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, গেল ২০এ জুন তারিখে কলকাতার টালা পুলের উপর একটা স্টেট বাসএর দুর্ঘটনা হয়। এইরকম দুর্ঘটনা কলকাতার ইতিহাসে আর কখনও হয় নি। স্টেট বাসএর টায়ার ফেটে গিয়ে ঐ স্টেট বাস তিনতলা সমান উ‘চু পুলের উপর থেকে নিচে পড়ে যায়, ফলে বহু লোক আহত হয়, এবং দুজন মারা যায়। দুর্ঘটনার কারণ জানা গিয়েছে যে, স্টেট বাসএর টায়ার ফেটে যায়। কেন ফাটল? সে সম্পর্কে যেটুকু জানা গিয়েছে, আমি সেইটা আপনার কাছে রাখছি। যে চাকাটার টায়ার ফেটে যায়, সেটা হেভি ডিউটি ১২ প্লাই টায়ার ছিল এবং তার নম্বর ছিল ১৭৮৬৫। এর একটা ইতিহাস আছে। সেই ইতিহাসটা যদি মিঃ স্পীকার মহাশয় শোনেন তা হ'লে জানতে পারবেন যে, কিরকম আইন লঙ্ঘন করার জন্য, কিরকম কাজে শৈথিল্যের জন্য এই দুর্ঘটনা ঘটে এবং এই সম্পর্কে একটু সতর্ক থাকলে এই দুর্ঘটনা ঘটত না; এইভাবে অকারণে জীবনহানি হ'ত না। ১৯এ মে, ১৯৪৫ সালের টায়ার ৩৬,৩৪৫ মাইল চলার পর এই টায়ারটা কনডেম হয়ে যায়। তারপর তাকে রিসোল করা হয়। তারপর আর একখানা দোতলা বাসে নং ডবলু. বি, এস, ১১০৫, ঐ রিসোল টায়ারখানা লাগান হয় ১৯এ ডিসেম্বর ১৯৫৫ তারিখে; এবং এবারে ৮,৩১৭ মাইল চলার পর ১৭ই ফেব্রুয়ারি, ১৯৫৬ তারিখে পথচলা কালে ঐ টায়ার আবার নষ্ট হয়। নষ্ট হয়ে গিয়ে কিছু দিনের জন্য ঐ গাড়ী স্ট্রান্ডেড হয়ে পড়ে থাকে: তারপর ঐ গাড়িকে অন্য গাড়ি দিয়ে টেনে এনে লেক ডিপোয় ঢোকান হয়। তারপর ২০এ জুন তারিখে দুর্ভাগ্য যে, ঐ গাড়ি ডবলু, বি, এস, ১১১৩ রাস্তা চলাকালীন সময় এক্সিডেন্ট হয়; এবং এটাকেও টেনে লেক ডিপোয় নিয়ে যাওয়া হয়। এবং লেক ডিপোয় নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে এই হতভাগ্য বাসের টায়ার খুলে ঐ যে টায়ারটা অলরেডি কনডেমড হয়েছিল সেই টায়ার এই বাসে লাগিয়ে দেওয়া হয়। এই কাজে যে কতখানি খামখেয়ালী ও কর্তব্যের ত্রুটি আছে সেকথা বলাই বাহুল্য।

[4-20—4-30 p.m.]

তার পর থেকে সেই ভারী দোতলা বাস ঐ সামনের বাঁদিকের চাকার বাতিল করা টায়ার নিয়ে দিনের পর দিন চলতে থাকে—২রা এপ্রিল থেকে ২০এ জুন যেদিন ঐ দুর্ঘটনা ঘটে সেদিন পর্যন্ত আরও ১০ হাজার মাইল চলেছে। সুতরাং একাদিক্রমে প্রথম থেকে হিসাব ক'রে দেখলে এই টায়ার ৫৪,৬৬২ মাইল পথ চলেছে। যে কোম্পানি এই টায়ার বিক্রি করেন তাঁরা সেই টায়ারের জন্য ৩০ হাজার মাইলের বেশী গ্যারান্টি দেন নি; যে কোম্পানী "রিসোল" করেন তাঁদের মতে সেই "রিসোল" করা টায়ারের আয়ু আর নূতন টায়ারের আয়ু এইসব নিয়ে ৪৫ হাজার মাইল হচ্ছে ম্যাক্সিমাম গ্যারান্টি অফ মাইলেজ। সেখানে ৪৫ হাজার মাইলের জায়গায় ঐ টায়ার ৫৪,৬০০ মাইল ব্যবহার করা হয়েছে। অথচ এই যে দিনের পর দিন এই ফাটা টায়ার ব্যবহার করা হচ্ছে এ সম্পর্কে কি ও'রা জানতেন না? নিশ্চয় জানতেন। যে সময় এই হতভাগ্য বাস বাতিল-করা টায়ার ব্যবহার করে সে সময় লেক ডিপোতে ১২ খানার বেশি হেভি ডিউটি ১২ প্লাই টায়ার গুদামে মজুত ছিল না। এর কনক্লুসন কি হতে পারে তা বলছি না, বলার প্রয়োজনও নেই; অথচ সরকার জেনে শুনে এই ১১ হাজার মাইল বেশি দোতলা ভারী বাস ব্যবহার করেছেন। সেটা যে কর্তৃপক্ষের নজরে আসে নি তা নয়। গাড়ী চলাকালে মাঝে মাঝে গাড়ী বন্ধ হয়েছে, এই টায়ার ছেঁদা হয়েছে, টায়ার ফেটে গিয়েছে। প্রত্যেকবারই টায়ারের গায়ে তালি লাগান হয়েছে। সরকার এই দুর্ঘটনার পর যে বিশেষজ্ঞ কমিটি তৈরি করেন সেই বিশেষজ্ঞ কমিটির কাছ থেকে জানা গিয়েছে দুর্ঘটনার কিছুদিন আগে, মিঃ স্পীকার, আপনি একটু মনোযোগ দিয়ে শুনুন, এটা রিভিলিং হতে পারে—এক্সপার্ট কমিটি থেকে বলা হয়েছে যে, দুর্ঘটনার কিছুদিন আগে টায়ারটাতে একটা ছিদ্র দেখা যায়, ভিতরের টিউবে নয়, টায়ারের ভিতর দিকে একটুকরা রবার দেওয়া হয়েছে, এবং যখন টায়ারের ভিতর জল ঢুকে রবারের টুকরা নষ্ট হয়েছে, তখন সেখানে আর একটুকরা রবার বসান হয়েছিল। ক্রমে টিউবের ছোট ছিদ্র বেড়ে সাড়ে তিন ইঞ্চি হয় এবং সেই জখম টায়ার বাতিল না হয়ে রিক্যাপিং করা হয় এবং ঐ টায়ার নিয়ে ভারী গাড়ীটা দিনের পর দিন চলতে থাকে। তারপর ২০এ তারিখে টায়ারের ঐ জখম স্থান ফেটে গিয়ে দুর্ঘটনা ঘটে। এই বিশেষজ্ঞ কমিটির রিপোর্ট স্টেটসম্যানে বেরিয়েছে। ৭ঠা জুলাই এই অপরাধে সংশ্লিষ্ট অপরাধীর বিরুদ্ধে কি স্টেপ নেওয়া হয়েছে আমি স্টেট বাসের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ রায়ের কাছে জানতে চাই। আমি অনুসন্ধান ক'রে জেনেছি যে, দুর্ঘটনার দিন এবং তার কয়েকদিন আগে পর পর এই গাড়ী বার করবার সময় ড্রাইভার এবং কন্ডাক্টর আপত্তি করেছিল যে, এরকম টায়ার নিয়ে গাড়ী বার করা উচিত নয়। তাদের ধমক দিয়ে, তাদের ভয় দেখিয়ে জোর ক'রে গাড়ী বার করা হয়েছে। এটা আমার বানান কথা নয়। বেলঘরিয়া ডিপো'র লগ বুক যদি প্রকাশ্যে প্রকাশ করেন তা হ'লে দেশের লোক জানতে পারবে যে, কিরকম অন্যায়ভাবে এ'রা কর্মচারীদের ভয় দেখিয়ে এই বাতিল করা বিপজ্জনক টায়ার জোর ক'রে বার করা হয়। তার জন্য দায়ী কে? আর এই প্রাণহানির জন্যই বা দায়ী কে? দায়ী ভারপ্রাপ্ত মন্ত্রী।

তারপরে যেদিন এ্যাক্সিডেন্ট হয়েছে তারপরেও কি এ বিষয়ে কোন ব্যবস্থা হয়েছে? তা হয় নি। দিনের পর দিন এই গাফিলতি চলেছে। বেলঘরিয়া ডিপোর টায়ার সুপারভাইজারের কি কোয়ালিফিকেসন সে সম্বন্ধে দুর্ঘটনার পর কি অনুসন্ধান করা হয়েছে? আমি যতদূর জানি অনুসন্ধান করা হয় নি। মিঃ স্পীকার, আপনি শুনে আশ্চর্যান্বিত হবেন যে, লেক ডিপোর বর্তমান টায়ার সুপারভাইজার কে। সে ভদ্রলোক একজন কেঁসিয়ার ছিলেন, কেঁসিয়ারের কাজ করতেন। উপরের অফিসারের প্রিয়পাত্র হয়ে যাওয়ায় টায়ার সুপারভাইজারের পদ খালি হ'লে তাঁর পদোন্নতি হয় এবং তিনি কেঁসিয়ারের টাকা গোনার কাজ থেকে সুপারভাইজার হয়ে গেলেন। এতে এ্যাক্সিডেন্ট হবে বৈকি! ডাঃ রায় কি তা অস্বীকার করতে পারেন? ডাঃ রায় জানেন না যে, তা নয়। আমরা জানতে চাই ডাঃ রায়ের কাছে যে বেলঘরিয়া ডিপোয় ২০এ জুন যে টায়ার সুপারভাইজার ছিলেন তাঁর কি কোয়ালিফিকেশন? তিনি কি ক্লিনার নন এবং তাঁকে টায়ার সুপারভাইজার করা হয়েছে? এইরকম জিনিস চলছে। ডাঃ রায় সে খবর না রাখতে পারেন, কেননা, রাখলে তিনি তা সমর্থন করতেন না। সেই আমি জানতে চাই, লেক ডিপোর টায়ার সুপারভাইজারের কোয়ালিফিকেশন কি, এবং

বেলঘরিয়া ডিপোর সুপারভাইজারের কোয়ালিফিকেশন কি। তাঁদের সম্বন্ধে বহু অপরাধ-জনক গাফিলতি রয়েছে, কিন্তু তাঁদের বিরুদ্ধে কি স্টেপ নেওয়া হয়েছে? ২০এ জুন আমরা দেখি, ডবলু, বি, এস, ১১০৯ ইন্ডিয়ান মিউজিয়ামএর সামনে ডাবল পানচার হয়ে খারাপ হয়ে [redacted] দেখা হয়েছিল? ২১এ জুন তারিখে ডবলু, বি, এস, ১২১৭ কর্নওয়ালিস স্ট্রীটে সামনের চাকা পান্‌চার হয়ে অকেজো হয়ে পড়ে। ২৩এ জুনও ডবলু, বি, এস, ১৩৪০ পান্‌চার হয়ে অকেজো হয়ে পড়ে। সব টায়ার সংক্রান্ত ব্যাপার। অবশ্য খারাপ জায়গায় হ'লে সেইসব জায়গায় গাড়ী উলটে পড়ত। ২০এ জুন ঐ এ্যাকসিডেন্ট হয়, তার তিনদিন পরে ২৩এ জুন ডবলু, বি, এস, ১৩৪০নং বাস 'টায়ার পাংচার' হয়ে অকেজো হয়ে পড়ে। এই টায়ার বার্স্ট কেন? এ জিনিসগুলোর কি অনুসন্ধান হয়েছে? স্পষ্টই বোঝা যায় হয় নি। স্টেট বাসের তাঁদের এ সম্বন্ধে জ্ঞান নাই। দুর্ঘটনা যে ঘটেছে তার আরও কতকগুলি কারণ আছে। এ শুধু একটা টায়ার সুপারভাইজারের অজ্ঞতার জন্য ঘটে নি। সরকার কর্তৃক জেনেশুনে এই দোষগুলো সমর্থন করা হয়েছে। এগুলি প্রকাশ্যে বহুবার বলা হয়েছে, ডাঃ রায়ের নজরেও আনা হয়েছে। ইউনিয়ন আগে বহুবার ও'র কাছে স্মারকলিপি দিয়েছে যে, স্টেট বাসের সমস্ত গাড়ীতে হ্যান্ড ব্রেক নাই। কেন হ্যান্ড ব্রেক নাই? সেজন্য ত প্রতি মুহূর্তেই এ্যাকসিডেন্ট হওয়া সম্ভব। বিশেষ ক'রে পুরান গাড়ীর হ্যান্ড ব্রেক তুলে ফেলা হয়েছে কেন? বহু গাড়ীতে উইন্ডস্ক্রিন ওয়াইপার নাই, কাজেই উইন্ডস্ক্রিনএ জল পড়ে এ্যাকসিডেন্ট হ'তে পারে। সে সম্বন্ধে কি ব্যবস্থা হয়েছে? বহু গাড়ী থেকে বহু নূতন গাড়ী থেকে স্পীডোমিটার তুলে দেওয়া হয়েছে, আবার কত গাড়ীর গভর্নার নাই। এ আমার কথা নয়, সম্প্রতি কলিকাতার প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট এই কথা বলেছেন একটা এ্যাকসিডেন্ট সম্বন্ধে। এ সম্বন্ধে রায় দেওয়া হয়েছে ১৭ই জুলাই— আজ থেকে ১০ দিন আগে। তাতে বলা হয়েছে—

"The State bus in question was not fitted with effective speed governor as is required under the Motor Vehicles Rules and there was no speedometer fitted......"

"The Magistrate further said that the authorities should see that all State buses plying in the city conform to the requirements of the Motor Vehicles Rules. The police should also make it a point to check State buses occasionally to ensure that they were fitted with such essential mechanical devices as were prescribed under the rules".

তা হয় নি। সাধারণ প্রাইভেট বাসে এইরকম হ'লে পুলিস ধরে, গ্রেপ্তার করে, বিচার হয় এবং 'ফাইন' হয়, কিন্তু স্টেট বাস, ডাঃ রায়ের বাস কিনা, তাই সেখানে মৃত্যুর সব ফাঁদ পেতে রাখা হয়েছে। ম্যাজিস্ট্রেট আরও বলেছেন--

"Referring to the absence of a speedometer and a defective governor the Magistrate observed that non-compliance with the requirements of the Motor Vehicles Rules was in his opinion partly responsible for the major street accidents in Calcutta involving loss of life."

এই ত হচ্ছে ব্যাপার। সুপরিকল্পিতভাবে পুরান গাড়ী থেকে হ্যান্ড ব্রেক তোলা হয়েছে, নূতন গাড়ীতেও হ্যান্ড ব্রেক নাই; উইন্ডস্ক্রীন ওয়াইপার নাই, স্পীডোমিটার নাই, ৫০।৬০ মাইলে যেন গাড়ী চলেছে। কি বলব? আমাদের ভাষায় কুলোয় না। এ সম্বন্ধে সুপার-ভিসন হয় কি, এ সম্বন্ধে ইন্সপেকসন হয় কি? আমি জানি বহুবার ইউনিয়ন থেকে ডাঃ রায়ের কাছে জানান হয়েছে; বহু গাড়ীর ইন্টারন্যাশানাল রোড টেস্ট পাশ হয় নি। সেইসব গাড়ী চালান হচ্ছে। ড্রাইভার, কন্ডাকটর, আপত্তি করলে তাদের ভয় দেখিয়ে বলা হয় চাকরী যাবে এবং জোর ক'রে রাস্তায় গাড়ী বার ক'রে দেওয়া হয়। এ সম্বন্ধে কি ব্যবস্থা করছেন ডাঃ রায়, আমি তা জানতে চাই।

[4-30—5 p.m.]

একটি বিষয়ে বিশেষ মনোযোগ দেওয়া উচিত এবং সেটা আমাদের কথা নয়—এক্সপার্টদের কথা। সেটা হচ্ছে যে, সবদেশেই স্টেট বাসএ হেভি অয়েল ইউজ করা হয় এবং সব ডিজেল

অয়েল ও ডিজেল ইঞ্জিন আছে। এই হেভি অয়েল ইউজ করার ফলে গাড়ীর য়্যাকসিলারেসন বেশি হয় এবং ভারী ভারী গাড়ী স্বাভাবিকভাবে মোবিল অনেক বেশি টানে। সেজন্য সেগুলোকে খুব শক্তভাবে কন্ট্রোল করা কোন ড্রাইভারের পক্ষে সম্ভব নয় এবং আমি শুনেছি যে, অনেক বেশি পাশকরা ড্রাইভার না হ'লে সেইসব জায়গায় রাখা হয় না। আমি বুঝলাম খুব অভিজ্ঞ ড্রাইভার, কিন্তু সেখানে হ্যান্ড ব্রেক তুলে দেওয়া হয়েছে। এ ছাড়া ডিফেকটিভ গভর্নর, স্পীডোমিটার নেই, অথচ যখন এ্যাকসিডেন্ট হয় তখন ড্রাইভারের কাছ থেকে মোকদ্দমার খরচ আদায় করা হয়। ডাঃ রায় যদি এ বিষয়ে জানতে চান, তা হ'লে আমি তাঁকে অনেকগুলো খবর দেব যে, কার কার কাছ থেকে টাকা আদায় করা হয়েছে। সেজন্য আমাদের ভেবে দেখা উচিত যে, কলকাতার মতন জনবহুল শহরে, বিশেষ ক'রে যেখানে রাস্তাগুলো খুব ছোট এবং বড় বড় বাস যেখানে চলে সেখানে ডিজেল অয়েলএর বাস ইউজ করা উচিত ছিল। আমার এ সম্বন্ধে কোন প্রেজুডিস নেই ব'লে আমি বলছি যে, এ সম্বন্ধে অনুসন্ধান করা হোক কারণ মানুষের জীবনের অবসান অযথা অপব্যয় যেন না হয়।

মিঃ স্পীকার, এ ছাড়া দুর্ঘটনার যে আরও কতকগুলো কারণ আছে সেগুলো আমি আপনার সামনে রাখতে চাই। প্রতি রুটে গাড়ীর সংখ্যা কম, অথচ ভিড় অনেক বেশি এবং কতকগুলো গাড়ীর মাঝখানে দরজা, হ্যান্ডেল বাঁকা ব'লে গাড়ী যখন চলে তখন লোক উঠতে গেলে স্লীপ ক'রে পড়ে গিয়ে মারা যায় ও শ্যামবাজারের পাঁচমাথার রাস্তায় ম'রে গেছে এবং দমদম রোডের উপরে শেঠ লেনের মোড়ে ম'রে গেছে। এই সম্বন্ধে বহু লোকে বহু কথা বলেছে, কিন্তু অন্তত অন্যায়ভাবে জিদ ক'রে আজও সেই ব্যবস্থা রাখা হয়েছে। এবং কারণ দেখাচ্ছেন যে, এটা না থাকলে মানুষের ওয়েট ইভনলি ডিস্ট্রিবিউটেড হবে না। এইসব স্টেট ডিপো অজানা বাজে লোকের কথা কোন বিশেষজ্ঞের কথা এটা নয়। আর একটা কথা যেটা গত বাজেট সেসনে আমাদের দিক থেকে বলা হয়েছিল সেটা হচ্ছে রিওয়ার্ড সিসটেম, প্রাইভেট বাসএর মতন। রিওয়ার্ড সিসটেম কি হয়, না স্বাভাবিকভাবে যাতে টিকিট বেশি বিক্রি হয় বলে যে টারমিনাস থেকে গাড়ী ছাড়ে সেই টারমিনাস থেকে গাড়ী স্লোলি চলে এবং তারপরে সময় মেক আপ করার জন্যে স্পীড আপ করে বলে তাতে এ্যাকসিডেন্ট হবেই। এই জিনিসগুলোকে আপনাদের নজরে আনতে চাই। ড্রাইভারদেরও অত্যন্ত খাটুনি হয়। তাদের ৮ ঘণ্টা ডিউটি, কিন্তু গাড়ী ফেরৎ দিয়ে, জমা দিয়ে টাকা জমা ইত্যাদি সমস্ত ব্যবস্থা করতে তাদের ১১।১২ ঘণ্টা লাগে। অতএব কলকাতার মতন শহরে এইরকমের ওভার ওয়ার্ক ড্রাইভারদের পক্ষে ৮ ঘণ্টা স্টিয়ারিং রাখা কি সম্ভব? ট্রীপ সম্বন্ধে একটু বলি। মিঃ স্পীকার, একটা জিনিস শুধু আমি আপনার নজরে আনতে চাই যে, ৭ এবং ৪এ নম্বর বাস ধুবীঘাট থেকে বরাহনগর পর্যন্ত চলবার টাইম দেওয়া হয়েছে ১-১৫ মিঃ থেকে ১ ৩০ মিঃ। কিন্তু এর চেয়ে অনেক বেশি সময় লাগে। সুতরাং যে নির্বোধ এইরকমভাবে টাইম ফিক্স আপ ক'রে দিয়েছে সে কখনও ধুবীঘাট থেকে বরানগরে বাসে উঠে যায় নি, প্রাইভেট গাড়ীতে গেছে। সকাল ৯।১০টার সময় ভিড়ের মধ্যে একটা বাস যেতে যে সময় লাগে সেটা সম্বন্ধে তার কোন জ্ঞান নেই ব'লে এইরকম একটা বাজে টাইম ফিক্স আপ ক'রে দিয়েছে। ঐ টাইমের মধ্যে বাস কখনও কাভার করতে পারে না এবং যখনই কাভার করবার চেষ্টা করে তখন চাপা দেয় এবং লোকও মারা যায়। সেজন্য আমার জিজ্ঞাসা যে, এই সম্বন্ধে কি কখনও কোন অনুসন্ধানের চেষ্টা হয়েছে -তা হয় নি। যারা কন্ডাক্টর তাদেরও খাটুনি বেশি এবং রিওয়ার্ডএর ব্যবস্থার জন্য স্পীড আপ করবে, কারণ ঠিক টাইমএ তা না হ'লে পৌঁছতে পারবে না। এর জন্যেই এত এ্যাকসিডেন্ট হয়। ডিপোর মেকানিক্যাল স্টাফ নেভার ওয়ার্ক। কোটা সিস্টেমএ সেখানে সার্ভিসিং করা হয়। অর্থাৎ এতগুলো গাড়ী তারা সার্ভিস করবে। কিন্তু মিঃ স্পীকার, সবচেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে যে, গাড়ী কতটা সার্ভিসিং হ'ল সেটা দেখবার কেউ নেই। এইসব জিনিস কেউ দেখে না বা সুপারভাইজও করে না এবং বড় স্টাফদের বেলায় সেখানে অত্যন্ত জঘন্যরকম আত্মীয়পোষণ চলছে। এ সম্বন্ধে এখানে অনেকবার বলা হয়েছে যে, স্টেট বাসএর ওপরের অফিসারগুলোর কেউ প্রিয়পাত্র হলেই ৩।৪ শত টাকা মাইনের বড় বড় অফিসার তারা হয়। সেজন্য তলার শ্রমিকরা কি কাজ করল, কতটুকু কাজ করল সেইসব সুপারভাইজ করার কেউ নেই, তা হয় ব'লে এইরকম একটা পাওয়ার নিয়ে কি ক'রে গাড়ী বেরোয়। স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টএ ভর্তি ও প্রমোশনে চরম দুর্নীতি রয়েছে এবং এইসব বিষয় ভাল ক'রে জানার দরকার আছে। এর

ভেতরে কোন পার্টি বা রাজনীতির কোন প্রশ্ন নেই এবং এই বিষয়ে কংগ্রেসকে আক্রমণ করারও কিছু নেই। বরং এই এ্যাক্সিডেন্টএ আপনারাও এবং আমরাও মরতে পারি ব'লে বলছি যে, অনুসন্ধান কমিটি হোক এবং বিশেষজ্ঞরা এসে যা বলবেন তা নিয়ে স্টেট বাসএর একটা কিছু ব্যবস্থা করা হোক।

Mr. Speaker: The time for non-official business is over. We shall start with the official business after the adjournment. The House stands adjourned till 5 o'clock.

Dr. Narayan Chandra Ray:

এটা হবে ত স্যার নেক্সট ডেতে?

Mr. Speaker: This will not lapse. This will be continued on the next non-official day.

[At this stage the House was adjourned till 5 p.m.]

[After adjournment.]

[5—5-10 p.m.]

GOVERNMENT BILL

The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee

Clause 28.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 28(1), line 2, for the words "a quorum" the words "at least half the number of its members" be substituted.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 28(1), line 2, for the words "a quorum is" the words "more than two-thirds of the members are" be substituted.

Sj. Sasabindu Bera:

এখানে অঞ্চল-পঞ্চায়েতের প্রধান ও উপ-প্রধান ইলেকশনএর কথা হচ্ছে। এখানে বলা হচ্ছে, অঞ্চল-পঞ্চায়েতের প্রথম মিটিং যাতে কোরাম হবে তাতেই প্রধান ও উপ-প্রধান নির্বাচিত হবে। সেখানে আমি বলতে চাচ্ছি—

at least half the number of its members must be present. Quorum ⅓ of the members

হলেই হয় অন্য মিটিংএ হোক। কিন্তু এই এত কমসংখ্যক মেম্বার নিয়ে এই ইলেকশনএ যদি ডিসিশন নেওয়া হয়--সে বাঞ্ছনীয় নয়। অঞ্চল-পঞ্চায়েতের প্রধান ও উপ-প্রধান নির্বাচনের জন্য মেজরিটি অফ দি মেম্বার্সএর উপস্থিতি থাকা দরকার। তা না হ'লেও

at least half, i e., 50 per cent.—at least half the number of the members

উপস্থিতি দরকার।

Sj. Gangapada Kuar:

এখানে এই ২৮নং ধারাতে কিভাবে প্রধান ও উপ-প্রধানের নির্বাচন হবে সেটা বলা হয়েছে। এর পূর্বে ১৫নং ধারাতে প্রথম অধ্যক্ষ ও উপাধ্যক্ষ কিভাবে স্থির করা হবে সেটা বলা হয়েছে এবং সেখানে বলা হয়েছে—প্রেসক্রাইব্‌ড অথরিটিই তাদের নিয়োগ করবেন। এখানে অবশ্য মন্ত্রীমহাশয় গণতন্ত্রের উপর সৌজন্য দেখিয়েছেন এবং মনোনয়নের বদলে নির্বাচনের মাধ্যমে যাতে প্রধান ও উপ-প্রধান নির্বাচিত হন সেই কথা বলেছেন। কিন্তু এখানে বলেছেন যে, প্রথম সভায় যেখানে কোরাম থাকবে সেই সভায়ই প্রধান ও উপ-প্রধান নির্বাচিত হ'তে পারবে। এখানে মন্ত্রীমহাশয়কে আমি ভেবে দেখতে বলছি, তিনি আগেই আভাস দিয়েছেন যে, একটা

ইউনিয়ন বোর্ডএর যে এরিয়া—সেই এরিয়া নিয়েই একটা অঞ্চল-পঞ্চায়েত হবে। এবং আড়াইশত ভোটার নিয়ে একজন অঞ্চল-পঞ্চায়েতের মেম্বার হবে। হঠাৎ সেখানে ১৫ জন থেকে ২০ জন সভ্য নিয়ে হয়ত একটা অঞ্চল-পঞ্চায়েত হবে। তার মধ্যে অঞ্চল-পঞ্চায়েতের কতে কোরাম হবে—সেটা আইনের মধ্যে রাখেন নাই—প্রেসক্রাইব্‌ড রুলসএর মধ্যে রাখছেন। আমরা যদি ধরে নিই—অবশ্য এর আগে বলেছেন যে, গ্রাম-পঞ্চায়েতে ⅓ হলেই কোরাম হবে সেই ⅓ যদি এখানে রাখেন তা হ'লে যে অঞ্চল-পঞ্চায়েতে ১৫ জন সভ্য—তাদের মধ্যে মাত্র ৫ জন হলেই কোরাম হবে। কিন্তু সেখানে আমি বলব যে, অধিকসংখ্যক সভ্যের দ্বারা প্রধান ও উপ-প্রধানকে নির্বাচিত করা উচিত। কিন্তু এখানে ৩ জনের এক কমিটি অর্থাৎ অঞ্চল-পঞ্চায়েতের প্রধান কর্মকর্তা ও সহ-কর্মকর্তা এই ৩ জনে নির্বাচন ক'রে দেবে। সুতরাং সত্যই যদি গণতন্ত্রের কথা বলেন তা হ'লে আমি বলব এইরকম গণতন্ত্রকে মকারি অফ ডিমক্রাসি বলা উচিত। আশা করি, মন্ত্রীমহাশয় এটা বিবেচনা ক'রে দেখবেন। আমার মনে হয় তিনি এটা ভেবেচিন্তে করেন নি। আমার মনে হয় যে, এখানে ⅔ অংশএর অধিক সদস্য যদি উপস্থিত থাকে তাদের মধ্য দিয়েই প্রধান ও উপ-প্রধান নির্বাচিত করা যাবে। সেইজন্য যেখানে কোরাম ইজ প্রেজেন্ট সেই জায়গায় বলতে চাই

more than two-third of the members are present

এটা খুবই যুক্তিসংগত কথা এবং গণতন্ত্রসম্মত কথা। এর দ্বারা এই বিলকে ভাইট্যালি এ্যাফেক্ট করবে না। আশা করি মন্ত্রীমহাশয় এটা বিবেচনা করবেন।

The Hon'ble Iswar Das Jalan: Sir, in order to enable the meeting to function I have already stated that the quorum be fixed at a low figure. Suppose, it is two-thirds, and if there are 15 members and if six members take it into their head that they will not attend the meeting, then no Chairman will be elected. Therefore, our intention is that the Chairman must be elected at the first meeting and if the members have any interest, they will attend the meeting. I, therefore, oppose the amendment.

The motion of Sj. Sasabindu Bera that in clause 28(1), line 2, for the words "a quorum" the words "at least half the number of its members" be substituted, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that in clause 28(1), line 2, for the words "a quorum is" the words "more than two-thirds of the members are," be substituted, was then put and lost.

The question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clause 29.

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that in clause 29, line 1, after the words "of sections" the figures and word "16 and" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 29, line 1, for the figure "25" the figure "24" be substituted.

The Gram Panchayat shall prepare and submit annually in the prescribed manner and within the prescribed time a report on the work done during the previous year to the Gram Sabha and also to the prescribed authority.

The Hon'ble Iswar Das Jalan: We propose to send a report to the Gram Sabha concerned as everybody is interested in it. Sir, I oppose it.

The motion of Sj. Madan Mohan Khan that in clause 29, line 1, after the words "of sections" the figures and word "16 and" be inserted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 29, line 1, for the figure "25" the figure "24" be substituted, was then put and lost.

The question that clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clause 30.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 30, lines 4 to 6, for the words beginning with "for such purpose" and ending with "such committee" the words "for any purpose or purposes to be specified in the resolution" be substituted.

Sir, the intention of my amendment is to specify the purpose in the resolution. It should not be optional.

The Hon'ble Iswar Das Jalan: Nothing is done by a committee without any specific resolution. That is obvious.

The motion was then put and lost.

The question that clause 30 do stand part of the Bill was then put and agreed to.

Clause 31.

The question that clause 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in clause 32(b), line 2, after the word "epidemic" the words "or typhoid or leprosy or tuberculosis" be added.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that in clause 32(e), line 2, after the word "streets" the words "hats, ferry ghats, etc.," be inserted.

Sir, I also beg to move that for clause 32(i), the following be substituted, namely:—

"(i) the maintenance of records relating to population census, crop census, livestock census, census of unemployed and employed persons, census of all categories of lands, census of holdings with ownership, census of *Bargadars* and landless labourers, census of trades and cottage and other industries, census of education and health, census of earnings and per capita income and all other statistics as may be prescribed and the supply of any such local information which the District Magistrate or the District Board or the Anchal Panchayat within the local limits of whose jurisdiction the Gram Panchayat is situate, may require;"

Sir, I further beg to move that after clause 32(1), the following new items be added, namely:—

"(m) the imposition, assessment and collection of the taxes, rates, tolls, land revenue or fees leviable under this Act;".

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that after clause 32(j), the following new item be inserted, namely:—

"(jj) the preparation and revision of voters' list in the area under its jurisdiction;".

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that after clause 32(1), the following new item be added, namely:—

"(m) the preparation of schemes for development works within the area under its jurisdiction or concurrently with other contiguous Gram Panchayats if necessary.".

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 32(a), line 2, after the word "prevention" the words "and abatement" be inserted.

Sir, I also move that in clause 32(f), line 2, after the words "public places" the words "or sites which are open to the public" be added.

Sir, I also move that in clause 32(h), line 3, after the figures and comma "1939," the words "establishment and maintenance of" be inserted.

Sj. Sasabindu Bera: I move that in clause 32(h), line 4, for the words "and public graveyards" the comma and words ", public graveyards and other public lands and properties within the jurisdiction of the Gram Panchayat which are not under the control of any other public authority or any Government" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: I move that in clause 32(h), line 5, after the word "people" the words "and manage and maintain cattle pounds" be added.

Sj. Gopika Bilas Sengupta: I move that in clause 32(j), in lines 1 and 2, for the words "within the Gram Panchayat" the words "within the local limits of the jurisdiction of the Gram Panchayat" be substituted.

Sj. Sasabindu Bera: I move that in clause 32(j), line 1, after the word "within" the words "the local limits of jurisdiction of the *Gram Panchayat*" be substituted.

Sj Jnanendra Kumar Chaudhury: I move that after clause 32(1), the following new item be added, namely:—

"(m) subject to laws made by the State Government or District Board supervise works of the State or District Board within its jurisdiction".

[5-10—5-20 p.m.]

Sj. Probodh Dutt:

এই ক্লজএ ব্যবস্থা আছে যে, গ্রাম-পঞ্চায়েত সাধ্যমত ম্যালেরিয়া এপিডেমিক সেইসমস্ত প্রিভেন্টিভ মেজার নেবে। আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে, তার সংগে টাইফয়েড, লেপ্রসি এটা এ্যাড করা হোক। তাঁর যুক্তি হচ্ছে যে, পাড়াগাঁয়ে লোকের আর্থিক অবস্থা অতিশয় হ্রাস পেয়েছে। কাজেই এইসব রোগীর চিকিৎসা স্টেট গভর্নমেন্ট থেকে যাতে হয় সেজন্য আমার এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার এ্যামেন্ডমেন্ট ৩৫৯এর যে সেকেন্ড পার্ট (এন) সেই অংশটুকু মুভ করতে চাই না।

এই ৩২ নম্বর ক্লজটা বিলের খুব জরুরী ধারা। পাওয়ার্স এ্যান্ড ডিউটিজ অব গ্রাম-পঞ্চায়েত এখানে বলা হয়েছে। আমার যেসব অ্যামেন্ডমেন্ট আছে সেগুলির প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার ৩৫৩ নম্বর এ্যামেন্ডমেন্ট সেখানে আছে (ই) "the maintenance, repairs and construction of public streets and protection thereof."

সেখানে আমি এ্যাড করেছি "হাটস্, ফেরীঘাটস", ইত্যাদি।

তারপরে ৩৫৫ নম্বর এ্যামেন্ডমেন্ট সেখানে আমি সাবস্টিটিউট করেছি "দি মেনটেন্যান্স, একসেট্রা।"

তারপরে ৩৫৯ নম্বর এ্যামেন্ডমেন্ট—এখানে একটা নূতন আইটেম আমি দিতে চাইছি (এম), সেখানে বলতে চাচ্ছি

"the composition, assessment and collection of the taxes, rates, tolls, land revenue or fees leviable under this Act."

এখানে আমরা দেখতে পাচ্ছি যে, গ্রাম-পঞ্চায়েতকে একটা অকর্মণ্য প্রতিষ্ঠান করা হচ্ছে, তার কোন ক্ষমতা নেই। আমি কাল উদাহরণ দিয়ে বলেছিলাম যে, হাতীর যেমন দেখাবার জন্য একটা দাঁত আছে, গ্রাম-পঞ্চায়েতেরও ঠিক সেই অবস্থা। তার কোন ক্ষমতা নেই, প্রকৃত অবস্থায় যা বলা যেতে পারে যে, এটা অঞ্চল-পঞ্চায়েত অথবা গভর্নমেন্টের এজেন্ট। তাদের উপর কি কি দায়িত্ব দেওয়া হচ্ছে—স্টেট গভর্নমেন্টের যে যে কাজ করবার ক্ষমতা সেইসব দেওয়া হয়েছে, ইলেকশনের প্রচারও তাদের দ্বারা হতে পারে। অর্থাৎ গ্রামের লোককে দেখানো হবে যে, আমরা কতরকম দায়িত্ব তাদের দিয়েছি। প্রকৃত অবস্থায় এদের কোন ক্ষমতা নেই। হাটস, ফেরীঘাটস, ইত্যাদি এইসব গ্রামের মাঝখানে থাকে, এগুলিকে অন্তর্ভুক্ত করা দরকার।

দ্বিতীয় কথা হচ্ছে সেনসাস—এটা খুবই দুর্ভাগ্যের কথা যে, স্টেট গভর্নমেন্ট বা সেন্ট্রাল গভর্নমেন্টের যা স্ট্যাটিস্টিকস্ আমরা দেখি সেগুলি ভুয়া তথ্যের উপর ভিত্তি করে করা হয়। এ সম্বন্ধে আমরা বার বার সমালোচনা করেছি।

Mr. Speaker: It is a Central subject. How can you debate on the power of the Centre?

Sj. Balailal Das Mahapatra:

আমি বলতে চাচ্ছি, এ'রা কি রেকর্ড রাখবেন। অঞ্চল-পঞ্চায়েত যা ইনফরমেশন চাইবেন, তা এ'রা দেবেন। আমি বলছি যে, গ্রাম-পঞ্চায়েতের কাছে এইসব রেকর্ড থাকবে। পপুলেশন সেনসাস, ক্রপ সেনসাস এইসব রেকর্ড থাকবে। তা না হ'লে এই হবে যে, হয়ত কোথাও ২ মণ ফসল ফলেছে, ও'দের স্ট্যাটিসটিক্যাল ব্যুরো বললেন যে, ১৬ মণ ফলেছে। ফলে কতরকম যে দুর্ভাগ্য ঘটে তার শেষ নেই যার ফলে আমাদের অনেক সময় খাদ্যসংকটের সম্মুখীন হতে হয়েছে।

the Gram 1............, and what will then happen? Of course the framers of this Bill had that only vaguely in mind and they have stated in clause 36(1) last line after taking into consideration his financial position—that is neither here nor there—the implication is not very clear. Here it is stated "the Gram Panchayat may require an owner or occupier of any land or building by written notice and within a reasonable period to be specified in the notice after taking into consideration his financial position" and so on. How will the financial position be taken into consideration and what will be the effect? If really the Gram Panchayat comes to the conclusion that this person is not in a position to defray the expenses and that he is too poor to do that then there is nothing in this Bill which will prevent the Panchayat from issuing that direction. There should be a clear statement of this matter, this point in this clause 36. I would say that there should have been a clause like this namely that if the Panchayat finds that the person is too poor to defray the expenses then that direction should not be given. Sir, it has been stated that if he fails to take that order or fails to take those steps as he would be directed by the Gram Panchayat then a fine may be imposed upon him to the extent of Rs. 25. It has not been stated here that a man who fails to comply with the direction because of the person's economic difficulty would in no circumstances be saddled with that fine. No fine would be imposed upon him. That has also not been stated here. This is one aspect of the thing. The second aspect is this clause confines itself to giving directions and to imposing fines; nothing more than that. If that person fails to comply with the direction then who will take the order in respect of that property, who will remove the nuisance, or who will remove the insanitary condition? It should have been made clear. In that eventuality the Gram Panchayat would have to remove that insanitary condition or to remove that nuisance at its own cost. Of course in this connection Mr. Jalan may point to clause 32 where it has been stated "subject to such condition as may be prescribed a Gram Panchayat shall as far as possible within the limits of the fund at its disposal provide within the area in its jurisdiction for sanitation, conservancy and drainage and the prevention of public nuisance." I would beg to submit that this is not sufficient. When this clause 32 and clause 36 would be read together, Sir, it may be quite proper to hold by a court or by a judicial authority that so far as the directions given under section 36 are concerned, they are not covered by the obligatory duties imposed upon the Gram Panchayat in clause 32. Therefore my submission is it must be clearly provided here that if any person fails to comply with that direction then the Gram Panchayat at its own cost will have to do that and further there should be provision that a poor person should be given the right to ask the Panchayat to execute those works. If proper representation is made to the Panchayat under proper circumstances then the Gram Panchayat would have no other alternative but to comply with this request. This is my submission.

[9-40—9-50 a.m.]

Sj. Ajit Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই ক্লজ (৩৬) এর মধ্যে বহু আপত্তিজনক ব্যাপার রয়েছে। মন্ত্রীমহাশয় একটু ভেবে দেখুন, স্যানিটেশনএর উন্নতি না করার জন্য, একজন মানুষকে যে কোন কারণে পেনালাইজ করা যেতে পারে।

ক্লজ ৩৬ এর মধ্যে বহু আপত্তিজনক ব্যাপার রয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় একটু ভেবে দেখবেন 'স্যানিটেশন'এর উন্নতির জন্য কোন একজন মানুষকে যে যে কারণে পেনালাইজ করা

যেতে পারে, সেই সমস্ত কারণগুলো এখানে দেওয়া রয়েছে। ৩৬(১)(এ), ৩৬(১)(সি) এবং ৩৬(১)(ডি) যথেষ্ট বলে মনে করি। ৩৬(১)(বি)তে বলা হয়েছে—

"to cleanse repair, cover, fill up, drain off or remove water from a private well, tank, reservoir, pool, etc."

অর্থাৎ কোন বড় পুকুরের জন্য কোন মানুষকে বলা হল, তুমি এটা সংস্কার করে দাও, বা এটা ভর্তি কোরে দাও। সেটা নিজের খরচে করে দিতে বলা হবে

"after taking into consideration his financial position".

এটা অনেক জায়গায় ঠিকমত করা হবে না। কাজেই এই ক্লজকে যদি রাখতে হয়, যদি একজন মানুষকে বলা হয় যে, তোমার যে বড় পুকুর আছে, সেই পুকুর জনস্বার্থের ক্ষতি করছে, কাজেই সেই পুকুর কাটিয়ে দাও, নয় জল বার কোরে দাও, নয় ভরাট কোরে দাও এবং এগুলো তোমার নিজের খরচে করে দাও, এই রকম যদি গ্রামের লোকের উপর নোটিশ পড়তে আরম্ভ করে, তাহলে গ্রামবাসীর মাথার উপর সব সময় একটা 'ড্যামোক্লিস'এর তরোয়াল ঝুলতে থাকবে ও এটা একটা পীড়নের যন্ত্র হিসাবে খাড়া করা হবে, এবং এর ভিতর দিয়ে ভাল করার চেয়ে অনেক খারাপ কাজ করা হয়ে যাবে।

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে আর একটা জিনিস লক্ষ্য করতে বলছি। ৩৬(২) যেটা এনেছেন এই গ্রাম্য স্বায়ত্তশাসন আইনে, সেটা একটা নূতন জিনিস এনেছেন। একটি লোককে নোটিস দেওয়া হবে যে, এত দিনের মধ্যে তুমি এই কাজ করে দাও। এ সম্বন্ধে এখনও পর্যন্ত আইন যেটা আছে, সেটাকে খুব কঠোর বলে মনে করি; সেটা এই যে একটি লোককে নোটিস দেওয়া হবে, সময় দেওয়া হবে, সেই সময় চলে গেলে তার মধ্যে সে যদি কাজ না করে থাকে, তবে ইউনিয়ন বোর্ড সেই কাজ করে দেয় এবং করে দিয়ে যার উপর নোটিস দেওয়া হয়েছে, তার কাছ থেকে খরচ আদায় করে নেয়। এই পর্যন্ত এখনকার গ্রাম্য স্বায়ত্তশাসনে আছে। কিন্তু পরবর্তী ক্লজে সেটা ত বজায় রাখছেন এবং রেখে আবার বলছেন যে, নোটিসমত কাজ যদি কেউ না করে তবে তাকে ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হবে, এবং তাকে কোর্ট থেকে জরিমানা করা হবে। তাহলে মিঃ স্পীকার আপনি হিসাব করে দেখুন একজন মানুষকে দুবার সাজা দেওয়া হচ্ছে, ফর ওয়ান এ্যান্ড সিংগল অফেন্স। একবার নোটিস দেওয়া হচ্ছে, এবং দিয়ে কাজ না করলে নোটিস মাফিক কাজ পঞ্চায়েত করে দিয়ে খরচ আদায় করে নিচ্ছে, এবং সে খরচ অনেক সময় দেড়া খরচ হচ্ছে, কারণ সময়মত নোটিসের পর জরিমানা বা 'পেন্যাল্টি' আদায় করা হবে এই নূতন জিনিস আমদানী করছেন। তাকে ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হবে এবং কেন সে নোটিস অমান্য করলে সেইজন্য ম্যাজিস্ট্রেট কোর্ট থেকে তার জরিমানার ব্যবস্থা করবেন। আপনি ভেবে দেখুন এটা করা উচিত কি না, এবং এটা সম্ভব কি না যে, একটা মানুষকে একই অপরাধের জন্য প্রথমত অপরাধকে খুব বড় করে দেখান হচ্ছে, ছোট অপরাধকে বড় কোরে দেখান হচ্ছে, এবং দ্বিতীয়তঃ একই অপরাধের জন্য দুবার সাজা দেওয়া হচ্ছে। একবার নোটিস করে পঞ্চায়েত দিয়ে কাজ করিয়ে যায় খরচ, 'পেনাল্টি' সমস্ত আদায় করে নিচ্ছে, আবার ম্যাজিস্ট্রেট কোর্ট থেকে সাজা দিচ্ছেন, অর্থাৎ একজন মানুষকে একই অপরাধে একাধিকবার সাজা দেবার ব্যবস্থা করছেন। অতএব এই আইনটা ন্যায় বিচারের দিক থেকে হওয়া উচিত নয়। তাহলে লোকে পঞ্চায়েতকে পীড়নের যন্ত্র হিসাবে নিতে আরম্ভ করবে এবং পঞ্চায়েত যে জনকল্যাণের কাজে লাগবে, এ বিষয়ে সন্দেহ করতে আরম্ভ করবে। তাই ৩৬(২) এই অংশটা এখান থেকে তুলে দিন, এই অনুরোধ জানাচ্ছি।

Sj. Kanai Lal Bhowmick:

স্যার, আমি শ্রীযুক্ত সরকারের ৩৭৬ নং এ্যামেন্ডমেন্ট 'মুভ' করছি।

পূর্বে ৩২—৩৩ নং ক্লজে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হল। তারপর আবার আরম্ভ করছেন যে, কিভাবে গ্রাম পঞ্চায়েতকে দিয়ে পাবলিকএর উপর দমননীতি চালান যায় এবং পাবলিকএর উপর নানা রকম অত্যাচার চালান যায়, এবং বিভিন্নভাবে পাবলিককে কিরূপে হ্যারাস করা যায়। এই যে ৩৬(১)(এ), (বি), (সি), (ডি) এবং প্রোভাইসো ইত্যাদিতে

পরিষ্কারভাবে আছে, যে তার আর্থিক অবস্থা বিবেচনা করে তাকে বলা হবে, যাতে কোরে সে পরিষ্কার পরিচ্ছন্নতার দিকটাতে লক্ষ্য রাখে, কিন্তু তা যদি না করে, তাহলে কেস হবে এবং ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হবে এবং ২৫ টাকা ফাইন করা হবে, অর্থাৎ প্রত্যেকটি লোককে এই সমস্ত কাজ করতে বাধ্য করা হবে, যদিও তার আর্থিক অবস্থায় তা না কুলোয় মন্ত্রীমহাশয় বলতে পারেন, তার ফাইনানসিয়াল কনডিসান বিবেচনা কোরে করা হবে কিন্তু যখন গ্রাম পঞ্চায়েতের হাতে এই ধরণের একটা আইন দিয়ে দিলেন যে, তাঁরা ফাইন করতে পারেন, তাকে কোর্টে প্রডিউস করতে পারেন এবং ভয় দেখিয়ে তাঁরা নিজের কাজ সারাবার চেষ্টা করতে পারেন, তখন কি কারণেই বা তাদের আর্থিক অবস্থার কথা বিবেচনা করা? এই সমস্ত কথা তাদের কাছে তখন গৌণ হয়ে দাঁড়াবে। আসলে দাঁড়াবে কি? লোকের কাছ থেকে জোর জবরদস্তি কোরে এই সমস্ত কাজ আদায় করতে পারবেন না। সেখানে আমাদের মতে অন্ততপক্ষে লোককে যথাসম্ভব বুঝিয়ে, তাদের মধ্যে সিভিক সেন্স জাগ্রত কোরে, তাদের আর্থিক অবস্থা বিবেচনা কোরে, এই সমস্ত কাজ করা উচিত। এই রকম পদ্ধতি গ্রহণ করা হলে তবেই জনসাধারণের সঙ্গে নিবিড় সম্বন্ধ গড়ে উঠতে পারে। তা না হলে গ্রাম পঞ্চায়েত জনসাধারণের সামনে নিপীড়নের যন্ত্র বা জোর জবরদস্তি কোরে কাজ করিয়ে নেবার যন্ত্র হিসাবে প্রতিভাত হবে এবং তাহলে প্রথম থেকেই গ্রাম পঞ্চায়েত ও গ্রাম সভার সভ্যদের সঙ্গে খিচিমিচি আরম্ভ হবে, এবং সভ্যদের যা উন্নতিমূলক কাজ গ্রাম পঞ্চায়েতকে দিয়ে হওয়ার কথা সেই সমস্ত কাজ ব্যাহত হবে। এই যে ফাইন করবার ব্যবস্থা হচ্ছে, সেজন্য তাকে দিনের পর দিন কোর্টে হাজির হতে হবে, তার মানে কোর্টের খরচ, ঘোরাঘুরির হায়রানি এবং কেস হলে পর জনসাধারণকে ৬।৮।১০ মাস পর্যন্ত ভুগতে হবে। এই ধরণের দমনমূলক আইন যদি তাঁদের হাতে দেওয়া হয়, তাহলে গ্রাম পঞ্চায়েত পরিচালনার দিকে অসুবিধা হবে। সেই জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট এনেছি যে ৩৬(২) নং যে অংশ আছে তা তুলে দিন। তা ছাড়া যে প্রোভাইসো দিয়েছেন যে,

Provided further that the prescribed authority, etc.

এখানে "স্যাল" কথায় বাধ্যতামূলক করছেন। আর "পেনালাইজিং" ক্লজটা রাখবেন কিনা, এগুলো বিবেচনা করে দেখবেন।

[9-50—10 a.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, the clause provides for certain powers to be exercised by the Gram Panchayat. I think my friends should have faith in the Gram Panchayat which belongs to the gram itself. It would not take any measure which is oppressive. The Union Board possesses these powers but these powers are exercised very seldom. Moreover, whenever there is a private house or a private tank or a private latrine or a private well, the Gram Panchayat has no jurisdiction over it save and except to call upon the owner to do certain things which are necessary for the sanitation of the particular village.

Therefore, the power has to be given.

Now, it is mentioned that it will take into consideration its financial position. If Gram Panchayat cannot take into consideration the financial position of one of its co-villager, I do not think there is any other body which can do it. Now, on the one hand, you say, whenever there is any right given to the Government officers, that I am taking away the autonomy of the Gram Panchayats and not trusting them; on the other hand, when I give them power, you do not trust them. You have got to trust the Gram Panchayats themselves to a certain extent. These measures are necessary to be taken wherever private property is involved. The Gram Panchayat is not entitled to encroach upon anything or do anything in respect of private property. Then we have given the right to the person affected to file an appeal if he is not

satisfied that the Gram Panchayat has done its duty. Therefore, the safeguard is there, Now, even after the prescribed authority has heard the appeal and given its decision, if it is not carried out, there must be a penal clause, otherwise nobody will do it. So, the penal clause should be there. Now, in section 41 it is also provided that in case the person who has to do it does not do it, then the Gram Panchayat is entitled to do it at the cost from the person who has to do it. If clause 36(2) is omitted, this means that the penal section is taken off. Then why should a man do it? The only thing that will happen is that the Gram Panchayat will have to do it itself and recover the cost from the person concerned. Therefore, the penalty clause must be there so that the Gram Panchayat may not be compelled to do the work itself and recover the cost. So, I say that this provision should be there. But this power will very seldom be taken recourse to and specially when the power is given to the Gram Panchayat which is elected by the gram people. Therefore, unless there is a very gross case, these powers are not likely to be exercised.

Now, with regard to amendments, there is one amendment which asks for commas to be inserted. I think that may be accepted—amendment No. 377—which says that both before and after the words "without sufficient reason" a comma be inserted.

So far as "and" is concerned in amendment No. 377, I think it should remain because the Law Department says that it will make better English. I also feel—"If a person upon whom a notice has been served as aforesaid and which has not been set aside"—if "and" is deleted, it does not make good construction because then it will read like this—"If a person upon whom a notice has been served as aforesaid which has not been set aside". Therefore, the Law Department says that "and" should remain—that is what they say—and I do not think it is bad.

We cannot delete clause 36(2), as I have stated above. Under the circumstances, save and except amendment No. 377A, I cannot accept the other amendments and I oppose them.

The motion of Sj. Sasabindu Bera that in clause 36(2), line 3, both before and after the words "without sufficient reason" a comma be inserted, was then put and agreed to.

The motion of Sj. Sasabindu Bera that in clause 36(2), line 2, the word "and" be omitted, was then put and lost.

The motion of Sj. Kanai Lal Bhowmick that clause 36(2) be omitted was then put and a division taken with the following result:—

AYES—45.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta

Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Satpathi, Dr. Krishna Chandra
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—85.

Abdus Shokur, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Dr. Srikumar
Barman. The Hon'ble Syama Prasad
Biswas, Sj. Raghunandan
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar. The Hon'ble Dr. Jiban Ratan
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Loso
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan. The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Sikdar, Sj. Rabindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 45 and the Noes 85, the motion was lost.

The question that clause 36 do stand part of the Bill was then put and agreed to.

Clause 37

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 37(e), line 1, the words "with the sanction of the District Board and" be omitted.

Sir, I also beg to move that in clause 37(e), line 3, the word "also" be omitted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 37(f), line 1, before the word "trim" the words "cut or" be inserted.

Dr. Krishna Chandra Satpathi:

স্পীকার, স্যার, এই যে-সব জিনিষ এখানে (এ), (বি), (সি), (ডি)তে বলা হয়েছে, তার সঙ্গে সঙ্গে (ই)তে বলা হয়েছে—

"with the sanction of the district board and where there is a canal as defined in the Bengal Irrigation Act, 1876—"

সেখানে আমি বলছি—

"with the sanction of the District Board"

তুলে দেওয়া হোক।

[10—10-10 a.m.]

মন্ত্রীমহাশয় এটুকু দয়া করে বিবেচনা করে দেখবেন, ইরিগেশন এ্যাক্ট অনুসারে ডিসট্রিক্ট বোর্ডএর ক্যানেল কোথাও আছে কিনা। তারপর এখানে আর একটা বাদ দিতে বলছি,

"A *Gram Panchayat* shall have control over all public streets and waterways within its jurisdiction other than canals as defined in section 3 of the Bengal Irrigation Act, 1876.

ইরিগেশন প্রোজেক্ট সম্বন্ধে যদি কথা বলতে হয়, সেখানে ডিসট্রিক্ট বোর্ড কি করে আসে? তারপর কথা হচ্ছে অলসো কথাটা বাদ দিতে বলছি, এজন্য যদি স্টেট গভর্নমেন্ট স্যাংকস্যান দেন, তাহলে সংশ্লিষ্ট কর্মচারীর আবার অনুমতি নিতে হবে কেন? যেখানে গভর্নমেন্ট অনুমতি দিচ্ছে, সেখানেই ধরে নিতে হবে, সেই বিভাগের কর্মচারীর প্রতিও সঙ্গে সঙ্গে নির্দেশ দেওয়া হবে। যেখানে গভর্নমেন্ট এই রকম নির্দেশ দিচ্ছে সঙ্গে সঙ্গে কাজ করবারও অধিকার দিচ্ছেন, কিন্তু তা যদি না হয়, তাহলে গভর্নমেন্টএর স্যাংকস্যান নিতে হবে আবার সেই বিভাগের কর্মচারীরও নির্দেশ নিতে হবে। গভর্নমেন্টএর স্যাংকস্যান পাওয়া হয়ত যত সহজ কিন্তু সেই বিভাগের কর্মচারীর সম্মতি পাওয়া তত সহজ ত নয়ই বরং অসম্ভব হয়ে পড়ে। চলিত একটা কথা আছে "বাঁশের চেয়ে কঞ্চি দড়"। গভর্নমেন্ট কর্মচারীর সম্মতি পাওয়া যে কত দুর্ভাগের বিষয় যারা ভুক্তভোগী তারাই হাড়ে হাড়ে টের পেয়েছে। এজন্য বলবো- উইথ দি স্যাংকস্যান অফ দি গভর্নমেন্ট। এটা থাকলেই যথেষ্ট—অলসো উইথ দি স্যাংকস্যান অফ সাচ অফিসার—এটা বাদ দেওয়াই যুক্তিসঙ্গত। বিশেষ, গ্রাম পঞ্চায়েতের পক্ষে বিভাগীয় সংশ্লিষ্ট এই সব কর্মচারীদের কাছে পেঁছানই শক্ত ব্যাপার। সুতরাং মন্ত্রী-মহাশয় আমার দুটি কথার জবাব আশা করি দেবেন, একটি ইরিগেশন এ্যাক্ট অনুসারে ডিসট্রিক্ট বোর্ডএর ক্যানেল কোথায় আছে, যার জন্য ডিসট্রিক্ট বোর্ডএর অনুমতি নিতে হবে—ইরিগেশন প্রোজেক্টএর ব্যাপারে—আর একটা কথা—কর্মচারীদের অনুমতি নেওয়ার ব্যাপারে।

Sj. Ajit Kumar Basu:

এই ক্লজ ৩৭এ মিঃ জালান একটা কুয়াসার সৃষ্টি করেছেন, অর্থাৎ ঠিক তিনি কি বলতে চাচ্ছেন, বুঝা যাচ্ছে না। প্রথমে যে কয়টি দায়িত্ব ও ক্ষমতার কথা উল্লেখ করেছেন, গ্রাম্য পঞ্চায়েতের থাকবে বলে, এই ক্ষমতা দায়িত্বগুলি আজও গ্রাম্য স্বায়ত্বশাসন আইনে ইউনিয়ন বোর্ড প্রভৃতিতে আছে, এটা তিনি জানেন। কিন্তু এই ক্ষমতাগুলি তারা কোন কাজে লাগাতে পারে না। কাজেই একদিক থেকে ইহা নতুন কিছু নয়। এই ক্ষমতাগুলি গরীব লোকেরা পয়সা দিতে পারে না বলে তারা কাজে লাগাতে পারে না। কাজেই সেখানে এগুলি যদি সত্য সত্যই রাখা হয়, তাহলে আগে থেকে যা বলছেন এ্যাসাইন্ড ওয়ার্ক ছাড়া গভর্নমেন্ট টাকা দেবেন না সেটার সংশোধন করতে হয়। এই যে ক্ষমতা ও দায়িত্ব আগেকার দিনে ছিল, আজ এই ক্ষমতা তোমাদের হাতে রাখছি, সেজন্য টাকার ব্যবস্থা করব, একথা যেন মিঃ জালান বলে দেন নইলে আগেকার দিনে যেমন শোভা হিসাবে থাকত, আজকের দিনেও তা শোভা হিসাবে থাকবে।

স্টেট গভর্নমেন্ট এবং সেন্ট্রাল গভর্নমেন্ট তাদের হাতে সমস্ত বড় বড় জিনিষ থাকবে। একেই ত টুকিটাকি ক্ষমতাগুলো এরা পয়সার অভাবে করতে পাচ্ছে না। কাজেই এগুলো যদি তাদের দিয়ে করানো হয়, তাহলে তার জন্য টাকার ব্যবস্থা করুন। আপনারা এর আগে

বলেছেন যে, এ্যাসাইন্ড ওয়ার্ক ছাড়া টাকা দেবেন না। তা ছাড়া যে কাজগুলি তারা কোন দিন করতে পারে না, সেগুলি দিচ্ছেন। টাকা কোথা থেকে আসবে সেটা বলে দেওয়া দরকার, তা না হলে কাজগুলি হবে না। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে, এই কাজগুলি করার দায়িত্ব যেমন তাদের দেওয়া হচ্ছে, তেমন সঙ্গে সঙ্গে তাদের টাকাও দেবার ব্যবস্থা করুন।

Sj. Tarapada Bandopadhyay: Sir, important point of law arises in connection with sub-clause (c) of clause 37 and I think, Sir, some illegal and unauthorised act is being entrusted to the care of the Gram Panchayat by the sub-clause (c). Here it is stated that the Gram Panchayat is authorised to widen, open, enlarge or otherwise improve any such public street, bridge or culvert and with minimum damage to the neighbouring fields, plant and preserve trees on the sides of such street. Of course, Mr. Jalan is conscious of the fact that any planting of such trees will cause some damage to the neighbouring land but he says that the damage should be minimum. Damage, whether minimum or maximum, is an illegal thing and is also an unauthorised thing. Again, Sir, you being an astute and experienced lawyer know very well the existing law as regards the overhanging branches of a tree. Overhanging branches of a tree are not protected. Although the trunk is on my land but if the branches spread over the land of my neighbour, that neighbour has every right to lop off the spreading branches. Therefore, no tree would be safe and all these Vonomahotsav trees, pious platitudes, etc., would be wasted. I wish to draw the attention of the Government in this connection to bring a separate legislation, to do away with the rigour of the existing law as regards the overhanging branches. We feel that many good trees are being mutilated because of the operation of the existing law. Regarding overhanging branches of a tree the rigour must be abated and reduced by bringing a suitable legislation here. The innocent trees should be protected. That is my submission. This is an unauthorised act. Mr. Jalan has understood the point and Dr. Roy has also understood it. None of your trees which has come into existence as a result of your Vanomahotsav will be safe. A neighbourer may not lop off the branches of a tree, but there should be some such rules as to protect the branches.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This section is for public street.

Sj. Saroj Roy:

স্পীকার, স্যার, আমি একটা প্রশ্ন আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে করতে চাই যে, যে প্রশ্নটা আগে তোলা হল, ৩৭ সিতে যেটা বলেছেন মিনিমাম ড্যামেজ, মিনিমাম হোক বা ম্যাক্সিমাম হোক, সেই প্রশ্ন না এনে আমি একটা প্রশ্ন করছি, যেটা ড্যামেজ হবে, সেটা যদি কোন বাগান থাকে বা যদি কোন ধানের জমি থাকে, সেখানে একটা জিনিষ পরিষ্কার করে দেওয়া দরকার, সেটা হল যাদের জমি নেওয়া হবে বা যাদের বাগানে টাগানে হাত দেওয়া হবে, সেখানে কমপেনসেসনের কোন প্রশ্ন থাকবে কি, থাকবে না?

দ্বিতীয় প্রশ্ন হল ডি-তে আছে,

deepen or otherwise improve such waterways,

এখানে আদারওয়াইজ কথাটা ভেগভাবে রাখা হয়েছে। তাতে শুধু ডিপেন্ড করে না, যদি স্প্রেড করতে হয়, তাহলে কতখানি জমি সেখানে নিয়ে নেবে, কতটা সেখানে ভাল জমি নেবে কিম্বা যদি কোন একটা ভাল বাগান থাকে, যদি সেটা নিয়ে নেয়, তাহলে কতটা? কারণ বহুক্ষেত্রে বাংলাদেশে যা চলছে তাতে গ্রামদেশে যদি কেউ মনে করে যে কাউকে জব্দ করতে হবে, তাহলে সে এই সমস্ত সূত্র নিয়ে তখন তার জমি আস্তে আস্তে নিতে চেষ্টা করবে। সেখানে যদি কমপেনসেসনের প্রশ্নটা পরিষ্কারভাবে দেওয়া থাকে, তাহলে ঐরকম জিনিষ থাকে না। একটা জিনিষ মন্ত্রীমহাশয় বাদ দিয়ে দিয়েছেন, সেদিকে তাঁর দৃষ্টি নেই যে,

গ্রামবাসীর দ্বারা গ্রাম্য শাসন ব্যবস্থা চালাতে গেলে যেটা প্রাথমিক কাজ গ্রামবাসীদের কনস্যাস করে তোলা, গ্রামবাসীদের ভূমিকাটা সম্বন্ধে যথেষ্ট কনস্যাস করে, তারপরে যদি এই দায়িত্বগুলি দেওয়া যায় এবং যদি তাদের যথেষ্ট সুযোগসুবিধা দেওয়া যায়, তাহলে বহু কাজ ভালভাবে হতে পারে কিন্তু এখানে নানা ধরনের বাধা সৃষ্টিকারী যেসব সেকসন আমরা দেখে আসছি, তাতে দায়িত্ব একদিক থেকে দেওয়া হচ্ছে, আর একদিকে ঐ অথরিটির হাতে নানা-রকম চাবিকাঠি রেখে দেওয়া হচ্ছে। এই রকম অবস্থায় যে ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত বিল তৈরী করা হচ্ছে, তাতে যে সমস্ত সংগঠনগুলি গড়ে উঠবে, তাদের চরিত্রের কোন রকম একটি গণতান্ত্রিক পরিবর্তন হবে বলে মনে হয় না।

[10-10—10-20 a.m.]

সেজন্য এই দিক থেকে কতকগুলি জিনিষ পরিষ্কার করে রাখা দরকার। জমি বাগান নেওয়ার ব্যাপারে যদি কমপেনসেসনএর বিষয়টা পরিষ্কারভাবে লেখা থাকে তাহলে গ্রাম্য গোলমাল বন্ধ হতে পারে। সে সম্পর্কে যাতে মন্ত্রীমহাশয় পরিষ্কারভাবে জানিয়ে দেন, সেটাই আমরা চাই।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার, স্যার, আমার একটা কথা বলবার আছে। বিষয়টা আমি আপনার গোচরীভূত করতে চাই। কালকে আপনি ছিলেন না। আমার বক্তব্য সম্বন্ধে কালকে মন্ত্রী-মহাশয় কোন উত্তর দেন নি। এটা অত্যন্ত দুঃখের বিষয়, এটা, স্যার, শোভন নয়।

Mr. Speaker: That is a closed chapter. You please speak on the amendment.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, courtesy demands that reply should be given, whether you accept our amendment or not. He may be more intelligent than many of us but that does not take away our right to place our point of view before the House and to have a reply

একটা সংস্কৃত শ্লোক আছে,

"নলিনী মলিনী দিবসত্রয়ে
শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে
ইতি বিদধৌ বিধি বিদধে রমনীমুখং
ভবতি বিজ্ঞতরাঃ ক্রমশো জনাঃ।"

যাই হোক, পাড়াগাঁয়ে এমন অনেক গাছ আছে, যেগুলি রাস্তার উপর হেলান আছে। এটা যাঁরা পাড়াগাঁয়ে থাকেন তাঁরা ভালোভাবেই জানেন। আমাদের মন্ত্রী অজয়বাবু একথা নিশ্চয় ভালোভাবেই জানেন। সেটা কি করবেন? সেজন্য আমি এটা বাকী রাখতে বলেছিলাম। আরো একটা জিনিষ আছে। ক্লজ ৩৭(বি)তে আছে,

divert or close any such public street

এখানে আমার কথা হচ্ছে পাবলিক স্ট্রীট কি ক্লোজ করতে পারেন? ক্লোজ করার রাইট কি আছে? যেটা পাবলিক স্ট্রীট সেটা কি ক্লোজ করতে পারেন? এটা করতে কি আইনে ব্যাঘাত হবে না? ডাইভার্ট করতে পারেন, কিন্তু কোন আইনেই ক্লোজ করতে পারেন না। তিনি এটা চিন্তা করে দেখুন।

The Hon'ble Iswar Das Jalan: Sir, this clause relates to public streets and waterways. The previous clause related to private property. This clause relates to public property. What we have provided for is that if there be public streets and waterways, the control shall vest in the Gram Panchayat. My friends spoke about the financial provision. So far as

the Gram Panchayat is concerned unless this section is there, it will have no control over public streets and waterways. To provide control, therefore, this section is necessary.

The next point is about closing. This power is there in the Municipal and other Acts. Sometimes a public street may be so dangerous that nobody should pass it. Therefore, this power is necessary to be exercised. I know of cases in which it has been exercised.

The next question is about minimum damage to the neighbouring fields, plant and preserve trees. On both sides of the road there may be trees and it may that there may be trees which may give shade to the neighbouring fields and there may be objection as to why the shade is there. For public good we have got to encroach upon some private lands. Therefore, we have provided that the damage should be the minimum, but the right is given to the Gram Panchayat to plant trees on both sides of the road which is essential. As regards the land on which the trees will be planted, necessarily the Gram Panchayat will either have to acquire that land or that land may belong to the Gram Panchayat itself but the damage may be in different ways. Therefore, this clause has become necessary.

[Interruption] (Sj. Saroj Roy: টাকা দেবেন তো?)

Taka is a different thing. We have provided for certain amount of taxation. There may be grants and other sources. But unless the power is there even with the money they will not be able to do the work. In every clause, you should know, we cannot make the financial provision. Certain powers are to be given before the Gram Panchayat is entitled to exercise those powers Of course, everything depends upon finance. If the finances are not forthcoming, the Gram Panchayat or any other institution in the world can never flourish. That is absolutely a separate question.

With regard to the "sanction of the district board and where there is a canal as defined in the Bengal Irrigation Act, 1876, with the sanction also of such officer as the State Government may prescribe, undertake irrigation projects," I cannot speak very fully as to the provisions with regard the Bengal Irrigation Act, but my Law Department has considered the amendment and it is of opinion that it is necessary to be retained. Therefore, I am not in favour of deletion. What I feel is that "waterways" is a very wide word and the words "irrigation projects" are also very wide. In some cases sanction of the district board may be necessary —it has also got jurisdiction over irrigation projects.

With regard to "trim" or "cut", that is a matter of mere language. "Branches and hedges projecting on public streets" I think the word "trim" seems to be better.

There is nothing else to give a reply to.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 37(e), line 1, the words "with the sanction of the district board and" be omitted, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 37(e), line 3, the word "also" be omitted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 37(f), line 1, before the word "trim' the words "cut or" be inserted, was then put and lost.

The question that clause 37 do stand part of the Bill was then put and agreed to.

[10-20—10-30 a.m.]

Clause 38

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 38(1)(b), line 1, the word and comma "silt," be omitted.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that in the first proviso to clause 38(1), line 2, for the word "thirty" the word "sixty" be substituted.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that in the first proviso to clause 38(1), line 9, after the words "the order" the words "after considering the financial position of the person concerned" be added.

Sj. Ajit Kumar Basu: Sir, I beg to move that clause 38(2) be omitted.

Sj. Probodh Dutta:

মাননীয় স্পীকার মহোদয়, এই ক্লজ ৩৮এ ৩০ দিনের সময় দেওয়ার কথা বলা হয়েছে। আমি সেই জায়গায় ৬০ দিনের সময় রাখতে চেয়েছি, কারণ, দেখা যায় যে, গ্রামের লোকের আর্থিক অবস্থা খুব খারাপ, তা ছাড়া আমরা দেখেছি একটা ইউনিয়ন অফিস থেকে কোন একটা নকল নিতে গেলে তাতে বহু সময় লেগে যায়। সুতরাং গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে যখন কোন নোটিসের নকল নিতে যাবে, তখন হয়ত অনেক সময় লেগে যাবে। সেজন্য সব দিক বিবেচনা করে আমি বলেছি যে, ৩০ দিনের সময়ের জায়গায় ৬০ দিন করলে ভাল হয়। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা মেনে নেবেন।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় সভাপাল মহাশয়, ৩৮নং ধারায় আছে যে, কোন ব্যক্তির উপর গ্রাম পঞ্চায়েত আদেশ জারী করতে পারবেন, যদি সেই ব্যক্তি তিরিশ দিনের মধ্যে ওই আদেশের বিরুদ্ধে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন জানাতে পারেন, তাহলে ওই আপীলের শুনানী না হওয়া পর্যন্ত ওই আদেশ কার্যকরী করা স্থগিত রাখতে পারবেন এবং সেই নির্দেশনামাটি সংশোধন, বাতিল বা গ্রহণ করতে পারবেন। এখানে আমার সংশোধনী হচ্ছে এই যে, নির্ধারিত কর্তৃপক্ষ পঞ্চায়েতের নির্দেশনামা সংশোধন, বাতিল অথবা গ্রহণ করবার সময় ওই ব্যক্তির আর্থিক অবস্থার বিষয় বিবেচনা করে তারপর অবস্থা অনুযায়ী ব্যবস্থা করবেন। তা যদি না করা হয়, তাহলে ভয়ানক বিপদের সম্ভাবনা আছে, এমন যদি নোটিস দেওয়া হয় যে, এখুনি তার বড় পুষ্করিনী সংস্কার করতে হবে এবং ঐ পুষ্করিনীটি সংস্কার করতে হাজার টাকা খরচ হবে, অথচ সে লোকটির আর্থিক অবস্থা শোচনীয়, তাহলে তার পক্ষে তা করা একেবারেই অসম্ভব হয়ে দাঁড়াবে। সেজন্য আমার সংশোধনীতে বলেছি যে, তার আর্থিক অবস্থা বিবেচনা করে অর্থাৎ সেই নির্দেশ প্রতিপালন করবার সংগতি তার আছে কিনা সেইটা বিবেচনা করে, তবে নির্দেশকে কার্যকরী করার চেষ্টা যেন হয়। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এই সংশোধনী গ্রহণ করবেন।

Sj. Ajit Kumar Basu:

মাননীয় সভাপাল মহাশয়, আপনি দেখুন ৩৮(সি) এ্যান্ড (ডি) কি আছে। এখানে হয়ত কোন লোকের একটি পুকুর আছে তাকে বলা হবে টু প্রোটেক্ট ইট ফ্রম পলিউশন ইত্যাদি। এখানে আমার বক্তব্য হচ্ছে গ্রামাঞ্চলে আমরা দেখেছি একটি পুকুর হয়ত কোন ব্যক্তির আছে, কিন্তু তার জল গ্রামের প্রায় সব লোকই ব্যবহার করে থাকেন। আমার অভিজ্ঞতা থেকে বলছি একবার একটা পুকুর সম্বন্ধে হেলথ অথরিটি ডিক্লেয়ার করল যে তাতে কলেরার বীজ আছে,

কেউ যেন তার জল ব্যবহার না করেন, যার পুকুর সেও বারণ করল, কিন্তু তবুও দেখা গেল লোকে সেই জল ব্যবহার করছে। এখানে বলেছেন যার পুকুর তাকেই ব্যবস্থা করতে হবে যাতে জল দূষিত না হয়। আমার কথা হচ্ছে, সব সময় পুকুরের জল কি পুকুরের মালিকের দোষে দুষ্ট হয়? এমন হতে পারে যে মালিক সেই পুকুরের বহু দূরে বাস করে তা সত্ত্বেও কি তাকেই দায়ী করা উচিত হবে?

৩৮(ডি)তে দেখুন, সেখানে পুকুরের দূষিত জল কেউ ব্যবহার করলে মালিককে দায়ী করা হয়েছে। তাহলে মালিক কি সব সময় সেখানে লাঠি ধরে পাহারা দেবেন, যাতে দূষিত জল কেউ ব্যবহার না করতে পারে? এটাও সত্যি যে অনেক সময় গ্রামের লোক দূষিত জল ব্যবহার করতে বাধ্য হয়, কারণ গ্রামাঞ্চলে পানীয় জলের বহু স্থানে খুব অভাব রয়েছে। এই দূষিত জল ব্যবহার করলে পুকুরের মালিককে অপরাধী করে এই যে দায়ী করে সাজা দেবার ব্যবস্থা করছেন, এটা বোধ হয় ঠিক হচ্ছে না। তাকে নোটিস দিচ্ছেন এবং নোটিস অনুযায়ী কাজ না করলে আপনি ক' জন লোক রাখবেন এবং তার খরচ সেই ব্যক্তির কাছ থেকে আদায় করে নেবেন। আগেও যেমন বলেছিলাম, এখনও তাই বলি যে তাকে ম্যাজিস্ট্রেটএর কোর্টএ নিয়ে হাজির করছেন, আবার ম্যাজিস্ট্রেট কোর্ট থেকে সাজাও দিচ্ছেন, অথচ এই অপরাধের জন্য সে আসলে দায়ী না শুধু তার অপরাধ সে সেই পুকুরের মালিক। সে নিজে জল দূষিত করছে না, কেউ করতে গেলে বারণ করছে, কিন্তু আটকাতে পারছে না, এই দোষের জন্য এই রকম সাজা দেওয়া অর্থাৎ একবার ম্যাজিস্ট্রেটএর কোর্টএ নিয়ে যাচ্ছেন, তারপর সেই কাজ করে নিয়ে টাকা আদায় করছেন, এটা মোটেই যুক্তিসংগত নয়। এই আমার বক্তব্য।

Dr. Jatish Ghosh:

মাননীয় সভাপাল মহাশয়, এখানে খুব ব্রড টার্ম রাখা হয়েছে, পল্লী অঞ্চলে পলিউসন অফ ওয়াটার কতভাবে হয়, সেটা দেখতে হবে। কাপড় কেচে হয়, পুকুর পাড়ে যদি বাহ্যি করে বর্ষা কালে সেটা ধুয়ে পুকুরের জলে গেলে পলিউসন অফ ওয়াটার হয়, কলেরা ইত্যাদি অসুখ করলে, সেই রোগীর কাপড় চোপড় কাচলেও হয়। আমি যখন মেদিনীপুর ডিস্ট্রিক্ট বোর্ডএ কাজ করতাম, তখন আমরা গ্রামে কয়েকটি রিজার্ভড ট্যাঙ্ক ঠিক করে ডিপার্টমেন্ট থেকে পুকুরগুলিতে এন্টি সেপটিক দিয়ে সেখানে চৌকিদার এ্যাপয়েন্ট করতাম। কিন্তু এখানে একটা ব্রড টার্ম দিয়েছেন, পলিউসন। এই পলিউসন কতভাবে কতজনের দ্বারা হয়ে থাকে আর তার জন্য দায়ী হবে কি ওনার। আমরা প্রেসিডেন্টকে দিয়ে ওনারকে নোটীশ দেওয়াতাম, ওনার যদি টাকার অভাবে পরিষ্কার করতে না পারত, তাহলে আমাদের ফান্ড থেকে টাকা ধার দিয়ে পরিষ্কার করতাম, তারপর তার কাছ থেকে টাকা নিতাম, বাই ইন্সটলমেন্টস। তাকে ৫০০ টাকার কাজ করতে দিলেন তিরিশ দিনের মধ্যে, অথচ তার মিন্স নেই তা করবার। সেখানে যদি অঞ্চল পঞ্চায়েত তার ফান্ড থেকে নিজে টাকা দিয়ে যদি পরিষ্কার করে নেন, এবং তাকে তিন মাসের সময় দিয়ে তার মধ্যে বাই ইন্সটলমেন্টস টাকা আদায় করেন, সেইটে ভাল হয়। আপনারা একটা আনরিজনেবল ডিমান্ড করেছেন। পলিউসন অফ ওয়াটার মালিক আটকাবে কি করে? সে কি রাত্রিদিন বসে পাহারা দেবে ওই পুকুরটাকে। এখানে হেলথ ডিপার্টমেন্টএর স্যানিটরী বিভাগ তার উপর এই জল সংরক্ষণের দায়িত্ব থাকা উচিত। আমার মনে হয়, অঞ্চল পঞ্চায়েতের উপর খরচের ভার থাকা উচিত এবং ওনার যদি তিরিশ দিনের মধ্যে টাকার অভাবে পুকুর পরিষ্কার করতে না পারে, তাহলে অঞ্চল পঞ্চায়েতের ফান্ড থেকে পরিষ্কার করে বাই ইন্সটলমেন্ট তার কাছ থেকে টাকা নেওয়া উচিত। আমার মনে হয় এটা খুব যুক্তিসঙ্গত। আমি ফাইভ ইয়ারস ইউনিয়ন বোর্ডএ কাজ করেছি, লোকাল বোর্ডএর ভাইস-চেয়ারম্যান হিসাবেও কাজ করেছি, আমার অভিজ্ঞতায় যা বলে তাই বললাম।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহোদয়, আমার মনে হয়, এখানে অত্যন্ত অবিচারমূলক এবং অন্যায় ব্যবস্থা করা হয়েছে। এখানে দেখুন বলা হয়েছে,

Power of *Gram Panchayat* in respect of polluted private water-supply.

এবং ক্লজটা পড়ে দেখুন, তাতে,

private water course, spring, tanks, well or other places water of which is used for drinking or culinary purposes.

সেই জল যে পাবলিক ব্যবহার করবে, সেরকম কথা নেই। এ্যাবসোলিউটলি প্রাইভেট ওয়াটার সাপ্লাইএর কথাই রয়েছে। সেক্ষেত্রে সেই ওয়াটার সাপ্লাই অর ওয়াটার কোর্সএর যে মালিক তার উপর জুলুম হবে বলে, আমি মনে করি। যদি তাকে এগুলি ক্লিন করতে হবে ফ্রম টাইম টু টাইম অফ সিল্ট এরকম বিধান থাকে।

আমার প্রাইভেট পুকুর সাধারণের ব্যবহার্য নয়, আমার প্রাইভেট প্রপারটি হচ্ছে যে পুকুর, যেটা নাকি ফর মাই প্রাইভেট ইউজ, তার পঙ্কোদ্ধার আমার সুবিধা মতন আমি করব। কিন্তু গ্রাম পঞ্চায়েত নির্দেশ দেবেন পঙ্কোদ্ধার করবার জন্য এবং সেটা না করলে আমার সাজা হবে, এ ব্যবস্থা অত্যন্ত আপত্তিজনক। এতে একটা স্পেসিফিকেশন থাকা দরকার যে, জনস্বাস্থ্যের ক্ষতিকর যদি কিছু ঐ পুকুরের দ্বারা হয়, তাহলেই সেটা পরিষ্কার করতে হবে। তা না থাকলে যখন তখন গ্রাম পঞ্চায়েত নির্দেশ দেবেন, আমার ট্যাঙ্কের পঙ্কোদ্ধারের জন্য, তাতে আমার প্রাইভেট রাইট টু প্রপারটির উপর হস্তক্ষেপ করা হবে বলেই আমি মনে করি। শুধু স্বাস্থ্য রক্ষার জন্য যদি হয়,

to cleanse the same from refuse or decaying vegetation

তাহলে না হয় বুঝতে পারি, কিন্তু সে ক্ষেত্রেও যার ট্যাংক তার ফাইনানসিয়াল পজিসনটা কনসিডার করতেই হবে, নৈলে আমার প্রাইভেট ট্যাংক তার পঙ্কোদ্ধার আমি যদি না করি, তবে কেন আমাকে বাধ্য করে করাতে যাবেন? আমি মনে করি এই ক্লজটা মারাত্মক এতে জনসাধারণের অধিকারের উপর হস্তক্ষেপ করা হবে। সেইজন্য এই ৩৮(১)(বি) থেকে এই "সিল্ট" কথাটি বাদ দিতে বলি।

[10-30—10-40 a.m.]

Sj. Saroj Roy:

স্যার এই যে এখানে রয়েছে, নীচেকার প্রোভাইসোতে—

which has not been set aside by the Prescribed Authority

তার পরেই রয়েছে উইদাউট সাফিসিয়েন্ট রিজন এ সম্পর্কে কোন পরিষ্কার কথা বলা নাই, এখানে যেটা মূল কথা সে হচ্ছে ঐ উইদাউট সাফিসিয়েন্ট রিজনকে সেটা নির্ণয় করবে যে, কোন নির্দেশ পালন না করার জন্য সাফিসিয়েন্ট রিজনটা কি? মনে করুন কোন লোকের অবস্থা অত্যন্ত খারাপ। তার একটা মাত্র পুকুর আছে। তাতে যে দু' দশ টাকার মাছ ছেড়ে দেয় এবং সেই মাছের আয় দিয়েই তার সংসার চলে, এখন সেটার উপর যদি গ্রাম পঞ্চায়েতের কোন বিশেষ লোকের নজর পড়ে, যেমন গ্রামে সচরাচর দেখা যায়, এবং সেই ব্যক্তিকে যদি অর্ডার করা হয়, এই সাব-সেকশন অনুসারে যে তোমাকে ঐ পুকুর ছেড়ে দিতে হবে। তারপর সে ছেড়ে না দিয়ে প্রেসক্রাইবড অথরিটির কাছে গেল, কিন্তু দুর্ভাগ্যক্রমে তাঁকে যদি সে মানাতে না পারে, তাহলে পর শেষ পর্যন্ত ত তাকে কোর্টে নিয়ে যাচ্ছেন। এই কোর্টে সে ব্যক্তির যদি পাঁচ বার যেতে হয়, কারণ কোর্টের ব্যাপার স্যার, আপনি ভালই জানেন তাহলে শুধু পুকুরটি নয়, তার ভিটে মাটি সবই যাবে। এইভাবে যদি এইসব ব্যবস্থা এখানে রেখে দেন, তাহলে এই পঞ্চায়েত বিল কি করে কার্যকরী করা হবে? উদ্দেশ্য হবে যাতে লোকের ভাল হয়, কিন্তু যা নাকি করতে যাচ্ছেন, তাতে সেই ভাল হওয়ার পথ রুদ্ধ হয়ে যাবে। ব্রিটিশ পিরিয়ডএ যেমন আইন ছিল, কোয়ার্শন করে লোককে জব্দ করার পদ্ধতি, সেই পদ্ধতিই আপনারাও রাখছেন, সেটা রাখা উচিত নয়।

এই সাব-সেকশন যা রেখেছেন যে, প্রেসক্রাইবড অথরিটির কাছে গেলে তিনি কিছু না করলে আবার ম্যাজিস্ট্রেটের কোর্টে ২৫ টাকা জরিমানা হবে ইত্যাদি। এসব না থাকাই ভাল। সেইজন্য বলছি সেকশন ৩৮এ যা আছে, তাই থাক, সাব-সেকশন যেটা দিয়েছেন, সেটা তুলে নিন, তাহলে কিছুটা ভাল হতে পারে।

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলে যে দৃষ্টিভঙ্গী লক্ষ্য করে আসছি, এই ক্লজও সেই দৃষ্টিভঙ্গী থেকেই আনা হয়েছে। এখানে জনস্বাস্থ্য রক্ষার দায়ে যার পুকুর বা বিল আছে, সেই সব ব্যক্তিগত মালিকের উপর। এই ক্লজ দ্বারা চাপ দেওয়া হয়েছে। জনস্বাস্থ্যের দিকে নজর রাখা প্রত্যেক লোকেরই কর্তব্য, একথা ঠিক। কিন্তু আমি মনে করি, জনস্বাস্থ্য রক্ষা করবার দায়িত্ব যাতে পঞ্চায়েত নেয়, সে দিক দিয়েও বিবেচনা করা বিশেষ দরকার, প্রথমে দেখতে হবে যদি কোন পুকুর বা বিলের জল দূষিত হয়ে থাকে, সে জল দূষিত হয়েছে কি কারণে? অন্য কোন লোক মালিকের কথা অগ্রাহ্য করে জল দূষিত করেছে কিনা সেটাও বিচার করতে হবে, অথবা মালিক ইচ্ছা করেই জল দূষিত করেছে, সেটাও দেখতে হবে। যদি দেখা যায় যে, মালিক ইচ্ছা করেই জল দূষিত করেছে এবং তাকে যদি বারণ করা সত্ত্বেও সে ঐ কাজ করে থাকে, তাহলে অবশ্যই সে দোষী সাব্যস্ত হবে। এখানে বিশেষ করে বলা হয়েছে, মালিকের উপর জরিমানার কথা। কিন্তু মালিকের অবস্থা যদি খারাপ হয়, তাহলে তার জরিমানা না করে পঞ্চায়েতেরই দায়িত্ব নেওয়া উচিত। এবং সরকার থেকেও সাহায্য করা উচিত, যাতে নাকি ঐ দূষিতজলকে ভাল করা যায়। একজন মালিকের অবস্থা হয়ত খারাপ, একটা বড় পুকুর কাটাতে গেলে এক হাজার টাকা খরচ করা দরকার ও সে টাকা তার নাই, সেইজন্য "রি-এক্সক্যাভেট" কথাটা এবং ফাইন করার কথা বাদ দেওয়া উচিত, এবং সরকারেরই সেই সব দায়িত্ব গ্রহণ করা উচিত।

The Hon'ble Iswar Das Jalan: Sir, the fears are unfounded. Firstly, the power is vested in the Gram Panchayat itself. That should be a sufficient safeguard. Then it is provided that the Gram Panchayat will always pass an order taking into consideration his fianancial position. Then if there be any dissatisfaction from the order provision has been made that he can make an appeal to the prescribed authority. The prescribed authority will take into consideration the financial position also because the very foundation of the original order must comply with the provisions of the Act. Even if a man can show that there is sufficient reason for not complying with the order he will not be punished.

Therefore, so far as penal action is concerned sufficient safeguards are there. The case must go to the Magistrate. Because it is against the action of the Gram Panchayat. Therefore the Gram Panchayat cannot hear this case. That is the reason why it has to go to the Magistrate.

If we do not retain the power of punishment then no direction can be given under the law unless and until it is followed by some penalty for not complying with the order. Otherwise no order will be obeyed. That is one of the principles of law. Therefore, that is put down.

Now with regard to the question as to why I should interfere in a question of private right. Everyday we are witnessing the Opposition encroaching upon it. The sanctity of private property is no longer there. No man if he has got a private well has got the right to drink the water which is contaminated. Public duty enjoins upon the State to see that private property even is not enjoyed to the detriment of the public. It is also there in the Village Self-Government Act. These are discretionary powers which are to be vested in the Gram Panchayat. Why should you presume that the Gram Panchayat should act arbitrarily? If you presume that then all your argument is useless.

The motion of Sj. Probodh Dutt that in the first proviso to clause 38(1), line 2, for the word "thirty" the word "sixty" be substituted was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that in the first proviso clause 38(1), line 9, after the words "the order" the words "aft considering the financial position of the person concerned" be added w then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 38(1)(b), line 1, tl word and comma "silt," be omitted, was then put and a division taken wi the following result:—

AYES—45.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Lalbehari
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Dutt, Sj. Probodh
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsura)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar

NOES—110.

Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jha, Sj. Pashu Pati
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Maiti, Sjkta. Abha
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhar

Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Surendra Nath
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shamsul Huq, Janab
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Singha Sarker, Sj. Jatindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 45 and the Noes 116, the motion was lost.

The motion of Sj. Ajit Kumar Basu that clause 38(2) be omitted was then put and lost

The question that clause 38 do stand part of the Bill was then put and agreed to.

[10-40—10-50 a.m.]

Clause 39

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 39(1), line 7, for the words "or any other weed" the words "or any such other weeds which may pollute water" be substituted.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that clause 39(2) be omitted.

Dr. Krishna Chandra Satpathi:

স্যার, একটা কথা হল যে, এখানে বলা হয়েছে,

power of *Gram Panchayat* to prevent growth of water-hyacinth or weed—

এখানে এই উইডএর কোন ডেফিনিশন নেই। উইড বলতে গেলে অত্যন্ত ব্যাপকভাবে বুঝাতে পারে। এই কারণেই যেখানে বলা হয়েছে—

not to allow water-hyacinth or any other weed

সেই জায়গায় বলতে চাই—

any such other weed which may pollute water.

কারণ উইডএর কোন ডেফিনিশন এখানে নেই বলেই একথা বলছি। তাতে ধরুন যদি পদ্ম, শালুক, শ্যাওলা প্রভৃতি উইডএর পর্যায়ে পড়ে। তাহলে যে কোন লোকের পক্ষেই সম্ভব নয় যে, পুকুরের শ্যাওলা নিবারণ করতে পারে। কথা হচ্ছে, ওয়াটার হায়াসিন্থ যেমন পরিষ্কার করতে বলে দিচ্ছেন—যে কচুরিপানা বাড়তে দিতে পারবে না—তেমনি উইড—যেসব আগাছা দ্বারা জল নষ্ট হতে পারে—সেই সব আগাছাগুলি নষ্ট করার কথা বলে দেওয়া উচিত বলে মনে করি। সেইজন্য মন্ত্রীমহাশয় যা বলেছেন, তাতে পুকুরের উইড নিঃশেষ করা যায় না। কোন লোকের পক্ষেও উইড জন্মাতে না দেওয়া সম্ভব নয়। জলজ উদ্ভিদ জন্মাবেই, সেইজন্য বলছি যে সমস্ত উইড জলকে নষ্ট করে সেইগুলি নষ্ট করার ব্যবস্থা করা উচিত।

Sj. Madan Mohon Saha:

স্পীকার মহাশয়, ক্লজ ৩৯(২) তুলে দেবার জন্য বলেছি, কারণ এই পঞ্চায়েত বিলের মাঝখান দিয়ে সরকার পক্ষ গণতন্ত্র কায়েম করতে যাচ্ছেন, গ্রামের মানুষের জীবনে নতুন অবস্থার সৃষ্টি করার জন্য তারা চেষ্টা করছেন। কিন্তু এখানে দেখতে পাচ্ছি, গ্রামের মানুষকে উচ্ছেদ করবার জন্য নানান রকম ব্যবস্থা এতে করছেন। একটা মানুষের উপর দুইবার করে দণ্ড দেবার ব্যবস্থা করছেন। একদিকে এই ক্লজএর মধ্য দিয়ে ম্যাজিষ্ট্রেট তাকে ফাইন করতে পারেন। আবার পঞ্চায়েতও তার কাছ থেকে খরচের দেড়া আদায় করতে পারেন। এ হতে পারে না—একটা মানুষকে দুইবার দণ্ড দিতে পারেন না। এটা গণতন্ত্রের নীতির বিরুদ্ধে যাবে। তাই আমার কথা হচ্ছে—ক্লজ ৩৯(২)কে অমিট করে দেওয়া হোক।

[10-50—11 a.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, I accept amendment No. 390 with this amendment that in place of "weeds" it should be "weed"—"or any such other weed which may pollute water."

The motion of Dr. Krishna Chandra Satpathi that in clause 39(1), line 7, for the words "or any other weed" the words "or any such other weed which may pollute water" be substituted was then put and agreed to.

The motion of Sj. Madan Mohon Saha that clause 39(2), be omitted was then put and lost.

The motion that clause 39 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 39A

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that after clause 39, the following new clause be inserted, namely:—

> "39A. On receiving a complaint from any person residing within the jurisdiction of a Gram Panchayat about any misconduct in the discharge of their official duties by any process-server, vaccinator, constable, any officer of the Police Department or any Government servant, such Panchayat shall, if there be a *prima facie* evidence, forward it to the proper authority with its report. The authority shall after such further enquiry as may be required take suitable action and inform the Panchayat of the result."

মাননীয় স্পীকার মহাশয়, ৩৯(বি)টা মিনিস্টার পরে কনসিডার করবেন, সেজন্য সেটা মুভ করছি না। আমি ৩৯(এ)তে বলছি,

on receiving a complaint, etc.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I need not reply to the remarks which have got no connection with this clause. We have accepted the principles of the *Anchal Panchayat* and *Gram Panchayat*. These functions are given to the *Anchal Panchayat* and if these functions are not given then the *Anchal Panchayat* has nothing to do. My friends said that we shall pass the clause by force of votes. Of course in this House we do not pass anything by force of *lathis;* we only pass it by force of votes. Certainly we shall pass this clause by force of votes. In the circumstances I oppose the amendment.

The motion of Dr. Saurendra Nath Saha that in clause 46(2), line 1, after the words "*Anchal Panchayat*" the words "by agreement with the Government" be inserted, was then put and lost.

The question that clause 46 do stand part of the Bill was then put and agreed to.

Clause 47

The question that clause 47 do stand part of the Bill was then put and agreed to.

Clause 48

[*Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the amendments as moved.*]

Sj. Balailal Das Mahapatra: I, beg to move that in clause 48(1), line 1, for the words "For every *Anchal Panchayat*, there shall be" the words "Every *Anchal Panchayat* shall appoint" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(1), line 2, after the word "who" the words "as a servant of the *Anchal Panchayat*" be inserted.

Sj. Mrigendra Bhattacharjya: I beg to move that in clause 48(1), lines 3 to 7, for the words "be responsible for the preparation of its budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year, the report on the work done during the previous year and the work proposed to be done during the following year" the words "perform duties assigned to him by the *Anchal Panchayat*" be substituted.

Sj. Sasabindu Bera: I beg to move that in clause 48(1), line 2, after the word "shall" the commas and words ", under the control of the *Pradhan* and, in his absence, the *Upapradhan*," be inserted.

I beg also to move that in clause 48(1), line 3, after the word "shall" the commas and words ", under such control," be inserted.

Sj. Subodh Banerjee: I beg to move that in clause 48(1), line 4, after the word "expenditure" the words "for the following year" be inserted.

Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(1), line 7, after the words "during the following year" the words "and such other duties as may be assigned by *Anchal Panchayat*" be added.

I beg also to move that the following proviso be added to clause 48(1), namely:—

> "Provided that any two or more *Anchal Panchayats* may appoint one and the same person to be the Secretary, common to each of them. Such *Anchal Panchayats* shall pay their part of the salary and allowances to the Secretary in such proportion as the State Government may from time to time determine".

Sj. Raipada Das: I beg to move that clause 48(2) be omitted.

Sj. Sasabindu Bera: I beg to move that in clause 48(2), line 1, after the word "shall" the commas and words ", under the control of the *Pradhan* and, in his absence, the Upapradhan," be inserted.

Sj. Sudhir Chandra Das: I beg to move that in clause 48(2), lines 1 to 4, for the words beginning with "the executive" and ending with "in this behalf" the words "appointed by the *Anchal Panchayat*" be substituted.

Sj. Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2), lines 2 to 4, the words beginning with "and shall be" and ending with "in this behalf" be omitted.

Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(2), lines 2 and 3, for the words "shall be appointed by" the words "shall be appointed by it with approval from" be substituted.

Sj. Subodh Banerjee: I beg to move that in clause 48(2), lines 2 to 4, for the words beginning with "appointed by the State Government" and ending with "in this behalf" the words "elected by the members of the *Anchal Panchayat* at its first meeting at which a quorum is present in the manner prescribed" be substituted.

Sj. Haripada Baguli: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "in this behalf" the words "*Anchal Panchayat*" be substituted.

Sj. Kanai Lal Bhowmick: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "this behalf" the words "*Anchal Panchayat* itself" be substituted.

Sj. Gangapada Kuar: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words beginning with "State Government" and ending with "in this behalf" the words "*Anchal Panchayat* preferably from among the voters of the area under its jurisdiction and at a meeting specially convened for the purpose in which more than one-half of the members are present" be substituted.

Sj. Tarapada Dey: I beg to move that in clause 48(2), lines 3 and 4, for the words "State Government" wherever it occurs, the words "*Anchal Panchayat*" be substituted.

Sj. Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2a), 4 and 5, the words "subject to the approval of the prescribed authority" be omitted.

Sj. Madan Mohon Saha: I beg to move that in clause 48(2a), lines 4 and and 5, for the words "subject to the approval of the prescribed authority" the words "and give intimation thereof to the prescribed authority" be substituted.

Sj. Balailal Das Mahapatra: I beg to move that the proviso to clause 48(2a) be omitted.

Sj. Jyotish Joarder: I beg to move that the following further proviso be added to clause 48(2a), namely:—

"Provided further that the services of the Secretary may at any time be terminated by a resolution of the *Anchal Panchayat* carried by the votes of not less than two-thirds of the total number of members holding office for the time being, at a meeting specially convened for the purpose."

Sj. Subodh Banerjee: I beg to move that in clause 48(2b), lines 3 and 4, the words "through whom he shall be responsible to the *Anchal Panchayat*" be omitted.

Sj. Balailal Das Mahapatra: I beg to move that in clause 48(2b), line 3, for the words "through whom he" the word "and" be substituted.

Sj. Raipada Das: I beg to move that clause 48(3) be omitted.

Sj. Cangapada Kuar: I beg to move that in clause 48(3), line 1, for the words "State Government" the words "*Anchal Panchayat*" be substituted.

I also beg to move that in clause 48(3), line 3, after the word "Secretary" the words "subject to the approval of the State Government" be added.

Sj. Subodh Banerjee: I beg to move that clause 48(4) be omitted.

Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(4), line 1, before the words "The salary" the words "One-fourth of" be inserted.

Sj. Narendra Nath Ghosh: I beg to move that in clause 48(4), line 2, for the words "*Anchal Panchayat*" the word "State" be substituted.

Sj. Tarapada Dey: I beg to move that in clause 48(4), line 2, for the words "out of the *Anchal Panchayat* Fund" the words "by the State Government" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: I beg to move that in clause 48(5), line 2, after the words "this behalf" the words "and subject to the approval by the *Gram Sabha* at its general meeting" be inserted.

I beg also to move that in clause 48(5), lines 2 and 3, for the words "appoint such additional staff" the words "in cases of emergency engage such temporary staff" be substituted.

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমার পাঁচটা য়্যামেন্ডমেন্ট আছে। আমি মনে করি এটা এই বিলের মধ্যে অত্যন্ত মারাত্মক ধারা। সরকার কথায় কথায় গণতন্ত্রের কথা বলেন। কিন্তু তাঁরা গ্রামাঞ্চলে আমলাতান্ত্রিক প্রতিষ্ঠা করতে চান, এই ধারাতেই তা সুস্পষ্ট। আমি প্রথমেই আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি,

for every Anchal Panchayat there shall be Secretary.

এই অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী কে নিযুক্ত করবেন তা ৪৮(২)তে পরিষ্কার আছে। পরিষ্কারভাবে বলা হয়েছে সেক্রেটারী নিযুক্ত করবেন। স্টেট গভর্নমেন্ট অথবা

Prescribed authority—the secretary shall be the executive officer of the *Anchal Panchayat* and shall be appointed by the State Government in this behalf.

অর্থাৎ এতে পরিষ্কার হল যে, গ্রাম পঞ্চায়েতকে কোন অধিকার বা ক্ষমতা দেওয়া হল না। তাদের তাঁবেদার প্রতিষ্ঠানে পরিণত করা হল। ১০০ রকম কাজের দায়িত্ব দেওয়া হল, অথচ সমস্ত কাজকর্ম ও দায়িত্ব কন্ট্রোল করবেন সেক্রেটারী। এই সেক্রেটারী গভর্নমেন্টের লোক। আবার মনোনীত সদস্যও আছেন, এ'রা সবাই গভর্নমেন্টএর স্পাইএর কাজ করবেন। প্রত্যেক ইউনিয়ন বোর্ডএ রিলিফ কমিটি গঠন করা হয়েছে। তাতে ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট ও অন্যান্য সদস্য আছেন। একজন এগ্রিকালচারাল য়্যাসিস্ট্যান্টকে রেখে দেওয়া হয়েছে। রিলিফ কমিটি স্থির করলেন ৫০০ লোককে রিলিফ দেবেন, কিন্তু সেক্রেটারী বললেন, না, দু'শো লোকের বেশী লোককে রিলিফ দেব না। কমিটির সমস্ত লোক একত্র হয়েও যদি প্রস্তাব পাশ করেন, তাহলেও সেক্রেটারীর এক কথায় সব স্তব্ধ হয়ে যাবে।

[3-20—3-30 p.m.]

সেখানে আরও যদি উদাহরণ দিয়ে বলি, তাহলে মন্ত্রীমহাশয় বুঝতে পারবেন, তিনি কি জিনিস আমাদের ঘাড়ে চাপাচ্ছেন। তিনি হয়ত বলবেন, আমি লাঠি দিয়ে তো পাস করছি না, ভোট দিয়ে পাস করাচ্ছি। কিন্তু আমি উদাহরণ দিয়ে বুঝাব কি অবস্থা হচ্ছে। যেমন প্রাথমিক বিদ্যালয়, সেখানে স্কুল বোর্ড গঠন করা হচ্ছে। স্কুল বোর্ডের অধীনে শিক্ষকেরা আছেন, স্কুল কমিটি আছে। স্কুল বোর্ডএর অধীনে শিক্ষকেরা আছেন বলে কমিটির কোন কথা সেখানে চলে না। অধিকন্তু লোকাল কমিটির সঙ্গেও কোন সম্পর্ক নেই। অর্থাৎ গভর্নমেন্টের অধীনে হলে কি অসুবিধা হয়, তাই দেখাচ্ছি। এই সেক্রেটারী সেখানে গিয়ে বসলে অঞ্চল পঞ্চায়েত তাঁর তাঁবেদার হয়ে কাজ করতে বাধ্য হবে। সেজন্যে আমার প্রথম য়্যামেন্ডমেন্টএ বলেছি,

"for every Anchal Panchayat there shall be a secretary"

এর জায়গায় রাখা হোক,

"every Anchal Panchayat there shall be a secretary"

অর্থাৎ অঞ্চল পঞ্চায়েতই সেক্রেটারী নিয়োগ করবে। এই জায়গায় আমি বলতে পারি, তাঁর কি কোয়ালিফিকেশন, কি যোগ্যতা হবে তা বরং গভর্নমেন্ট বলে দিতে পারবেন। এ সম্বন্ধে রেফারেন্স হিসাবে বলতে পারি উড়িষ্যার কথা। সেখানকার সেক্রেটারীকে অঞ্চল পঞ্চায়েত নিযুক্ত করেন, কেবল গভর্নমেন্ট বলে দেন, এই এই রকম যোগ্যতা সম্পন্ন লোককে নিতে হবে। তিনি উড়িষ্যার নীতি গ্রহণ করছেন না, ইউ. পিএর নীতি গ্রহণ করছেন না। তিনি গ্রহণ করছেন একটা কদর্য জিনিস।

৪২০ নং সম্বন্ধে এই বলেছি,

"and shall be appointed by the State Government"

এটা একেবারে অমিট করে দিন। সেক্রেটারী হবেন,

"appointed by the State Government"

এটা মোটেই রাখতে চাই নে।

তারপর ৪২৮ নং য়্যামেন্ডমেন্টএ বলা হয়েছে, সেক্রেটারীকে বাই রিজলিউশন পাওয়ার দেওয়া হবে, তাতে য়্যাপ্রুভাল নিতে হবে কার না প্রেসক্রাইবড অথরিটির. এর চেয়ে লজ্জাকর ব্যাপার হতে পারে না. মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি এখানে তিনি বাংলা রাজ্যের মন্ত্রী, তাঁর সেক্রেটারীকে যদি ইন্ডিয়া গভর্নমেন্ট নিযুক্ত করে দেন. এবং উনি যা করবেন তার য়্যাপ্রুভাল যদি নিতে হয় ইন্ডিয়া গভর্নমেন্টএর কাছ থেকে সেটা সম্মানকর কি না? অঞ্চল পঞ্চায়েতকে এত ছোট এতে করা হচ্ছে যে, যদি তার সদস্যদের আত্মসম্মানবোধ থাকে, তাহলে প্রতিটি কথায় প্রেসক্রাইবড অথরিটির য়্যাপ্রুভাল যেখানে নিতে হবে. সেখানে কাজ করতে তারা রাজী হবেন না।

Mr. Speaker:

প্রেসক্রাইবড অথরিটি নিয়ে কতবার বলবেন?

Sj. Balailal Das Mahapatra:

প্রেসক্রাইবড অথরিটি নিয়ে নয়, তাকে যে দায়িত্ব দেবেন তাই নিয়ে বলছি, কারণ, এটা একটা মারাত্মক জিনিস। সেক্রেটারীকে বাই রিজলিউসন অঞ্চল পঞ্চায়েত কাজের দায়িত্ব দেবেন, কিন্তু সেই দায়িত্ব পালনের মঞ্জুরী নিতে হবে প্রেসক্রাইবড অথরিটির কাছ থেকে এর চেয়ে অপমানকর ব্যবস্থা আর কি থাকতে পারে?

তারপর ২(এ)তে যে প্রোভাইসো, তাকে অমিট করতে বলেছি। সেক্রেটারীকে দেওয়া ক্ষমতা যদি অঞ্চল পঞ্চায়েত ফিরিয়ে নিতে চান, তাহলে প্রেসক্রাইবড অথরিটিকে ইনফর্মেসন দিতে হবে, এ ব্যবস্থা মোটে রাখতে চাই নি।

২(বি)তে বলা হয়েছে,

"subject to the provisions of sub-section (2a), the secretary shall act in respect of all other matters under the direction of the Pradhan through whom he shall be responsible to the Anchal Panchayat."

অর্থাৎ সেক্রেটারী প্রধানের ডাইরেকসনএ কাজ করবেন, কিন্তু

through whom he shall be responsible to the Anchal Panchayat?

সেখানে বলা হয়েছে, থ্রু হুম অর্থাৎ প্রধান মারফত, তিনি অঞ্চল পঞ্চায়েতের নিকটে জবাব দেবেন। আমি বলছি এটা হতে পারে না। প্রধানের নির্দেশে তিনি কাজ করবেন, আর থ্রু হুমএর জায়গায় আমি বলেছি,

and he shall be responsible to the Anchal Panchayat

অর্থাৎ প্রধান মারফত নয়, সেক্রেটারী তার কাজকর্মের জন্য সোজাসুজি অঞ্চল পঞ্চায়েতের কাছে দায়ী থাকবেন। যদি অঞ্চল পঞ্চায়েতকে সত্যিকারের গণতান্ত্রিক প্রতিষ্ঠানে পরিণত করতে চান এবং যোগ্য ব্যক্তিকে এখানে আনতে চান, তাহলে এই যুক্তিসংগত য়্যামেন্ডমেন্টগুলি যেন গ্রহণ করেন।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েত বিলে যতগুলি জঘন্যতম ধারা আছে, তার মধ্যে এই ৩৮ নং অন্যতম। এতে বলা হয়েছে, সেক্রেটারী যিনি নিযুক্ত হবেন, তিনি বাজেট তৈরী করবেন, আয় ব্যয়ের হিসাব তৈরী করবেন, কিভাবে খরচ হবে না হবে, তা দেখবেন। গত বছরের কাজকর্ম সম্পর্কে রিপোর্ট তৈরী করবেন এবং পরের বছরের কাজকর্মের ফিরিস্তি বের করবেন। আমার প্রশ্ন হচ্ছে, তাহলে অঞ্চল পঞ্চায়েত কি করবেন? মন্ত্রীমহাশয়ের সেক্রেটারী যদি সব করেন, তাহলে মন্ত্রীমহাশয়ের থাকবার দরকার কি? সরকারের মনোনীত লোক যদি সব করেন, তাহলে এই অঞ্চল পঞ্চায়েত কি ঠুটো জগন্নাথের মত বসে থাকবেন? এতে তো কোন আত্মসম্মান সম্পন্ন লোক আসতে চাইবে না। অঞ্চল পঞ্চায়েত নির্বাচিত হল অথচ তাদের কোন ক্ষমতা রইল না। একজন সেক্রেটারী যিনি বেতনভুক কর্মচারী মাত্র তার উপরেই সমস্ত দায়িত্ব দেওয়া হয়েছে, অথচ তাকে যে অঞ্চল পঞ্চায়েতের কাছে তার কাজকর্মের জন্য কৈফিয়ত দিতে হবে, সেরকম কোন প্রভিসন রাখলেন না। সেজন্যে আমার সংশোধনীতে বলেছি, যেখানে রয়েছে,

"for the preparation of its budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year, the report on the work done during the previous year and the work proposed to be done during the following year"

সেখানে বলেছি,

"perform the duties assigned to him by the Anchal Panchayat." Anchal Panchayat

যা নির্দেশ দেবেন, সেই নির্দেশ অনুযায়ী সেক্রেটারীকে কাজ করতে হবে, এইটেই গণতান্ত্রিক পদ্ধতি। আশা করি মাননীয় মন্ত্রীমহাশয়, আমার এই য়্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

আমার সংশোধন হচ্ছে যে, অঞ্চল পঞ্চায়েতের সেই কর্মচারী, সেই সেক্রেটারী, যা নির্দেশ দেবেন, সেই নির্দেশ অনুযায়ী তিনি কাজ করবেন, এটা সত্যিকার অগণতান্ত্রিক কাজ হবে। কারণ, নির্বাচন হলে পর জনসাধারণের কাছেই দায়িত্ব থাকে এবং সেখানে যে কর্মচারী নিযুক্ত হবেন, যদি এই কর্মচারী নিযুক্ত করবার ভার অঞ্চল পঞ্চায়েতের না থাকে, সরকারই সেই নিয়োগ করতে থাকেন, তবে তা সত্ত্বেও এইটাই হওয়া উচিত যে অঞ্চল পঞ্চায়েত যেভাবে কাজ করবার নির্দেশ দেবেন, সেইভাবে সেক্রেটারী কাজ করতে বাধ্য হবেন। এই রকম আইনই হওয়া উচিত। কিন্তু স্পীকার মহাশয়, আমার এই সেকশনটা দেখে মনে হচ্ছে যে, নির্বাচিত প্রতিনিধিরা এর ফলে ঠুঁটো জগন্নাথ হবেন। সরকারের একজন বেতনভোগী কর্মচারীই সর্বেসর্বা হবেন। এভাবের হলে পর কোন আত্মসম্মান জ্ঞানসম্পন্ন লোক এতে যাবেন না। সরকারের একটি তাঁবেদার সৃষ্টি করাই এর উদ্দেশ্য। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে, এই ধারাটা প্রত্যাহার করুন, এ সম্বন্ধে পুনর্বিবেচনা করুন এবং আমি যে সংশোধন এনেছি, তা গ্রহণ করুন। নচেৎ এই রকম প্রতিক্রিয়াশীল ধারার মধ্যে কোন সৎলোক আসবে না।

[3-30—3-40 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, পরোক্ষ নির্বাচনের দ্বারা অঞ্চল পঞ্চায়েত গঠনের ব্যবস্থা হওয়ার জন্য অঞ্চল পঞ্চায়েতের দ্বারা সুষ্ঠুভাবে কাজ হবে না। তারপরে আবার এই সেক্রেটারীকে যেভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে পঞ্চায়েতের পঞ্চত্বের ব্যবস্থা থাকবে ব'লেই মনে করি। কাজেই সেক্রেটারীর হাতে এত ক্ষমতা দেওয়া উচিত নয়, কেন না সে ক্ষমতা জনসাধারণের তরফ থেকে পঞ্চায়েতের উপরই দেওয়া হচ্ছে। একটা কথা বোঝা উচিত যে, এই অঞ্চল পঞ্চায়েত বা এই পঞ্চায়েতকে সাহায্য করবার জন্যই সেক্রেটারী নিয়োগের প্রয়োজন। এটুকু অন্ততঃ বিবেচনা করে কাজ করা উচিত। এটা ভাবা উচিত নয় যে, সেক্রেটারীই সর্বময় কর্তা এবং পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত তা একটা য়্যাডভাইসরি বডি মাত্র। কিন্তু বিলের ব্যবস্থা দেখে এতে বোঝা যায়, পঞ্চায়েত সম্বন্ধে আমাদের সুস্পষ্ট ধারণা নাই। বস্তুতঃ পক্ষে পঞ্চায়েতের কাজকর্ম করতে সাহায্য করবার জন্য সেক্রেটারী একজন উপযুক্ত ব্যক্তি হওয়া উচিত। কাজেই যিনি এই সেক্রেটারী হবেন তিনি সম্পূর্ণরূপে অঞ্চল পঞ্চায়েতের কন্ট্রোলএই থাকবেন। তিনি অফিসের চার্জে থাকতে পারেন, কিন্তু তাঁকে অঞ্চল পঞ্চায়েতের কন্ট্রোলে থাকতে হবে, অর্থাৎ যে কোন কাজকর্মের ক্ষমতা দেওয়া হউক বা যে কোন অধিকার দেওয়া হউক, সর্ববিষয়ে তাঁকে অঞ্চল পঞ্চায়েতের কন্ট্রোলে থাকতে হবে, এবং অঞ্চল পঞ্চায়েতের ইচ্ছা বা নির্দেশের বাহিরে কোন ক্রমেই সেক্রেটারী যেতে পারবেন না। এই রকম বিধি ব্যবস্থাই থাকা সমীচীন। যদি অঞ্চল পঞ্চায়েতের মধ্যে পঞ্চায়েতের নাম গন্ধ কিছু রাখবার ইচ্ছা থাকে, তাহলে আমি যে সংশোধন দিয়েছি যে,

"Secretary shall be in charge of the office of *Anchal Panchayat*"

এখানে স্যালএর পরে,

"under the control of the *Pradhan* and in his absence the *Upapradhan*"

কথাগুলি যোগ করতে হবে, আর যেখানে আছে, স্যাল বি রেসপন্সিবল, সেখানে আমি বলেছি,

"shall, under such control, be responsible"

অর্থাৎ অঞ্চল পঞ্চায়েতের কন্ট্রোলেই তিনি থাকবেন,—এই সংশোধন প্রস্তাবগুলি নিতে হবে

তারপরের এ্যামেন্ডমেন্ট ৪১৮ নং সেটা ঐ একই ধরণের। সেখানে
"Secretary shall be the executive officer"
সে জায়গায় আমি বলেছি,
"Secretary shall, under the control of the *Pradhan* and in his absence the *Upapradhan* be the executive officer'
অর্থাৎ সব সময়েই সেক্রেটারী অঞ্চল পঞ্চায়েতের কন্ট্রোলের মধ্যে থাকবেন, এই আমার কথা।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, প্রথমে ৪৮ নং ধারার ১ নং উপধারার ভাষাটা একটু দেখুন। এখানে বলছে,

"for every *Anchal Panchayat*, etc., there shall be a secretary who shall be in charge of the office of the *Anchal Panchayat* and shall be responsible for the preparation of its budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year".

এখন এই যে কথাটা যে বাজেট উনি করবেন সে budget estimate of income and expenditure এটা of which year, অর্থাৎ কোন বছরের বাজেট? আগের বছরের হিসাব যেমন দাখিল করবেন, তেমনি পরের বছরের বাজেটও করতে হবে। একটা জায়গায় রয়েছে,
"statement of accounts of the previous year".
সুতরাং এই ক্ষেত্রে ফলোইং ইয়ার কথাটা ব্যবহার করা দরকার। আমি তাই প্রথম সংশোধন প্রস্তাবে বলছি,
"budget estimate of income and expenditure of the following year"
অর্থাৎ ফলোইং ইয়ার কথাটা যোগ করে দিতে চেয়েছি। তা না হলে মানে দাঁড়ায় না। তা না হলে
budget estimate of the previous year
হয়ে যাবে। সেটা ইংরাজীর ভুল এবং আইনের দিক থেকেও ভুল হবে।

দ্বিতীয়তঃ আমার ৪২২ নং সংশোধনী প্রস্তাব, সেখানে আমি একটা নীতিগত প্রশ্ন তুলেছি, অবশ্য সেটা আগেই সেটলড হয়েছে। আমি সেক্রেটারীকে ইলেক্ট করার কথা বলেছি, তাই এই কথাগুলো বাদ দেবার কথা বলেছিলাম,
"shall be appointed by the State Government"

তারপর ৪৮ নং ধারার (৩) এবং (৪) নং উপধারা বাদ দিতে বলছি। এটার একটা যুক্তি আছে। গভর্নমেন্ট অঞ্চল পঞ্চায়েতগুলির যে সেক্রেটারীর পোষ্ট, সেই পোষ্টএর আইন-কানুন ঠিক করবেন, এই বিলে তা বলা হয়েছে। কি সম্বন্ধে আইন?
"Rules prescribing the method of recruitment, conditions of service, pay and allowances and the age of superannuation."
এসব বলবার কি দরকার ছিল? ও'রা যদি কেডার তৈরী করেন সেক্রেটারীর জন্য? কোন এ্যাক্টে এ রকম কিছু হয় না। আপনি জানেন যে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে এক্জিকিউটিভ অফিসার অ্যাপয়েন্ট করার কথা থাকলেও, কাকে সে পদ দেওয়া হবে বা হবে না, সেসব কথা কিছুই নেই। অথচ এখানে সেক্রেটারীর বেলা একটা স্ট্যাটুটরি প্রভিসন দেবার কি কারণ আছে বুঝতে পারি না। তা ছাড়া, এই সব সেক্রেটারীর মাহিনা অঞ্চল পঞ্চায়েতের ফন্ড থেকে দেওয়া হবে, এটা আপত্তিজনক। একটি কয়েক শত টাকার মাহিনার অফিসার অঞ্চল পঞ্চায়েতের ঘাড়ের উপর বসিয়ে দিলেন, সারা বছর ধরে, যার নাকি আয় মাত্র ৮।১০ হাজার টাকা তার উপর যদি ৬ হাজার টাকা মাহিনার অফিসার চাপান হয়, তাহলে মাহিনা দিতেই সব চলে যাবে। অঞ্চল পঞ্চায়েত বাকী কটা টাকা নিয়ে করবে কি? মন্ত্রীমহাশয় বলেছেন যে, এই সেক্রেটারীর পোষ্টের জন্য একটা কেডার তৈরী করা হবে। এ নিশ্চয়ই ৫৫ টাকা মাহিনার কেডার নয়,

একটা মোটা বেতনের লোক হবে। এই অফিসার পুষতেই যদি অঞ্চল পঞ্চায়েতের সব টাকা চলে যায়, তাহলে পথঘাট তৈরী করা, পানীয় জলের ব্যবস্থা করা, রাস্তায় আলো দেওয়া, অর্থাৎ যেগুলোর জন্যই অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েত গঠন, গ্রাম্য জীবনটা সুখস্বাচ্ছন্দ্যময় করার জন্য যা প্রয়োজন, সেগুলোর একটিও হবে না। শুধু অফিসার পুষতেই তার কাজ শেষ হয়ে যাবে। অবশ্য এই গভর্নমেন্টের যা চরিত্র তার সঙ্গে এই ব্যবস্থা ঠিকই মেলে। কারণ, হাফপ্যান্ট পুষতেই এখন সব টাকা চলে যায়, সোস্যাল সার্ভিসে হাত দেবার বেলায় বলা হয়, টাকার অভাব। সেই দৃষ্টিভঙ্গী এই বিলের মধ্যে রয়েছে। মিউনিসিপ্যালিটির ব্যাপারেও দেখা যায় যে, বড় বড় অফিসার সেখানে লাগিয়ে দেওয়া হচ্ছে, যাদের মাহিনা দিতেই মিউনিসিপ্যালটির সব টাকা শেষ হয়ে যায়। তাই বলব

Government must pay the salary and allowances of the secretary.

গভর্নমেন্ট যখন এই অফিসারকে নিয়োগ করেছেন, তখন গভর্নমেন্টেরই তার বেতন ও ভাতার খরচ করা উচিত, অঞ্চল পঞ্চায়েতের নয়।

[3-40—3-50 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

স্যার, এতে ৪৮ নং ধারায় কর্মচারী ও ভৃত্য নিয়োগের ব্যবস্থা দেখতে যত সুন্দর প্রকৃতই অতটা সুন্দর নয়। এই ধারাটিতে ৫টা উপধারা যোগ করা হয়েছে, এবং তার ফলেই পঞ্চায়েতের পঞ্চত্বপ্রাপ্তির ব্যবস্থা করে দেওয়া হয়েছে। আমি জ্ঞানবাবুর য়্যামেন্ডমেন্টগুলো সমেত সব একসঙ্গে বলে যাচ্ছি। ৪১১(এ)এতে যেখানে বলা আছে,

"Secretary who shall be in charge of the office"

সেখানে হুর পরে আমরা বলতে চাচ্ছি,

"who as a servant of the *Anchal Panchayat*"

তিনি গভর্নমেন্ট কর্তৃক নিযুক্ত হবেন, কিন্তু তাঁর বেতন দেবেন অঞ্চল পঞ্চায়েত, এটা হলে হবে এই যে, তিনি গভর্নমেন্ট সার্ভেন্ট হবেন এবং তাঁর উপর যে কাজগুলি য়্যাসাইন করা হবে, তার বেশী তিনি আর অন্য কোন কাজ করবেন না। কিন্তু যদি তিনি অঞ্চল পঞ্চায়েতের কর্মচারীরূপে কাজ করতে বাধ্য থাকেন,

as a servant of the *Anchal Panchayat*,

তাহলে তিনি অঞ্চল পঞ্চায়েতের আদেশ মতন কাজকর্ম করতে বাধ্য হবেন। অতএব এটা না হয়ে তিনি যদি গভর্নমেন্ট অফিসার হন, তাহলে তাঁদের আদেশ তিনি আর মানবেন না।

তারপর দ্বিতীয় য়্যামেন্ডমেন্টটাতে বলতে চাচ্ছি যে, তাতে যেখানে আছে,

"work proposed to be done during the following year and such other duties as may be assigned by the *Anchal Panchayat*."

সেখানেও সেই একই কারণে গভর্নমেন্ট সার্ভেন্ট হলে তিনি অঞ্চল পঞ্চায়েতের নির্দেশানুসারে কাজ করতে বাধ্য হবেন না। কারণ আমরা দেখতে পাই যে, গভর্নমেন্ট কর্মচারীরা তাঁদের নির্দিষ্ট ডিউটি ছাড়া তার বাহিরে অন্য আর কোন কাজ করতে চান না। এছাড়া দেখা যায় যে, গভর্নমেন্ট কর্মচারীদের মধ্যে যাঁরা কাজ করেন, তারাই প্রাণপণে কাজ করেন এবং বাকী বেশীর ভাগই কাজ করতে চান না বলে এরিয়ার্স পড়ে থাকে। সেজন্য বলছি যে, গভর্নমেন্টের যা য়্যাসাইন্ড ডিউটি তাতো তিনি করবেনই, তা ছাড়া অঞ্চল পঞ্চায়েত যেসব কাজের ব্যবস্থা করবেন, সেগুলোও যেন তিনি করতে বাধ্য হন। তাই আমি বলছি যে,

"on such other duties as may be assigned by the *Anchal Panchayat*"

এর সঙ্গে যোগ করে দেওয়া হোক। এখানে যে একটা প্রোভাইসো যোগ করতে বলা হচ্ছে, তাতে বলা হচ্ছে যে, গভর্নমেন্ট অতিরিক্ত একজন সেক্রেটারী নিয়োগ করে দেবেন। কিন্তু এটা করলে হবে এই যে, একটি অঞ্চল পঞ্চায়েতের পক্ষে তার বেতন দেওয়া সম্ভবপর হবে না। সুতরাং এখানে এই কথাই বলা হচ্ছে যে, তিনি যেন একাধিক অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীরূপে

কাজ করতে পারেন, তার ব্যবস্থা করা হোক। এখানে একটা কথা আসতে পারে যে, তিনি ন্যায় পঞ্চায়েতের ক্লার্ক হিসাবেও কাজ করবেন। সেজন্য বলব যে, যদি তাঁকে ন্যায় পঞ্চায়েতেরও কাজ করতে হয়, তাহলে একই দিনে হয়ত অধিবেশন হবে না, যদি সেগুলো য়্যাডজাস্টমেন্ট না করে নিতে পারা যায়। এইজন্যই বলা হচ্ছে যে, অতিরিক্ত বেতনে যদি লোক নিয়োগ করা হয়, তাহলে একাধিক অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীরূপে কাজ করবার ক্ষমতাও তাঁকে দেওয়া হোক। তাহলে খরচের সাশ্রয় হবে।

তারপর ২(এ) উপধারার একটা কথা আমি এখানে বাদ দিতে বলছি এবং সেখানে বলছি যে,

"Secretary shall be executive officer of the *Anchal Panchayat* and shall be appointed by it with approval of the State Government."

এখানে য়্যাপ্রুভাল অব দি গভর্নমেন্ট বলার উদ্দেশ্য হচ্ছে এই যে, তার যোগ্যতা কি হবে, কি রকম ধরণের লোক হবে, এটাই শুধু গভর্নমেন্ট নির্দেশ করবেন। কারণ অঞ্চল পঞ্চায়েত যখন তাকে বেতন দেবে, তখন তাদের ইচ্ছানুযায়ী লোক নিযুক্ত হওয়াই উচিত, সেজন্য তাঁরা গভর্নমেন্টের অনুমতি নিয়ে লোক নিয়োগ করবেন। এখানে সেকেন্ড প্রোভাইসোটাকে আমি বাদ দিতে বলেছি। এখানে দেখা যাচ্ছে যে, গভর্নমেন্ট দেশের লোককে অবিশ্বাস করছেন যে, তাদের মনুষ্যত্ব নেই বা তাদের কোন যোগ্যতাই নাই, যার দ্বারা তারা নিজেরা স্বাধীন মত কাজ করতে পারে। তাই এখানে বলা হচ্ছে যে,

"Provided that when any power delegated to the Secretary is withdrawn or modified."

অর্থাৎ তারা এতই নাবালক সেক্রেটারীকে কি ক্ষমতা দেবে না দেবে, সেটাও বিবেচনা করবার ক্ষমতা তাদের নেই। কাজেই এতে দেখা যাচ্ছে যে, গ্রামের লোকের প্রতি গভর্নমেন্ট কি রকম মনোভাব পোষণ করেন এবং সেটা এই প্রোভাইসো দ্বারাই প্রমাণিত হচ্ছে। এখানে অন্যান্য বক্তারাও বলে গেছেন যে, গ্রামের নির্বাচিত পঞ্চায়েতের উপরেও সেক্রেটারীকে আবার ক্ষমতা দেওয়া হচ্ছে। কাজেই সেক্রেটারী ছাড়া এখানে যাঁরা পঞ্চায়েতে নির্বাচিত হবেন, তাঁদের কি এতটুকুও মনুষ্যত্ব নেই যে, সেক্রেটারীর সঙ্গে কি রকমভাবে ব্যবহার করতে হবে, সেটা তারা জানেন না। সেজন্য বলছি যে, কোন আত্মজ্ঞানসম্পন্ন লোক এই ব্যবস্থায় রাজী হবেন না। এ ছাড়া সেক্রেটারীর স্যালারি সম্বন্ধেও আমি একটু বলব, যেখানে

"salary and allowances of the Secretary"

র কথা বলা হচ্ছে, সেখানে আছে যে,

"The salary and allowances of the Secretary shall be paid out of the *Anchal Panchayat* fund"

প্রথমে যোগ করতে বলি,

"one-fourth of the salary and allowance"

এবং সবশেষে

Anchal Panchayat fund

এর পর আমি যোগ করতে বলছি যে,

"Three-fourths salary and allowances of the Secretary shall be paid by the State"

কথাগুলি। অর্থাৎ যদি হাইলি পেড কর্মচারী হয়, তাহলে ওয়ান-ফোর্থ ঐ অঞ্চল পঞ্চায়েতের ফান্ড থেকে দেওয়া হবে এবং বাকী থ্রি-ফোর্থটা গভর্নমেন্ট দেবেন। এর কারণ হচ্ছে যে, যেহেতু গভর্নমেন্ট তাঁকে নিযুক্ত করবেন, সেহেতু তার কিছু বেতনও অঞ্চল পঞ্চায়েত দেবে এবং বাকী থ্রি-ফোর্থ গভর্নমেন্ট থেকেই দেওয়া উচিত। অঞ্চল পঞ্চায়েতের পক্ষে সবটা বহন করা অত্যন্ত কষ্টসাধ্য বা অসম্ভব হতে পারে।

[3-50—4 p.m.]

তারপর আর একটা কথা বলা হচ্ছে, সেই এমার্জেন্সিতে য়্যাডিশনাল স্টাফ নিয়োগ করবার সময়......

Mr. Speaker: You are not ready with your point.

Dr. Krishna Chandra Satpathi:

য়্যাডিশনাল স্টাফ নিয়োগ করবার সময় গ্রাম পঞ্চায়েতের সংগে পরামর্শ করা হবে, এই যা হচ্ছে তাতে স্বায়ত্বশাসন থাকবে না, স্বায়ত্বশাসনের নামে আরও বেশী পরাধীন করা হবে।

Sj. Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহোদয়, এই ৪৮ ক্লজএ আবার যে অগণতান্ত্রিক পঞ্চায়েত প্রতিষ্ঠান গড়বার চেষ্টা হয়েছে.........

Mr. Speaker: Confine to your amendment.

Sj. Sudhir Chandra Das:

আমার য়্যামেন্ডমেন্ট যেটা এনেছি, সেটা হচ্ছে অঞ্চল পঞ্চায়েতকে ক্ষমতা দিতে হবে। তার সেক্রেটারী নিয়োগের যে ক্ষমতা, সেই ক্ষমতাকে হরণ করে নিচ্ছেন। এ পর্যন্ত যতগুলি ধারা উপধারা পাশ করা হল, তাতে প্রচুর ক্ষমতা হরণ করে নেওয়া হয়েছে ভোটের জোরে। এবং শেষে যে সমস্ত ধারা আছে, তার মধ্যে এই যে ৪৮এর ধারা যা আলোচনার জন্য এখানে উঠেছে, এই ধারাটায় অত্যন্ত মারাত্মকভাবে ক্ষমতা সংকুচিত করে দিয়ে সেই ক্ষমতা কেড়ে নেবার চেষ্টা করা হচ্ছে। সেটা কখনও চলতে পারে না। এজন্য আমার এই য়্যামেন্ডমেন্ট এনেছি। আজ কোন পঞ্চায়েত এলেকায় যদি কোন যোগ্য লোককে খুঁজে বার করতে বলা হয়, যে ভাল সার্ভিস দিতে পারবে, তাহলে সে এলেকার লোক নিশ্চয়ই সেটা দিতে পারবে এবং কম টাকায় যাতে ভাল সার্ভিস পাওয়া যায়, সেরকম লোক তারা নিশ্চয়ই বাছাই করে দিতে পারবে। আজ ৫০ টাকায় গ্রাজুয়েট আন্ডার গ্রাজুয়েট পাওয়া যাবে, যারা বাজেট তৈরী, হিসাব পত্র তৈরী করে দিতে পারবে, তাছাড়া নোটিশ ইত্যাদি দেওয়া, এমন কিছু আইন টাইন নয়, তার জন্য গ্রাজুয়েট, আন্ডার গ্রাজুয়েট হলেই যথেষ্ট। গ্রাম দেশে এত বেকার লেখাপড়া জানা এত ছেলে আছে, যারা গ্রাজুয়েট, আন্ডার গ্রাজুয়েট ৫০ টাকায় বাড়ীতে খেয়ে পরে ভালভাবেই সার্ভিস দিতে পারবে। সেজন্য আমরা চাই যে, অঞ্চল পঞ্চায়েতের য়্যাপয়েন্টমেন্ট দিবার সম্পূর্ণ ক্ষমতা থাকবে। আর এটা যদি স্টেট গভর্নমেন্ট করেন তাহলে এর অর্থনৈতিক দায়িত্ব আছে বলে স্টেট গভর্নমেন্ট পরে ১৫০-১৭৫ টাকার স্কেল ওব উপর চাপিয়ে দেবেন কেননা বাহিরের একটা লোকের খেয়ে পরে থাকতে গেলে ঐ টাকার কমে হবে না। যদি ১৫০ টাকা করেও করেন, তাহলে বছরে ১৮ শত টাকা লাগবে। একটা ইউনিয়ন চালাতে গেলে চৌকিদার দফাদারদের বেতন দিতে ১৮০০ টাকা লাগে।

Mr. Speaker:

আপনার য়্যামেন্ডমেন্ট সম্বন্ধে বলুন।
Please speak on your amendment.

Sj. Sudhir Chandra Das:

এই দায়িত্ব আছে বলে এটা বলছি এবং সেজন্যই আমার কথা হচ্ছে যে, য়্যাপয়েন্টমেন্ট করবার ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতের থাকা উচিত। অঞ্চল পঞ্চায়েতের ফান্ড থেকে টাকা সরবরাহ করতে হবে, তথাপি স্টেট গভর্নমেন্ট যে মারাত্মক আমলাতান্ত্রিক কাঠামো বৃটিশ চালিয়েছিল, সেই মারাত্মক কাঠামোর উপরই পঞ্চায়েতকে প্রতিষ্ঠা করবার চেষ্টা হচ্ছে, সেক্রেটারীর মাধ্যমে সেই কাঠামোই রাখা হবে। যে বেতনের স্কেল রাখতে হবে, সেটা তো আমাদেরই মেনটেন করতে হবে। অঞ্চল পঞ্চায়তকে কম পক্ষে বছরে ১৮০০ টাকা খরচ করতে হবে, যদি গভর্নমেন্টএর হাতে নিয়োগ হয়। এত গেল অর্থনৈতিক দিক। তা ছাড়াও এটা থাকা উচিত নয়, এটা কেন থাকবে? কোন যুক্তিই নাই? পঞ্চায়েত কি এত অযোগ্য যে তারা লোক বাছাই করতে পারে না? নিশ্চয়ই তারা পারবে বলে মনে করি। এমন যদি হত যে,
The State Government shall make rules prescribing the conditions of service, pay and allowance, etc.

তাহলে হত। কিন্তু পঞ্চায়েতের যে অধিকার য়্যাপয়েন্ট করবার, সে অধিকার আপনারা দিচ্ছেন না কেন? একটা প্যানেল যদি করতেন, এমনও আমরা শুনেছিলাম মন্ত্রীমহাশয়ের কাছে যে একটা এলেকাতে যেখানে পঞ্চায়েতের সেক্রেটারী নিয়োগ করা হবে, পঞ্চায়েত যদি যোগ্য লোক বাছাই করে দেয়, ২।৩ জন এবং তার ভিতর যে কোন একজন কাজ করবে, তাহলেও হত। কিন্তু আপনারা সর্ববিষয় প্রতিধারায় যা পাশ করছেন, সবগুলিতেই গণতান্ত্রিক ক্ষমতা হরণ করছেন, সেজন্য আমি বলি, আমার এই য়্যামেন্ডমেন্ট স্বীকার করে নিন।

Sj. Haripada Baguli:

মাননীয় স্পীকার মহাশয়, সেক্রেটারী নিয়োগ সম্পর্কে সরকারের যে ক্ষমতা নীতিগতভাবে আমরা তার বিরোধী। যারা তাঁদের টাকা দেবেন, সেই অঞ্চল পঞ্চায়েত তাঁদের নিয়োগ করবেন, এই অধিকার আমরা রাখতে চাচ্ছি। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটা জিনিস জানার আছে, যে প্রায় দু' বছর আগে ও'রা জেলা বোর্ডের চেয়ারম্যানদের কাছে একটা সার্কুলার দিয়েছিলেন যে, পঞ্চায়েতের যাঁরা সেক্রেটারী হবেন,

He should be graduate preferably in law.

তাহলে এর ভেতর এরকম কোন উদ্দেশ্য আছে কিনা যে, মক্কেল শূন্য উকিল যাঁরা আমাদের দেশে আছেন, তাঁদের এইসব কাজে নিযুক্ত করবেন, অথবা আর একটা সার্কুলার দিয়েছিলেন, প্রত্যেক ইউনিয়ন বোর্ডের ম্যাট্রিকুলেট ক্লার্কদের কাছে যে তাঁরা যদি অঞ্চল পঞ্চায়েতের অধীনে কাজ করতে চান, তাহলে তাঁরা যেন দরখাস্ত করেন। এর ভেতর কোনটা ঠিক, কোন শ্রেণীর লোককে ও'রা সেক্রেটারী নিযুক্ত করবেন, তাঁদের পে স্কেল কি হবে, তাঁদের সম্বন্ধে কি রুলস করবেন, সে সম্পর্কে এখানে একটা আভাষ যদি উনি দেন, তাহলে ভাল হয়।

আর একটা কথা, সেটা নীতিগতভাবে আমরা প্রথম থেকে প্রতিবাদ করে আসছি, ৪৮এ ধারা subject to the approval of the prescribed authority.

এই যে কথায় কথায় প্রেসক্রাইবড অথরিটির খবরদারী, এটা যদি চলে তাহলে কোন পঞ্চায়েতের কাজকর্ম সহজে এবং স্বাধীনভাবে চলতে পারবে না। তাদের এই খবরদারীটা যাতে না থাকে, সেইটাই আমরা চাই। এটার আবার আমি প্রতিবাদ করছি।

[4—4-10 p.m.]

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, আমার যে য়্যামেন্ডমেন্ট সেই য়্যামেন্ডমেন্ট সম্পর্কে আমি বলছি যে, মন্ত্রীমহাশয় এই বিলের সম্পর্কে প্রথম থেকেই এমন একটা মনোভাব নিয়েছেন যে, গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতকে প্রথম থেকেই তিনি সন্দেহ করতে আরম্ভ করেছেন। তাঁর মাথায় প্রথম থেকে ঢুকেছে যে, ইউনিয়ন এবং গ্রামে ভাল লোক বাছাই করার ক্ষমতা বোধ হয় গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের হবে না। তাছাড়া এই সমস্ত কাজকর্ম বোধ হয় ঐ অঞ্চল পঞ্চায়েতগুলি ঠিকঠিক মত করতে পারবে না, যার জন্য তাদের উপর এক একটা অফিসার চাপিয়ে দেবেন এফিসিয়েন্সীর নামে এবং কার্যকারিতার নামে। সেজন্য সেক্রেটারীকে গভর্নমেন্ট নিজের হাতে নিয়োগ করবার অধিকার রেখেছেন, তাদের মাইনাপত্র ও সার্ভিস রুলস সমস্ত কিছু নিজেরাই ঠিক করে দেবেন। এই সমস্ত ব্যবস্থা তাঁরা নিজেদের হাতে রেখেছেন। তাদের এত সন্দেহের কারণ কি? অথচ তাঁরাই বলছেন যে, গ্রাম পঞ্চায়েতের হাতে এবং অঞ্চল পঞ্চায়েতের হাতে সরকারের স্বায়ত্বশাসনের অধিকার তাঁরা দিতে চান, দেশের লোক নিজেদের সমস্ত কাজকর্ম নিজেরাই পরিচালনা করবেন, এই জিনিস তাঁরা করতে চান।

তাহলে সেই দেশের লোক দ্বারা নির্বাচিত যে সমস্ত প্রতিনিধি অঞ্চল পঞ্চায়েতে আসবেন তাঁদের আসল ক্ষমতা দিচ্ছেন না কেন? ক্ষমতার অনেক ফিরিস্তি দেওয়া সত্ত্বেও সমস্ত কাজকর্মের উপর একজন অফিসার চাপিয়ে দিচ্ছেন, এবং এক্ষেত্রে অঞ্চল পঞ্চায়েতের সমস্ত কাজের উপর এক্জিকিউটিভ অফিসার বলে সেক্রেটারী চাপিয়ে দিচ্ছেন এবং আইনেও লিখে দেওয়া হচ্ছে

he will be executive officer and shall be appointed by the State Government

যদি অঞ্চল পঞ্চায়েতেরই সেক্রেটারী হয়, তাহলে অঞ্চল পঞ্চায়েতকে কেন তাঁর নির্বাচনের অধিকার দিচ্ছেন না? গভর্নমেন্ট নিজে কেন ক্ষমতা নিচ্ছেন? যদি অঞ্চল পঞ্চায়েতের হাতে ক্ষমতা না দেন তাহলে কাজ কি করে হতে পারে? সেক্রেটারীর সঙ্গে অঞ্চল পঞ্চায়েতের খিটিমিটি লেগেই থাকবে। সেক্রেটারীর বিশেষ ক্ষমতা আছে এবং আসলে তিনি গভর্নমেন্টএর কাছে রেসপন্সিবল থাকবেন, অঞ্চল পঞ্চায়েতের কাছে রেসপন্সিবল থাকবে না। তিনি প্রত্যেক কাজে কর্তৃত্ব করবার চেষ্টা করবেন, প্রত্যেক কাজেই এই রকম ঘটনা ঘটবে। অন্য দিকে অঞ্চল পঞ্চায়েতগুলো নিজেদের এলেকার কাজকর্মে উৎসাহ পাবে না, যদি তারা দেখে যে প্রতিটি কাজে সেক্রেটারীর উপর নির্ভর করতে হয়। এবং আমি মনে করি, এইভাবে চল্লে অঞ্চল পঞ্চায়েতের কাজ সুষ্ঠুভাবে হতে পারে না। যে এফিসিয়েন্সির জন্য সেক্রেটারী নিযুক্ত করা হচ্ছে, সেটাই ব্যাহত হবে। এতে হবে কি, কোন আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তি অঞ্চল পঞ্চায়েতে আসতে চাইবেন না।

[At this stage the red light was lit.]

তাই আমার কথা হল যে, সেক্রেটারী নির্বাচনের ভার অঞ্চল পঞ্চায়েতের উপর দিন, তা না হলে ভালভাবে কাজ হতে পারে না। আরো অনেক কথা আছে। সেক্রেটারীকে মেনটেন করা অঞ্চল পঞ্চায়েতের উপর বোঝাস্বরূপ হবে। বারবার আমরা বলেছি যে, উপর থেকে সেক্রেটারীকে চাপিয়ে দেবেন এবং তাঁর মাইনেও ঠিক করে দেবেন, অথচ এই টাকা অঞ্চল পঞ্চায়েতের ফান্ড থেকে যাবে এবং তা সত্ত্বেও তাঁর উপর কোন কন্ট্রোল থাকবে না, তাঁকে নির্দেশমত পরিচালিত করতে পারবে না, এই যে পদ্ধতি নিতে যাচ্ছেন, তা অঞ্চল পঞ্চায়েতের পক্ষে অনিষ্টকর হবে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী অঞ্চল পঞ্চায়েত দ্বারা নির্বাচিত হবেন, এই য়্যামেন্ডমেন্টটা মেনে নেওয়া উচিত।

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, অঞ্চল পঞ্চায়েত যেভাবে নির্বাচিত হচ্ছে, তাতে আমরা আপত্তি করেছি, তার কারণ হল এই যে, গণতন্ত্রের আদর্শকে সেখানে মেনে চলা হয় নি, ঠিক অনুরূপভাবেই অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী নিয়োগের পদ্ধতি সম্পর্কেও আমাদের যথেষ্ট আপত্তি আছে। সেক্রেটারীকে যে সমস্ত দায়িত্ব দেওয়া হচ্ছে, সেগুলো যদি লক্ষ্য করে থাকেন এবং সেক্রেটারীর সঙ্গে অঞ্চল পঞ্চায়েতের সদস্যদের যে সম্পর্ক সেটা যদি বিচার করে দেখেন, তাহলে দেখবেন যে, প্রতি মুহূর্তেই অঞ্চল পঞ্চায়েতের সঙ্গে সেক্রেটারীর সম্পর্ক তিক্ত হবে এবং সেই সঙ্গে সঙ্গে অঞ্চল পঞ্চায়েতের সঙ্গে গভর্নমেন্টের সম্পর্কও তিক্ততর হবে। আমরা যে উদ্দেশ্যে গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত চাচ্ছি সেই উদ্দেশ্যই, তাহলে ব্যর্থ হবে মনে করি। আমি বুঝতে পারি না যে, অঞ্চল পঞ্চায়েতের উপর এত বেশী দায়িত্ব দেওয়া হচ্ছে, সে দায়িত্ব যাতে সুষ্ঠুভাবে পালিত হতে পারে, তার জন্য শিক্ষিত ও উপযুক্ত লোক নিয়োগ করার ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতের কেন থাকবে না; কেন মন্ত্রীমহাশয় এ ব্যাপারে সন্দেহ পোষণ করেন বুঝি না। সেক্রেটারী নিয়োগের ব্যাপারে যদি আপনারা কোন আইনগত বিধান রাখতে চান, তাহলে আমি বলব যে, সেক্রেটারীর নিয়োগ ও ডিসমিসাল ইত্যাদি সমস্ত ব্যাপারে অঞ্চল পঞ্চায়েতের উপর দায়িত্ব দেওয়া উচিত এবং যে এলেকার মধ্যে অঞ্চল পঞ্চায়েত সীমাবদ্ধ থাকবে, সেই এলেকার থেকে কাজকর্ম চালাবার জন্য সৎ ও উপযুক্ত লোক তারা নির্বাচিত করতে পারবে, এই বিধান হওয়া উচিত। আমার সংশোধনী প্রস্তাব আছে, তাতে

State Government or any officer or authority empowered by the State Government in this behalf এখানে State Government না করে *Anchal Panchayat* preferably from among the voters of the area under its jurisdiction and at a meeting specially convened for the purpose in which more than one-half of the members are present.

এ কথাটা দিতে চাই। আমি মন্ত্রীমহাশয়কে এই জিনিসটা ভালোভাবে বিবেচনা করতে বলব এবং দৃঢ়ভাবে বলব যে, এটা না গ্রহণ করলে অঞ্চল পঞ্চায়েতের কাজকর্মে ব্যাঘাত সৃষ্টি হবে। বাহিরের লোক আনলে হয়তো বনিবনা হবে না। গভর্নমেন্ট যেমন পদচ্যুতি ও নিয়োগের

দায়িত্ব নিচ্ছেন, সেইরকম যদি সেক্রেটারীর সমস্ত ব্যয়ভার বহন করতেন, তাহলে না হয় বুঝতাম এই ধরণের ইমপোজিসনএর একটা অর্থ আছে। কিন্তু অঞ্চল পঞ্চায়েতের ফান্ড থেকে যে খরচ বহন করতে হবে এবং তাঁর উপর যে গুরু দায়িত্ব দেওয়া হচ্ছে, সেই দায়িত্ব যদি পালন না করেন, তাহলে তাঁকে পদচ্যুত করবার অধিকারও অঞ্চল পঞ্চায়েতের থাকবে না। আর কোথাও এরকম অগণতান্ত্রিক পদ্ধতির ব্যবস্থা আছে বলে মনে করি না। ৪৮(৩)তে আছে,

"the State Government shall make rules prescribing the method of recruitment, conditions of service, pay and allowances and the age of superannuation of the Secretary."

এখানে আমি এই মর্মে সংশোধনী প্রস্তাব দিয়েছি যে, য়্যাপয়েন্টমেন্ট, পে ইত্যাদি সমস্ত ব্যাপারে অঞ্চল পঞ্চায়েত ব্যবস্থা করতে পারবে। সরকার যদি মনে করেন, তবে গভর্নমেন্টএর য়্যাপ্রুভাল নেওয়া যেতে পারে। যদি সত্যিই পল্লীগ্রামে প্রকৃত গণতান্ত্রিক প্রতিষ্ঠান করতে চান, তাহলে পঞ্চায়েতের কাজে এর বেশী হস্তক্ষেপ করা উচিত হবে না।

[4-10—4-20 p.m.]

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আগে ইউনিয়ন বোর্ডে যে রকম ব্যবস্থা ছিল, এও ঠিক সেই রকম; অঞ্চল পঞ্চায়েতের আসল ক্ষমতা কিছুই নেই। এখানে অঞ্চল পঞ্চায়েতের প্রচুর ক্ষমতার কথা বলা হয়েছে, যে সে নিজের বাজেট তৈরী করবে, ট্যাকস আদায় করবে, এবং শুধু তাই নয়, ন্যায় পঞ্চায়েতকে দেখাশুনার ভার তারা করবে এবং সরকারের তরফ থেকে যত প্রকার কাজের ভার দেওয়া হবে, তাও তারা করবে। কিন্তু অঞ্চল পঞ্চায়েতের যিনি সেক্রেটারী হবেন, তাঁকে নিয়োগ করবার ভার অঞ্চল পঞ্চায়েতের উপর দেন নি। সরকার বড় বড় কথা বললেন, কিন্তু এইটুকু ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতকে দেওয়া হয় নি। যে সেক্রেটারী অঞ্চল পঞ্চায়েতের কাজ করবে, সেই সেক্রেটারীকে নিয়োগ করবার ভার অঞ্চল পঞ্চায়েতের হাতে নেই, তাঁকে নিযুক্ত করবেন স্টেট গভর্নমেন্ট, এ কোন দেশী গণতন্ত্র, তা জানি না। এক্সিকিউটিভ অফিসার, যাঁরা এই সেক্রেটারীকে নিয়োগ করবেন, তাঁদের নির্দেশমত তাঁকে চলতে হবে। সেইজন্য আমি আমার য়্যামেন্ডমেন্টএ বলেছি যিনি সেক্রেটারী নিযুক্ত হবেন, সেই সেক্রেটারীকে অঞ্চল পঞ্চায়েত নিজেই নিযুক্ত করবেন। আমি আশা করি, মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন। সেক্রেটারীর মাইনে কে দেবে? না, অঞ্চল পঞ্চায়েত দেবে। আমাদের ইউনিয়ন বোর্ডের দফাদার, চৌকিদারদের মাইনে সরকারের তরফ থেকে দেবার জন্য বহুদিন থেকে আন্দোলন হয়ে আসছে। আজকে যাঁরা গদীতে বসে আছেন, তাঁরাই একদিন এই নিয়ে আন্দোলন করেছেন, অথচ আজ তাঁরা সে কথা ভাবছেন না। অত্যন্ত দুঃখের কথা, ইংরাজ গভর্নমেন্ট যে পন্থা অবলম্বন করেছিল, আজ আপনারা সেই পন্থা অবলম্বন করে চলেছেন। চৌকিদার, দফাদারদের মাইনে গভর্নমেন্টের দেওয়া উচিত। সেক্রেটারীর মাইনে গভর্নমেন্ট দেবেন না, অথচ নিযুক্ত করবেন তাঁকে গভর্নমেন্ট, অঞ্চল পঞ্চায়েত তাঁকে নিযুক্ত করতে পারবেন না; এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। আমি আশা করি আমার যে য়্যামেন্ডমেন্ট, সেটা মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন। তা নাহলে বুঝবো যে, আপনারা কোন ক্ষমতা হস্তচ্যুত করতে চাচ্ছেন না, সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে চলেছেন, এবং গণতন্ত্রকে ধ্বংস করতে চাচ্ছেন। আপনারা আজকে শুধু এখানে দাঁড়িয়ে বড় বড় গণতন্ত্রের বুলি আওড়ে লোককে ভুল বোঝাবার চেষ্টা করছেন।

Sj. Jyotish Joardar:

মাননীয় সভাপাল মহাশয়, এই ৪৮ নং ধারায় বিভিন্ন সংশোধনীর মধ্যে আপনি লক্ষ্য করেছেন যে, সেক্রেটারী, এই যে একটা এলিমেন্ট অঞ্চল পঞ্চায়েতের মধ্যে অনুপ্রবিষ্ট করান হচ্ছে, তার অর্থ কি? তাঁকে কতখানি নিরংকুশ ক্ষমতা দেওয়া হয়েছে এবং অঞ্চল পঞ্চায়েতকে অবজ্ঞা করবার জন্য এই রকম একটা অবস্থা সৃষ্টি করা হয়েছে, এই সেক্রেটারীর সাহায্যে সেটা আপনি লক্ষ্য করেছেন। তাঁর নিয়োগ, বেতন প্রভৃতি সমস্ত কিছু ব্যাপার প্রেসক্রাইবড অথরিটি করবেন। একজন কর্মকারের সংগে যদি মাননীয় মন্ত্রীমহাশয়কে তুলনা করতে পারি, তাহলে বলতে পারি, তিনি কর্মকার হাতে নিয়েছেন প্রেসক্রাইবড অথরিটির মত একটা হাতুড়ি,

যা দিয়ে এই পঞ্চায়েতের দফারফা করবেন এবং সেখানে য়্যানভিল হয়ে কাজ করবেন এই সেক্রেটারী, যিনি অঞ্চল পঞ্চায়েতে থাকবেন, এবং তাতে অঞ্চল পঞ্চায়েতের বিনাশ ছাড়া আর কিছু হবে না। যদিও এই অনুচ্ছেদে বলা হয়েছে যে, অঞ্চল পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হবে; কিন্তু সত্যিকারের তিল মাত্র ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতের থাকছে না, যা কিছু ক্ষমতা সমস্ত সেক্রেটারীকে দেওয়া হচ্ছে। এ সম্পর্কে ভিন্ন ভিন্ন যে সমস্ত সংশোধনী এসেছে, সভাগৃহের এদিক থেকে তার আর আমি পুনরাবৃত্তি করতে যাবো না। আমি শুধু তার সঙ্গে এইটুকু যুক্ত করে দিতে চাই, সেটা হচ্ছে ২(এ) উপধারার মধ্যে যে প্রোভাইসো আছে, সেখানে আর একটা প্রোভাইসো যুক্ত করে দিচ্ছি। এখানে যা রয়েছে তার সঙ্গে আমি বলছি অঞ্চল পঞ্চায়েতকে এইটুকু মাত্র ক্ষমতা দেওয়া হোক। তারা যদি মনে করে সেক্রেটারীর ব্যবহার ও কাজকর্ম এমন একটা বিশেষ পর্যায় এসেছে যে, তা অসহ্য, তাহলে তাকে অপসারণ করবার ক্ষমতা তার হাতে থাকুক। আমার প্রোভাইসোতে বলেছি,

"provided further that the services of the Secretary may at any time be terminated by a resolution of the *Anchal Panchayat* carried by the votes of not less than two-thirds of the total number of members holding office for the time being at a meeting especially convened for the purpose".

এই হচ্ছে আমার সংশোধনীর উদ্দেশ্য। তুলনা করে আমি বলতে পারি ১৯নং যে ধারা আছে পঞ্চায়েত বিলে, সেখানে অধ্যক্ষ, উপাধ্যক্ষকে প্রয়োজন হলে অপসারণ করা চলবে। অধ্যক্ষ, উপাধ্যক্ষ তারা ইলেকটেড লোক এবং তারা গ্রাম পঞ্চায়েতের প্রধান, তাদের অপসারণ করা যাবে প্রয়োজন হলে, এই রকম একটা ব্যবস্থা রয়েছে। এখানেও যদি সেই রকম একটা ব্যবস্থা, অর্থাৎ প্রয়োজন হলে সেক্রেটারীকে সরান যাবে, বা নতুন সেক্রেটারী নিযুক্ত করতে পারবে, এই ক্ষমতা অঞ্চল পঞ্চায়েতের হাতে থাকে, তাহলে এমন কোন ক্ষতি হবার কারণ নেই। এবং তাহলে বোঝা যাবে ঐ সেক্রেটারী নিয়োগের ব্যাপারে সরকারের ভাল উদ্দেশ্য আছে। সেক্রেটারী যদি কখনও দুরাচারী হয়ে ওঠেন, তাহলে তাঁকে অপসারণ করবার ক্ষমতা এই অঞ্চল পঞ্চায়েতের হাতে দেওয়া হোক, এই হচ্ছে আমার নিবেদন।

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, through the Secretary, who shall be the executive officer of the *Anchal Panchayat* and shall be appointed by the Government, the *Anchal Panchayat* will be absolutely under the thumb of the Government. It will be nothing better than one of the various Secretariats of the Government The Secretary will prepare the budget estimate of income and expenditure, the statement of accounts of the previous year and the report on the work done during the previous year and the work proposed to be done during the following year. Now, if everything is to be done by the Secretary, what will be left for the *Anchal Panchayat* to do? It is a sinister attempt at indirectly killing the democratic urge of the people and hoodwinking them by a glorified name which has absolutely no substance behind it The Government is determined to spread out its tentacles to every sphere of popular activities and prevent a free people from acting freely and developing healthily. This distrust of the people and this persistent effort to keep them in a state of permanent minority will not help establish a socialistic pattern of society which is the much-vaunted and much-advertised policy of the Government. The big men who run the present administration have beguiled themselves into the belief that they are the only infallible lot, and the rest of the people are so many minors to be looked after for all time to come. It is high time they got rid of this obsession and took people into confidence. For, where popular confidence is lacking, democracy becomes a farce.

[4-20—4-30 p.m.]

Sj. Madan Mohon Saha:

স্যার, অঞ্চল পঞ্চায়েত কোন সিদ্ধান্ত গ্রহণ করে যদি সেক্রেটারীর হাতে কোন ক্ষমতা দেয় তাহলে তা সিদ্ধ হবে না, এ কোন ধরণের গণতন্ত্র, তা আমরা বুঝতে পারি না। এখানে আমার

বক্তব্য হচ্ছে অতি পরিস্কার যে পঞ্চায়েতের প্রদত্ত ক্ষমতা আবার প্রেসক্রাইবড অথরিটির অনুমোদন সাপেক্ষ রাখা ঠিক হবে না। সেইজন্য আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি। যে সম্পাদককে বিশ্বাস করে নিযুক্ত করছেন এতে তার উপর আবার অবিশ্বাস করা হচ্ছে, একবার যাকে বিশ্বাস করেছেন বিনা কারণে তাকেই আবার বিশ্বাস না করা—এটা কি করে হয়? আপনারা প্রেসক্রাইবড অথরিটির উপর যদি এই কাজ দেন তাহলে আর গণতন্ত্রের কথা বার বার বলবেন না। যতক্ষণ পর্যন্ত আপনারা এইরকমের সব ধারা এই বিল থেকে তুলে না দিচ্ছেন ততক্ষণ আমরা প্রতিবাদ করেই যাব।

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৪৮নং ধারায় সেক্রেটারি যেভাবে এবং যেরূপে নিযুক্ত হচ্ছেন তাতে দেখতে পাচ্ছি অঞ্চল পঞ্চায়েতের হাতে কোন ক্ষমতাই থাকছে না। কেবল সেক্রেটারিকে কাজ করতে হলে যে টাকাটার দরকার সেই টাকাটা অঞ্চল পঞ্চায়েত আদায় করে দেবে, তা ছাড়া আর কোন কাজই থাকবে না অঞ্চল পঞ্চায়েতের করবার। ট্যাক্সের বিষয় বাজেটের বিষয় গত বছরে কি খরচ হয়েছে সেগুলি সেই সেক্রেটারিই ঠিক করে দেবে। তাহলে অঞ্চল পঞ্চায়েত করবে কি? তা ছাড়া আর কতকগুলি ব্যবস্থা আছে অঞ্চল পঞ্চায়েত নিজের ক্ষমতা যেটুকু আছে তাও ঐ সেক্রেটারি পেতে পারবেন সে ব্যবস্থাও এর মধ্যে করা হচ্ছে। আমরা দেখছি যে এই সরকার অঞ্চল পঞ্চায়েতের সমস্ত কাজ সেক্রেটারিকে দিয়ে করাবেন, অঞ্চল পঞ্চায়েত বলে একটা কিছু থাকবে টাকা যুগিয়ে দেবার জন্য তা ছাড়া আর কিছুর জন্য নয়। তা ছাড়া দেখছি এই ধারায় লেখা আছে যে সেক্রেটারি রেসপন্সিবল্ থাকবে প্রধানের মাধ্যমে অঞ্চল পঞ্চায়েতের কাছে; কিন্তু অঞ্চল পঞ্চায়েতের কোন ক্ষমতা থাকবে না—এই সেক্রেটারি যদি তার দায়িত্ব তার রেসপন্সিবিলিটি পালন না করেন তাহলে তাকে অপসারণ করার বা তাকে সাসপেন্ড করার। তাহলে কি ক্ষমতা আছে অঞ্চল পঞ্চায়েতের এই সেক্রেটারির উপর? এই যখন অবস্থা তখন সেক্রেটারি কি প্রধানের নির্দেশমত তথা অঞ্চল পঞ্চায়েতের নির্দেশমত কাজ করবেন? আমরা ত কিছুই বুঝতে পারছি না। মন্ত্রীমহাশয় পরিষ্কার করে আমাদের বলুন—যদি সেক্রেটারি প্রধানের তথা অঞ্চল পঞ্চায়েতের নির্দেশমত কাজ না করেন, অঞ্চল পঞ্চায়েত কি ব্যবস্থা অবলম্বন করতে পারবেন তাঁর কৈফিয়ৎ তলব করবার বা তাঁকে শাস্তি দেবার? আমরা এই বিলে যা দেখছি তাতে তাঁদের সেসমস্ত কোন ক্ষমতা থাকবে না। তাহলে হবে কি? একটা ফার্স ছাড়া আর কিছুই হচ্ছে না। যা কিছু কাজ দেখছি—বাজেট তৈরীর কাজ, হিসেব নিকেশের কাজ ইত্যাদি সব করবেন সেক্রেটারি তাহলে অঞ্চল পঞ্চায়েতের হাতে কি কাজ দেওয়া হচ্ছে? যা কিছু করবেন সেক্রেটারি, তিনিই সর্বেসর্বা হর্তা, কর্তা, বিধাতা! এ একটা ফার্স ছাড়া আর কি? তাই আমরা বলছি—এই ধারাটা বাতিল করে দিয়ে অঞ্চল পঞ্চায়েতকে, সেক্রেটারির উপর কর্তৃত্ব দেওয়া হোক, এবং বাজেট করার এবং আর যা কিছু খরচের ব্যাপার আছে সব কিছু অঞ্চল পঞ্চায়েতের উপর দেওয়া হোক নৈলে এই অঞ্চল পঞ্চায়েত আইন পাশ করে কিছু লাভই হবে না বলে আমরা মনে করি।

Sj. Bankim Mukherji:

এই ৪৮(১) ধারায় প্রথমেই দেখা যাচ্ছে অঞ্চল পঞ্চায়েতের অফিসের যিনি সেক্রেটারি হবেন তিনি

shall be responsible for the preparation of its budget, etc.

এতে একটু উল্লেখ পর্যন্ত নাই যে তিনি হবেন অঞ্চল পঞ্চায়েতের অধীন। বহু অ্যামেন্ডমেন্ট সে হিসেবে দেওয়া হয়েছে, সেগুলি অন্ততঃ মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে বিবেচনা করবেন। এর দ্বারা অন্যায়টা কি হচ্ছে, না অঞ্চল পঞ্চায়েতের কোন অধিকারই থাকছে না অফিসের উপর যদি সেক্রেটারি দয়া করে তাদের কোন অধিকার না দেন, কারণ স্ট্যাটুট এই রয়েছে

Secretary shall be in charge of the office.

ধরে নিলাম অঞ্চল পঞ্চায়েতের সঙ্গে সেক্রেটারি মহাশয় সদভাবেই থাকবে, তা যদি থাকে ভাল। কিন্তু অসদ্ভাবও কোন কোন স্থানে হবার সম্ভাবনা আছে, এবং বিরোধী পক্ষ থেকে অনেকেই

মনে করেন যে উপর থেকে নিয়োগ করলে অসম্ভাব থাকাই সম্ভব। আর একটা আইন যখন করা হয় তা সর্বপ্রয়োজনীয় ক্ষেত্রেই লাগতে পারবে—এইরকম আইনই করা উচিত। ধরুন, সেক্রেটারি যদি লিটার্যালি অর্থ করে নেন যে

he shall be in charge of the office

ধরুন যদি তিনি বলে দেন অফিসে কেউ ঢুকতে পারবে না, ধরুন যদি পঞ্চায়েতের মেম্বারদের বলে দেন তিনি, যেদিন মিটিং হবে সেদিন ছাড়া আর কোনদিন কেউ অফিসে ঢুকতে পারবে না, তাতে আমার কাজের গোলমাল হবে, সে কথা বলতে পারেন তিনি হচ্ছেন অফিসএর ইনচার্জ। তিনি যদি বলেন প্রধান, উপ-প্রধান বা পঞ্চায়েতের মেম্বারদের, মহাশয় হাত দেবেন না আমার টেবিলে, কারণ আমি হচ্ছি ইনচার্জ অব দিস অফিস, আমাকেই জবাবদিহি করতে হবে প্রেসক্রাইবড অথরিটির কাছে যদি কোন কাগজপত্র হারিয়ে যায় তারজন্য ; সুতরাং সামান্য যে ডিসেন্সি তা পর্যন্ত এর মধ্যে নেই, সেক্রেটারি যে পঞ্চায়েতের অধীনে, কিন্তু তিনি যখন ইনচার্জ অব দি অফিস তখন তিনি না বল্লে পর কারো অফিসে গিয়ে কিছু করবার অধিকার নেই, অন্যের ত নেইই এমনকি প্রধান বা উপপ্রধানেরও সে অধিকার থাকছে না, কি মারাত্মক রূপে হচ্ছে এই জিনিষটে যে

Secretary appointed he shall be in charge of the office.

[4-30—4-40 p.m.]

তাহলে পঞ্চায়েত কোথায় গেল? অঞ্চল পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান কোথায় গেলেন? কারণ সে আর নট ইনচার্জ এবং একজন য়্যাপয়েন্টেড সেক্রেটারিকেই আইনে লেখা হচ্ছে ইনচার্জ। তবে একথা সত্য যে তার টাস্ক হচ্ছে অফিস দেখা, কিন্তু হু ইজ ইনচার্জ অফ অফিস। কারণ আইনত, অফিসের খাতা, রেকর্ড ফান্ড ইত্যাদি সমস্ত জিনিসের মালিক কে—সেক্রেটারি অব পঞ্চায়েত। প্রত্যেক জিনিসের আইনত, মালিক হওয়া উচিত পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান প্রভৃতি এবং সেক্রেটারি হবেন একজন নিযুক্ত ভৃত্য। কিন্তু আজকে এখানে ৪১এর ১এ এমনভাবে লেখা হচ্ছে যে তার অর্থ এই হচ্ছে যে পঞ্চায়েত নেই, তার প্রধান, উপপ্রধান নেই এবং তার সেক্রেটারি ইনচার্জ অফ অফিস হচ্ছে। অর্থাৎ তিনি যে তার সেক্রেটারি হিসাবে সমস্ত কাজ করবেন তার কোন উল্লেখ নেই। এ ছাড়া—

he is responsible for the preparation of the budget estimate—

তাহলে পঞ্চায়েত কি ঘাস কাটবে। অর্থাৎ যদি

Secretary is responsible for the budget estimate of the income and expenditure, the statement of accounts of the previous year

হন ,তাহলে পঞ্চায়েত করার কি অর্থ হয়? কিন্তু এই রেসপন্সিবল কথার মানে কি রেসপন্সিবল টু হুম। অর্থাৎ সেক্রেটারি পঞ্চায়েতের কাছে দায়িত্ব কথাটার যদি কোন উল্লেখ এর ভেতরে না থাকে এবং এমনি যদি বলা হয় যে

Secretary shall be responsible

তাহলে তার মানে কি হয়? এর মানে হচ্ছে আইন বলছে, পঞ্চায়েত রেসপন্সিবল নয়, পঞ্চায়েত বাজেট তৈরী করবার জন্যে দায়ী নয় এবং সেজন্যেই সেক্রেটারি করা হচ্ছে। এ ছাড়া এরচেয়ে মারাত্মক যেটা সেটা আমি দেখাচ্ছি। আমরা এখানে বুঝতে পারছি যে

Statement of accounts of the previous year, report on the work done during the previous year and the work proposed to be done during the following year

এবং

the Secretary shall be responsible for the work proposed to be done during the following year

অর্থাৎ আগামী বছরে কি কি কাজ হবে তার রিপোর্ট করবার জন্য সেক্রেটারি হচ্ছেন দায়ী। কিন্তু আমার কথা হচ্ছে যে আগামী বৎসরে কি কাজ হবে সেটা তিনি কি করে জানবেন এবং

এই প্রপোজড টু বি ডানটা কে প্রপোজ করবে। অতএব প্রপোজ যেটা করতে হবে সেই প্রপোজটা ত অঞ্চল পঞ্চায়েত করবে এবং যা আমরা শুনে আসছি তা থেকে আমাদের এই ধারণা হয়েছে যে অঞ্চল পঞ্চায়েত প্রপোজ করবে যে আগামী বৎসরে কি প্রগ্রাম হবে। কিন্তু এখানে বলে দেওয়া হচ্ছে কিনা

Secretary shall be responsible for the work proposed to be done

সেজন্য ধরুন যে কোন মিটিং হল না অথচ সেক্রেটারি প্রপোজ করে দিলেন আসছে বছরে এই এই ওয়ার্ক টু বি ডান, কিন্তু তখন পঞ্চায়েতের সঙ্গে হয়ত কনফ্লিক্ট হতে পারে এবং পঞ্চায়েত বলতে পারে যে না এই এই কাজ হবে। অতএব যখনই এই অবস্থা হবে তখনই সেক্রেটারি বলতে পারেন, আইনত আমি অথরিটি যে বলতে পারে

the work proposed to be done during the following year

(খ) পাইয়া থাকিলে, ঐ সম্পর্কে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

The Hon'ble Sankar Prasad Mitra: (ক) হ্যাঁ।

(খ) ফিশারী (মীনক্ষেত্র) ও ধানের জমির মধ্যস্থিত বাঁধের মধ্য দিয়া ফিশারীর লোনা জল যাহাতে ধানের জমির মধ্যে প্রবেশ করিয়া ধানের ক্ষতি করিতে না পারে তজ্জন্য ফিশারীর মালিকদের বাঁধ সংস্কারের জন্য সরকার নির্দেশ দিয়াছেন। নির্দেশ অনুযায়ী ফিশারীর মালিকগণ ইতিমধ্যেই বাঁধের কিছু কিছু সংস্কার সাধন করিয়াছেন।

Sj. Lalit Kumar Sinha: Supplementary question, Sir,

যখন তদন্ত হয়, সেই সময় ফিশারীর মালিকরা একটু একটু মাটি দেয়, কিন্তু তদন্তের পর আর মাটি দেয় নি, তার ফলে জমি নষ্ট করেছে?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Lalit Kumar Sinha:

এটা হাইপোথেটিক্যাল কোয়েশ্চেন কি করে হল?

Mr. Speaker:

আপনি অনেক কিছু য়্যাসাম্পসন করছেন, আপনার প্রশ্ন নির্ভর করছে অনেক কিছুর উপর।

Sj. Hemanta Kumar Ghosal:

উনি এখানে বলেছেন, ফিশারী ও ধানের জমির মধ্যস্থিত বাঁধের মধ্যে দিয়ে ফিশারীর লোনাজল যাহাতে ধানের জমির মধ্যে প্রবেশ করিয়া ধানের ক্ষতি করিতে না পারে, তজ্জন্য ফিশারীর মালিকদের বাঁধ সংস্কারের জন্য সরকার নির্দেশ দিয়াছেন, এবং সেই নির্দেশ অনুযায়ী ফিশারীর মালিকগণ বাঁধের কিছু কিছু সংস্কার সাধন করিয়াছেন, অর্থাৎ এখনও

পুরা সংস্কার সাধন করেন নি, এটা প্রশ্নের জবাবের মধ্যে স্বীকৃত হয়েছে; তাহলে মালিকরা ঐ ফিশারী পরিচালনকারী স্বার্থে ঐসব জায়গায় বাঁধ দেয় নি এবং ধান জমির মধ্যে নোনা জল প্রবেশ করেছে, এটা এখানে স্বীকৃত হয়েছে। এই যে নোনা জল প্রবেশ করলো এবং ধানের ক্ষতি হল, তার জন্য মালিকদের বিরুদ্ধে সরকার কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছেন কি না?

The Hon'ble Sankar Prosad Mitra: They will be prosecuted under section 432 of the Indian Penal Code.

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই প্রশ্নটা কোন তারিখে হয়েছিল, এবং নির্দেশ দেওয়া হয়েছিল কোন তারিখে, এবং কিছু কিছু সংস্কার করা হয়েছিল কোন তারিখে?

The Hon'ble Sankar Prosad Mitra: Directions were given that they should complete repairs before the monsoon.

Dr. Hirendra Kumar Chatterjee:

কোয়েশ্চেনটা কোন ইয়ারএর, এবং নির্দেশ দেওয়া হয়েছে, কোন ইয়ারএ এবং কিছু কিছু সংস্কার করা হয়েছে কোন ইয়ারএ?

The Hon'ble Sankar Prasad Mitra:

ঐ কোয়েশ্চেনএর তারিখ আমার কাছে নেই।

Sj. Canesh Chosh. There will be prosecution under such and such section. Has a single case of prosecution been started against any of the fishery "maliks"?

The Hon'ble Sankar Prasad Mitra: Well, this is done by the local officers. I have not got any information with regard to that.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, you will remember, I will show you from the proceedings—that in answer to a question the Chief Minister once stated that his Cabinet was one of joint responsibility because a question was put to one of the Ministers. Sir, on a point of privilege, I say that whenever there is any question which is uncomfortable to a Minister, the Chief Minister comes to his rescue and he says that he has joint responsibility.

Mr. Speaker: The Chief Minister can always do that by virtue of his inherent right. The Chief Minister has always that right.

The Hon'ble Sankar Prasad Mitra: I have tried to give you all the answers.

Sj. Hemanta Kumar Chosal:

মাননীয় মন্ত্রীমহাশয় এখন বললেন যে, তিনি এমন কোন খবর পান নি যে, ফিশারীর মালিকরা ধান জমির ক্ষতি করেছে। কিন্তু এটা সমস্ত সুন্দরবন অঞ্চলের একটা জেনারেল কোয়েশ্চেন, সেই জন্য এটাকে এত ইম্পরটান্স দিচ্ছি।

Mr. Speaker:

প্রশ্নটা তো সেইভাবে দেন নি।

Sj. Hemanta Kumar Chosal:

উনি ত এখনও জানেন না, যে মালিকের বিরুদ্ধে কোন আইনত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি না? এইরকম একটা সিরিয়াস কোয়েশ্চেন; সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, এটার প্রতি একটু বিশেষ দৃষ্টি দিয়ে ব্যবস্থা অবলম্বন করবার জন্য।

Mr. Speaker: That is a request for action.

The Hon'ble Sankar Prasad Mitra:

ইয়েস; নিশ্চয়ই করবো।

Proposal for a cold storage for potato seeds near Garbetta railway station

***106. Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গড়বেতা থানায় প্রতি বছর বহু পরিমাণ গোল আলু উৎপন্ন হয় এবং ঐ আলু পশ্চিম বাংলার বিভিন্ন স্থানে চালান যায়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গড়বেতা রেল স্টেশনের সন্নিকটের ব্যবসাকেন্দ্রে আলু পচিয়া যাওয়া নিবারণ ও রাখিবার জন্য একটি cold storage সংস্থাপন করার প্রয়োজনীয়তা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister for Agriculture and Animal Husbandry (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) হ্যাঁ।

(খ) সরকারী cold storage স্থাপনের কোন পরিকল্পনা নাই। স্থানীয় আলুচাষীগণ সমবায় সমিতি গঠন করিয়া যথোপযুক্ত পরিমাণে মূলধন সংগ্রহ করিতে পারিলে সরকার হইতে cold storage স্থাপনের জন্য ঋণ দেওয়ার কথা বিবেচনা করা যাইতে পারে।

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এইরকম একটা কোল্ড স্টোরেজ করতে গেলে কত মূলধন সংগ্রহ করলে, কত ঋণ সরকার দেবেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In answer to that I wish to inform the honourable member that we have got a similar cold storage in Burdwan known as the Burdwan Central Co-operative Agricultural Production and Marketing Society, Ltd. They gave a scheme costing Rs. 7,15,000 to the Government for the installation of a cold storage in the Saktigarh Community Development area in the district of Burdwan, for the storage of agricultural produce, mainly potatoes, and this scheme was sanctioned by Government. The Society raised a share capital of Rs. 65,000 and the Government sanctioned a loan of Rs. 6,50,000 against the security of the assets including buildings and plants to be set up on the execution of a mortgage bond. If the Government is approached with a similar scheme by any other co-operative society of the locality concerned, they may consider the question of the sanction of a loan on similar terms.

Sj. Saroj Roy:

এখানে বর্তমানে যে হিসাব নিকাশ দিলেন, সেটা শোনার পরে আমার এই সাপ্লিমেন্টারি আসছে, গড়বেতা অঞ্চলে যে সমস্ত আলুচাষীরা আছে, সরকার জানেন প্রধানত তারা খুব গরীব ও ছোট ছোট চাষী; তাদের কাছ থেকে মূলধন সংগ্রহ করা সম্ভব না হলে, এবং ওখানে ঐ যে কয়েক সহস্র মণ আলু নষ্ট হয়, এইসব অবস্থা বিবেচনা করে, সরকার থেকে কোন পরিকল্পনা নেবেন কি না?

Mr. Speaker:

উনি ত বলেছেন।

Sj. Saroj Roy:

না, না। কোন পরিকল্পনা নাই বলেছেন।

Mr. Speaker: That is purely hypothetical question. If you know facts, put straight question.

Sj. Saroj Roy:

গড়বেতা অঞ্চলে গরীব চাষীদের অবস্থা বিবেচনা করে সরকার নিজেই কোন কোল্ড স্টোরেজ স্থাপন করবেন কি না?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এইরকম কোন পরিকল্পনা সরকারের বিধানে নেই। আপনি জানেন অন্ততঃ সাড়ে সাত লক্ষ টাকা, একটা ছোট খাট কোল্ড ষ্টোরেজ করতে লাগে। সুতরাং সেখানে কো-অপারেটিভ সোসাইটি যদি কিছুটা মূলধন সংগ্রহ করতে পারেন, তাহলে বাকীটা দেবার জন্য সরকার বিবেচনা করবেন।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে বলবেন কি, এই যে সাড়ে সাত লক্ষ টাকা খরচ করে কোল্ড ষ্টোরেজ হয়, তার কেপাসিটি কত? অর্থাৎ এর মধ্যে আলুটাল্ কত রাখা যায়?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এটা হচ্ছে একটা ১০ হাজার টনের প্ল্যান্ট, যেটা শক্তিগড়ে হয়েছে।

Sj. Subodh Banerjee:

এটা মণ, না টন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এটা টন।

Sj. Subodh Choudhury:

আপনি বলেছেন, শক্তিগড় কমইউনিটি ডেভালেপমেন্ট এরিয়াতে একটা কোল্ড ষ্টোরেজ স্থাপন করা হয়েছে। মন্ত্রীমহাশয় বলবেন কি, এটা ঠিক কোন জায়গায় করা হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

মেমারীর একটা জায়গায়।

Sj. Subodh Choudhury:

কাজ কি সুরু হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

কাজ আরম্ভ হয়ে গিয়েছে।

Sj. Subodh Choudhury:

কত দিনে শেষ হতে লাগবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সময় ঠিক বলতে পারি না। অন্ততঃ বছর খানেক লাগবে।

Sj. Subodh Choudhury:

আপনি বলেছেন, কো-অপারেটিভ থেকে পার্সিয়াল সাহায্য করলে, তবে আপনারা এই কষ্ট করতে পারেন। আমার এখানে প্রশ্ন হচ্ছে, শক্তিগড় কো-অপারেটিভ সোসাইটি কত টা এর জন্য দিয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি ত আগেই বলেছি, তারা সাবসক্রাইব করেছে সিক্সটি ফাইভ থাউজান্ড রুপিজ।

[3-30—3-40 p.m.]

Sj. Saroj Roy:

শক্তিগড় সম্বন্ধে মন্ত্রীমহাশয় জানালেন যে, ওখানে ১০ হাজার টন আলু রাখার কোল্ড ষ্টোরেজ করা হয়েছে, তাহলে আমার জিজ্ঞাস্য যে শক্তিগড় অঞ্চলে কত আলু হয়, জানাবেন কি?

Mr. Speaker: That is not a supplementary question,

Sj. Madan Mohon Khan:

মেদিনীপুর জেলায় কোল্ড ষ্টোরেজ হয়েছে, কিন্তু সেখানে ইলেকট্রিসিটি দিতে পারছেন বলে কাজ হচ্ছে না, একথা কি জানেন?

Mr. Speaker: That does not arise out of this.

Sj. Madan Mohon Khan: Second Five-Year Plan এ গড়বেতায় কোল্ড ষ্টোরেজএর স্যাংসন হয়েছে কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: No.

Sj. Biren Banerjee:

শক্তিগড়ে যে কোল্ড ষ্টোরেজ হয়েছে বলেছেন, সেটা শক্তিগড়ে না মেমারীতে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

শক্তিগড় কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টের মধ্যে মেমারীতে।

Sj. Biren Banerjee:

এই যে ৬॥ লক্ষ টাকা গভর্নমেন্ট মূলধন খাতে ধার দিয়েছেন, সে কত দিনে শোধ করা হবে এবং তার কত সুদ?

Mr. Speaker:

এ প্রশ্নটা গড়বেতা সম্বন্ধে। উনি শক্তিগড় সম্বন্ধে এত কথা কি করে জানাবেন?

Sj. Biren Banerjee: Do you mean to say my supplementary is com pletely irrelevant because the Minister has given certain information?

Mr. Speaker: How can he answer to Garbetta?

Mr. Biren Banerjee: Is my supplementary disallowed?

Mr. Speaker: That question does not arise out of this. You are askin about the details of facts and figures about Saktigarh. How can he answ that?

The Hon'ble Gopika Bilas Sen Gupta: He will have to consult the fi and then answer.

Sj. Biren Banerjee: Then say so—I have no figure with me.

Sj. Saroj Roy:

মূলধন সংগ্রহ করলে সরকার বিবেচনা করবেন, এ সম্বন্ধে সরকার কোন রক গ্যারান্টি দিচ্ছেন কি না?

Mr. Speaker: What is your c...

উনি ত বিবেচনা করবেন বলেছেন।

Sj. Saroj Roy:

টাকাটা দেবেন কি না জানতে চাই; সে কথা বলেন নি।

Mr. Speaker: You have not heard it. Don't argue with me. Please put your fresh supplementary.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সে সম্বন্ধে য়্যাসিওরেন্স দেওয়া যেতে পারে না। আপনারা সে রকম পরিকল্পনা আনুন, তখন নিশ্চয়ই বিবেচনা করা যাবে।

Sj. Kanai Lal Bhowmick:

এটার কি সুদ দেওয়া হয়?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: 6½ per cent interest.

Sj. Kanai Lal Bhowmick:

কত বছরে শোধ করতে হবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সে ফাইল এখানে নাই; তাহলে নোটিশ চাই।

Sj. Mrigendra Bhattacharjya:

যথেষ্ট পরিমাণে মূলধন সংগ্রহ করতে পারলে বিবেচনা করবেন বলেছেন, তার সুদ কত দিতে হবে?

Mr. Speaker: He had already said that. Why do you remain inattentive?

Sj. Madan Mohon Saha:

আলু চাষীদের দ্বারা সমবায় সমিতি গঠন করে যথেষ্ট পরিমাণ মূলধন সংগ্রহ করলেও কোল্ড ষ্টোরেজ স্থাপনের কথা সরকার অগ্রাহ্য করলে কি অকারণ হয়রানী হবে না?

Mr. Speaker: That is a big hypothetical question. That question need not be answered.

Grants to the non-Government medical schools and colleges

***107. Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(*a*) amount of Government aid and grant to each non-Government medical school and college in West Bengal, year by year, from 1950-51 to 1956-57;

(*b*) if it is a fact that due to inadequacy of Government aid and grant, R. G. Kar Medical College, Calcutta, is facing financial stringency;

(*c*) whether Government have received any communication from the authorities of the R. G. Kar Medical College regarding financial difficulties; and

(*d*) if so, whether Government consider the desirability of stepping up grants to the said college?

The Minister for Health (the Hon'ble Amulyadhan Mukharji): (*a*) A statement is laid on the Library Table.

(*b*) No.

(*c*) and (*d*) Yes.

Sj. Ganesh Ghosh: Is it in the knowledge of Government that due inadequacy of fund the R. G. Kar is facing financial strigency?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: This is not so. All instit tions are facing financial difficulties. Government are trying their utmo to help the deserving institutions with the limited resources at the command.

Sj. Ganesh Ghosh: What is the annual grant to the College Depar ment of Calcutta National Medical College for 1955-56 and 1956-57?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The information has alread been placed on the Library Table.

Sj. Ganesh Ghosh: Is it a fact that Rs. 3 lakhs 30 thousand has bee paid to the Calcutta National College?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: No, it is not so. Governme used to pay the National Medical College Rs 2 lakhs for the College Depar ment, because at the request of the Government two schools were ama gamated and converted into college to fit in with the requirements of th Medical Council of India and also of the Calcutta University. They we facing deficit and deficiencies. Therefore, Government helped them wit certain sum of money—Rs. 2 lakhs per year for five years to equip them t fulfil the requirements of the Medical Council of India.

Sj. Ganesh Ghosh: Is it a fact that on similar condition Governmen refused to augment a grant of Rs. 15,000 to the R. G. Kar?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: It is not so. The R. G. Ka Medical College is of 40 years' standing and there is no deficiency so far a the equipment in the college side is concerned. Government used to pa Rs. 15,000 per year. Last year Rs. 52,000 were paid to the college side Very recently there was a tripartite conference with the college authoritie and it was decided that they would be satisfied if Rs. 30,000 is paid to th college and Rs. 3 lakhs 70 thousand to the hospital side.

[3-40—3-50 p.m.]

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister tell us if there is any institution in West Bengal for Post-Graduate training in medicine in whic Government pays any grant?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Whichever institutions in th city of Calcutta or in West Bengal applied for Government assistance, afte going through the accounts if the Government funds were available thes Institutions have been assisted with funds.

Sj. Ganesh Ghosh: Is it a fact that for Post-Graduate training in on diploma only the Seva Sadan is given annually Rs. 15,000 whereas th R. G. Kar Medical College is not given one single pie?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I may tell the honourabl member that this particular institution, the Seva Sadan, applied for a grant for a specific purpose, viz., the running of their Post-Graduate Department. The R. G. Kar Medical College did not apply to the Government for any special grant for the Post-Graduate Department. If any such request comes, certainly the Government will look into it with the utmost sympathy.

Dr. Narayan Chandra Ray: Has the National Medical College anything to do with beds that were abolished in Lake Medical College?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: After the abolition of the Lake Medical College the Chief Minister assured the members of the public that for the number of beds which were abolished at the Lake Medical College substitutes will be provided and the National Medical College came forward to run 202 beds for which they get a special grant from the Government.

Dr. Narayan Chandra Ray: Is it in addition to the two lakhs?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The two lakhs is on the college side; this grant comes under the hospital side.

Construction and opening of Chinsurah Sadar Hospital

***108. Dr. Saurendra Nath Saha:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state if it is a fact—

(*i*) that the construction of the new buildings for Chinsurah Sadar Hospital was completed nearly two years back; and

(*ii*) that a sum of rupees one lakh was donated by the trustees of an estate of the town for the betterment of the present Sadar Hospital?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what was the cost of construction of the building;

(*ii*) what amount has been contributed by the Government;

(*iii*) whether hospital equipments were purchased and fitted in the new buildings;

(*iv*) what are the departments proposed to be opened in the new buildings;

(*v*) whether the hospital has been shifted to the new site; and

(*vi*) if not, the reasons therefor?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) (*i*) No; portions of the ospital buildings are still under construction.

(*ii*) A total donation of Rs.1,20,000 was received from the Official Trustee, Vest Bengal, in terms of the will of the late J. K. Paul for founding beds n the hospital.

(*b*)(*i*) The estimated cost of construction is Rs.19,83,703.

(*ii*) The entire amount.

(*iii*) Only the sanitary fittings for the ground floor portion have been urchased and fitted.

(*iv*) All the existing departments of the hospital will be opened in the new hospital. The departments are as follows:

Indoor—1. Medical (*a*) General, (*b*) Infectious beds, and (*c*) T.B.
2. Surgical (*a*) General, (*b*) Eye, and (*c*) Others.
3. Obstetrical and Gynaecological.

Outdoor—1. Female Out-patients' Department.
2. Male Out-patients' Department.

(*v*) No.

(*vi*) The hospital cannot be shifted as construction work has not yet been completed. It is likely to be completed soon.

Dr. Narayan Chandra Ray: Is this the construction for the whole new building including the areas which are under construction?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Yes, that is the estimate.

Incidence of cholera in Calcutta

***109. Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(*a*) total number of deaths from cholera in Calcutta up to date since January, 1956;

(*b*) number of deaths from cholera in Calcutta during the corresponding periods of 1954 and 1955;

(*c*) number of cholera cases in Calcutta during the periods mentioned in (*a*) and (*b*);

(*d*) whether there has been increase in the incidents of cholera in Calcutta this year;

(*e*) if so, the reasons for such increase; and

(*f*) how many beds there are in each hospital of Calcutta to treat cholera cases?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) Up to 30th June, 1956—783.

(*b*) 1954 572

1955 817

(*c*) 1954 1,311

1955 2,140

1956 2,014

(*d*) No.

(*e*) Does not arise.

(*f*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (f) of starred question No. 109.

Hospital.	Normal strength.	Provision for extra beds at the time of epidemic.	Total.	Remarks.
Nilratan Sircar Medical College and Hospital.	29	571	600	
R. G. Kar Hospital ..	24	30	54	
Chittaranjan Hospital ..	40	40	80	
North Suburban Hospital	5	..	5	
Beliaghata Infectious Diseases Hospital.	50	..	50	Opened temporarily to meet emergency for convalescent cases only.

Dr. Narayan Chandra Ray: Do these numbers include all the gastro-intestinal cases which are similar to cholera?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: These are confirmed cases of cholera.

Dr. Narayan Chandra Ray: Have you any estimate of gastro-intestinal cases which are known to the people as cholera cases?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There were cases which were admitted for food poisoning or gastro-intestinal conditions during these months. Stool examinations were made and those cases which were declared to be positively suffering from infection of cholera vibrio have been included in the list.

Dr. Narayan Chandra Ray: Is the total number of gastro-intestinal cases including cholera on the increase?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Not from the figures we have received.

Dr. Narayan Chandra Ray: By the Beliaghata Infectious Diseases Hospital do you mean the tin sheds?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There were several aluminium hutments which were constructed during the impending plague epidemic years ago. These are being utilised for transferring convalescent cases for finding out accommodation for acute cases in the N. R. Sarkar Hospital infectious wards.

Dr. Narayan Chandra Ray: Has the Beliaghata Infectious Diseases Hospital started work?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: No. Work is likely to be started some time in November.

Sj. Subodh Banerjee:

এখানে ১৯৫৪-৫৫এর এই যে ফিগার দিয়েছে এটা হোল ইয়ারএর। আর ১৯৫৬এর যে ফিগার দিয়েছেন, সেটা কি ছয় মাসের?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Upto 30th June, 1956.

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কলিকাতায় ইনসিডেন্স অফ কলেরা তিন বৎসরে গ্রাজুয়ালি বেড়ে চলেছে কেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না. একথা সত্য নয়। ভাল করে ফিগারটা পড়ে দেখুন, তাহলেই বুঝতে পারবেন।

Sj. Subodh Banerjee:

১৯৫৪-৫৫এর সমস্ত বৎসরের ফিগার হচ্ছে ২,১৪০; আর ১৯৫৬এর ছয় মাসের ফিগার হচ্ছে ২,০১৪, আরো ছয় মাস পড়েই রয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আপনি ভুল করছেন এই যে, ফিগার আছে, যা ডাঃ রে চেয়েছেন, এটা ১৯৫৪-৫৫এর করেসপণ্ডিং পিরিয়ডএর ফিগার।

Refusal of treatment of one Mira Rani Kundu, a burnt child, in the Seth Sukhlal Karnani Memorial Hospital, Calcutta

***110. Sjkta. Mani Kuntala Sen:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state if it is a fact—

(*i*) that one Mira Rani Kundu, aged 10 years, of 3B Kundu Road, Calcutta, was taken to P. G. Hospital outdoor section on 12th March, 1956, at about 12-30 in the night with severe burn injuries;

(*ii*) that in spite of three doctors being present there the girl was refused treatment;

(*iii*) that an admission fee of Rs.30 was demanded to be paid before treatment could be given; and

(*iv*) that the person accompanying the patient was informed that another sum of about Rs.300 or Rs.400 would be required for medicines, etc.?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) under what rule the money was demanded;

(*ii*) whether there is any arrangement for treating emergency cases in the P. G. Hospital; and

(*iii*) what action do the Government propose to take in the matter?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*)(*i*) Yes, but with minor burn injuries.

(*ii*) No, she was offered emergency treatment which they not only refused but insisted on the patient's admission in the indoor ward in a free bed which was not available then.

(*iii*) and (*iv*) No, it was not a case of admission but when the party insisted on being admitted and wanted to know the usual charges and other rules, they were informed of the fees for a paying bed, viz., Rs.3 per day and advance payment of charges for 10 days.

(*b*)(*i*) and (*iii*) Do not arise.

(*ii*) Yes.

Sjkta. Mani Kuntala Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে, এই মেয়ের বাবার কাছ থেকে কোন রেজিষ্টার্ড পোষ্টএ চিঠি তিনি পেয়েছেন কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হ্যাঁ, পেয়েছি এবং জবাবও তাঁকে দিয়েছি।

Sjkta. Mani Kuntala Sen:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে, মীরারাণী কুণ্ডু তার বাবা রাত্রি ১২॥টা থেকে শেষ রাত্রি পর্যন্ত বাইরে বসে ছিল কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না সত্য নয়। তিনি সেখানে যখন গিয়েছিলেন, তখন সেটা মাইনর বার্নট অফ দি থার্ড ডিগ্রি। সেই সময় তাঁকে বলা হয় ফার্ষ্ট এড নেবার জন্য। তিনি নেন নি, তিনি বলেন ভর্তি করাতে হবে। ভর্তি করা সম্ভব নয় জায়গা ছিল না, ফ্রি বেডএ। সেইজন্য য়্যামবুলেন্সএ করে

তাকে নিয়ারেষ্ট হসপিট্যালএ পাঠাবার ব্যবস্থা করা হয়। সেখানে জায়গা পাওয়া যাইবে বলে। কিন্তু তাঁরা সে সুযোগ নেন নাই। শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে নিজেরা তাঁরা যাবার পরে সেই কেসএ ভর্তি রিফিউজ করে। যদিও কারনানি হসপিট্যালএর ডাক্তার শম্ভুনাথ হসপিট্যালএর ডাক্তারকে ফোনএ বলে দেন, কিন্তু তাঁরাও এটাকে ভর্তির কেস বলে মনে করেন নি। তাঁরা ফার্ষ্ট এড দেয় এবং তাঁকে আউট পেসেন্ট ডিপার্টমেন্টএ আসতে বলেন, ১২ দিন তিনি আউট পেসেন্ট ডিপার্টমেন্টএ রেগুলারলি য়্যাটেন্ড করেন এবং ভাল হয়ে গিয়েছেন।

Dr. Hirendra Kumar Chatterjee:

এই যে থার্ড ডিক্রি অফ বার্নট বলছেন, এটা কি য়্যাডমিসিবিলিটি নয়?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I am sorry. I was mistaken. The girl had superficial burn of the first degree of small area which could not be classified as serious emergency.

Sj. Bankim Mukherji: Were the doctors callous enough to send away a burnt child unattended?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: They were not callous. They were rather dutiful. They did their best to convince the patient's relations to get the first aid which was available but they refused because they wanted the patient to be admitted straight off even though in the hospital no free bed was then available.

Sj. Bankim Mukherji: Was it not the duty of the doctors to see a burnt child and give some sort of treatment instead of sending her away?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Treatment cannot be enforced on one who is not willing to take advantage of it. As soon as they left and went to Sambhunath Hospital, there they saw the case; they also did not think it worth while to admit it because it was not a serious case but first aid was given—this is also a Government hospital—and as I said she attended the out-patient department for the next 12 days and got herself fully cured.

Dr. Narayan Chandra Ray: At that time there was no free bed. Has the Karnani Hospital any free bed or emergency bed?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: There are free beds but those are allotted to the different departments but in this particular department there was no free bed available at the time the patient was brought there.

Dr. Narayan Chandra Ray: Emergency beds?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The emergency beds were all full

Dr. Narayan Chandra Ray: Shambhunath is the nearest hospital?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Yes.

Supply of drinking water in Union No. 7 of Debra police-station, Midnapore district

***111. Sj. Nagendra Dalui:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডেবরা থানার ৭নং ইউনিয়নের চক্‌নাথ, চক্‌মাধুরী, চক্‌পাল ও জয়দেবপুর গ্রামবাসীদের জন্য পানীয় জলের কোন ব্যবস্থা নাই?

The Minister for Medical and Public Health (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

কমাধুরী গ্রামবাসীদের জন্য পানীয় জলের ব্যবস্থা আছে এবং চক্‌পাল বলিয়া কোন গ্রাম নাই। চক্‌নাথ ও জয়দেবপুরের জন্য এখন পর্য্যন্ত কোনও ব্যবস্থা করা যায় নাই।

3-50—4 p.m.]

Sj. Nagendra Dalui:

এই যে পানীয় জলের ব্যবস্থা আছে, কি ব্যবস্থা আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেখানে টিউবওয়েল রয়েছে।

Sj. Nagendra Dalui:

কত দিন আগে হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তা বলতে পারি না।

Sj. Nagendra Dalui:

আপনি বলেছেন, চকপাল কোন গ্রাম নাই, চকক্নপান বলে আছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

চকক্নপান বলে আছে।

Sj. Nagendra Dalui:

আপনি বলেছেন চকনাথ ও জয়দেবপুরের জন্য এখন পর্য্যন্ত কোনও ব্যবস্থা করা যায় নাই। এর কারণ কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরকম অনেক গ্রাম আছে, যেখানে ব্যবস্থা করা যায় নি, তবে এই দুটো গ্রাম সম্বন্ধে স্থানীয় অফিসার বিবেচনা করছেন।

Sj. Nagendra Dalui:

এই গ্রামগুলি পর পর আছে কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমার কাছে কোন ম্যাপ নাই। আগেই বলেছি অনেক গ্রামে প্রকৃত ভাল জলের ব্যবস্থা করা হয় নি, আমরা চেষ্টা করছি প্রত্যেক গ্রামে জল দেবার জন্য।

Sj. Nagendra Dalui:

এই গ্রামগুলি পাশাপাশি এবং কৃষক ও ক্ষেত মজুরের বাস—এতে পানীয় জলের ব্যবস্থা নাই বলছেন—দুখানাতে নাই আর একখানাতে আছে বলেছেন—এখন ঐ দুখানা গ্রামে কত দিনের মধ্যে ব্যবস্থা করা হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কত দিনের মধ্যে তা নির্দিষ্ট করে বলতে পারি না।

Amount of land rendered cultivable by Damodar Valley Project in Burdwan district

***112. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

দামোদর বন্যার নিয়ন্ত্রণের ফলে বর্ধমান জেলায় দামোদর নদের চরে কোন্ মৌজায় কত পরিমাণ জমি আবাদযোগ্য হইয়াছে?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kumar Mukherji): একটি বিবরণী এতৎসহ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Sj. Dasarathi Tah:

আমার প্রশ্ন ছিল, দামোদর বন্যার নিয়ন্ত্রণের ফলে বর্ধমান জেলায় দামোদর নদের চরে কোন মৌজায় কত পরিমাণ জমি আবাদযোগ্য হয়েছে—আচ্ছা বন্যা নিয়ন্ত্রণের কাজ কি সম্পূর্ণ হয়ে গেছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

Sj. Dasarathi Tah:

কতটা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাইথন এবং পাঞ্চেত হলে ঠিক মত হবে। তিলাইয়া কোনার সামান্য মাত্র।

Sj. Dasarathi Tah:

কাজ সম্পূর্ণ হলে কত জমি উত্থিত হতে পারে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

প্রশ্ন করলে জবাব দেব।

Sj. Dasarathi Tah:

এখন দামোদরের বন্যা থেকে নিরাপদ বলে মনে করতে পারি কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ৩০॥ একর জমি উত্থিত হয়েছে এটা কি সরকারের অধীনে আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জানি না।

Sj. Kanai Lal Bhowmick:

এর মধ্যে আবাদযোগ্য জমিগুলিতে কি আবাদ আরম্ভ হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলতে পারি না।

Dr. Kanailal Bhattacharya:

মাইথন ও পাঞ্চেত শেষ হতে কতদিন লাগবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

একটা ১৯৫৭এ আর একটা ১৯৫৮তে।

Employees of River Research Institute

***113. Sj. Benoy Krishna Chowdhury:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state if it is a fact—

(*i*) that 18 employees of the River Research Institute have not been granted any further extension of service; and

(*ii*) that they have been served with retrenchment notice on 30th January, 1956?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reasons for their retrenchment; and

(*ii*) what arrangements, if any, have been made for giving alternative employment to these retrenched employees?

The Hon'ble Ajoy Kumar Mukherji: (*a*)(*i*) No They are continuing in service.

(*ii*) Yes, it was a routine notice as the term of the temporary posts was due to expire at the close of the financial year (1955-56).

(*b*)(*i*) Actually there was no retrenchment.

(*ii*) Does not arise.

Sj. Ganesh Ghosh: With reference to answer (b)(i), you say that actually there was no retrenchment. Will you kindly state whether there is any contemplation of retrenchment in the immediate future?

The Hon'ble Ajoy Kumar Mukherji: No.

Sj. Ganesh Ghosh: Not in the immediate future?

The Hon'ble Ajoy Kumar Mukherji: That is so.

Supply of water for irrigation from D. V. C. canals

***114. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) ডি ভি সি কর্তৃক যে সেচ ক্যানেল কাটা হইতেছে তাহাতে বৎসরের কতদিন জল সরবরাহ করা হইবে;

(খ) সমগ্র সেচ অঞ্চলের চাষীগণ উক্ত জল লইতে বাধ্য কিনা; এবং

(গ) ডি ভি সি-র ক্যানেল কর একরপ্রতি কত হইবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

(ক) খারিপ মরসুমে জুলাই হইতে অক্টোবর পর্যন্ত ও রবি মরসুমে নভেম্বর হইতে মার্চ মাস পর্যন্ত।

(খ) এখন পর্যন্ত বাধ্য নহে।

(গ) এ-বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই।

Sj. Dasarathi Tah:

(খ)র প্রশ্নে সমগ্র সেচ অঞ্চলের চাষীগণ উক্ত জল লইতে বাধ্য কিনা, তার উত্তরে আপনি বলেছেন বাধ্য নয়, আমার প্রশ্ন হচ্ছে কবে বাধ্য হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এখন বলা যায় না।

Sj. Dasarathi Tah:

এই যে (গ)তে বলেছেন, এ বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই। এতদিনে চূড়ান্ত হয়েছে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না এখনও চূড়ান্ত কিনা বলা যায় না। এখন এই রেট আছে।

Sj. Dasarathi Tah:

এখন খারিপের কত? এবং রবির কত?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রবির নাই, খারিপের ৯ টাকা।

Sj. Dasarathi Tah:

রবির জল এখন দেবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রবির জল এ বছরে দেওয়া যাবে না।

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

Excavation of Dariadighi Khal in Bhagawanpur police-station, Midnapore district

57. **Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, (১) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার দেড়িয়াদীঘি খালটি ভরাট হইয়া গিয়াছে, এবং (২) ঐ থানার কয়েকটি ইউনিয়নের জলনিকাশের অভাবে পুনঃপুনঃ ফসল হানি হইতেছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ খালটি খননের কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Irrigation and Waterways (the Hon'ble Ajoy Kumar Mukherji): (ক)(১) ও (২) পলি জমিয়া খালটির কিছু অংশ ভরাট হইয়া গিয়াছে; অতিরিক্ত বৃষ্টিপাতের সময় খাল দ্বারা ভালভাবে জলনিকাশের বিলম্বহেতু ফসলের সাময়িক কিছু ক্ষতি হয়।

(খ) খননকার্যের জন্য প্রয়োজনীয় অনুসন্ধান এবং জরিপকার্য শেষ হইয়াছে। এস্টিমেট্ প্রস্তুত করা হইতেছে।

Sj. Sudhir Chandra Das:

এই বছর খাল খননের কথায় বলেছেন হচ্ছে, এখন আমার প্রশ্ন হচ্ছে, এই বছর কাজ আরম্ভ হবে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এখনও এষ্টিমেট আসে নি, এই বছর কি করে হবে?

Sj. Sudhir Chandra Das:

মন্ত্রীমহাশয় অবগত আছেন কি যে, ঐ খালের জল নিকাশ না হওয়ায় সম্প্রতি বৃষ্টিতে বহু জমির চাষ নষ্ট হয়েছে এবং জমির উপর চার পাঁচ ফুট করে জল জমে আছে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হতে পারে।

Sj. Sudhir Chandra Das:

সে সম্বন্ধে অনুসন্ধান করবেন কি?

Mr. Speaker: That is a request for action.

Union and Thana Health Centres in Midnapore district

58. **Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় ইউনিয়ন ও থানা স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য কত টাকা ও জমি সরকারের হাতে জমা রহিয়াছে;

(খ) ঐ সমস্ত স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, তমলুক মহকুমার ময়না থানার ২নং ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য টাকা জমা দেওয়া সত্ত্বেও এ-পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই, এবং

(ঘ) সত্য হইলে, উহার কারণ কি?

The Minister for Health (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

(ক) ও (খ) "ক" বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ও (ঘ) টাকা পাওয়া গিয়াছে কিন্তু প্রদত্ত জমি কিছু নীচু হওয়ায় উহাতে স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ করা বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের বিষয় বিবেচনাধীন আছে।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে বিবেচনাধীন আছে বলেছেন, কত বছর ধরে এটা বিবেচনা করা হচ্ছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

১৯৫৩ সাল থেকে।

Sj. Kanai Lal Bhowmick:

এই নীচু জমি যেটা জনসাধারণ দিয়েছে, সেই জমিকে উঁচু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তাতে ১১,১৮০ টাকা খরচ হবে। আমরা দাতার সঙ্গে পত্রালাপ করছি, তাঁরা খানিকটা ভরাট করে দিতে স্বীকৃত হয়েছেন। সেটা ফাইনালাইজেসন হলে পর কাজ আরম্ভ করা হবে।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে চিঠি তার শেষ উত্তর কতদিন আগে পেয়েছেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তারিখটা আমার কাছে নেই, তবে পত্রালাপ চলছে।

Sj. Mrigendra Bhattacharjya:

যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি ও টাকা দেওয়া হয়ে গেছে, সেগুলি কি দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় হবে?

Mr. Speaker:

এটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রশ্ন নয়।

Sj. Madan Mohon Saha:

আপনি (গ) ও (খ)এ বলেছেন "টাকা পাওয়া গিয়াছে কিন্তু প্রদত্ত জমি কিছু নিচু হওয়ায় উহাতে স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ করা বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের বিষয় বিবেচনাধীন আছে", এই চূড়ান্তটা বাদ দিয়ে এমন কোন সিদ্ধান্ত হয়েছে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেটা কি করে হবে?

Sj. Gangapada Kuar:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে, এতদিন পর্যন্ত মধ্যবর্তী স্থলে স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার যে পরিকল্পনা ছিল, সেটা পরিবর্তন করা হয়েছে কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এমন কোন বাঁধাধরা নিয়ম নেই, তবে যতদূর সম্ভব মধ্যস্থলেই করা হয়, কিন্তু মধ্যস্থলে যদি জমি না পাওয়া যায়, তাহলে সেখানে করা যায় না, খুব নীচু বিল জমি হলে, সেখানে করা যায় না। স্থানীয় কমিটি আছেন, তারা বিবেচনা করে যে স্থান নির্বাচন করেন, সেখানেই করা হয়—বাঁধাধরা কিছু নিয়ম নেই।

Union Health Centres in West Bengal

59. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গে এ-পর্যন্ত মোট কতগুলি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে তাহার মহকুমাওয়ারী তালিকা কি,

(খ) উক্ত ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে কতগুলিতে সরকারী শর্তানুযায়ী সম্পূর্ণ অর্থ ও ভূমি পাওয়া গিয়াছে এবং কতগুলিতে আংশিক অর্থ ও ভূমি পাওয়া গিয়াছে তাহার পরিমাণসহ মহকুমাওয়ারী তালিকা কি;

(গ) কতগুলি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র এখন বিবেচনাধীন তাহার মহকুমাওয়ারী তালিকা কি;

(ঘ) ঐ বিবেচনাধীন ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে (১) কতগুলির স্থান নির্বাচনকার্য শেষ হইয়াছে এবং (২) কতগুলির গৃহনির্মাণ চলিতেছে তাহার মহকুমাওয়ারী তালিকা কি;

(ঙ) ঐ বিবেচনাধীন ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে কোন্‌টির জন্য কত অর্থ ও ভূমি কোন্ তারিখে পাওয়া গিয়াছে;

(চ) ১৯৫৩ সালে কতগুলি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে এবং ১৯৫৪ সালে কতগুলি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার মহকুমাওয়ারী তালিকা কি;

(ছ) ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য সর্বোচ্চ ব্যয় (মাসিক) এবং সর্বনিম্ন ব্যয় (মাসিক) কত হইতেছে;

(জ) যে-সকল স্বাস্থ্যকেন্দ্র বিবেচনাধীন আছে তাহাতে রোগীর বাসের ব্যবস্থা না রাখিয়া কেবলমাত্র ডাক্তার, কম্পাউন্ডার, ও নার্স রাখিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঝ) থাকিলে, ঐ পরিকল্পনায় প্রতি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে মাসিক গড়ে কত টাকা ব্যয় করা হইবে স্থির হইয়াছে এবং ঐরূপ পরিকল্পনা থাকিলে, প্রতি কেন্দ্রে কমপক্ষে কয়টি শয্যা থাকিবে এবং গড়ে কত টাকা ব্যয় করা হইবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) Statement "A" লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য অর্থ ও ভূমিদানের পরিমাণ সম্পর্কে সরকার-আরোপিত কোন শর্ত নাই। ভূমি ও অর্থ দানস্বরূপ পাওয়া যাইলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব অগ্রগণ্যতা সহকারে বিবেচনা করা হয়। ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রাপ্ত অর্থ ও ভূমির মহকুমাওয়ারী তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত Statement "A" দ্রষ্টব্য।

(গ) হইতে (ঙ) লাইব্রেরী টেবিলে রক্ষিত Statement "A" দ্রষ্টব্য।

(চ) Statements "B" and "C" লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ছ)—

ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র।	সর্বোচ্চ ব্যয় (মাসিক)।	সর্বনিম্ন ব্যয় (মাসিক)।
	টাকা।	টাকা।
১০-শয্যাযুক্ত	১,৮৩৩	১,৫৮৩
৪-শয্যাযুক্ত	১,৩৩৩	১,১৬৬
শয্যাবিহীন	৯২৫	৮০০

(জ) কোনও কোনও ক্ষেত্রে আছে।

(ঝ) ৮৬০ টাকা। রোগীর বাসের ব্যবস্থা না থাকায় শয্যা থাকিবে না।

Sj. Sudhir Chandra Das:

আপনি প্রশ্নোত্তরে বলেছেন যে, টেবিলে চার্ট দেওয়া হয়েছে. তাতে দেখতে পাচ্ছি ২০ হাজার, ২৫ হাজার টাকা, এমন কি ৪০ হাজার টাকা ১৯৪৮ সাল থেকে জমা হয়ে আছে। আমার প্রশ্ন হচ্ছে, সেগুলি এ পর্যন্ত না হবার কারণ কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এইরকমভাবে ওমনিবাস জবাব দিতে পারবো না। আপনার যদি কোন স্পেসিফিক কেস থাকে, তাহলে সেটা জানালে আমি তথ্য সংগ্রহ করে জবাব দেবো। যে জেনারেল কোয়েশ্চেন দিয়েছিলেন, তার জবাব দিয়েছি।

Sj. Sudhir Chandra Das:

আপনি (জ) প্রশ্নের উত্তরে বলেছেন, "কোনও কোনও ক্ষেত্রে আছে"। কোথায় কোথায় আছে জানাবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কোন বিরাট পরিকল্পনার কথা আমি বলতে পারবো না—কোন বিশিষ্ট ক্ষেত্রের কথা যদি আপনি জানতে চান, তাহলে আগেই বলেছি, প্রশ্ন করলে জবাব দেবো।

Sj. Sudhir Chandra Das:

কোনও কোনও ক্ষেত্রে আছে আপনি স্বীকার করেছেন—কোন কোন ক্ষেত্রে আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এখন আমরা শয্যা দিচ্ছি না, স্বাস্থ্যকেন্দ্র উইদাউট এনি বড, সেগুলি এই পরিকল্পনার মধ্যে আছে।

Sj. Kanai Lal Bhowmick:

আপনি (ঘ)এ বলেছেন যে, ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য অর্থ ও ভূমি দানের পরিমাণ সম্পর্কে সরকার আরোপিত কোন সর্ত নাই। কোন টাকা দেওয়ার সর্ত বা জমি দেওয়ার সর্ত নাই?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমি অনেকবার জানিয়েছি যে, অনেকগুলি স্বাস্থ্য কেন্দ্র একশোর উপর আমরা টাকা না নিয়ে করে দিয়েছি, সেখানকার লোকের প্রয়োজন অনুসারে। তবে আমরা চাই, জমি গ্রামের লোক দিক, কারণ তাঁরা যদি জমি দেন, তাহলে সেই প্রতিষ্ঠানকে তাঁরা নিজের বলে মনে করবেন এবং সেখানে তাঁরা ইন্টারেস্টও নেবেন। জমি না পেলেও, টাকা না পেলেও অনেক জায়গায় আমরা তা করে দিয়েছি।

Mr. Speaker: Questions over.

Adjournment Motion—Refusal of consent

4—4-10 p.m.]

Sj. Ganesh Ghosh: Sir, I gave notice of an adjournment motion because f the fact that the new scheme drawn up by the Government in connection ith secondary education of West Bengal was going to be put into operation y an executive order with effect from October, 1956, without giving the egislature a chance to consider this thing I am sorry that consent has een refused.

Mr. Speaker: You come to my chamber and I will explain the reason. o adjournment motion can arise from a Minister's statement. Moreover, he facts are not correct.

Sj. Ganesh Ghosh: What I want to say now is to request the Chief linister through you to give us a chance to discuss the new scheme before takes a final shape.

Point of Information

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, আমি যেটা দিয়েছিলাম, তার কি হলো? এই সুন্দরবনের এমব্যাঙ্কমেন্টএর দায়িত্বটা কার? খবরের কাগজে একটা স্টেটমেন্ট বেরিয়েছে, তাতে লোকে আরো কনফিউজড হয়ে গিয়েছে। সেজন্য বলতে চাই, সুন্দরবন এমব্যাঙ্কমেন্টএর য়্যাকচুয়াল রেসপন্সিবিলিটি কার সেটা ক্ল্যারিফাই করে আমার কোয়েশ্চেনটা যেটা আপনার কাছে দিয়েছি, সেটার আনসার এই সেসনএর মধ্যে চাই।

Mr. Speaker: I have done it.

Sj. Ambica Chakrabarty:

স্যার, আমি শেয়ালদা স্টেসন সম্পর্কে যে সর্ট নোটিশ কোয়েশ্চেনটা দিয়েছি তার কি হোল?

Mr. Speaker: I have admitted your short notice question.

Sj. Ambica Chakrabarty: When shall I get a reply.

Mr. Speaker: I have sent it to the Minister concerned.

Sj. Ambica Chakrabarty:

আরেকটা কথা, স্টেট বাসএ যে দৈনিক য়্যাক্সিডেন্ট হচ্ছে, আজকেও সরকার বাজারে একটা ছেলে মারা গিয়াছে, তার কারণ হচ্ছে, স্টেট বাসএর ব্রেক ছিল না। এ সম্বন্ধে একটা য়্যাডজোর্নমেন্ট নোটিশ আমি দিতে চাই।

Mr. Speaker: You are a veteran parliamentarian and you know the procedure.

Sj. Ambica Chakrabarty:

আপনি য়্যাডজোর্নমেন্ট মোশন য়্যাডমিট না করলে আমি কি করতে পারি?

Mr. Speaker: Put a question stating the fact.

Dr. Jatish Ghosh:

স্যার, আমি টালা ব্রিজ সম্বন্ধে একটা কোয়েশ্চেন দিয়েছিলাম, তার উত্তর এখনও পেলাম না।

Mr. Speaker: A non-official debate is pending on that subject.

GOVERNMENT BILL

The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee.

Clause 51

Sj. Tarapada Dey: Sir, I beg to move that for clause 51(1)(ii) the following be substituted, namely:—

"(ii) he with an order from a Magistrate and the *Pradhan* of the *Anchal Panchayat* with a warrant may arrest".

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that in clause 51(1)(ii), lines and 2, for the words "and without a warrant" the words "but with the instruction and written order of the *Pradhan* of the *Anchal Panchayat*" be substituted.

Sj. Raipada Das: Sir, I beg to move that in clause 51(1)(ii), line 2, after the words "without a warrant" the words "but with the cognizance and written order of the *Pradhan* of the *Anchal Panchayat*" be inserted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 51(1)(ii) line 2, after the words "without a warrant" the words "but with consent of the *Pradhan* of the *Anchal Panchayat* concerned" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 51(1)(ii)(a) lines 2 to 6, the words beginning with "or against whom" and ending with "so concerned" be omitted.

Sj. Raipada Das: Sir, I beg to move that in clause 51(1)(ii)(a), lines 4 to 6, the words "or a reasonable suspicion exists of his having been so concerned" be omitted.

Dr. Jatish Ghosh: Sir, I beg to move that in clause 51(1)(ii)(b), line 2, for the words "any law" the words "under proceedings validly instituted against such person" be substituted.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that in clause 51(1)(v), line 3, for the words "within the jurisdiction" the words "within his area under the jurisdiction" be substituted.

Dr. Jatish Ghosh: Sir, I beg to move that in clause 51(1)(vi), line, 2, for the words "of suspicious characters in the neighbourhood" the words "of persons as referred to in section 51" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 51(1)(vi)(a), line 3, after the word "within" the words "the local limits of jurisdiction of" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 51(1)(vi)(b), line 3, after the word "cattle" the words "within its jurisdiction" be added.

Dr. Jatish Ghosh: Sir, I beg to move that clause 51(1)(vii) be omitted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 51(1)(ix), line 6, after the word "within" the words "the jurisdiction of" be inserted.

Sir, I beg to move that in clause 51(2), line 4, after the word and figures "section 118" the words "and shall in addition exercise a general control over the *Chowkidars* within his area as their head" be added.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that in clause 51(1)(ii), line 1, for the word "without" the word "under" be substituted.

Sj. Mrigendra Bhattacharjya: Sir, I beg to move that clause 51(1)(aa) be omitted.

Sj. Subodh Choudhury: Sir, I beg to move that the following provisos be added to clause 51(1)(ii)(c), namely,—

"Provided that in cases where sufficient time is available to issue such order or warrant from a Magistrate, arrest shall not be made generally without such order or warrant:

Provided further that if such warrant or order from a Magistrate may not be available and if sufficient time is still available to get prior sanction from either *Pradhan* of *Anchal Panchayat* or *Adhyaksha* of *Gram Sabha* under whose jurisdiction the arrest is to be made, then such sanction must be obtained before such arrest;".

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 51(1)(ii)-d), lines 1 and 2, the words "who obstructs a police officer while in the xecution of his duty or" be omitted.

Sj. Saroj Roy: Sir, I beg to move that in clause 51(1)(iv), line 4, after he words "police-station" the words "and to the *Pradhan* of *Anchal Panchayat*" be inserted.

Sj. Kanai Lal Bhowmick: Sir, I beg to move that in clause 51(1)(v), ine 2, after the word "officer-in-charge" the words "and to the *Pradhan* f *Anchal Panchayat*" be inserted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in clause 51(1)(via) n lines 3 and 4 for the words "within the *Anchal Panchayat*" the words 'within the local limits of the jurisdiction of the *Anchal Panchayat*" be ubstituted.

Sir, I beg to move that in clause 51(1)(vib) in the last line after the 'ord "cattle" the words "within the local limits of its jurisdiction" be dded.

Sir, I beg to move that in clause 51(1)(ix) in lines 6 and 7 for the words "within the *Anchal Panchayat*" the words "within the local limits of the jurisdiction of the *Anchal Panchayat*" be substituted.

[4-10—4-20 p.m]

Sj. Tarapada Dey:

স্পীকার স্যার, ক্লজ ৫১এ চৌকিদারদের পাওয়ার্স য়্যান্ড ডিউটিজএর কথা বলা হয়েছে এবং তাদের অত্যন্ত ব্যাপক ক্ষমতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যদি কারুর বিরুদ্ধে অভিযোগ ব্যাড ক্যারেকটর, বা মুভমেন্টস অফ ব্যাড ক্যারেকটরর অথবা মুভমেন্ট অফ সার্সপিসাস উইদাউট ওয়ারেন্ট। এখানে ব্যাড ক্যারেকটরএর কোন এক্সপ্লানেসন দেওয়া হয় নি।

তারপর নিচের দিকে আরও কতকগুলি কথা আছে, যার কোন রকম এক্সপ্লানেসন নেই। ব্যাড ক্যারেকটর, বা মুভমেন্টস অফ ব্যাড ক্যারেকটর অথবা মুভমেন্ট অফ সার্সপিসাস ক্যারেকটরস, এই ধরণের বহু রকম ইনফরমেশন দেবার কথা আছে। এদের যদি না পান, তাহলে চৌকিদার বিনা ওয়ারেন্টএ,

may without an order from a Magistrate and without a warrant of arrest,

এদের য়্যারেষ্ট করতে পারবেন। এত ব্যাপক ক্ষমতা দেবার কি কারণ থাকতে পারে, তা আমরা বুঝতে পারছি না। এমনকি গ্রামের যে প্রধান, তাঁরও কোন মতামত নেবেন না, জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকেও ওয়ারেন্ট আসবে না। বর্তমানে চৌকিদারদেব এই ক্ষমতা নেই। গ্রামের মধ্যে চৌকিদারএর হাতে এই ব্যাপক ক্ষমতা দিয়ে উনি যে কি করতে চান, আমরা তা আদৌ বুঝতে পারছি না। একজন সাধারণ চৌকিদাবের হাতে এত ক্ষমতা দেওয়া অত্যন্ত অন্যায়। সেইজন্য আমি আমার য়্যামেন্ডমেন্টএ বলেছি,

with an order from the District Magistrate and *Prodhan* of the *Anchal Panchayat* and with a warrant.

অন্ততঃ গ্রামের চৌকিদার অঞ্চল পঞ্চায়েতের প্রধানের মতামত ও ওয়ারেন্ট নিয়ে এই কাজ করুন, নতুবা এটা কাজীর বিচার হয়ে যাবে। তা নাহলে চৌকিদার নিজের মতানুযায়ী যা খুসী তাই করে যাবে। বিশেষকরে গ্রামের মধ্যে এমন কতকগুলি প্রভাবশালী লোক আছে, যাদের কথা অনুযায়ী, চৌকিদারকে চলতে হবে এবং এর ফলে যে কোন গ্রামবাসীকে ধরবার বেশ সুবিধা করে দিচ্ছেন। সেইজন্য বিলে যেখানে আছে উইদাউট এন অর্ডার, সেখানে আমি বলছি,

with an order from the District Magistrate and with an order of the *Anchal Panchayat* and with a warrant.

আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় আমার য়্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন।

Sj. Gangapada Kuar:

স্পীকার মহোদয়, এখানে বিনা ওয়ারেন্টএ কোন অপরাধীকে য়্যারেষ্ট করবার ক্ষমতা চৌকিদারকে দেওয়া হচ্ছে। আমার আশংকা হয় যে উদ্দেশ্যে এই ব্যাপক ক্ষমতা চৌকিদারের হাতে দেওয়া হচ্ছে, বহু ক্ষেত্রে সেই সমস্ত উদ্দেশ্য ব্যাহত হবে। তার কারণ যে সমস্ত অপরাধের কথা এখানে উল্লেখ করা হয়েছে, কোন লোক সেই সমস্ত অপরাধে, অপরাধী কিনা কোন একজন সাধারণ শ্রেণীর মানুষ চৌকিদারের পক্ষে সেটা ঠিক করা একেবারে অসম্ভব। এই ক্লজে বলা হচ্ছে,

"any person who has been concerned in any cognizable offence or against whom a reasonable complaint has been made, or credible information has been received, or a reasonable suspicion exists of his having been so concerned"

এখানে রিজনেবল সার্সপিসন, রিজনেবল কমপ্লেন্ট ইত্যাদি কথা বলা হয়েছে। কিন্তু একজন সাধারণ চৌকিদার, তার যে কতখানি রিজন আছে, সে বিষয় আমাদের সন্দেহ হয়। এতে

সত্যিকারের রিজনেবল সাসপিসন আছে কিনা, এবং রিজনেবল কমপ্লেন্ট কিনা, এই সমস্ত বিচার করা একজন সাধারণ চৌকিদারের পক্ষে সম্ভব নয়। সেই রকম পরে যে বলা হয়েছে, ইন্ডিয়ান আর্মি, নেভি অর এয়ার ফোর্স থেকে পালিয়ে যে চলে এসেছে বা

any released convict committing a breach of any rule made under sub-section (3) of section 565 of the Code of Criminal Procedure, 1898,

ইত্যাদি এই সমস্ত অপরাধ কেউ করেছে কিনা, সেটা বোঝা একজন সাধারণ চৌকিদারএর পক্ষে সম্ভব নয়। হয়ত এই সমস্ত অপরাধ সত্যি সত্যিই যে করবে, তাকে ধরবে না, এই ভেবে যে হয়তো তার এই ধরাটা বেআইনী হয়ে যেতে পারে, অথবা অপরাধ করে নি, এইরকম যাকে তাকে ধরবে। এবং উইদাউট ওয়ারেন্টএ কাউকে করবে, সেটা মোটেই বাঞ্ছনীয় নয়। সেইজন্য আমি সংশোধনী দিয়েছি,

He may without any order from the Magistrate but with the instructions and written order of the *Prodhan* of the *Anchal Panchayat* arrest.

করতে পারে। আমরা ধরে নিতে পারি অঞ্চল পঞ্চায়েতের যিনি প্রধান, তিনি নিশ্চয়ই বুঝতে পারবেন, কোন কোন ব্যক্তি কি কি অপরাধ করেছে, এবং সেটা জেনে তিনি যদি চৌকিদারকে নির্দেশ দেন, তাহলে চৌকিদার সেই সমস্ত অপরাধীকে ধরতে পারে। মন্ত্রীমহাশয় হয়ত বলতে পারেন, ঐ প্রধানের যদি কারও প্রতি বিদ্বেষ থাকে, তাহলে কি হবে? কিন্তু সাধারণ একজন চৌকিদার সে যে সমস্ত প্রকার ঈর্ষা ও বিদ্বেষের উর্দ্ধে উঠে কাজ করবে, সেটা আমরা মোটেই আশা করতে পারি না। সেইজন্য চৌকিদারকে যে এতবড় ক্ষমতা দেওয়া হচ্ছে, সেই ক্ষমতার একটু অংশ আমরা অঞ্চল পঞ্চায়েতকে দিতে চাই। যিনি অঞ্চল পঞ্চায়েতের প্রধান, তাঁকে যদি এই ক্ষমতা দিই বা প্রতিনিধিমূলক সংস্থানকে যদি দিই, তাহলে গণতন্ত্র বিরোধী কোন কাজ হবে না বলে আমরা বিশ্বাস করি। আমি আশা করি মন্ত্রীমহাশয় এই সংশোধনীটা বিশেষভাবে বিচার করে দেখবেন।

Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পীকার স্যর, এই ৫১ নম্বর ধারাতে চৌকিদারএর ক্ষমতা নির্দেশ করা হয়েছে। এই ধারায় যেখানে আছে উইদাউট এ ওয়ারেন্ট য়্যারেস্ট করতে পারে, সেখানে আমি বলতে চাচ্ছি,

He may, without an order from a Magistrate and without a warrant,

এর পরে আমি যোগ করতে চাচ্ছি,

But with the consent of the *Prodhan* of the *Anchal Panchayat*.

এর কারণ হচ্ছে, যেখানে চৌকিদারকে এতটা অবাধ ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে যে কোন রকম নির্দেশ না থাকলেও সে য়্যারেস্ট করতে পারবে। আমাদের আপত্তি হচ্ছে এখানে, যদি এই রকম একটা সীমাহীন ক্ষমতা দেওয়া হয়, তাহলে তার অপব্যবহার হওয়ার খুব বেশী আশংকা থাকে। মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে পুলিশের এত বাঁধাবাঁধি নিয়ম থাকা সত্ত্বেও পুলিশের বড় কর্তারা, তাঁদের ক্ষমতা অপব্যবহার করেছেন, এইরকম বহু উদাহরণ আছে। আর দারগার ত কথাই নেই। সেইজন্য আমি এইরকম অপ্রতিহত ক্ষমতা দেওয়া অত্যন্ত অন্যায় হবে বলে মনে করি। আমি চাই যে সেখানকার পঞ্চায়েতের প্রধানের সম্মতি অনুসারে যেন য়্যারেষ্ট করা হয়, এইরকম ক্ষমতা দেওয়া হোক। এটা বোধহয় মন্ত্রীমহাশয়ের জানা আছে যে, অঞ্চল পঞ্চায়েত যেখানে গঠিত হবে, সেই গ্রামের মধ্যে এবং সেখানে ও আশেপাশের গ্রামের লোকজনেরও সমস্ত প্রকার খোঁজ খবর রাখেন তাঁরাই। কারণ সেটা কলকাতা সহর নয়, যে পাশের বাড়ীতে বা একই বাড়ীর ফ্ল্যাটের লোক, এক জায়গায় বাস করলেও, কেউ কারও খবর রাখে না। গ্রামাঞ্চলে স্বতন্ত্র অবস্থা। কাজেই চৌকিদারের উপর এরূপ সীমাহীন ক্ষমতা না দিয়ে, অঞ্চল পঞ্চায়েতের প্রধানের সম্মতি নিয়ে যেন য়্যারেষ্ট করা হয়, এইরূপ ব্যবস্থা করা হউক। আমার আর একটা দ্বিতীয় য়্যামেন্ডমেন্ট আছে (ভি)তে সেখানে বলা হচ্ছে,

he shall observe, and from time to time report to such Officer-in-charge, the movements of all bad characters within the jurisdiction of the *Anchal Panchayat*—that is "within the jurisdiction of the *Anchal Panchayat*".

মানে অঞ্চল পঞ্চায়েতের যতটা এলাকা তার সমস্তটার মধ্যে। কিন্তু একজন চৌকিদারের পক্ষে সমস্ত অঞ্চল পঞ্চায়েতের এরিয়ার সমস্ত লোকের খবর, থানা অফিসারের কাছে পৌঁছে দেওয়া সম্ভব নয়। একটা অঞ্চল পঞ্চায়েতের এলাকা যেটা একটা বিস্তারিত এলাকা, সেখানে একাধিক চৌকিদার রাখা উচিত। সেইজন্য আমি বলেছি,

within his area under the jurisdiction

এইটা রাখতে, যেখানে উইদিন দি জুরিসডিকসন লেখা আছে। যে এলাকার জন্য একাধিক চৌকিদার রাখা হয়েছে, সেই সমস্ত এরিয়া সম্বন্ধে যাবতীয় খবর এই একজন চৌকিদারকে রাখতে হবে--এটা একটা ইমপসিবল ব্যাপার। একটা অঞ্চল পঞ্চায়েতের সমস্ত প্রকার খবর রাখা একটি চৌকিদারের পক্ষে সম্ভব নয়, এবং এরজন্য তাঁকে দায়ী করা অত্যন্ত অন্যায় হবে।

সুতরাং আমি বলছি যে, এরিয়া থেকে বা প্রয়োজনে যে চৌকিদার বাহাল হয়েছে, সেই এরিয়ার সমস্ত খবর যাতে ও, সি,র কাছে যায়, সেই পর্যন্তই সে করবে। অর্থাৎ তার নিজের এলেকার বিষয়ই সে রিপোর্ট করবে, এই কথা আমি বলতে চাইছি। দি জুরিসডিকসন থাকলে সমস্ত অঞ্চলটাই বোঝান হয়।

[4-20—4-30 p.m.]

Dr. Kanailal Bhattacharjya:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমার য়্যামেন্ডমেন্ট খুব সোজা। আমার বক্তব্য হচ্ছে, এই ক্লজের মধ্যে চৌকিদারকে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে, কিন্তু ক্ষমতা দিতে গিয়ে যাঁরা ড্রাফট করেছেন, এই বিলটা তাঁরা, জালান সাহেব, ও সিলেক্ট কমিটির লোকেরা খানিকটা বিষয় ওভারলুক করেছেন। বিলটার ড্রাফটিং খুব খারাপ হয়েছে, সিলেক্ট কমিটি থেকেও ভালভাবে বেরিয়ে আসতে পারে নি। জালান সাহেব বলেছিলেন, য়্যামেন্ডমেন্ট এনে পরে ঠিক করবেন, কিন্তু তা তিনি করেন নি, যার জন্য বিরোধী পক্ষ থেকে অনেক য়্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে কিন্তু জেদের বশবর্তী হয়ে জালান সাহেব তা নিচ্ছেন না।

(The Hon'ble Iswardas Jalan:

আমার কোন জেদ নাই।) তাকে একটা ক্ষমতা দেওয়া হয়েছে যে,

He can arrest any person who obstructs a police officer while in the execution of his duty.

একজন পুলিশ অফিসারকে কেউ অবসট্রাক্ট করলে তার ডিউটি করতে বাধা দিলে চৌকিদারকে ক্ষমতা দেওয়া হয়েছে, তাকে য়্যারেষ্ট করবার জন্য পুলিশ অফিসার নিজে পারবেন না, বরং চৌকিদারকে উইটনেস রেখে পুলিশ অফিসার স্বয়ং সেখানে য়্যারেষ্ট করতে পারেন, কিন্তু তা না করে চৌকিদারকেই য়্যারেষ্টএর ক্ষমতা দেওয়া হয়েছে। আমার মনে হয়, বিলে এই জিনিষটা ওভারলুক করা হয়েছে, চৌকিদারকে ক্ষমতা দিতে গিয়ে, জালান সাহেব বিষয়টা ভাল করে দেখুন যে, সত্যই এটা একটা বাজে জিনিষ হচ্ছে কিনা। তিনি ভালো করে দেখুন, এই ক্ষমতা দিতে গিয়ে একটা প্রধান জিনিষ ওভারলুক করা হচ্ছে কিনা।

(Sj. Bankim Mukherjee:

বাঘের চেয়ে ফেউএর জোর বেশী) [হাস্য]।

The Hon'ble Iswar Das Jalan: This is already in the Village Self-Government Act, "who obstructs a police officer".

Sj. Subodh Banerjee:

ডেপুটী স্পীকার স্যার, এই পঞ্চায়েত বিলের ৫১ নং ধারা পড়ে মনে হচ্ছে যে, জালান সাহেব চৌকিদারকে একেবারে ম্যাজিষ্ট্রেট মনে করে ফেলেছেন, যেন তাকে ম্যাজিষ্ট্রেট বানিয়ে দিয়েছেন। প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটদের রায় পড়লে দেখা যায় যে তিনি মাঝে মাঝে সন্দেহ প্রকাশ করেন কোন লোকের বিরুদ্ধে প্রাইমা ফেসী কেস আছে কিনা। এই প্রশ্ন বিচার করতে তাঁদের সন্দেহ

দেখা দেয়। দারোগা বাবুরা এই ব্যাপারে ভুল করার জন্য ম্যাজিস্ট্রেটরা স্ট্রিকচার বহুবার দিয়েছেন। সেইসব ঘটনা সত্ত্বেও মাননীয় মন্ত্রীমহাশয় চৌকিদারের উপর কোন লোকের বিরুদ্ধে প্রাইমা ফেসী কেস আছে কিনা তা নির্ণয়ের ভার দিয়েছেন। (এ ভয়েস: চৌকিদার যে মিনিষ্টারের চেয়ে ভাল।)

"He may, without an order from a Magistrate and without a warrant, arrest—(a) any person who has been concerned in any cognizable offence"

একজনের নামে হুলিয়া বেরিয়েছে, চৌকিদার সংবাদ জেনেছে। সেক্ষেত্রে চৌকিদার তাকে ধরতে পারে, কিন্তু অন্য ক্ষেত্রে? কি করে সে বুঝবে একজন লোক দোষ করেছে বিচার না করে? তারপরে দেখুন, বিলে বলা হয়েছে যে, কারও বিরুদ্ধে রিজনেবল কমপ্লেন্ট থাকলে তাকে বিনা পরোয়ানায় চৌকিদার গ্রেপ্তার করতে পারবে। কে বিচার করবে কমপ্লেন্ট রিজনেবল কিনা? চৌকিদার বিচার করবে? প্রাইমাফেসি কেস দাঁড়াচ্ছে কিনা, সেটা কোর্টের বিচার্য্য। সেখানে সেই ব্যাপার চৌকিদার বিচার করবে? যদি সে রিজনেবল কমপ্লেন্ট হয়েছে বলে মনে করে, তাহলেই পরোযানা ছাড়াই সে গ্রেপ্তার করতে পারবে। এখানেই শেষ নয়, তাকে প্রদত্ত ক্ষমতার নমুনাটা দেখুন,

or credible information has been received.

তাহলে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করতে পারবে। কে বিচার করবে? চৌকিদার? চৌকিদারের কাছে যদি মনে হয় যে, ইনফরমেশন ক্রেডিবিল, তাহলেই সে একটি লোককে গ্রেপ্তার করতে পারবে। আরো দেখুন কি দাঁড়াচ্ছে, অর রিজনেবল সার্সপিসন এক্জিষ্ট। সার্সপিসন রিজনেবল কিনা তার বিচার করবে চৌকিদার। একটা জিনিষ আমাদের বিশেষকরে মন্ত্রীমহাশয়ের বোঝা দরকার যেখানে বিচার বুদ্ধি প্রয়োগ করতে হয়, যেখানে বিচার না করে বলা যায় না, কোন যুক্তিমতে কোনটা নয়, সেখানে একটি লোককে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করবার ক্ষমতা মাসিক ১০ টাকা মাইনের একজন চৌকিদারের উপর দিয়ে দিচ্ছেন? দশ টাকাও নয়, আগে মাইনে ছিল পাঁচ টাকা, এখন ইউনিয়ন বোর্ড বাড়িয়ে করেছে আট টাকা। এই রকম একটি চৌকিদার একজন লোককে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করে নিয়ে যেতে পারবে। তার পরের ঘটনা আমাদের জানাই আছে বাঘে ছুঁলে ১৮ ঘা, আর পুলিশে ছুঁলে ২১ ঘা মানে লোকটিকে টানাপোড়েন করে হয়রান করে ছেড়ে দেবেন, আপনাদের এ সব দারোগা বাবু রয়েছে, অঞ্চল পঞ্চায়েত প্রধান, উপ-প্রধান রয়েছে, অধ্যক্ষ উপাধ্যক্ষ প্রভৃতি দাঁতভাঙ্গা, গালভরা শব্দের সব লোক রয়েছে, তাদের দিয়ে এসব কাজ করিয়ে নেন না কেন? চৌকিদার বেয়ারা যে মাত্র ১০ টাকা মাহিনা পায়, তার হাতে এসবের ভার না দেওয়াই ভাল। মন্ত্রীমহাশয়, স্বীকার করেছেন যে, মিউনিসিপ্যালিটির চেয়ে গ্রামে উপদলীয় ঝগড়া ঝগাড় বেশী। আর গ্রামে অঞ্চল পঞ্চায়েতের তাঁবেদার লোকই চৌকিদার হতে পারবে। তাহলে সেই রকম লোকের হাতে ঢালাও ক্ষমতা দিলে বিরুদ্ধ দলের লোকেদের রক্ষা নাই। ১০৭ ধারায় লুঠ, আরসন, মার্ডার যতগুলি ধারা আছে, যেসব ধারায় মিথ্যা মামলা এনে চৌকিদারদের দিয়ে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করিয়ে নিরীহ লোকদের হায়রান করা হবে। তাই আমি বলছি যে, এগুলি তুলে নেওয়া উচিত। চৌকিদারের হাতে এইরকম ঢালাই ক্ষমতা দেওয়া উচিত নয়।

Sj. Mrigendra Bhattacharjya:

চৌকিদারের উপর যেভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে কারো প্রতি সার্সপিসন হলেই সে রাস্তার লোককে ধরে আনতে পারে বিনা পরোয়ানায় য়্যারেষ্ট করে। এইরকম য়্যারেষ্ট করার ক্ষমতা মন্ত্রীমহাশয়েরও আছে কিনা জানি না। এইরকম ক্ষমতা একজন ৮।১০ টাকা মাইনের চৌকিদারকে যে নাকি একজন অতি সাধারণ গৃহস্থ, যার কোন রকম লেখাপড়া জানা নাই বা বিশেষ কোন জ্ঞান নাই, তার উপর যদি এইরকম একটা ভার দেওয়া হয় যে, সে যখন তখন যে কোন লোককে য়্যারেষ্ট করতে পারবে, তাহলে আমাদের কনষ্টিটিউশনএ উল্লিখিত সিভিল লিবার্টির প্রতিটি ধারা যে ভঙ্গ হবে, সেবিষয়ে সন্দেহ নাই। এবং তাছাড়া গ্রামবাসীদের ব্যক্তি স্বাধীনতা যে রক্ষিত হবে সে সম্ভাবনা কম। এইরকমের গুরুতর একটা দায়িত্ব চৌকিদারকে দেওয়া কোন রকমেই আমরা সমর্থন করতে পারি না।

[4-30—4-40 p.m.]

Dr. Jatish Ghosh:

স্যার, আমার কাছে এই ক্লজ ৫১টা নিরস ভয়াবহ স্তুপ ছাড়া আর কিছুই নয় বলে এটাকে একেবারে গ্রহণ করা যায় না। ফার্স্ট ক্লজএ যেখানে বলেছেন,

"Any person proclaimed as an offender under any law"

এটা সম্বন্ধে আমি বিশেষ কিছু বলব না, তবে সেখানে শুধু বলতে চাই,

"under proceeding validly instituted against such person" be substituted.

কারণ হচ্ছে যে, এই এনি ল কথাটার মানে অত্যন্ত ভয়াবহ। অর্থাৎ চৌকিদারকে যেভাবে ক্ষমতা দেওয়া হয়েছে, তাতে আবার এনি ল কথাটা দেওয়া সম্পূর্ণ অযৌক্তিক।

দ্বিতীয় কথা আমার ক্লজ ৫১(১বি)এ যেখানে রয়েছে,

"He shall report to such officer-in-charge the arrival of such suspicious character in the neighbourhood"

সেখানে এই সাসপিসন ক্যারেকটরএর উপর আমার অনেক বলার আছে। সাসপিসন ক্যারকটর ব্যাপারে ১৯৫০এ মেদিনীপুরের জেলা ম্যাজিস্ট্রেট আমার উপরে একটা রেষ্ট্রিকসন অর্ডার দিলেন যে,

you should not mix with any such suspicious character. But he did not supply me with any list of these names.

অতএব কোন চৌকিদারের কাছে যদি কোন সাসপিসাস ক্যারেকটরএর নাম বলে দেওয়া না হয় তাহলে সে দেশের সমস্ত লোককেই সাসপিসাস ক্যারেকটরএর লোক বলে মনে করবে। কয়েক দিন আগে আমি ডাঃ রায়কে একটি চিঠিতে জানিয়েছিলাম যে, আমি কি এখনও সাসপিসাস আছি, যার জন্যে আমার ডিসপেন্সারির সামনে আই, বিরা ঘোরাঘুরি করে, তিনি তার উত্তরে জানালেন যে আমি যার সন্দেহের কারণ নেই। কিন্তু তবুও কিছুদিন আগে আমি যখন এক জায়গায় যাচ্ছিলাম তখন দুটি লোক আমার পেছন পেছন আসাতে আমার খুব রাগ হয়েছিল বলে লোকেদের ডেকে বললাম যে, এই দেখ আমি একজোড়া ডালকুত্তার বাচ্ছা পুষেছি। এইসব বলাতে সন্ধেবেলা আই, বি অফিসার ইন-চার্জ, ডিসপেন্সারিতে এসে আমায় যখন বললেন, আপনি লোককে এই বলে গালাগালি দিয়েছেন, তখন আমি তাঁকে বললাম, আমি দিয়েছি, আপনার ক্ষমতা থাকে আপনি আমার বিরুদ্ধে কেস করতে পারেন। কিন্তু আমি জানি যে, এই কেসে ডাঃ রায়ের চিঠি নিয়ে,

Now I am not a suspicious character.

সব প্রমাণ করে দেব এবং এইসব বলাতে তিনি তখন আস্তে আস্তে চলে গেলেন। এরপর একজন পুলিশ ইন্সপেকটর আমার কাছে এসে সমস্ত ঘটনা জানতে চাইলে, আমি বলি যে, বারে বারে কমপ্লেন, এ্যাসেমব্লিতে কোয়েশ্চেন এবং ডাঃ রায়কে চিঠি লেখাতে যখন তাঁরা বলেন যে, আমি সাসপিসাস ক্যারেকটরএর লোক আর নই, তখন ওরা কেন আমার পেছনে এরকমভাবে ঘুরে বেড়ায় এবং আমার উদ্দেশ্য ছিল যে, এই নিয়ে একটা গোলমাল হোক বলেই আমি বলেছিলাম যে, আপনাদের ইচ্ছা যাতে আপনারা আমার বিরুদ্ধে কেস করতে পারেন, কারণ আমি জানি যে, আমি ডাঃ রায়ের চিঠি প্রডিউস করতে পারি এবং তাঁকে এই ব্যাপারে কল পর্যন্ত করতে পারি। আমার গোঘাট থানায় বাড়ীতে গেলেই দফাদার নমস্কার জানিয়ে, আমার থাকবার দিনটা জানতে এল এবং কারণ জানতে চাইলে, তারা বলে, দারোগাবাবুর হুকুম। সেখানে সাসপিসাস ক্যারেকটর বলে দারোগাবাবুর সন্দেহ হলে তিনি এইসব জানতে চান। কিন্তু এখানে জালান সাহেব চৌকিদারদের উপরে ঢালাও হুকুম দিয়ে দিলেন যে, সাসপিসাস ক্যারেকটরএর লোককে গ্রেপ্তার করবে। এর ফলে হবে এই যে, পল্লীগ্রামে আমাদের কলএ যাবার আর উপায় থাকছে না। সুতরাং এইরকমভাবে সাসপিসাস ক্যারেকটর বলার অর্থ কি আছে এবং এই সাসপিসাস ক্যারেকটরএর ব্যাপারে,

I demand an explicit answer from the Minister as to what sort of suspicious character is meant by that

অর্থাৎ আমি এখানে জানতে চাই যে, সার্সপিসাস ক্যারেকটর বলতে পল্লীগ্রামে বামপন্থী পলিটিক্যাল পার্টির লোকেদের সেখানে সার্সপিসাস ক্যারেকটরএর লোক হবেন কিনা। অতএব এই সার্সপিসাস ক্যারেকটর কথাটি দিয়ে চৌকিদার দফাদারদের হাতে বিশেষ ক্ষমতা দেবার যে ব্যবস্থা করছেন, সেটার আমি বিরোধী এবং বলছি এই সার্সপিসাস ক্যারেকটর কথাটি একেবারে বাদ দেওয়া হোক।

তারপর এই প্রসঙ্গে আমার আর একটি কথা আছে। যারা সার্সপিসাস ক্যারেকটরএর লোক অর্থাৎ যেমন আমরা পলিটিকাল সাসপেক্ট ও সার্সপিসাস সেইরকম যারা পলিটিক্যাল সাসপেক্টএ সিকিউরিটি এ্যাক্টএ য়্যারেস্ট হয়েছে, তারাও সকলেই সার্সপিসাস এবং তারা অনেকেই এখন গভর্নমেন্টের কাছ থেকে পেনসেন পাচ্ছে। অথচ দেখুন যারা ব্ল্যাক মার্কেট করছে, দে আর নট সার্সপিসাস য়্যাট অল, তারা কোন দিনই সার্সপিসাস ক্যারেকটরএর লোক হয় না এবং তারা চিরকালই সরকারের বন্ধু। অর্থাৎ তারা কোনদিন সার্সপিসাস ক্যারেকটর হয় না, কিন্তু যত পলিটিক্যাল পার্টি বা অপোজিট পার্টির লোক তারা সার্সপিসাস ক্যারেকটরএর লোক হয়। এসব ছাড়া এদের উপর আরও একটা হুকুম থাকবে। আমি জানি কোন কোন প্রেসিডেন্ট বা আমি যখন ইউনিয়ন বোর্ডএ ছিলাম, তখন আমাদের গতিবিধির একটা রিপোর্ট দিতে বলা হত। সেইরকম এদের উপরে আমাদের গতিবিধির একটা রিপোর্ট দেবারও একটা ব্যবস্থা আছে। এই সার্সপিসাস ক্যারেকটরএর কুজটা সম্বন্ধে আমি বলছি যে, এটা একটা স্বর্গের ভয়াবহ দূত, দূত ছাড়া আর কিছুই নয়। অতএব এটা আমাদের কাছে গ্রহণযোগ্য নয়, এবং সেজন্যে এটাকে অমিট করার জন্যেই বলেছি।

Sj. Raipada Das: Mr Deputy Speaker, Sir, I have got two amendments to this clause and I want to speak on them together. No chowkidar should ever be given power to arrest any person without an order from a Magistrate and without a warrant Chowkidars are mostly illiterate persons, having little power of understanding and judgment, and can easily be bought off to act in a particular way by a small offer of money To vest such people with power to arrest on their own initiative will be dangerous thing. It passes one's understanding how any Government worthy of the name—much less a popular Government—could ever think of giving a chowkidar power to arrest an honest citizen without a warrant or without an order from a Magistrate This is not only reactionary in the extreme, but revolting to all our ideas of decency, democracy and elementary right of man. When the big men at the top of the administration stand charged with wanton abuse and misuse of power, what to think of these rustic, illiterate chowkidars exercising the power of arrest on flimsy or imaginary grounds? Can arrogance of Governmental power go further? My amendment, therefore, proposes that in line 2 of section 51(1)(iv) after the words "without a warrant" the words "but with the cognisance and written order of the *Pradhan* of the *Anchal Panchayat*" be inserted

Then with regard to my amendment to section 51(1)(iiia). For an illiterate chowkidar to arrest a person on mere suspicion is the worst of tragedies which can befall a person and that under a popular Government. One would simply cry in dismay, "what are things coming to?". Insolence of power has not only robbed our rulers of all sanity but has converted them into fascists of the worst type Or else, how could they vest an ignorant chowkidar with power to arrest an innocent citizen on the plea of a reasonable suspicion existing against him? And who is to judge and ascertain the reasonability of his suspicion? Why, the Government's village agent and representative—the chowkidar!

[4-40—4-50 p.m.]

Sj. Subodh Choudhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার য়্যামেন্ডমেন্ট দ্বারা চৌকিদারদের উপর যেরকম ক্ষমতা দেওয়া হয়েছে সে সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, আমার এই য়্যামেন্ডমেন্ট গ্রহণ করার জন্য। প্রথম কথা হচ্ছে, চৌকিদাররা বিনা ওয়ারেন্টে যাকে সন্দেহ করবে, তাকে গ্রেপ্তার করতে পারবে বলে যে অধিকার দেওয়া হয়েছে সে সম্বন্ধে আমি আমার য়্যামেন্ডমেন্টএর দ্বারা বলেছি যে, যদি সাফিসিয়েন্ট সময় থাকে, তাহলে পর ম্যাজিস্ট্রেটএর কাছ থেকে ওয়ারেন্ট নিয়ে এসে তাকে গ্রেপ্তার করতে হবে। যদি এরকম হয় যে, সাফিসিয়েন্ট সময় নেই, তাহলে অঞ্চল পঞ্চায়েতের প্রধানের কাছ থেকে কিংবা গ্রাম সভার অধ্যক্ষের কাছ থেকে প্রায়র স্যাংসন নিয়ে তাকে গ্রেপ্তার করতে হবে। অবশ্য এটা আমার য়্যামেন্ডমেন্টএর মধ্যে আছে যে, অধ্যক্ষ এবং প্রধান যে অঞ্চলের মধ্যে তারা সীমাবন্ধ, সেই অঞ্চলের লোকদের যদি য়্যারেষ্ট করতে হয়, তবে তার অনুমতি নিতে হবে এবং তার স্যাংসন নিতে হবে। আমার য়্যামেন্ডমেন্ট দেওয়ার প্রধান কারণ, মন্ত্রীমহাশয় বোধ হয় জানেন। ইউনিয়ন বোর্ডএর যেসব ম্যানুয়েল বেরিয়েছে, চৌকিদার ও দফাদারদের পারিশ্রমিক আগে ৬ টাকা ছিল, এখন বোধ হয় ৮ টাকা হয়েছে। এই অবস্থায় মানুষের ৮ টাকায় চলতে পারে কিনা সেটা আপনারা বিবেচনা করে দেখবেন। আমার মনে হয়, আজকে কোন লোকেরই ৮ টাকায় চলতে পারে না এবং আপনাদের ম্যানুয়েলএ বোধ হয় আছে

they are supposed to be whole-time workers of the Government.

তারা সব সময় গভর্নমেন্টএর কাজ করে, যখনই প্রয়োজন তখনই তারা কাজ করে থাকে, সংসার যখন চলে না, স্বাভাবিকভাবে তখন গ্রামের লোকের উপর তাদের ভরসা করতে হয়, তাদের সাহায্য নিতে হয় এবং নানা কারণে তাদের বাধ্যবাধকতা থাকে এবং নিশ্চয়ই অঞ্চল পঞ্চায়েতের দ্বারা এমন স্বর্গরাজ্য সৃষ্টি করতে পারবে না, অবশ্য তার ধারা এর মধ্যে নেই যে, গ্রামের মধ্যে এরকম দলাদলি রেষারেষি চিরতরে বিলুপ্ত হয়ে যাবে। সুতরাং এই চৌকিদারদের গ্রামে কারও উপর বাধ্যবাধকতা যদি থাকে, তাহলে আপনারা যে ক্ষমতা দিয়েছেন, তাতে অপর পার্টিকে জব্দ করার জন্য তারা নিশ্চয়ই সে ক্ষমতা ব্যবহার করতে পারবে এবং আমার পূর্বে মাননীয় সুবোধবাবু বলেছেন যে, কাউকে যদি চৌকিদার স্যাসপেক্ট করে ধরে নিয়ে গিয়ে থানায় হাজির করে, তারপর তার দুরবস্থার কথা চিন্তা করতে পারেন নিশ্চয়ই। অনারেবল য়্যাকুইটেড হয়ে হয়ত আসতে পারে, কিন্তু তার যে হয়রানি তা নিশ্চয়ই যাবে না। এবং এখানে বিভিন্ন ধারায় যা করেছেন, চৌকিদারদের ক্ষমতা দেওয়ার মধ্য দিয়ে তাতে বুঝা যাচ্ছে, সত্যিকারের এই বিলটাকে কোন দিকে ডাইরেক্ট করছেন। সত্যই গ্রামের মধ্যে শান্তি স্থাপনের জন্য গ্রাম রক্ষণাবেক্ষণ কিংবা গ্রামে যে সমস্ত অন্যায় কাজ সেগুলি বন্ধ করার জন্য কিছু করছেন না। যারা আপনাদের বিরুদ্ধে রয়েছে, তাদের উপর এই আইন প্রয়োগ করাব জন্য এই লোকগুলিকে নিয়োগ করছেন। এ জিনিষটা চিন্তা করে দেখার আছে। মাননীয় জ্যোতিষবাবু তার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলেছেন, যদি সত্যিকারের সেই অভিজ্ঞতার কথা চিন্তা করে দেখেন, যদি আপনাদের উদ্দেশ্য না হয় যে বিরোধী পক্ষ কিংবা আপনাদের বিরুদ্ধে যারা যাবে, তাদের উপর এই আইন প্রয়োগ করবেন, তাহলে এইরকম ধারা রাখতেন না। এখানে চৌকিদারদের দায়িত্ব রয়েছে, সমস্ত লোকের চলাফেরার দিকে কিংবা কি করছে না করছে কাদের সঙ্গে মিশছে না মিশছে সেই সমস্ত দেখার ক্ষমতা দিচ্ছেন, চৌকিদারদের উপর। আপনাদের যদি সেই উদ্দেশ্য না থাকে, তাহলে আমার এই য়্যামেন্ডমেন্ট গ্রহণ করে আপনাদের যে একটা মহৎ উদ্দেশ্য আছে, সেটাই প্রমাণ করুন।

Sj. Saroj Roy:

স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে প্রথমেই বলছি যে, তিনি যদি আমার য়্যামেন্ডমেন্টটা দেখেন, তাহলে দেখবেন যে, এটা অত্যন্ত রিজনেবল এবং একটা ইনোসেন্ট

য়্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে। প্রথমেই অনুরোধ জানিয়ে রাখি, তিনি যেন এটা গ্রহণ করেন। তিনি এক জায়গায় বলেছেন যে,

he shall assist private persons in making such arrests as they may lawfully make, and he shall report such arrests without delay to the officer-in-charge of the police-station.

এই পর্যন্ত বলে রেখে দিয়েছেন। আমি সেখানে যোগ দিতে চাচ্ছি যে,
"and to the *Pradhan* of *Anchal Panchayat*"
আপনারা ৫১ সেকসনএর দিকে তাকিয়ে দেখুন, সেখানে বলছেন যে, চৌকিদার এবং দফাদাররা তারা শুধু পুলিশ ষ্টেসনে খবর দেবে ঐ জুরিসডিকসনএর ভিতর। আমি চাই যে শুধু তাই নয়, অঞ্চল পঞ্চায়েতের যে প্রধান তাকেও তারা খবর দেবে। একজন অঞ্চল পঞ্চায়েতকে কি অঞ্চল পঞ্চায়েতের প্রধানকে খবর দিলে সমস্ত জিনিষটা আরও পরিষ্কার হয়ে যাবার সম্ভাবনা থাকে। সেখানে কাউকে একটা অঞ্চলে য়্যারেষ্ট করল, সেখানে নানারকম ভুলভ্রান্তিও হতে পারে, এরকম বহু হাজার হাজার কেস দেখেছি যে, ইনেনোসেন্ট লোককে ভুল করে য়্যারেষ্ট করেছে। কিন্তু অঞ্চলের যিনি প্রধান, তাঁর অঞ্চল সম্বন্ধে অভিজ্ঞতা ঢের বেশী আছে, সে সম্বন্ধে খোঁজ খবর নেবার সুযোগ সুবিধাও একজন পুলিশ অফিসারের চেয়ে তাঁর অনেক বেশী আছে, পুলিশ অফিসারকে চৌকিদার, দফাদার সংবাদ দিচ্ছে, তার সঙ্গে সঙ্গে যদি অঞ্চলের প্রধানকে সংবাদ দেয়, তাহলে প্রধান সেটা খুব শীঘ্রই ও খুব সহজে ইনভেষ্টিগেট করে প্রকৃত ও সত্য-মিথ্যা বের করতে পারেন। কেউ যদি সত্যিকারের ক্রিমিন্যাল হয় ত ভাল, কিন্তু যদি ক্রিমিন্যাল না হয়? সেখানে চৌকিদার দফাদারদের ভুলভ্রান্তি হতে পারে, একজন বিদেশী কর্মচারী হিসাবে দারোগার ভুলভ্রান্তি হতে পারে। কাজেই সেখানে অঞ্চলের প্রধানের সেই সমস্ত লোক্যাল সম্পর্কে খোঁজ খবর বেশী আছ। সেই জায়গায় তাকে প্রথমেই পুলিশে না দিয়ে তার সম্মান অক্ষুন্ন রাখতে পারেন। এই কমনসেন্সটা মন্ত্রীমহাশয়ের মাথায় কেন আসছে না তা বুঝতে পাচ্ছি না। আমরা জানি যে গ্রামাঞ্চলে বহু জায়গায় এইরকম ভুলভ্রান্তি হয়। বহু জায়গায় দেখা গেছে যে, যে কোন লোক ইনোসেন্ট হোক না কেন, পুলিশের কাছে গিয়ে তাকে ফেলে দিলে, তার বিরুদ্ধে নানারকম কেস হবে, নানারকম প্রশ্ন তার বিরুদ্ধে দাঁড়াবে, তখন তার বিরুদ্ধে নানা-রকম কেস দায়ের হয়ে যাবে। কাজেই মানুষকে আপনারা চারিদিক থেকে নাস্তানাবুদ করার ব্যবস্থা করছেন। সুতরাং এইটুকু যদি গ্রহণ করা হয়, তাহলে সবচেয়ে ভাল হয়, আর তা নাহলে পুলিশের হাতে সমস্ত ক্ষমতা চলে যাবে, তাদের মনোপলি হয়ে যাবে, এইসব ব্যাপারে; আবার তার উপরও প্রেসক্রাইবড অথরিটি আছেই। সুতরাং আমি আশা করি মন্ত্রীমহাশয় আমার সংশোধনীটা বিবেচনা করে দেখবেন।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, আমার য়্যামেন্ডমেন্টটা সরোজবাবুরই মত সরোজবাবু যেসব যুক্তি দিয়েছেন আমি তার উপর আর কয়েকটা কথা বলতে চাই। এখানে দেখুন যে এই চৌকিদারদের হাতে একটা সীমাহীন ক্ষমতা দেওয়া হয়েছেই, তারপরে এখানে বলেছেন যে,
he shall observe, and from time to time report to such officer-in-charge, the movements of all bad characters.
এই ব্যাড কারেকটর বলতে উনি কি মিন করেন, তার কোন কিছু এর মধ্যে ভাল করে বলা হয় নি। এখানে ব্যাড কারেকটর লোকদের পেছনে তারা নজর রাখবে এবং অফিসার ইন-চার্জের কাছে রিপোর্ট করবে। অঞ্চল পঞ্চায়েৎকে নয়, প্রধানকে নয়, বা অন্য কাউকে নয় এর থেকে আমাদের গভীর সন্দেহ হচ্ছে যে উনি ব্যাড কারেকটর বলতে কাকে মিন করতে চাচ্ছেন এবং সেদিক থেকে চৌকিদারদের দিয়ে গোয়েন্দাগিরি কাজ করানো এবং তাঁদের বিরোধী বা সমালোচনাকারীদের পেছনে লেলিয়ে দেওয়ার একটা গভীর ষড়যন্ত্র এর পেছনে আছে বলে আমাদের সন্দেহ হয়। সেজন্য আমি বলছি যে এই ধরনের কোন ক্লজ থাকা উচিত নয় যে চৌকিদারের হাতে একটা সীমাহীন ক্ষমতা থাকবে এবং সে যে কোন লোককে সন্দেহ করে ব্যাড কারেকটর বা তার নিজের মনের মত করে গড়ে নেবে এবং তখন তার অফিসার-ইন-চার্জ তাকে জানিয়ে দিল যে অমুক অমুক লোকের পেছনে খোঁজ রাখ এবং তার সম্বন্ধে সমস্ত খোঁজখবর দাও। এইরকম নানাভাবে গ্রামজীবনকে বিষময় করে তোলার ব্যবস্থা হবে এই ধারার মধ্য দিয়ে।

সেজন্য কিছুটা চেক থাকা চাই। এসমস্ত ব্যাপারে অঞ্চল পঞ্চায়েত বা প্রধানকে জানাতে হবে, তাহলেই কিছুটা চেক থাকতে পারে। এবং চৌকাদাররা যাতে কোন অন্যায় বা অবিচার না করতে পারে সেজন্য এই সংশোধনী এখানে দিতে চাই। তাই আমি য়্যামেন্ডমেন্টএ বলেছি যে অফিসার-ইন-চার্জকে জানাবার সময় অঞ্চল পঞ্চায়েতকেও জানাতে হবে—এটা মেনে নিতে কোন আপত্তি থাকা উচিত নয়। যদি না বিভিন্ন রাজনৈতিক দলের উপর আপনারা গোয়েন্দাগিরি করাতে চান।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমার ৪৮১ এবং ৪৮২নং য়্যামেন্ডমেন্টএর সম্বন্ধে গোপিকা-বিলাসবাবু আইডেন্টিক্যাল য়্যামেন্ডমেন্ট এনেছেন বলে আমার কিছু বলার নাই। ৪৮৬নংএ আমি বলব, দফাদারের ফ্যাংসনএর সঙ্গে এটা যোগ করে নিন। যেখানে আছে—

every dafadar shall exercise all the powers conferred on a chowkidar under sub-section (1) and shall perform such duties as may be imposed upon him by rules made under section 118—

এর সঙ্গে দিতে চাই—

and shall in addition exercise general control over the chowkidars within his area as their head.

চৌকিদারের সঙ্গে দফাদারের কি রিলেসন হবে সেটা এর দ্বারা পরিষ্কার করে দিতে চাই। দফাদার চৌকিদারদের হেডম্যান হিসাবে থাকবে এবং তাদের উপর জেনারেল পাওয়ার কন্ট্রোল এক্সারসাইজ করবে। ভিলেজ সেলফ-গভর্নমেন্ট এ্যাক্টে এরকম নাই। এখানে সেজন্য বলতে চাই দফাদার হেডম্যান হিসাবে জেনারেল পাওয়ার এক্সারসাইজ করবে এটা এই আইনে লিপিবদ্ধ করে দেওয়া উচিত। এজন্যই এই য়্যামেন্ডমেন্ট এনেছি।

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় স্পীকার স্যার, এখানে চৌকিদারদের উপর ক্ষমতা দেওয়া হচ্ছে যে তারা উইদাউট ওয়ারেন্ট য়্যারেস্ট করতে পারবে এটা অত্যন্ত ব্যাপক ক্ষমতা। এত ব্যাপক ক্ষমতা দেওয়ার কি প্রয়োজন আমরা বুঝতে পারি না—এটা বিরোধী দলের উপর প্রয়োগ করা হবে কিনা প্রত্যেকের তাই সন্দেহ হচ্ছে। আরেক দিকে এতে ফল হবে কি গ্রামের লোক অধিকাংশই ইললিটারেট, সামান্য কারণে বা মনোমালিন্যের ফলে তাদের চৌকিদাররা অযথা ধরে নিয়ে যাবে, এবং গ্রামে এক শ্রেণীর লোক থাকবে যারা এই সুযোগ গ্রহণ করবে টাউটগিরি করবার। এতে তারা চৌকিদারের যোগসাজসে কিছু রোজগারের চেষ্টা করবে। তাই যেখানে উইদাউট ওয়ারেন্ট য়্যারেস্টএর ব্যবস্থা আছে সেখানে উইদাউট ওয়ারেন্ট এই কথাটা বসাতে চাই। আশা করি এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার স্যার, আমরা জানতাম ঈশ্বরদাস জালান মশাই অত্যন্ত ধার্মিক লোক। কিন্তু এই ৫১নং ধারায় যেভাবে অধর্মটা টিকিয়ে রাখছেন .

The Hon'ble Iswar Das Jalan:

যাতে আর বেশী অধর্ম না হয়।

Dr. Hirendra Kumar Chatterjee:

এখানে ভিলেজ চৌকিদারকে যে ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে তাকে রাইটার্স বিল্ডিংসএ হোম মিনিষ্টার করে দেওয়া উচিত ছিল তাহলে মুখ্য মন্ত্রীমশাইকে যে একা কাজ করতে হয় তা করতে হত না, এরা ওঁকে কিছু সাহায্য করতে পারত।

Mr. Speaker: Don't be ironical. Please be relevant. This is a serious Bill and you speak on the point.

[4-50—5 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee:

এ কথা বলতে বাধ্য হচ্ছি, স্যার, কেননা, যে চৌকিদারকে ক্ষমতা দেওয়া হচ্ছে সেই চৌকিদারের লেখাপড়ার স্ট্যান্ডার্ড কতদূর, মাইনেই বা কত—অথচ তাকে রেসপন্সিবিলিটি দিচ্ছেন কতখানি। তাকে যে কাজ দেওয়া হচ্ছে তা যে কোন রেসপন্সিবল অফিসারএর কাজের সমান।

রেসপন্সিবল অফিসার যার দায়িত্বজ্ঞান আছে তার হাতে দিতেন আপত্তি ছিল না; যেমন গত সিকিউরিটি এ্যাক্ট এক্সটেনসন ডিবেটএ বলা হয়েছিল। আজকে কংগ্রেস সরকার যারা সোসিয়ালিস্টিক প্যাটার্ন নিয়ে এসেছেন তারা দিনের পর দিন ইভলিউসনএর দিকে নয়, ইনভলিউসনএর দিকে কতদূর যেতে পারেন তাই দেখছি। ম্যাজিস্ট্রেট নয়, এস. ডি. ও. নয়, দফাদার, ভিলেজ চৌকিদারে নেমেছেন। আমাদের জালান সাহেব জানেন কিনা একজন চৌকিদারের কি স্ট্যান্ডার্ড অফ রেসপন্সিবিলিটি আর কি তার সেন্স অফ রেসপন্সিবিলিটি রয়েছে আজকে আট বছর কংগ্রেসী শাসনের পরে? সেজন্যে বলেছি একে হোম মিনিস্টার করাই উচিত ছিল। এই যে কাজের লিস্ট একটা দিয়েছেন এইসব কাজ সাধারণতঃ গ্রামে যে একজন চৌকিদার থাকে তার পক্ষে অর্থাৎ কোন একজন মানুষের পক্ষে তা করা সম্ভব নয়। এটা জালান সাহেব জানেন কিনা, তার লেজিসলেটিভ ডিপার্টমেন্ট যারা এই ড্রাফটিং করেছেন তারা জানেন কিনা যে একজন গ্রাম্য চৌকিদার তার ডিউটি যদি হয় সে সাসপেন্ড করবে এবং ব্যাড ক্যারেকটরএর লোকদের ফলো করবে আর তারজন্য তাকে নগদ মূল্য দেওয়া হবে মাসে আটটা টাকা সেক্ষেত্রে জিনিসটা কত হাস্যকর হয়ে পড়ে? অতএব দেখা যাচ্ছে এই চৌকিদারকে চোর করাই এদের উদ্দেশ্য। একটা লোককে সে ধরে নিয়ে যাবে এবং তার কাছ থেকে ঘুষ নিয়ে তাকে ছেড়ে দেবে এইভাবে মাইনের চেয়ে উপরি ভারী হবে এই ব্যবস্থাই এঁরা করছেন। তার মধ্যে আবার ঢুকিয়ে দিয়েছেন দফাদার অথচ যেকথা শশবিন্দুবাবু বলেছেন, এই দফাদার চৌকিদারের রিলেসনসীপ কি তা এখানে দেওয়া নেই। এই দফাদারদের হাতে যে লোকের দফারফা হবে এবিষয়ে সন্দেহ নেই। এখানে কোন য্যামেন্ডমেন্ট এর প্রশ্ন আসে না। এই ক্লজকে য্যামেন্ড করলে নতুন কিছুই হবে না, যেমন পুরান জুতাকে হাজার তালি মারলেও কখনও নতুন হবে না। এই ক্লজ ৫১ সম্পর্কে বলতে হয়, কোন প্রকার সেন্স অফ জুরিসপ্রুডেন্স যার আছে, সে জানে আইন কাকে বলে। তিনি যখন এই আইন আনতে পেরেছেন তখন আসন্নকালে কংগ্রেস গভর্নমেন্টের বিপরীত বুদ্ধি হয়েছে এবিষয়ে সন্দেহ নেই। আমি আপনাকে জানাতে চাই পঞ্চায়েতের যে আদর্শের কথা মহাত্মা গান্ধী বারবার বলে গিয়েছেন তা থেকে আজ যে আদর্শ নিয়ে পঞ্চায়েত গঠিত হতে যাচ্ছে তা সম্পূর্ণ বিপরীত। গান্ধীজী লোকান্তরিত হয়েছেন, বেঁচে থাকলে হয়ত এদেশে আত্মহত্যা করতেন।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, এই ৫১নং ধারায় যে অবস্থা আনা হয়েছে তাতে আমার মনে হয় গ্রামে গ্রামে বিভীষিকার রাজত্ব সৃষ্টি করবে। এরকম বিলে জনসাধারণের প্রকৃত কল্যাণ কোনদিনই হতে পারে না। বিশেষকরে এই ধারাটি গ্রামে গ্রামে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করবে। এখন প্রতি থানায় যে একটি দারোগা থাকেন তার দাপটে সেই গ্রামাঞ্চলের লোকেরা ব্যতিব্যস্ত হয়ে উঠে, আর প্রতি গ্রামে একজন করে দারোগা সৃষ্টি করা এখন হচ্ছে। যেমন স্পেশ্যাল পুলিশ এ্যাক্ট যখন পাস করান হল তখন বলেছিলাম এই পুলিশকে ম্যাজিস্ট্রেটএর পাওয়ার দেবার ব্যবস্থা ছিল, এখনও সবিস্ময়ে দেখছি চৌকিদারের বেলাতেও তাই হয়েছে

he may without an order from a Magistrate and without a warrant arrest.

এই চৌকিদারদের সম্বন্ধে মাননীয় স্পীকার মহোদয়ও জানেন এরা গ্রামের দলাদলির মধ্যে থাকে, সাধারণ লোকই এই চৌকিদারী কাজে আসে, মাসে ৫-৬ টাকা পায়, চুরি ডাকাতির সঙ্গে এই চৌকিদারদের সম্পর্কে থাকে। এই স্ট্যান্ডার্ডএর লোক, যার কোন স্টেটাস নেই তাকে দেওয়া হয়েছে ক্ষমতা উইদাউট ম্যাজিস্ট্রেটস অর্ডার টু য্যারেস্ট। যাকে সন্দেহ করবে তাকে, কগনিসএবল কেস যার মানে সে বুঝে না তাকে য্যারেস্ট করবে। লোকে আশা করেছিল পঞ্চায়েত

বিল আসার সঙ্গে সঙ্গে গ্রামের শাসন ক্ষমতা, আর্থিক দায়িত্ব সব গ্রামের মানুষের উপর আসবে। সেখানে সত্যিকারের নাগরিক গড়ে উঠবে, কিন্তু এই যা হয়েছে তাতে ভয়ের কারণ আছে, এই বিল গ্রামের কেউ গ্রহণ করতে রাজী হবে না। আমি ডিটেলস দিতে চাই নে। আমি বলছি এই ধারাটি পরিবর্তন করা হোক এবং য়্যামেন্ডমেন্ট যেটা এনেছি আমাদের বিরোধী দলগুলির পক্ষ থেকে অর্থাৎ এই যে ম্যাজিস্টেটএর অর্ডার ছাড়া কাউকে গ্রেপ্তার করতে পারবে না এটা রাখা হোক।

Sj. Pravash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, জনসাধারণ আশা করেছিল যে পঞ্চায়েত বিলের মধ্যে যেসমস্ত ধারা আছে সেগুলিতে জনসাধারণের অধিকার বাড়বে এবং তাদের উপর বর্তমানে যে জুলুম, অত্যাচার চলে তা এর দ্বারা কমবে। কিন্তু এতে তার অধিকার বাড়া দূরের কথা তাকে কি করে আরও বেশী জব্দ করা যায়, আরও বিপদের মধ্যে ফেলা যায় তাই বিলের মাধ্যমে ব্যবস্থা করা হয়েছে। এটিকে বিশ্লেষণ করলে দেখা যায় যে চৌকিদারকে এবং দফাদারকে দুই রকমের দায়িত্ব দেওয়া হয়েছে। কতকগুলি দায়িত্ব আছে অঞ্চল পঞ্চায়েতের কাছে জানাবেন, কোথাও যদি অস্বাভাবিক মৃত্যু হয় তাহলে অঞ্চল পঞ্চায়েতকে জানাবেন, হঠাৎ গ্রামের মধ্যে কোন সংক্রামক ব্যধি দেখা দিলে সেটা অঞ্চল পঞ্চায়েতের প্রধানকে জানাবেন। এ ছাড়া অন্য যা কিছু ক্ষমতা তাদের দেওয়া হয়েছে সে সম্পর্কে কাজ অঞ্চল পঞ্চায়েতকে জানাতে বাধ্য থাকবে এরকম কোন কিছু এই বিলে নেই। উপরন্তু সেই চৌকিদার এবং দফাদারকে বাধ্য করা হয়েছে সমস্ত কিছু খবর সেই থানাকে জানাবার জন্যে। বিনা ওয়ারেন্টএ য়্যারেস্ট করলে সেটা অঞ্চল পঞ্চায়েত কর্তৃপক্ষকে জানাবার নয়, জানাতে বাধ্য থাকবে থানার দারোগাকে অথচ অঞ্চল পঞ্চায়েত এ দফাদার এবং চৌকিদারের মাইনে দিতে বাধ্য থাকবেন। আমরা দাবী করেছিলাম এদের মাইনে যাতে অঞ্চল পঞ্চায়েতকে বইতে না হয়, সরকার থেকে যাতে দেওয়া হয়। সেই দাবীকে অগ্রাহ্য করা হয়েছে, অথচ অঞ্চল পঞ্চায়েতের অধিকার সেই চৌকিদার দফাদারের উপর রাখছেন না। এই চৌকিদার দফাদারের কাজে যারা আসবে তারা অতি সামান্য লেখাপড়া জানা লোক, তাদের উপর বিনা ওয়ারেন্টএ লোক গ্রেপ্তার করবার ক্ষমতা যদি ছেড়ে দেওয়া হয়, সন্দেহজনক লোককে, সত্যিই কে চোর, ডাকাত তা বিচারের ভার তার উপর ছেড়ে দিলে গ্রামের মধ্যে অরাজকতার সৃষ্টি হবে। কাজেই মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি এরকম একটা প্রতিক্রিয়াশীল ধারা যা জনসাধারণের নাগরিক অধিকার কেড়ে নিতে যাচ্ছে তা প্রত্যাহার করুন।

[5—5-10 p.m.]

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়! আমরা পল্লীগ্রামে দেখতে পাই চৌকিদারেরা ৪-৫-৬ টাকা মাহিনা পায়, অথচ তাতেই সংসার চালাচ্ছে এবং অনেক সময় অন্য বিশেষ কাজও করে না। দারোগাবাবু বা অন্যান্য পুলিশ কর্মচারীদের সন্তুষ্ট করবার জন্য তাদের জিনিসপত্র বয়ে নিয়ে যায়। তার জন্য আমরা দেখতে পাই কোন গ্রামে কোন অবিচার অনাচার হল বা কোথাও হয়ত চুরি হল—তাতে তারা কিছু পায় এতেই তারা সংসার চালিয়ে নিচ্ছে। তার উপর গ্রামে অসৎ প্রকৃতির লোকও আছে। তারাও চেষ্টা করে চৌকিদারকে দিয়ে তাদের সুবিধা কোরে নেবার। কাজেই চৌকিদারের উপর এত শক্তি দিলে গ্রাম অশান্তিতে পূর্ণ হবে। কারণ চৌকিদার দেখবে যে তার আয় বেড়ে গেছে। যখন ক্ষমতা বাড়বে তখন তারা কি আয় যে করবে তা ভাবতেই পারি না। সেখানে তারা অন্য কাজকর্ম কিছু করে না ; তাদের জমি জায়গাও কিছু নাই যে তা দিয়ে সংসার চালাবে। সেইজন্য চৌকিদারকে এত ক্ষমতা দিলে কতকগুলি দুষ্ট প্রকৃতির লোক চৌকিদারকে পয়সা দিয়ে হাত কোরে তাদের বিরুদ্ধপক্ষের লোককে আসামী কোরে তাদের য়্যারেস্ট করাবে। এতে সেই চৌকিদারদের আয়ও বাড়বে। এইসব অসুবিধা হতে পারে বলে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করি যে চৌকিদারকে এতসব ক্ষমতা দেবেন না।

Sj. Bankim Mukherji:

সভামুখ্য মহাশয়! এই ৫১ দফায় দেখতে পাচ্ছি এতে ১২টা ভাগ আছে এবং তার ভিতরে যে অংশে সাতটা ভাগ আছে--অর্থাৎ এই যে অষ্টাদশ পর্ব কর্তব্যের ভার সেটা দেওয়া হয়েছে চৌকিদারের উপরে। ইংরাজ গভর্নমেন্ট তাঁদের রাজত্বের প্রাক্কালে ভেবেছিলেন যে, এক শ্রেণীর লোক তাঁরা সৃষ্টি করবেন—ঐ আই. সি. এস যারা ভূতত্ত্ব, নৃতত্ত্ব, পুরাতত্ত্ব থেকে এমন কোন তত্ত্ব নাই যা তাঁরা জানবেন না। কেন একটা নতুন ডিপার্টমেন্ট খুলতে গেলেই তাতে এক্সপার্ট হলেন আই.সি.এস. সে একেবারে আর্কিওলজি থেকে আরম্ভ কোরে ফিসারি পর্যন্ত সব ব্যাপারেই তারাই প্রধান। আমরা দেখেছি যে স্যার কে. জি. গুপ্তকে লাট সাহেব না কোরে ফিশারীতে দেওয়া হল। এইরকমভাবে আই. সি. এসদের সব কাজে বিচক্ষণ ও পারদর্শী মনে করা হত। আর ইংরাজ রাজত্বের শেষকালে তাঁরা সৃষ্টি করলেন গ্রামের আই. সি. এস. এবং তার নাম হল চৌকিদার। কেন না, ইতিপূর্বে তারা ভেবেছিলেন যে গ্রাম পর্যন্ত রাজত্বের শিকড় যাবার প্রয়োজন করে না। জমিদার প্রভৃতি এবং সেকালের রায় বাহাদুর, নবাব বাহাদুর, এ'রা সম্পত্তির ও খেতাবের লোভে গ্রাম শাসনের কাজ ইংরাজের হয়ে করে দিতেন। কিন্তু বিপদ ঘটালেন গান্ধীজী। তাঁর আগে পর্যন্ত রাজনীতি শহরের নিচে যায় নি। কিন্তু গ্রামে যখন পেণছে গেল এবং ইংরাজ রাজত্বের ভিত্তি ভূমি যখন কেঁপে উঠল তখন তাঁদের প্রয়োজন হল গ্রাম পর্যন্ত শিকড় পেণছানর -ইউনিয়ন বোর্ডের মারফৎ। কাজেই যে বুদ্ধিটা রাজত্বের প্রাক্কালে ছিল মরনের সময় সেই বুদ্ধিটা কিছু খারাপ হয়েছিল। তাঁরা তখন ভাবলেন এক প্রকার অফিসার করতে হবে যারা হবে গ্রামের জন্য আই সি এস, প্যাটার্নের। তাই করলেন চৌকিদার। মিঃ স্পীকার, স্যার! এই চৌকিদার নিযুক্ত করবার ফলে হয়েছে যে এইভাবে সর্বকর্মে পারদর্শী, সমাজের সবচেয়ে নিচু স্তরের, সবচেয়ে দরিদ্র স্তরের এবং সমাজের মধ্যে সবচেয়ে অশিক্ষিত স্তরের লোকের উপর এইসব কাজের ভার দেওয়ায় আমরা নানাবিধ অসুবিধা ভোগ করেছি। যেমন, দেশে কি ফসল হল না হল তার রিপোর্ট দিতে হবে এগ্রিকালচার ডিপার্টমেন্টকে। চিঠি গেল কমিশনার, ম্যাজিস্ট্রেট এবং সার্কেল অফিসারের কাছ পর্যন্ত। তারপরে গেল ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট পঞ্চায়েতের কাছে। তাঁরা ডাকলেন ওরে হরে! ওরে ভোলা! তোরা দেখে আয় কিরকম হয়েছে। তারা এসে বলল কত আনা হয়েছে। বাস, সেই রিপোর্ট তৈরি হয়ে গেল। ইউনিয়ন বোর্ডের পূর্বে বাংলাদেশের শ্রেষ্ঠ মনীষী বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় এবিষয়ে যা লিখে গেছেন তাতে কি কারও সন্দেহ হতে পারে? ইংরাজ রাজত্বে রিপোর্ট সংগ্রহ কেমন কোরে হত তার সম্বন্ধে যথেষ্ট ব্যঙ্গ রচনা আছে এবং তা থেকেই বোঝা যাবে যে আজও এইরকম জিনিস হয়। তার জন্য এ বছরকার বাজেট স্পীচ'এর সময় শুনেছি এবং আজ দুপুরে হঠাৎ কাউন্সিলে এসে পড়েছিলাম, সেখানেও দেখলাম আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বক্তৃতা দিচ্ছেন যে বাংলাদেশে আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এমন করেছেন যে এখানে মৃত্যুহার পৃথিবীর ভিতরে সবচেয়ে কম, ডেথ রেট পৃথিবীর ভিতর সবচেয়ে কম। সুইডেন, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইংলন্ড প্রভৃতি দেশের ডেথ রেটএর চেয়ে বাংলার ডেথ রেট কম।

Mr. Speaker: Are you replying to the Food Minister's speech in the Council in connection with the clause relating to chowkidars and datadars?

Sj. Bankim Mukherji:

যদি আপনার একটু ধৈর্য থাকে তাহলে রেলেভ্যান্সি বুঝতে পারবেন। আপনার মনটা অত্যন্ত বিচলিত হয়ে পড়েছে, সেইজন্য আপনার দৃষ্টিটা (via)তে দিতে বলছি। তাতেই এই জিনিসটা আজ বলতে সাহস পাচ্ছি যে বাংলাদেশে মৃত্যুহার সবচেয়ে কম হওয়ার কারণ কি জানেন? তার কারণ হচ্ছে যে বাংলাদেশে জন্ম-মৃত্যু রেজিস্ট্রি করা হয় না। মিউনিসিপ্যাল শহরে, কর্পোরেশনে যেরকম রেজিস্ট্রী করবার আইন আছে এবং না করলে জরিমানা প্রভৃতি দণ্ডের ব্যবস্থা আছে গ্রামে তা নাই। গ্রামে জন্ম-মৃত্যু রেজিস্ট্রী করবার হর্তাকর্তাবিধাতা হলেন এই চৌকিদার। আর তাও আবার এরকম নয় যে সে সংবাদ রোজ দিতে হবে, বা হপ্তায় দিতে হবে, বা মাসে দিতে হবে। এক এক জায়গায় এক এক রকম অফিসার যান এবং তারা স্মৃতি থেকে বলবে যে কটা লোক মারা গেছে বা কটা লোক জন্মেছে। আমার কথা হচ্ছে এই যে যেভাবে বাজেট আলোচনার সময় দেখেছি

তাতে মনে যথেষ্ট সন্দেহ করবার কারণ আছে যে এই গভর্নমেণ্ট সমস্ত লোক্যাল অফিসারদের ডাইরেকসন দিয়েছেন যে তোমরা প্রমাণ করাও যে বাংলাদেশে মৃত্যুর হার সবচেয়ে কম, যেমন খাদ্যমন্ত্রীমহাশয় নির্দেশ দিয়েছিলেন যে তোমরা প্রমাণ করাও যে বিঘা করা ছয় সাত মণ ধান হয়েছে।

Mr. Speaker: This is absolutely irrelevant. How can Mr. Jalan on this clause reply to your direct charges, serious charges against the Government? Do you expect any reply from Mr. Jalan on these charges? You are making serious charges with regard to a statement made by the Food Minister in the Council in connection with a clause to which the Local Self-Government Minister has to reply.

Sj. Bankim Mukherji: I just referred to the Council. I am speaking about their statements in this House during the budget. I am opposed to giving so much power to these illiterate people.

I am opposed to giving such tremendous powers to such illiterate and petty paid officers.

আপনি দয়া করে বলবেন মন্ত্রীমহাশয়কে যে ৫১ ধারার মধ্যে এইসব আছে।

I have to show how these chowkidars act

Mr. Speaker: You are speaking irrelevant.

Sj. Bankim Mukherji: If you say, Sir, that I am speaking irrelevant, I shall not speak a single word. You have got to prove how I am irrelevant I was just explaining to you the implication of (*via*). If the Speaker pulls me down by saying that I am irrelevant, I consider that to be the greatest insult to me. They have written irrelevant things in clause 51 I did not want to raise any point of order because that would have required a great deal of technical knowledge—whether Minister for Local Self-Government can introduce legislation relating to law and order.

আমার সে বিষয় যথেষ্ট সন্দেহ আছে, লোকাল সেল্ফ-গভর্নমেণ্ট মিনিষ্টার এই রকম আইন আনতে পারেন কি না?

Mr. Speaker: In your one and half hour speech in the first reading you never mentioned all these things. You are doing this for the first time Is it proper for you to do so?

Sj. Bankim Mukherji: Sir, I am also sorry for you.

কারণ আমি গোড়াতেই দেখিয়েছি যে এই বিল যেভাবে আনা হয়েছে তাতে এর রচনা দেখুন না—এত বড় বড় এক একটা লম্বা লম্বা ধারা আছে। আপনি একজন আইনজ্ঞ হিসাবে কোথাও কি দেখেছেন যে একটা আইনের ধারা এইরকম হয়, অর্থাৎ এনসাইক্লোপিডিয়া বৃটানিকার পাতার পর পাতা উল্টে যাবার মতন এক একটা ধারা। সেজন্য আমি দেখাচ্ছি যে ৫১ ধারাটা কি সাংঘাতিক এবং এই ৫১ ধারায় আমরা কতখানি বিপন্ন হতে পারি সেটাও আপনাকে দেখাচ্ছি। একটামাত্র আমি দেখিয়েছি যে বার্থ এবং ডেথ রেজিস্ট্রেসনটা কি একটা নিরক্ষর লোকের কাজ এবং এ সম্বন্ধে কি কোন এক্সপার্টএর বা শিক্ষার দরকার করে না। এই লোকটির উপর ভার রয়েছে গ্রামে কোন এপিডেমিক হয়েছে কি না তার খবর সে দেবে। কোলকাতা শহরে কনস্টেবলএর উপর নানারকম ভার থাকে কি যে শহরে কোথায় এপিডেমিক হয়েছে কিনা? অতএব দেখা যাচ্ছে যে এই লোকটি একাধারে ঔষধবিদ্যায় পারদর্শী, রোগবিদ্যায় পারদর্শী, ডাক্তার রেজিস্ট্রার, ল অফিসার ইত্যাদি সে একাধারে সব। অর্থাৎ এরা গ্রাম লেভেলে এক একটা আই, সি, এস, এরা

সব কিছুতেই পারদর্শী। এই যে সমস্ত ডিউটি তাদের দেওয়া হয়েছে, তারচেয়ে সাংঘাতিক হচ্ছে যে এইসমস্ত ভদ্রলোকেরা একজন লোককে য়্যারেস্ট করলে তখন গভর্নমেন্টের কোন মন্ত্রী তার জন্যে দায়ী থাকবেন—

who would be responsible for that?

মন্ত্রীমহাশয় একটুখানি অনুগ্রহ করে এইসব শুনবেন।

(The Hon'ble ISWAR DAS JALAN:

শুনবো কি, কান ঝালাপালা হল।) তাহলে দয়া করে বাহিরে যান, তা না হলে আপনি যখন মন্ত্রিত্ব নিয়েছেন, বিল এনেছেন এবং মাইক পেয়েছেন তখন আপনাকে শুনতেই হবে।

Mr. Speaker: That is why I was saying it irrelevant as there is no seriousness in the discussion.

Sj. Bankim Mukherji:

মিঃ স্পীকার, স্যার, আমি একদিন দেখিয়েছিলাম যে ও'রা প্রায়ই বলেন, আপনাদের কথা আমরা মন দিয়ে শুনি কিন্তু আমাদের খালি ইন্টারাপ্ট করেন। কিন্তু আমি বলব যে আমাদের কথা ও'রা শোনেন না এবং সে সময় গসিপ করেন। ইন্টারাপ্টশন করার মানে হচ্ছে যে একজন লোক সেটা শুনছে এবং ইন্টারাপ্টশন হচ্ছে সল্ট ইন এ কারির মতন। এ ছাড়া এর চেয়ে বেশী অপমানের কিছু হতে পারে না যে

Interruptions are the greatest compliment to a speaker and gossips are the greatest insult to a speaker.

সেজন্য আমি বলব যে এরজন্যে ও'রা কোন লজ্জা বোধ করেন না এবং বললেন কিনা যে কান ফেটে যাচ্ছে। এই যদি হয়ে থাকে তাহলে

resign from your post (The Hon'ble ISWAR DAS JALAN: What shall I here? You are speaking nonsense.) Because you are nonsense.

[Noise and Interruption.]

(Mr Speaker—Yes, go on and make a serious speech.) Sir, I am trying to make a serious speech and I request him to withdraw that word.

The Hon'ble Gopika Bilas Sengupta: Sir, is it parliamentary to say—You are non-sense?

[Interruptions.]

Mr. Speaker: "You are speaking non-sense" is parliamentary but "you are non-sense" is not parliamentary.

Sj. Bankim Mukherji:

স্যার, আমার বক্তব্য এই ছিল যে এইসমস্ত চৌকিদার যারা য়্যারেস্ট করবে এবং সেই গ্রেপ্তার করবার জন্যে কে দায়ী থাকবে—

Minister of Law and order or Minister of Local Self-Government—

সুতরাং এই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ এইজন্যে হচ্ছে যে কোন পুলিশ কনস্টেবল বা পুলিশ অফিসারএর কাছে যদি অবস্ট্রাক্ট করা হয় তাহলে তাকে চৌকিদার য়্যারেস্ট করবে। তাহলে এর অর্থ হচ্ছে যে পুলিশ অফিসার তার কর্তব্য করতে পারবে না। সেজন্য আমার যথেষ্ট সন্দেহ হচ্ছে যে এর ফলে এই সমস্ত চৌকিদাররা অনেক বেআইনী কাজ করবে এবং তখন গভর্নমেন্ট বলবে যে এটা ত আমার কাজ নয়, এটা অঞ্চল পঞ্চায়েতের ব্যাপার এবং সেখানকার অধ্যক্ষ, উপাধ্যক্ষ এর জন্যে দায়ী। এইজন্যে আমার মাথায় প্রশ্ন এসেছে যে এত বড় একটা ল এন্ড অর্ডারএর ব্যাপারে, একটা মানুষের গ্রেপ্তার করার ব্যাপারে সমস্ত অন্যায় সেখানে অনুষ্ঠিত

হবে। আমাদের এই দেশে এবং এই গভর্নমেন্টের কাছে য়্যারেস্ট জিনিসটা এত সহজ হয়ে পড়েছে যে যার জন্যে এর প্রতি একটা সিরিয়াসনেস নেই। তাই বলছি যে অন্যান্য দেশে এইরকম করলে সেখানকার লোকে ক্ষেপে উঠত। অর্থাৎ একটা সাত টাকার কনস্টেবল উইদাউট ওয়ারেন্টএ সে য়্যারেস্ট করবে এবং আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে এর সম্বন্ধে কোন একটা প্রতিবাদ নেই। তাঁরা বলছেন যে বৃটিশের বুটের তলায় ২০০ বছর ধরে আমরা এসব সহ্য যেখানে করেছি, সেখানে সাত টাকার চৌকিদার য়্যারেস্ট করে নিয়ে যাবে তাতে আর কি হবে—এই মনোভাব নিয়ে তাঁরা এখানে রয়েছেন। এ ছাড়া সেখানে কি হচ্ছে না এই কনস্টেবলএর কগনিজেবল অফেন্সএর কগনিজ্যান্স তার আছে কি? অর্থাৎ এই যে চৌকিদারটি নিযুক্ত হবে তাকে বলা হচ্ছে যে সে কগনিজেবল অফেন্সএ গ্রেপ্তার করতে পারবে, কিন্তু কোনটা কগনিজেবল কোনটা কগনিজেবল না তাদের সেই চেতনা সম্বন্ধে আমি চ্যালেঞ্জ করছি যে যতগুলি চৌকিদার দফাদার আছে তাদের ডেকে এনে শুধু একটা প্রশ্ন করা হোক যে কোন্ কোন্ অফেন্স কগনিজেবল এবং কোন্ কোন্ অফেন্স কগনিজেবল নয়—সেখানে আমি বলছি যে তাদের একজনও পাশ করতে পারবে না।

(A VOICE FROM THE OPPOSITION: Even the Minister will not be able to answer that.)

যাই হোক তাদের য়্যারেস্ট করার পর রাখবেন কোথায়? কারণ পুলিশ এ্যাক্টএ আমরা জানি যে পুলিশ কনস্টেবলদের হাতে যে ক্ষমতা দেওয়া আছে তাতে তাদের রাখবার জায়গার কোন অসুবিধে হবে না। কিন্তু এখানে চৌকিদারদের হাতে সেকশন ৫১এর দ্বারা যে ল এন্ড অর্ডার রাখা হচ্ছে তাতে এটাকি এখানেই শেষ। অর্থাৎ য়্যারেস্ট করার পর কি চৌকিদার লোকটাকে তার ঘরে নিয়ে যাবে, না হাজতে নিয়ে যাবে এবং ২৪ ঘণ্টার মধ্যে ম্যাজিস্ট্রেটের কাছে হাজির করবে, কি করবে না। এইসব কথা আপনার আইনে কোথায় আছে।

(The Hon'ble ISWAR DAS JALAN: That is in the constitution itself.) That is also in the constitution

ইত্যাদি যদি হয় তাহলে পুলিশ এ্যাক্টএর প্রয়োজন হয় কেন?

(The Hon'ble ISWAR DAS JALAN: After arrest they will be taken to the thana.)

[Noise.]

কিন্তু এত আর থানার লোক নয়, এ অঞ্চল পঞ্চায়েতের লোক—সে কোথায় নিয়ে যাবে?

তাহলে পর পুলিশ এ্যাক্টএর প্রয়োজন হয় কেন?

The Hon'ble Iswar Das Jalan:

ধরে থানায় নিয়ে যাবে মশায়।

[5-20—5-45 p.m.]

Sj. Bankim Mukherji:

থানার লোক নাই। এটা হচ্ছে অন্য ব্যাপার। অন্য কোন ব্যক্তি দেয় খবর। তারপর হচ্ছে কি অন্য কোন যা থেকে রিলায়েবল ইনফরমেশন পেলে পর, রিজনএবল কমপ্লেন্ট হলে পর কার কাছে হবে সেই রিজনেবল কমপ্লেন্ট? শুধু একটি চৌকিদারের কাছে? না কি অধ্যক্ষ উপাধ্যক্ষের কাছে? কার কাছে করবে রিজনেবল কমপ্লেন্ট? একজন লোক এসে রিজনেবল কমপ্লেন্ট করল, চৌকিদার বুঝল এই কমপ্লেন্ট রিজনেবল এবং বুঝবার পর ঐ পারদর্শী বহুবিদ্যায় অভিজ্ঞ চৌকিদার ঠিক করলেন এই কমপ্লেন্ট রিজনেবল। অতএব থানার নির্দেশ থাক বা না থাক, অফেন্স হোক বা না হোক যেহেতু তাদের মতে হয়েছে অতএব তার মধ্যে যুক্তি আছে। তিনি একজন সাধারণ ব্যক্তির অভিযোগ অনুসারে করতে পারে। এটা কি কনস্টেবল পারে? এটা কি পুলিশ পারে?

[At this stage the house was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[5-45—5-55 p.m.]

Sj. Bankim Mukherji:

সভাপতি মহাশয়, আমি আপনাকে (আই, আই) (এ, এ) সেকসন দেখতে বলছি। সেখানে রয়েছে—

any person having in his possession without lawful excuse, the burden of proving which excuse shall lie on such person, any implement of house-breaking.

ড্রাফটিং দেখুন যে বাড়িতে চুরি করবার সিঁদকাটি লফুল বৈধভাবে রাখতে পারা যায়।

Mr. Speaker: This is an improvement by the Select Committee. You were also there.

Sj. Bankim Mukherji:

সিলেক্ট কমিটিতে ত আমি একলা ছিলাম না। আমার ড্রাফটিংও নয়। সেখানে হচ্ছে কি, না লফুল এক্সকিউজ ছাড়া যদি তার কাছে সিঁদকাটি থাকে বাড়ীতে চুরি করবার—তার মানে হচ্ছে যে বৈধভাবে সিঁদকাটি রাখতে পারা যায়—উইদাউট লফুল এক্সকিউজ যদি থাকে।

দ্বিতীয় দেখুন স্যার, সবচেয়ে সাংঘাতিক ব্যাপার হচ্ছে কি না চৌকিদারের এত বিদ্যা হবে যে বোধ হয় বড় বড় হাইকোর্ট ব্যারিস্টাররা ধরতে পারবেন না। যে সিঁদকাটি একজনের হাতে আছে সেটা আন লফুল এক্সকিউজ অর ইললিগাল এক্সকিউজ সেটা তারা ধরে দিতে পারবেন। সেটা ধরতে হাইকোর্ট ব্যারিস্টাররা হিমসিম খেয়ে যাবে। সেটা চৌকিদার ঠিক করবে এবং তার ধরবার উপায় কি, বার্ডেন অব প্রুভিং তার কাছে যেটা রয়েছে সেটা বৈধভাবে, অবৈধভাবে নয় অর্থাৎ এ পর্যন্ত যে ক্রেণ্ড সিস্টেম অব ল আছে, তাতে অ্যাকুজডকে প্রুভ করতে হয় হি ইজ নট গিলটি। কিন্তু ভারতবর্ষের যা যুরিসপ্রুডেন্স, আমাদের যা ফান্ডামেন্টাল ল, তার বিরুদ্ধে যাচ্ছে। সেখানে কোথাও এ কথা নেই যে অ্যারেস্টেড হলে পর তাকে প্রমাণ করতে হবে যে হি ইজ ইনোসেন্ট—আমাদের ফান্ডামেন্টাল ল তার বিরুদ্ধে পর্যন্ত যাচ্ছে। যারা ল অ্যান্ড অর্ডার ডিপার্টমেন্ট নয়, লোকাল সেলফ-গভর্নমেন্ট ডিপার্টমেন্ট তাদের দেওয়া হয়েছে চৌকিদারী সেকসন লিখতে এই ব্যাপার করে বসে আছেন। আমার পয়েন্ট ছিল এই যে, এইপ্রকার চৌকিদার-দের উপর এতরকম পাওয়ার দেওয়া হয়েছে, তাদের হাতে এই যেসমস্ত অসাধারণ ক্ষমতা দেওয়া হয়েছে, তাদের জন্য দায়ী হবে কে? একজন পুলিশ কনস্টেবল কিছু করলে পর আমরা সেখান থেকে তার বড় অফিসার ইন্সপেক্টর-জেনারেল অব পুলিশ থেকে আরম্ভ করে হোম মিনিস্টারকে পর্যন্ত প্রত্যেককে দায়ী করতে পারি যদি এমন কিছু করে একটা লোককে অন্যায়ভাবে বা অবৈধভাবে ধরা হয় বা কিছু হয়।

কিন্তু আজকে চৌকিদাররা ঠিক হিসেবে এরা ল অ্যান্ড অর্ডারএর ডিপার্টমেন্টএ নয়, হোম ডিপার্টমেন্টএ নয়, পুলিশ বিভাগে নয়—এরা

appointed and maintained by *Anchal Panchayat.*

অথচ মজা হচ্ছে কিনা অঞ্চল পঞ্চায়েতের কোন লোক যদি অন্যায় করে তাহলে তখন গভর্নমেন্টের প্রতিটি ডিপার্টমেন্ট হাত ধুয়ে বসে থাকবেন এবং বলবেন যে আমরা এরজন্যে দায়ী নই বা জানি না—এমন কি লোকাল সেলফ-গভর্নমেন্টের মন্ত্রীও বলবেন যে আমি এরজন্য দায়ী নই, কারণ এটাত লোকাল সেলফ-গভর্নমেন্ট বা গ্রাম স্বায়ত্বশাসনএর, তারাই এরজন্যে দায়ী। কিন্তু এদের কৃতকর্মের জন্যে দায়ী হবেন তাঁরা, অথচ এদের কর্মকে কোন প্রকারে নিয়ন্ত্রণ করবার এতটুকুন অধিকার অঞ্চল পঞ্চায়েতকে দেওয়া হয় নি। অঞ্চল পঞ্চায়েতের অধ্যক্ষ বা উপাধ্যক্ষের সম্মতি বা পরামর্শ নিয়ে যে তাঁরা সমস্ত কাজ করবেন তার কোন কিছু ব্যবস্থা এর মধ্যে নেই, কিন্তু একটা অন্যায় কাজ যদি তাঁরা করে ফেলেন তাহলে তার জন্যে থানা অফিসার, এস, ডি, ও, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে আরম্ভ করে হোম ডিপার্টমেন্ট পর্যন্ত কেউ দায়ী থাকবেন না।

সুতরাং এইরকমভাবে যার হাতে কোন দায়িত্ব নেই তার হাতে সাধারণ মানুষের ভার যদি ছেড়ে দেওয়া হয় তাহলে কিরকম একটা মর্মান্তিক অবস্থার সৃষ্টি হবে সেটা বোঝাই যাচ্ছে। এখানে সবচেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে মন্ত্রীমহাশয় যখনই অঞ্চল পঞ্চায়েতের অধ্যক্ষ বা উপাধ্যক্ষের হাতে কোন প্রকারের একটি দায়িত্ব দিয়েছেন তখনই সেই প্রতিটি দায়িত্বের আশেপাশে প্রেসক্রাইবড অথরিটি, রুলস ইত্যাদি বহু জিনিস দিয়ে তাকে কণ্টকিত করেছেন। নির্বাচিত যেসমস্ত অঞ্চল পঞ্চায়েতের মেম্বার বা অধ্যক্ষ বা উপাধ্যক্ষের হাতে যদি কোন শক্তি আসে তাহলে সেটাকে কণ্টকিত করতে পেরেছেন, কিন্তু সাত টাকা মাইনের চৌকিদারদের বেলায় সেখানে লোককে নির্যাতন করবার অগাধ শক্তি তাদের উপর দেওয়া হয়েছে। এই সম্বন্ধে বহু মেম্বার বহু বলেছেন এবং আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতাও এই বিষয়ে বহু আছে। সেই অভিজ্ঞতা থেকে আমি বলছি যে এই মন্ত্রীদের শিক্ষা দিতে হলে যখন বাংলাদেশের কিছু অঞ্চল পঞ্চায়েত আমাদের হাতে আসবে তখন সেই সমস্ত অঞ্চলে মন্ত্রীরা যখন পরিদর্শন করতে যাবেন সেই সময়ে সাসপিসাস কারেকটর বলে তাঁদের সেখানকার চৌকিদাররা ধরে রাত্রি ১২টার পর ১৫ মাইল দূরে থানা পর্যন্ত হাঁটিয়ে নিয়ে যায় তাহলে তখনই তাঁদের চৈতন্য আসবে যে কি প্রকারের নিরক্ষর, দায়িত্বজ্ঞানহীন, অল্প বেতনের মাইনের লোকদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। অর্থাৎ সেটার একমাত্র চৈতন্য তখনই হতে পারে যদি তাঁদের একদিন এইরকম করা হয়।

The Hon'ble Gopika Bilas Sen Gupta: I wish that day would come.

Sj. Bankim Mukherji: Very soon.

